
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত

## শিক্ষক সংস্করণ

# বাংলা

## দ্বিতীয় শ্রেণি




**লেখক ও সম্পাদক**

শফিউল আলম
নূরজাহান বেগম
ড. শোয়াইব জিবরান
শামীম জাহান আহসান

**পরিমার্জন**

শফিক আহমেদ শিবলী
গৌরাঙ্গ লাল সরকার
মোঃ তৈয়বুর রহমান
ড. নাছিমা বেগম
উত্তম কুমার ধর



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা - ১০০০

কর্তৃক প্রকাশিত।



[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]



প্রথম মুদ্রণ : আগস্ট, ২০১৬

ডিজাইন

**জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ**


**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য**

---


মুদ্রণে: হুনান তিয়ানওয়েন জিনহুয়া প্রিন্টিং কো. লি. হুনান প্রভিন্স, চায়না

# প্রসঙ্গ-কথা

প্রাথমিক স্তরের যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে ১৯৯২ সালে প্রবর্তন করা হয়। শিক্ষাক্রম উন্নয়ন একটি ধারাবাহিক প্রক্রিয়া। এ পরিপ্রেক্ষিতে ২০০২ সালে যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম প্রথম বারের মতো পরিমার্জন করা হয়। 'জাতীয় শিক্ষানীতি ২০১০' প্রণীত হওয়ার পর ২০১১ সালে প্রাথমিক শিক্ষাক্রম পুনরায় পরিমার্জন করা হয়। প্রাথমিক শিক্ষার লক্ষ্য, উদ্দেশ্য ও প্রান্তিক যোগ্যতা থেকে শুরু করে বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফল নতুনভাবে নির্ধারণ করা হয়। শিক্ষার্থীর পরিপূর্ণ বিকাশের বিষয়টিকে এক্ষেত্রে সর্বোচ্চ গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হয়েছে। পরিমার্জিত শিক্ষাক্রমের আলোকে ২০১৩ সালে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত সারা দেশে নতুন পাঠ্যপুস্তক বিতরণ করা হয়। শিখন-শেখানো কার্যক্রমের আধুনিকায়নের লক্ষ্যে পাঠ্যপুস্তকের বিষয়বস্তু উপস্থাপনে সাম্প্রতিক আন্তর্জাতিক পদ্ধতি ও কৌশল অনুসরণ করা হয়েছে। শিক্ষাক্রমের সফল বাস্তবায়নের লক্ষ্যে একই সঙ্গে যেসব বিষয়ের জন্য পাঠ্যপুস্তক রয়েছে সেগুলোর জন্য শিক্ষক সংস্করণ, যেসব বিষয়ে শিক্ষার্থীদের জন্য কোনো পাঠ্যপুস্তক নেই সেগুলোর জন্য শিক্ষক নির্দেশিকা এবং শিক্ষক সহায়িকা প্রণয়ন করা হয়।

প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের বাংলা ভাষায় শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা অর্জন অপরিহার্য। তাই বাংলা ভাষা শেখার ক্ষেত্রে শিক্ষার্থী যেন শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা আনন্দময় পরিবেশে অর্জন করতে পারে সেদিকে লক্ষ রেখেই ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত **বাংলা** বিষয়ের শিক্ষক সংস্করণ প্রণয়ন করা হয়েছে। শিক্ষক সংস্করণে পাঠ্যপুস্তকের বিষয়বস্তু, প্রতিটি বিষয়বস্তুর জন্য অর্জন উপযোগী যোগ্যতা, পাঠসংশ্লিষ্ট শিখনফল, শিক্ষা উপকরণ, পাঠের আলোচ্য বিষয়, শিখন-শেখানো কার্যাবলি, ধারাবাহিক মূল্যায়ন নির্দেশনা, পাঠের সারসংক্ষেপ, সামষ্টিক মূল্যায়নের নমুনা প্রশ্ন এবং সামগ্রিক মূল্যায়নের জন্য নমুনা প্রশ্ন প্রতিটি বিষয়বস্তুর শেষে সংযোজিত হয়েছে। শিক্ষক সংস্করণের শুরুতে রয়েছে শিক্ষকের জন্য সাধারণ নির্দেশনা। এই নির্দেশনা অনুসরণ করে শিখন-শেখানো কার্যক্রমে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করে শিক্ষক শ্রেণি কার্যক্রম পরিচালনা করবেন। শিক্ষার্থীর শোনা, বলা, পড়া ও লেখার ৪টি দক্ষতা অর্জনের বিষয়টি শিক্ষক গুরুত্ব সহকারে বিবেচনা করবেন। প্রত্যেক শিক্ষকেরই নিজস্ব শিক্ষণ পদ্ধতি ও পাঠ উপস্থাপনের কৌশল রয়েছে। শিক্ষক তাঁর নিজস্ব চিন্তা-ভাবনার সঙ্গে শিক্ষক সংস্করণে বর্ণিত নির্দেশনার সমন্বয় সাধন করে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা করবেন-এমনটাই প্রত্যাশা করছি।

উল্লেখ্য, শিক্ষক সংস্করণ, শিক্ষক নির্দেশিকা এবং শিক্ষক সহায়িকাসমূহ শ্রেণিকক্ষে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনার জন্য উপযোগী হয়েছে কিনা তা যাচাই করার জন্য ২০১৩ শিক্ষাবর্ষে দেশের সাতটি বিভাগের মোট ৩২টি প্রাথমিক বিদ্যালয়ে ট্রাই আউট করা হয়। ট্রাই আউট থেকে প্রাপ্ত ফলাফল ও বিশেষজ্ঞ দ্বারা ক্রিটিক্যাল রিভিউ এর ভিত্তিতে 'শিক্ষক সংস্করণ'সমূহ পরিমার্জন করা হয়। সমগ্র কার্যক্রমটি বেশ জটিল এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রক্রিয়াটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বিভিন্ন পর্যায়ে জাতীয় ও আন্তর্জাতিক বিশেষজ্ঞগণের সহযোগিতা নেওয়া হয়েছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রাথমিক শিক্ষাক্রম উইং এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে শিক্ষক সংস্করণটি প্রণীত হয়েছে। এটি রচনা, সম্পাদনা, যৌক্তিক মূল্যায়ন ও পরিমার্জন থেকে মুদ্রণ পর্যন্ত যাঁরা মেধা এবং শ্রম দিয়েছেন তাঁদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। যাঁদের জন্য এটি প্রণীত ও প্রকাশিত হলো, অর্থাৎ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ শ্রেণিকক্ষে এর যথাযথ ব্যবহার নিশ্চিত করলে দেশের প্রাথমিক স্তরের শিক্ষার্থীরা উপকৃত হবে এবং আমাদের এই উদ্যোগ ও প্রয়াস সফল হবে। এর ফলে দেশের প্রাথমিক স্তরে শিক্ষার গুণগত মানও বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। শিখন শেখানো কার্যক্রমের এই মহৎ আয়োজন বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি।

**প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা**
চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# নির্দেশনা

প্রাথমিক পর্যায়ে শিশুর ভাষাদক্ষতা ও সাক্ষরতা তথা পড়া ও লেখার দক্ষতা অর্জনের জন্য শোনা ও বলার দক্ষতা অর্জন পূর্বশর্ত ও বিশেষভাবে গুরুত্বপূর্ণ।আর শোনা ও বলার মাধ্যম হিসাবে ধ্বনিচর্চা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ধ্বনিচর্চার পাশাপাশি বাংলা ভাষার জন্য নির্ধারিত ধ্বনির প্রতীক সংশ্লিষ্ট বর্ণ চিনতে পারা প্রয়োজন। তাই পড়া ও লেখার পর্যায়ক্রমে শিশুকে শব্দ পর্যায়ে ধ্বনি ও বর্ণ শনাক্ত করার সক্ষমতা অর্জন করতে হয়।

শিশুরা বাংলা ভাষার জন্য নির্ধারিত স্বরধ্বনি ও স্বরবর্ণ এবং ব্যঞ্জনধ্বনি ও ব্যঞ্জনবর্ণ শনাক্ত করে
তা সঠিক ধ্বনিতে উচ্চারণ করতে ও সঠিক আকৃতিতে এবং সঠিক নির্দেশনায় লিখতে সমর্থ হবে।

পর্যায়ক্রমে শিশুরা ছোট ছোট বাক্য পড়তে ও লিখতে সক্ষম হবে। প্রথম শ্রেণিতে শিশুরা কিছু যুক্তবর্ণও অনুশীলন করবে। ধ্বনির সঠিক উচ্চারণ, স্বাধীনভাবে বর্ণের পাঠ ও সঠিক আকৃতিতে লেখার দক্ষতা অর্জনের জন্য শিক্ষক পর্যাপ্ত চর্চার সুযোগ সৃষ্টি করবেন। এই চর্চা কার্যকর ও সঠিকভাবে করানোর জন্য শিক্ষকের সহায়ক হিসাবে প্রণীত হলো এই শিক্ষক সংস্করণ।

এবারের দ্বিতীয় শ্রেণির পাঠ্যপুস্তক প্রণয়নের সময় শিশুর ভাষা শিখন প্রক্রিয়াকে তাদের জীবন-ঘনিষ্ঠ করার জন্য ভাষাসমগ্র পদ্ধতিকে (Whole language approach) ভাষা শিখনের ভিত্তি হিসাবে বিবেচনা করা হয়েছে। সে লক্ষ্যে বর্ণ, শব্দ ও বাক্যসমূহ শিখনের ক্ষেত্রে একটি অর্থপূর্ণ ভাষিক বিবেচনা করা হয়েছে। এই যে পদ্ধতিগত বিবেচনা তাকে মিটানোর জন্য পাঠ্যপুস্তকে যেমন নতুন উপস্থাপন রীতি অনুসরণ করা হয়েছে তেমনি শিক্ষক সংস্করণেও শিখন-শেখানো কার্যাবলিতে যথোপযুক্ত কৌশল ও কার্যাবলি সংযোজনের ক্ষেত্রে নতুনত্ব এসেছে।

শিক্ষক সংস্করণে প্রতিটি পাঠের সাথে পাঠের জন্য নির্ধারিত অর্জন উপযোগী যোগ্যতা, শিখনফল ও নির্ধারিত শিখন-শেখানো কার্যাবলিসহ প্রয়োজনীয় উপকরণের তালিকা, পাঠের আলোচ্য বিষয় ইত্যাদি দেওয়া হয়েছে। তবে সবার আগে শিক্ষক পিরিয়ডের শিখনফল দেখবেন। সেই সাথে প্রয়োজনীয় উপকরণের তালিকাটিও দেখবেন। পাঠের মূল ফোকাসেও চোখ বুলাবেন। তাহলে শিক্ষক সংস্করণ শিক্ষকের সহায়ক হিসাবে ভূমিকা রাখতে সক্ষম হবে।

শিক্ষক সংস্করণে সংযোজিত উল্লেখযোগ্য শিখন-শেখানো কৌশল ও কার্যাবলি সম্পর্কে নিচে আলোকপাত করা হলো:

## প্রাসঙ্গিক আলোচনা:

প্রতিদিন শিখন-শেখানো কার্যাবলির শুরুতে শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় ও পাঠদানের পরিবেশ সৃষ্টি করবেন। পাঠদানের পরিবেশ সৃষ্টির জন্য প্রাসঙ্গিক আলোচনা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি কাজ, যার মাধ্যমে শিক্ষার্থীরা মানসিকভাবে প্রস্তুত হয়। নির্দিষ্ট পাঠের প্রতি শিশুরা আগ্রহী হয়ে ওঠে ও মনোযোগী হয়।
প্রতিদিনের পাঠ শুরুর আগে শিক্ষক পাঠের সাথে মিল রেখে প্রশ্ন-উত্তরের মাধ্যমে প্রাসঙ্গিক আলোচনা করবেন। প্রাসঙ্গিক আলোচনা নানাভাবে করা যেতে পারে। যেমন শিক্ষক পাঠ/বিষয়ের সঙ্গে শিশুদের জীবন-ঘনিষ্ঠ বাস্তব অভিজ্ঞতা, সংশ্লিষ্ট বাস্তব উপকরণ, ছবি বিশ্লেষণ করার মাধ্যমে করতে পারেন। তিনি প্রাসঙ্গিক আলোচনা মৌখিকভাবেও করতে পারেন। তবে এতে শিশুদের সক্রিয় ও অধিক অংশগ্রহণের প্রতি খেয়াল রাখতে হবে।

**ছবি বিশ্লেষণ:** কোনো পাঠ বা বিষয় বোঝার ক্ষেত্রে ছবি বিশ্লেষণ খুবই গুরুত্বপূর্ণ। ছবি বিশ্লেষণের মাধ্যমে শিক্ষার্থীরা কী বিষয়ে পড়তে যাচ্ছে তা অনুমান করতে পারে। পাঠের বিষয়ে শিক্ষার্থীদের আগ্রহ জাগিয়ে তোলে। শিশুরা ছবির মাধ্যমে সহজেই যেকোনো বিষয় বুঝতে পারে। এতে করে পাঠটি পড়ার সময় সহজ মনে হয়। তাছাড়া ছবি বিশ্লেষণ প্রাসঙ্গিক আলোচনার একটি অন্যতম অংশ। পাঠের ছবি বিশ্লেষণের সময় যা মনে রাখতে হবে:

- শিক্ষক বড় করে আঁকা পাঠসংশ্লিষ্ট ছবি দেখাবেন বা আমার বাংলা বইয়ের নির্ধারিত পৃষ্ঠা খুলবেন এবং শিক্ষার্থীদের খুলতে বলবেন। শিক্ষার্থীরা ঠিকমতো খুলতে পারল কিনা তা দেখবেন।
- শিক্ষক প্রথমে ছবিগুলো দেখতে বলবেন।
- এরপর একটি একটি ছবি দেখিয়ে জানতে চাইবেন, ছবিতে কী দেখা যাচ্ছে? কে কী করছেন? ছবিতে আর কী দেখা যায়? এভাবে প্রশ্নোত্তর পদ্ধতিতে আলোচনা করার মাধ্যমে ছবির পুঙ্খানুপঙ্খ দেখা ও বিশ্লেষণ নিশ্চিত করবেন।
- শিশুরা প্রত্যেকে আলোচনায় অংশগ্রহণ করছে কিনা এবং আনন্দ লাভ করছে কিনা তা শিক্ষক পর্যবেক্ষণ করবেন ও তাদের অংশগ্রহণ নিশ্চিত করবেন।

## পূর্ববর্তী পিরিয়ডের পর্যালোচনা:

শিক্ষক পূর্ববর্তী পিরিয়ড/পাঠের পর্যালোচনা ও যাচাই করবেন। যেমন: শিক্ষক পূর্ববর্তী পিরিয়ডে/পাঠে করানো কিছু শিখন-শেখানো কাজ শিশুদের করতে দেবেন। তবে এই কাজগুলো খুবই সংক্ষিপ্ত সময়ের জন্য হওয়া উচিত। যাতে পূর্ববর্তী পিরিয়ডে/পাঠের সাথে চলমান পাঠের সংযোগ ঘটে। এ ধরনের সংক্ষিপ্ত সংযোগমূলক পূর্ববর্তী পিরিয়ড/পাঠ পর্যালোচনা ও যাচাইয়ের কাজ শিখন-শেখানো কার্যাবলির প্রথম দিকে করাবেন। পূর্ববর্তী পিরিয়ড/পাঠ পর্যালোচনা ও যাচাইয়ের সংক্ষিপ্ত সংযোগমূলক কাজের মাধ্যমে যেন ধারাবাহিক পিরিয়ড/পাঠ পরিচালনা করা হয় সেদিকে শিক্ষককে বিশেষ খেয়াল রাখতে হবে।

## গদ্য/গল্পের পাঠ পরিচালনা:

সংক্ষেপে প্রাসঙ্গিক আলোচনা, ছবি বিশ্লেষণ, বিষয়বস্তু সম্পর্কে ধারণা প্রদানের মাধ্যমে শিক্ষক গদ্যের পাঠের জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করবেন। শিক্ষক নিজে শুদ্ধ, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে পড়বেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে। শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে পড়াবেন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। পড়াশেষে শিক্ষার্থীদের নির্দিষ্ট অনুশীলন করাবেন।

শিশুর পড়ার দক্ষতা বিকাশের জন্য নির্ধারিত কোনো পাঠ পরিচালনার ক্ষেত্রে শিক্ষক সাধারণভাবে নিচে উল্লিখিত তিনটি ধাপ অনুসরণ করবেন:

*পড়ার আগে*

- পূর্বজ্ঞান যাচাই করবেন।
- শিক্ষক গল্পের সঙ্গে মিল রেখে প্রশ্নোত্তরের মাধ্যমে প্রাসঙ্গিক আলোচনা করবেন।
- সংশ্লিষ্ট পাঠের ছবি বিশ্লেষণ করবেন।

- এরপর পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।

*পড়ার সময়*

- শিক্ষক শুদ্ধ, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে স্বরভঙ্গির ওঠানামা বজায় রেখে সম্পূর্ণ গল্প বা পাঠের অংশটুকু সরবে পড়বেন। শিশুরা মনোযোগ সহকারে শুনবে ও শব্দে শব্দে আঙুল নির্দেশ করে নীরবে পড়বে।
- পাঠের বিষয়বস্তু বোঝার জন্য আবার পাঠ্যাংশটুকু পড়বেন। পড়ার ফাঁকে ফাঁকে যেখানে প্রয়োজন সহজ বর্ণনা বা ব্যাখ্যা করবেন। শিশুদের প্রশ্ন করার মাধ্যমে তাদের পাঠের সঙ্গে সংশ্লিষ্ট করে পড়া চালিয়ে যেতে হবে। যেমন পাঠের সঙ্গে মিল রেখে/পাঠের সূত্র ধরে প্রয়োজনে প্রশ্ন করতে পারেন - এরপর কী হবে? এ অবস্থায় তুমি হলে কী করতে? পাঠ্যাংশে প্রতিটি ধাপে যাচাই করে করে সামনে এগিয়ে যেতে ও শিশুকে পাঠের সঙ্গে মিল রেখে উচ্চমানের চিন্তা করার উপযোগী প্রশ্ন (বিশ্লেষণাত্মক, সংশ্লেষণাত্মক ও প্রায়োগিক প্রশ্ন) করা যেতে পারে। যেমন- কেন এটা/এসব হলো? বা কীভাবে হলো?
- তারপর শিক্ষার্থীরা শিক্ষকের সঙ্গে সমস্বরে পড়বে। শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে ঐ দিনের পাঠের জন্য গল্পের নির্ধারিত অংশটুকু কয়েকবার (৪/৫ বার) পড়বেন। এ সময় শিক্ষক খেয়াল রাখবেন, শিশুরা শব্দের নিচে আঙুল নির্দেশ করে সঠিক উচ্চারণে পড়ছে কিনা।
- শিক্ষক অপেক্ষাকৃত পিছিয়ে পড়া ২/৩ জন শিক্ষার্থীকে সঙ্গে নিয়ে আবার পড়বেন, অন্যরা শুনবে ও বইয়ে আঙুল নির্দেশপূর্বক পড়া মেলাবে।
- এরপর শিক্ষক পারগ শিক্ষার্থীদের মধ্য থেকে ২/৩ জনকে দিয়ে পড়াবেন, অন্যরা তা শুনবে এবং বইয়ে আঙুল নির্দেশপূর্বক পড়া মেলাবে।
- এবার শিক্ষক সবাইকে নিয়ে গল্পটি আবার পড়বেন।
- এরপর শিক্ষক দল গঠন করে পারগ শিশুর সহযোগিতায় দলীয়ভাবে শিক্ষার্থীরা বই খুলে শব্দের নিচে আঙুল নির্দেশ করে কয়েকবার সরবে পড়বে।
- শ্রবণযোগ্য স্বরে ও প্রমিত উচ্চারণে এককভাবে পাঠের অংশবিশেষ পর্যায়ক্রমে সবাইকে পড়তে বলবেন। অন্য শিশুরা মনোযোগ সহকারে শুনবে ও শব্দে আঙুল দিয়ে নির্দেশ করে পড়া অনুসরণ করবে।

*পড়ার পরে*

- শিক্ষক সহায়ক শিখন-অনুশীলনী চর্চা করা ও সবশেষে আজকের পাঠের সার-সংক্ষেপ শিক্ষার্থীদের উদ্দেশে বলবেন।

## ছড়া/কবিতা:

ছড়া/কবিতা শিখন-শেখানোর ক্ষেত্রে শিক্ষক শুদ্ধ, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে ছন্দ তাল ঠিক রেখে শিশুদের ছড়া/কবিতা শোনাবেন। শিশুরা মনোযোগ সহকারে শুনবে ও বলবে। শিক্ষার্থীরা অঙ্গভঙ্গি সহকারে আনন্দের সাথে ছড়া/কবিতা বলবে। প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষক কবিতা পড়ার ক্ষেত্রে শিক্ষার্থীদের সক্রিয় অংশগ্রহণ করাবেন। শিক্ষক কবিতা পড়ে শোনাবেন ও শিক্ষার্থীদের দিয়ে পড়াবেন।

অংশগ্রহণমূলক পদ্ধতিতে কবিতা পঠন সুনির্দিষ্টভাবে পাঁচটি ধাপে সম্পন্ন হয়ে থাকে। নিচে পাঁচটি ধাপ দেওয়া হলো:
ধাপ ১: শিক্ষক যতি ও ছন্দ বজায় রেখে প্রমিত উচ্চারণে কবিতাটি একবার (প্রয়োজনে একাধিকবার) প্রতিটি শব্দ নির্দেশ করে পড়বেন। শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শুনবে।

ধাপ ২: শিক্ষক প্রতিটি শব্দ আঙুল নির্দেশ করে পড়বেন। সঙ্গে সঙ্গে শিক্ষার্থীরাও সরবে পড়বে। এই ধাপে শিক্ষক প্রয়োজনে ২/৩ বার শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে এভাবে পড়বেন। এ সময় তিনি লক্ষ রাখবেন, সকল শিক্ষার্থী অংশগ্রহণ করছে কিনা। কোনো শব্দ বা বাক্যের ক্ষেত্রে শিক্ষার্থীরা সঙ্গে সঙ্গে পড়তে না পারলে শিক্ষক ঐ শব্দ বা বাক্যটি আবার পড়বেন।

ধাপ ৩: শিক্ষক নির্দিষ্ট একজন শিক্ষার্থীকে তার সঙ্গে নিয়ে পড়বেন। শিক্ষক এই ধাপে বেশি করে তুলনামূলকভাবে পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সঙ্গে পড়বেন। এভাবে এক এক করে ২/৩ জন শিক্ষার্থীকে সঙ্গে নিয়ে পড়বেন।

ধাপ ৪: উৎসাহী শিক্ষার্থীকে দিয়ে একা পড়াবেন। কিন্তু কেউ একা পড়তে উৎসাহী না হলে জোর করার দরকার নেই। এক্ষেত্রে শিক্ষক একজন শিক্ষার্থীকে দিয়ে পুরো কবিতাটি পড়াবেন। এভাবে কয়েকজনকে দিয়ে এককভাবে পড়াবেন।

ধাপ ৫: একজন শিক্ষার্থীকে পড়তে বলবেন। তার সঙ্গে সব শিক্ষার্থীকে সরবে পড়তে বলবেন।

## সহায়ক শিখন-অনুশীলনী বা কাজ:

পাঠ্যপুস্তকে পাঠশেষে সহায়ক শিখন-অনুশীলনী বা কাজ দেওয়া হয়েছে। এগুলো পাঠের সাথে সংশ্লিষ্ট ও পাঠের শিখনফল অর্জনের জন্য এ অনুশীলন করানো জরুরি।

পাঠ্যপুস্তকের পাঠশেষে দেওয়া সহায়ক শিখন-অনুশীলনী বা কাজের ওপর শিক্ষক সংস্করণে শিখন-শেখানো কৌশল সম্পর্কে বিস্তারিত বর্ণনার সাথে সাথে শিখনফলের ভিত্তিতে প্রয়োজনীয় বিবেচনায় বাড়তি কিছু প্রাসঙ্গিক সহায়ক শিখন-অনুশীলন সংযোজন করা হয়েছে। সংযোজিত মজার খেলা বা ক্রীড়ামূলক কাজ করানোর জন্য শিক্ষকের পূর্বপ্রস্তুতি হিসাবে উপকরণ প্রস্তুত করা ও খেলা বা ক্রীড়ামূলক কাজের নিয়ম ও ধাপসমূহ পড়ে বুঝে আত্মস্থ করে নেওয়া প্রয়োজন হবে। তবে এক্ষেত্রে উল্লেখ্য যে, মজার খেলা বা ক্রীড়ামূলক কাজ বা এক্টিভিটি সংযোজনের সময় প্রয়োজনীয় উপকরণের সহজলভ্যতা ও শিক্ষকের পক্ষে সম্ভাব্যতা, সেই সাথে শিশুর বয়স ও সামর্থ্য বিবেচনা করা হয়েছে।

## শিখন মূল্যায়ন নীতিমালা:

শিখন পরিচালনার ক্ষেত্রে শিক্ষক শিশুর অবস্থা ও শিখন-শেখানো কৌশলের কার্যকারিতা নিরূপণের জন্য নিয়মিত শিখন মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করবেন। এক্ষেত্রে যে নীতিমালা অনুসরণ করা হয়েছে তা হলো, চলমান বা ধারাবাহিক মূল্যায়নকে আলাদাভাবে বিবেচনা না করে শিখন-শেখানো কৌশলের অন্তর্ভুক্ত শিখন-শেখানো প্রক্রিয়ার অংশ হিসাবে পরিকল্পিতভাবে সংযোজন করা হয়েছে। প্রতিটি পাঠের শেষে সমাপনী মূল্যায়নের ব্যবস্থা না করে একই ধরনের কয়েকটি পাঠ শেষে সামগ্রিক মূল্যায়নের ব্যবস্থা করা হয়েছে।

শিশুর সক্রিয় অংশগ্রহণ ও সৃজনশীলতাকে উৎসাহিত ও উদ্দীপ্ত করে এমন শিখন-শেখানো কৌশল ও কার্যাবলি এই শিক্ষক সংস্করণে পরিকল্পিতভাবে সংযোজনের চেষ্টা করা হয়েছে। এর শিখন-শেখানো কৌশল ও কার্যাবলি প্রণয়নে পাঠের শিখনফল অর্জনকে অধিক গুরুত্ব দেওয়া হয়েছে। তাই পাঠ্যপুস্তকের বাইরেও অনেক সম্পূরক ও নতুন শিখন-শেখানো কৌশল কার্যাবলিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। সুতরাং কার্যকর পাঠ-পরিচালনার জন্য শুধু পাঠ্যপুস্তক ও এতে প্রদত্ত সংক্ষিপ্ত নির্দেশনা অনুসরণ শিক্ষকের জন্য যথেষ্ট নয়। শিক্ষক নিয়মিত শিক্ষক সংস্করণ অনুসরণে ও নিজের অভিজ্ঞতার নিরিখে পরবর্তী পিরিয়ডের/ পাঠের প্রস্তুতি নেবেন।

# সূচিপত্র


| পাঠ | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১ | আমার পরিচয় | ১ |
| ২ | আগের পাঠ থেকে জেনে নিই | ৫ |
| ৩ | ছবির গল্প: সুন্দরবন | ১১ |
| ৪ | আমাদের দেশ | ২৩ |
| ৫ | শীতের সকাল | ৩৪ |
| ৬ | আমি হব | ৪৭ |
| ৭ | জলপরি ও কাঠুরে | ৬০ |
| ৮ | নানা রঙের ফুলফল | ৭৩ |
| ৯ | আমাদের ছোট নদী | ৮৮ |
| ১০ | দাদির হাতের মজার পিঠা | ১০১ |
| ১১ | ট্রেন | ১১৫ |
| ১২ | দুখুর ছেলেবেলা | ১২৭ |
| ১৩ | প্রার্থনা | ১৪২ |
| ১৪ | খামার বাড়ির পশুপাখি | ১৫৫ |
| ১৫ | ছয় ঋতুর দেশ | ১৬৮ |
| ১৬ | মুক্তিযুদ্ধের একটি সোনালি পাতা | ১৮৯ |
| ১৭ | কাজের আনন্দ | ২০১ |
| ১৮ | শব্দের অর্থ জেনে নিই | ২১৩ |

# আমার পরিচয়




বই উৎসবে সবাইকে আমার শুভেচ্ছা।

আমার নাম : ..............................

আমার মায়ের নাম : ..............................

আমার বাবার নাম : ..............................

আমার বিদ্যালয়ের নাম : ..............................

আমি যে শ্রেণিতে পড়ি : ..............................

আমার গ্রামের/শহরের নাম : ..............................

আমার দেশের নাম : ..............................



# আমার পরিচয়

## পৃষ্ঠা (১)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>৩.১ পরিচয়মূলক কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে। | **শোনা**<br>৩.১.১ পরিচয়মূলক কথোপকথন শুনে বুঝতে পারবে।<br>৩.১.২ বর্ণনা শুনে বুঝতে পারবে । |
| **বলা**<br>২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে ও বিভিন্ন বিষয় বর্ণনা করতে পারবে।<br>৩.১ প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে। | **বলা**<br>২.৫.১ কথোপকথনে অংশগ্রহণ করতে পারবে ।<br>২.৫.২ বিভিন্ন বিষয় বর্ণনা করতে পারবে ।<br>৩.১.১ সহপাঠীর সঙ্গে প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে।<br>৩.১.২ অন্যের সঙ্গে প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে। |
| **লেখা**<br>২.২ নিজের ও বিদ্যালয়ের ঠিকানা লিখতে পারবে। | **লেখা**<br>২.২.১ নিজের ঠিকানা লিখতে পারবে।<br>২.২.২ নিজের বিদ্যালয়ের ঠিকানা লিখতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড ২**

**পিরিয়ড- ১**

**পৃষ্ঠা: ১ (আমার নাম.............দেশের নাম ।)**

**শিখনফল**

**শোনা** : ৩.১.১, ৩.১.২

**বলা** : ২.৫.১, ২.৫.২, ৩.১.১, ৩.১.২

**উপকরণ :** মা-বাবার ছবি (কল্পিত), বিদ্যালয়ের ছবি, বাংলাদেশের যেকোনো গ্রামের বড় ছবি, বাংলাদেশের মানচিত্র।

| পাঠের আলোচ্য বিষয় : শিশুদের নিজের নাম, মা-বাবার নাম, বিদ্যালয়ের নাম, গ্রাম/শহরের নাম ও দেশের নাম জানা। |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন।
- কেমন লাগছে জিজ্ঞাসা করবেন। তাদের সাথে অভিজ্ঞতা বিনিময় করবেন।
- সরাসরি পাঠ শুরু না করে কোনো প্রশ্ন কিংবা গল্প করার মধ্য দিয়ে পাঠের প্রতি শিশুদের মনোযোগ আকর্ষণ করবেন।
- শিক্ষক আজকের পাঠ সম্পর্কে প্রাথমিক ধারণা দেবেন। যেমন–
- আজকের পাঠটি আনন্দঘন করার জন্য বলবেন, আজকে আমরা মজার একটি বিষয় শিখব।
- শিক্ষক প্রথমে নিজের নাম এবং পরিচয় দেবেন এবং বলবেন আজকে আমরা সকলে যার যার পরিচয় দেব।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন- 'আমার পরিচয়' শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিশুদের পাঠ্যপুস্তকের ১ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন এবং পাঠের শিরোনাম পুনরায় পড়ে শোনাবেন। প্রয়োজনে কয়েকজনকে জিজ্ঞাসা করবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, **'নতুন বছর নতুন দিন নতুন বইয়ে হোক রঙিন'**। শিশুরাও সমস্বরে বলবে। **'বই উৎসবে সবাইকে আমার শুভেচ্ছা।'** শিশুরাও বলবে। শিশুদের বলতে সহায়তা করবেন।
- পাঠ্যপুস্তকের ১ নম্বর পৃষ্ঠার ছবিগুলো নিয়ে শিশুদের সাথে আলাপ করবেন এবং ছবিতে কী কী আছে জিজ্ঞাসা করবেন।

- 'বই উৎসবে সবাইকে আমার শুভেচ্ছা' নিচের অংশটুকু শিশুদের সহায়তা নিয়ে 'আমার নাম থেকে দেশের নাম' পর্যন্ত একে একে বলবেন।
- কয়েকজন শিক্ষার্থীকে এককভাবে'আমার নাম থেকে দেশের নাম'পর্যন্ত বলতে বলবেন।
- শিক্ষক বিদ্যালয়ের নাম আগে বলবেন। সমস্বরে সকল শিশুকে বলতে বলবেন। দুয়েকজন শিশুকে পৃথক পৃথকভাবে বিদ্যালয়ের নাম বলতে বলবেন। বিদ্যালয়টি কোন গ্রামে বা কোন শহরে তাও বলে দেবেন।
- শিক্ষক জিজ্ঞাসা করবেন তারা কোন শ্রেণিতে পড়ে? শিশুরা সমস্বরে বলবে- দ্বিতীয় শ্রেণি।
- শিক্ষক দুয়েকজন শিশুকে সামনে ডেকে এনে তাদের পরিচয় দিতে বলবেন।
- শ্রেণির সামনে, মাঝখানে ও পিছনের দিক থেকে পৃথক পৃথকভাবে শিশুদের নিজের নাম, তাদের মা-বাবার নাম, বিদ্যালয়ের নাম, গ্রাম/শহরের নাম ও দেশের নাম জিজ্ঞাসা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের তাদের গ্রামের নাম বলতে সহায়তা করবেন। যেসব শিশু শহরে পড়ে তারা শহরের নাম বলবে।
- সবশেষে শিক্ষক শিশুদের দেশের নাম জিজ্ঞাসা করবেন। শিশুরা বলবে, আমাদের দেশের নাম বাংলাদেশ।
- শিক্ষক শ্রেণিতে শিখন শেখানো কার্যাবলি পরিচালনার সমাপনীতে বলবেন– আজকে আমরা নিজ নিজ নাম বললাম, বাবা-মায়ের নাম, আমাদের বিদ্যালয়ের নাম, আমরা কোন শ্রেণিতে পড়ি, আমাদের গ্রামের/শহরের নাম ও দেশের নাম বললাম। আমরা আমাদের নিজের পরিচয় দিলাম।

**পিরিয়ড- ২**

**পৃষ্ঠা: ১ (আমার নাম.............দেশের নাম।)**

**শিখনফল**

**শোনা** : ৩.১.১, ৩.১.২

**বলা** : ২.৫.১, ২.৫.২, ৩.১.১, ৩.১.২

**লেখা** : ২.২.১, ২.২.২

**উপকরণ :** পূর্ব পাঠের অনুরূপ, পরিচয় লেখা নমুনা চার্ট।

**পাঠের আলোচ্য বিষয় :** শিশুদের নিজের নাম, মা-বাবার নাম, বিদ্যালয়ের নাম, গ্রাম/শহরের নাম ও দেশের নাম জানা ও লেখা।

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন:
  - তোমাদের বিদ্যালয়ের নাম কী?
  - আমাদের দেশের নাম কী?
  - তুমি কোন শ্রেণিতে পড়?
  - তোমার গ্রামের নাম কী?
  - তোমার নিজের পরিচয় বল।
- শিক্ষক আজকের পাঠটি সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন। যেমন–
  - শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, গত দিনের 'আমার পরিচয়' নির্ধারিত অংশ আজকেও আমরা জানবো ও আলোচনা করব।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন- 'আমার পরিচয়' শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিশুদের পাঠ্যপুস্তকের ১ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক পড়বেন এবং মুখে মুখে শিশুদের নিজের নাম, বাবার নাম বিদ্যালয়ের নাম, শ্রেণির নাম, গ্রাম/শহরের নাম ও দেশের নাম বলতে বলবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।***
- শিশুরা প্রথমে কয়েকজন একে একে নিজের নাম, মা-বাবার নাম বলবে। তারপর সমস্বরে বিদ্যালয়ের নাম, শ্রেণির নাম, গ্রাম/শহরের নাম ও দেশের নাম বলতে বলবেন।
- শিক্ষক পেন্সিল দিয়ে শিশুদের বইয়ের পাতায় লাইনে লাইনে সুন্দর করে নিজ নিজ নাম, মা-বাবার নাম বিদ্যালয়ের নাম, শ্রেণি, গ্রাম বা শহরের নাম ও দেশের নাম লিখতে বলবেন।

শিক্ষক প্রথমে বোর্ডে শিশুদের একটি নমুনা হিসেবে প্রয়োজনে দেখিয়ে দেবেন। শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের লেখা দেখবেন এবং সহায়তা করবেন।

- লেখা শেষে কয়েকজন শিশুকে সামনে এসে তাদের লেখা দেখাতে বলবেন।
- অন্য শিশুরা হাততালি দিয়ে তাদের উৎসাহিত করবে।
- শিক্ষক শিশুদের লেখার প্রশংসা করবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

# আগের পাঠ থেকে জেনে নিই

## পড়ি ও নিজের ভাষায় বলি।

আজ শুক্রবার। স্কুল ছুটির দিন। ঐশী ও ওমর বাগানে কাজ করছে। বাগানের এক পাশে লাগানো হয়েছে ফুল গাছ। আরেক পাশে আছে নানা রকম সবজি। ওরা প্রতিদিন বাগানের গাছে পানি দেয়।





দাদিমা এসেছেন ওদের বাগান দেখতে। ওরা ঘুরে ঘুরে দাদিমাকে বাগান দেখায়। বাগান দেখে তিনি খুব খুশি। বললেন, তোমাদের বাগান অনেক সুন্দর। ওরা বলল, আমরা তোমাকে অনেক ভালোবাসি দাদিমা।

## ১. মুখে মুখে উত্তর বলি।

ক. সপ্তাহের কী বার স্কুল ছুটি থাকে?


খ. বাগানে কী কী গাছ লাগানো হয়েছে?


গ. দাদিমা খুশি হয়েছেন কেন?

ঘ. তুমি তোমার বাগানে কী কী গাছ লাগাবে?

## ২. ছবির নিচে শব্দ লিখি।


| | | | | | |
|---|---|---|---|---|---|
| আলু | শসা | পাখি | ফল | জবা | মুলা |







.......................... .......................... ..........................







.......................... .......................... ..........................

## ৩. যুক্তবর্ণ ভেঙে লিখি।

| | | | |
|---|---|---|---|
| স্কুল | স্ক | স | ক |
| প্রতিদিন | ............. | ............. | ............. |
| সুন্দর | ............. | ............. | ............. |
| শুক্রবার | ............. | ............. | ............. |

## ৪. ছবি দেখি। শব্দ তৈরি করি। লিখি ও পড়ি।



| | |
|---|---|
| ছ | গা |

গাছ
...........................



| | | |
|---|---|---|
| গা | ন | বা |

...........................



| | | |
|---|---|---|
| ব | জি | স |

...........................



| | | |
|---|---|---|
| মা | দি | দা |

...........................

## ৫. খালি ঘরে শব্দ বসিয়ে বাক্য তৈরি করি।

| | | | |
|---|---|---|---|
| সুন্দর | প্রতিদিন | খুশি | শুক্রবার |

ক. আমি .............................. দাঁত মাজি।

খ. তার ছবি আঁকা অনেক .............................. হয়েছে।

গ. আমাকে দেখে নানা ভীষণ .............................. হয়েছেন।

ঘ. .............................. স্কুল ছুটি থাকে।

## ৬. ছবির নিচের বাক্য পড়ি ও দুইবার লিখি।



জেলে নদীতে মাছ ধরেন।



জালে মাছ ধরা পড়েছে।



......................................................................................................

......................................................................................................

......................................................................................................

......................................................................................................

# আগের পাঠ থেকে জেনে নিই
## পৃষ্ঠা (২-৫)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>৩.১ পরিচয়মূলক কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে। | **শোনা**<br>৩.১.১ পরিচয়মূলক কথোপকথন শুনে বুঝতে পারবে।<br>৩.১.২ বর্ণনা শুনে বুঝতে পারবে । |
| **বলা**<br>২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে ও বিভিন্ন বিষয় বর্ণনা করতে পারবে ।<br>৩.১ প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে। | **বলা**<br>২.৫.১ কথোপকথনে অংশগ্রহণ করতে পারবে ।<br>২.৫.২ বিভিন্ন বিষয় বর্ণনা করতে পারবে ।<br>৩.১.১ সহপাঠীর সঙ্গে প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে।<br>৩.১.২ অন্যের সঙ্গে প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে। |
| **লেখা**<br>২.২ নিজের বিদ্যালয়ের ঠিকানা লিখতে পারবে। | **লেখা**<br>২.২.১ নিজের ঠিকানা লিখতে পারবে।<br>২.২.২ নিজের বিদ্যালয়ের ঠিকানা লিখতে পারবে। |

**পাঠ বিভাজনঃ পিরিয়ড -২**

**পিরিয়ড- ১**

**পৃষ্ঠাঃ ২-৩ (প্রশ্ন ১, ২)**

**শিখনফল**

**শোনা** : ৩.১.১, ৩.১.২
**বলা** : ২.৫.১, ২.৫.২,৩.১.১,৩.১.২
**লেখা** : ২.২.১, ২.২.২

**উপকরণ** : পাঠ্যবই

**পাঠের আলোচ্য বিষয় :** কোনো কিছু পড়ে নিজের ভাষায় বলা, প্রশ্নের উত্তর বলা, শব্দ লেখা।

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:***
  - তোমাদের বিদ্যালয়ের নাম কী?
  - আমাদের দেশের নাম কী?
  - তুমি কোন শ্রেণিতে পড়?
  - তোমার গ্রামের নাম কী?
  - তোমার নিজের পরিচয় বল।
  - তোমার পরিচয় লিখ।
- শিক্ষক আজকের পাঠ সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন। যেমন–
  - আমরা প্রথম শ্রেণিতে যা পড়ে এসেছি তা আমাদের মনে আছে কি না তা আজকের কাজে দেখব।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন- 'আগের পাঠ থেকে জেনে নিই' এবং কয়েকজনকে বলতে সহায়তা করবেন।

- শিশুদের পাঠ্যপুস্তকের ২ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা 'পাঠ্যপুস্তকের পড়ি ও নিজের ভাষায় বলি' নির্ধারিত অংশ (আজ শুক্রবার..............ভালোবাসি দাদিমা) পড়ব ও আলোচনা করব।
- **ছবি সম্পর্কে ছোট ছোট প্রশ্নের মাধ্যমে *জানতে চাইবেন। শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।***
- এবার শিক্ষক নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। ***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক আজকের পঠিত অংশটুকু শিক্ষার্থীদের নিজের ভাষায় বলতে বলবেন।
- এরপর শিক্ষক ১ নং প্রশ্ন 'মুখে মুখে উত্তর বলি' (ক-ঘ) এবং ২ নং প্রশ্ন- 'ছবির নিচে শব্দ লিখি' অংশ করাবেন। প্রয়োজনে একটি বুঝিয়ে দেবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। ধন্যবাদ দিয়ে পাঠ সমাপ্ত করবেন।**

## পিরিয়ড- ২
## পৃষ্ঠাঃ ৩-৫ (প্রশ্ন-৩, ৪, ৫, ৬)

**শিখনফল**

**শোনা** : ৩.১.১, ৩.১.২
**বলা** : ২.৫.১, ২.৫.২,৩.১.১,৩.১.২
**লেখা** : ২.২.১, ২.২.২

**উপকরণ :** পাঠ্যবই

| পাঠের আলোচ্য বিষয় : যুক্তবর্ণ ভেঙে লেখা, ছবি দেখে শব্দ তৈরি করে লেখা ও পড়া, বাক্য তৈরি |
|---|


**শিখন–শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন:
  - সপ্তাহের কী বার স্কুল ছুটি থাকে?
  - বাগানে কী কী গাছ লাগানো হয়েছে?
  - কারা প্রতিদিন বাগানের গাছে পানি দেয়?
- শিক্ষক আজকের পাঠ সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন- 'যুক্তবর্ণ ভেঙে লিখি' এবং শিশুদের বলতে সহায়তা করবেন।
- এরপর বইয়ের ৩ নং পৃষ্ঠা খুলতে বলবেন। প্রথমে ৩ নং প্রশ্ন- 'যুক্তবর্ণ ভেঙে লিখি' করাবেন। প্রয়োজনে একটি বুঝিয়ে দেবেন।
- এরপর ৪ নং প্রশ্ন- 'ছবি দেখি। শব্দ তৈরি করি। লিখি ও পড়ি' এবং ৫ নং প্রশ্ন- 'খালি ঘরে শব্দ বসিয়ে বাক্য তৈরি' অংশ করাবেন।
- সবশেষে ৬ নং প্রশ্ন- 'ছবির নিচে বাক্য পড়ি ও লিখি' অংশ করাবেন। প্রতিটি ক্ষেত্রে শিক্ষক একটি করে উদাহরণ দিয়ে বুঝিয়ে দেবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। ধন্যবাদ দিয়ে পাঠ সমাপ্ত করবেন।**

# ছবির গল্প

## সুন্দরবন


**ছবি দেখি ও মুখে মুখে বলি।**



অমি খুব খুশি। মা–বাবার সাথে বেড়াতে এসেছে সুন্দরবনে।




সুন্দরবনে আছে নানা রকম গাছ।



সুন্দরবনে আছে নানা রঙের পাখি।




নদীতে আছে নানা রকম মাছ। আরও আছে কুমির।




নৌকা ভেসে চলেছে। বনে ছুটে চলেছে হরিণের দল।




এ বনে বানরের সাথে হরিণের খুব ভাব। বানর গাছের কচি পাতা ছিঁড়ে হরিণকে খেতে দেয়।



এ বনে আছে বাঘ। সুন্দরবনের বাঘের নাম রয়েল বেঙ্গাল টাইগার।



বানর বাঘ দেখলে হরিণকে সাবধান করে দেয়।




অমির ইচ্ছা করছিল সুন্দরবনের মাটিতে নামতে। মাটিতে নেমে দেখল বাঘের পায়ের ছাপ।



বনে ঢুকে দেখা হলো মৌয়ালদের সাথে। যারা মধুর চাক কাটেন তাদের বলে মৌয়াল।




অমিকে মধু খেতে দিলেন।



সুন্দরবনের আকাশে বিকাল নেমে এলো। ওরা সুন্দরবনকে বিদায় জানাল।

# অনুশীলনী

১. ছবিতে হরিণ বানরকে কী বলছে তা ভেবে বলি।



২. ছবিতে বানর হরিণকে কী বলছে তা ভেবে বলি।






৯

৩. নিচের ছবি দেখি। ছবি সম্পর্কে একটি করে বাক্য বলি।




৪. নিচের ছবিটি দেখি। ছবি সম্পর্কে বলি।



## ছবিতে ছবিতে সংখ্যা



ক . ছবিতে কয়টি বানর আছে তা কথায় লিখি।

..............................................

খ . ছবিতে কয়টি বাঘ আছে তা কথায় লিখি।

..............................................

গ . ছবিতে কয়টি হরিণ আছে তা কথায় লিখি।

..............................................

ঘ . ফাঁকা ঘরে নিচের সংখ্যাগুলো কথায় লিখি।

| ১২ | ১৫ | ১৮ | ২৩ | ২৫ |
|---|---|---|---|---|
| | | | | |

# ছবির গল্প : সুন্দরবন

## পৃষ্ঠা (৬ -১১)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ শুনে বুঝতে পারবে।<br><br><br>৩.১ পরিচয়মূলক কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে।<br><br>**বলা**<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে।<br><br>২.৩ ছবি দেখে গল্প বলতে পারবে।<br><br>২.৪ গল্প সম্পর্কে বলতে পারবে। | **শোনা**<br>১.৩.১ নির্দেশনা শুনে পালন করতে পারবে।<br>১.৩.২ অনুরোধ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৩ প্রশ্ন শুনে বুঝতে পারবে।<br>৩.১.২ বর্ণনা শুনে বুঝতে পারবে।<br><br>**বলা**<br>১.৩.১ অনুরোধ করতে পারবে।<br>১.৩.২ কোনো বিষয়ে প্রশ্ন করতে ও প্রশ্নের উত্তর দিতে পারবে।<br>২.৩.১ ছবি দেখে বাক্য বলতে পারবে।<br>২.৩.২ ছবি দেখে গল্প বলতে পারবে।<br>২.৪.১ নিজের ভাষায় গল্প বলতে পারবে।<br>২.৪.২ নিজের ভাষায় গল্প সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে পারবে। |
| **পড়া**<br>২.৪ গল্প ও রূপকথা পড়ে বুঝতে পারবে। | **পড়া**<br>২.৪.১ গল্প পড়তে পারবে।<br>২.৪.২ গল্প পড়ে বুঝতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড ৫**

### পিরিয়ড- ১
### পৃষ্ঠা: ৬ (অমি খুব ............ আছে কুমির ।)

**শিখনফল**

**শোনা** : ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ৩.১.২
**বলা** : ১.৩.১, ১.৩.২, ২.৩.১, ২.৩.২, ২.৪.১, ২.৪.২
**পড়া** : ২.৪.১, ২.৪.২

**উপকরণ :** পাঠ্যবই ও পাঠ্যবইয়ের ৬ নং পৃষ্ঠার ছবি, সুন্দরবনের বড় ছবি, ছবি (বাঘ, হরিণ, বানর, পাখি ও কুমির), সুন্দরবনের নদীতে নৌকা ও গাছপালার ছবি, বাংলাদেশের মানচিত্র।

**পাঠের আলোচ্য বিষয় :** ছবির বর্ণনা, সুন্দরবনের গাছ, পাখি, মাছ, কুমির সম্পর্কে জানা।

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন:
  - প্রতিদিন, রবিবার, সুন্দর দিয়ে বাক্য বল।

- 'স্কুল' যুক্তবর্ণটি ভেঙে বল।

- শিক্ষক আজকের পাঠ সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন। যেমন−
  - শিক্ষক আমাদের দেশের সুন্দরবনের বর্ণনা দেবেন। সুন্দরবনের বড় ছবি দেখাবেন।
  - সুন্দরবন আমাদের দেশের কোন অঞ্চলে অবস্থিত তা ছবি ও মানচিত্রে দেখিয়ে বলবেন।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন- 'ছবির গল্প, সুন্দরবন' শিশুদের বলতে সহায়তা করবেন। শিশুদের পাঠ্যপুস্তকের ৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন এবং গল্পের শিরোনাম পুনরায় পড়ে শোনাবেন। শুরুতে কী কী ছবি আছে তা জানতে চাইবেন। শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কি না তা লক্ষ করবেন।
- পাঠ সংশ্লিষ্ট ছবিগুলি (পৃষ্ঠা- ৬, ৭, ৮) শিশুদের মনোযোগ দিয়ে দেখতে বলবেন। ছবিতে কী কী দেখছে ছোট ছোট প্রশ্ন করে জেনে নিবেন। প্রয়োজনে সহায়তা করবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'ছবির গল্প, সুন্দরবন' পাঠের নির্ধারিত অংশের বর্ণনা (অমি খুব খুশি............ আছে কুমির।) পড়ব ও আলোচনা করব।
- ১ নং ছবি দেখিয়ে বলবেন- এ ছবিতে আমরা কী দেখতে পাচ্ছি। শিশুরা বলবে আপনি শুনবেন। এরপর শিক্ষক ১ নং ছবির বর্ণনা পড়ে শোনাবেন। শিশুরা বর্ণনা বুঝতে পারছে কি না জানার জন্য ছোট ছোট প্রশ্ন করবেন। এভাবে প্রথম পৃষ্ঠার চারটি ছবি নিয়ে পর্যায়ক্রমে ছোট ছোট প্রশ্নের মাধ্যমে বর্ণনা পড়ে শোনাবেন।
- প্রতিটি পৃষ্ঠার ছবি বিশ্লেষণে শিক্ষক শিশুদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করবেন।
- শিক্ষক সহায়তা দানের জন্য সুন্দরবনের বর্ণনা প্রসঙ্গে সুন্দরবনে গভীর জঙ্গলের পাশে, ভিতরের নদীতে নৌকা দিয়ে মানুষের চলাচল ও মাঝিদের বর্ণনা দেবেন।
- শিক্ষক এবার ২ নং ছবি দেখিয়ে ছবিতে কী কী দেখা যাচ্ছে শিশুদের জিজ্ঞাসা করবেন। এরপর শিক্ষক ২ নং ছবির বর্ণনা পড়ে শোনাবেন। শিশুরা বর্ণনা বুঝতে পারছে কি না জানার জন্য ছোট ছোট প্রশ্ন করবেন।
- শিশুদের কাছ থেকে শোনার পর শিক্ষক বলবেন- সুন্দরবনে কী কী গাছ জন্মে (যেমন- কেওড়া, সুন্দরী, হিজল) তার বর্ণনা দেবেন ও দুয়েকটি গাছের কথা শিশুদের জিজ্ঞাসা করবেন।
- শিক্ষক এবার ৩ নং ছবি দেখিয়ে ছবিতে কী কী দেখা যাচ্ছে শিশুদের জিজ্ঞাসা করবেন। এরপর শিক্ষক ছবির বর্ণনা পড়ে শোনাবেন। শিশুরা বর্ণনা বুঝতে পারছে কি না জানার জন্য ছোট ছোট প্রশ্ন করবেন। শিশুদের কাছ থেকে শোনার পর শিক্ষক বলবেন- ছবিতে সুন্দরবনের নদীর পাড়ে গাছে পাখি দেখা যাচ্ছে। সুন্দরবনে আছে নানা রকম পশুপাখি।
- ৪ নং ছবিতে কী দেখা যাচ্ছে? শিশুরা জবাব দেবে। এরপর শিক্ষক ছবির বর্ণনা পড়ে শোনাবেন। শিশুরা বর্ণনা বুঝতে পারছে কি না জানার জন্য ছোট ছোট প্রশ্ন করবেন। সহায়তা দানের জন্য শিক্ষক বলবেন- কুমির নদীতে বাস করে, তবে ডিম পাড়া ও শিকারের জন্য নদীর পাড়ে ডাঙায় উঠে আসে। সুন্দরবনের নদীতে আছে অনেক মাছ। কুমির মাছ খায় প্রাণীও ধরে খায়।
- প্রতিটি ছবি বর্ণনা করার সময় শিক্ষক পাখি, নদী ও নৌকার ছবি দেখাবেন। বইয়ের ছবি থেকেও ছবিগুলো দেখাতে বলবেন।
- শিক্ষক এবার নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। শিশুরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে পারছে কি না তা শিক্ষক পর্যবেক্ষণ করবেন।
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক বলবেন- গাছপালা, নদী, নানা রকমের পশুপাখি নিয়ে নদী ও সমুদ্রের কাছের এ বনাঞ্চল অত্যন্ত সুন্দর। পৃথিবীর প্রাকৃতিক সৌন্দর্যের অন্যতম সুন্দর ও আশ্চর্য স্থান হিসেবে দেশ-বিদেশে সুন্দরবন পরিচিত ও বিখ্যাত।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। ধন্যবাদ দিয়ে পাঠ সমাপ্ত করবেন।**

## পিরিয়ড- ২

## পৃষ্ঠা: ৭ (নৌকা ভেসে চলেছে..............হরিণের দল।)

**শিখনফল**

শোনা : ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ৩.১.২

বলা : ১.৩.১, ১.৩.২, ২.৩.১, ২.৩.২, ২.৪.১, ২.৪.২

**পড়া** : ২.৪.১, ২.৪.২

**উপকরণ :** পাঠ্যবই ও পাঠ্যবইয়ের ৭ নং পৃষ্ঠার ছবি।

**পাঠের আলোচ্য বিষয়:** সুন্দরবনের হরিণ, বানর, বাঘ সম্পর্কে জানা।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন:
  - সুন্দরবনে কী কী গাছ জন্মে?
  - কুমির কোথায় বাস করে?
  - অমি কোথায় বেড়াতে গিয়েছিল?
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন- 'ছবির গল্প, সুন্দরবন' শিশুদের বলতে সহায়তা করবেন। শিশুদের পাঠ্যপুস্তকের ৭ নং পৃষ্ঠা খুলতে বলবেন এবং গল্পের শিরোনাম পুনরায় পড়ে শোনাবেন।
- পাঠসংশ্লিষ্ট ছবিগুলি শিশুদের মনোযোগ দিয়ে দেখতে বলবেন। ছবিতে কী কী দেখছে ছোট ছোট প্রশ্নে করে জেনে নিবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'ছবির গল্প, সুন্দরবন' গল্পটির নির্ধারিত অংশ (নৌকা ভেসে চলেছে...............হরিণের দল।) পড়ব ও আলোচনা করব। শিশুদের বইতে দেখিয়ে দিতে সহায়তা করবেন।
- ৫ নং ছবি দেখিয়ে বলবেন- এ ছবিতে আমরা কী দেখতে পাচ্ছি।শিক্ষার্থীরা বলবে আপনি শুনবেন। এরপর শিক্ষক ছবির বর্ণনা পড়ে শোনাবেন। শিশুরা বর্ণনা বুঝতে পারছে কি না জানার জন্য ছোট ছোট প্রশ্ন করবেন।
- শিক্ষক সহায়তা দানের জন্য সুন্দরবনের বর্ণনা প্রসঙ্গে সুন্দরবনে গভীর জঙ্গলের পাশে হরিণও দেখা যায়। বনের হরিণ হলো ডাঙার প্রাণী আর কুমির হলো জলের প্রাণী। একথাটি শিক্ষক বুঝিয়ে বলবেন।
- শিক্ষক এবার ৬ নম্বর ছবি দেখিয়ে ছবিতে কী কী দেখা যাচ্ছে শিশুদের জিজ্ঞাসা করবেন। শিশুরা বলবে আপনি শুনবেন। এরপর ছবির বর্ণনা পড়ে শোনাবেন। শিশুরা বর্ণনা বুঝতে পারছে কি না জানার জন্য ছোট ছোট প্রশ্ন করবেন।
- শিক্ষার্থীদের কাছ থেকে শোনার পর শিক্ষক বলবেন- বানর গাছের কচি পাতা ছিঁড়ে ফেলে দিয়ে হরিণের আহার জোগায়। এজন্য তাদের মধ্যে এত বন্ধুত্ব।
- শিশুরা বইয়ের পৃষ্ঠা ভালো করে দেখবে। তারপর বর্ণনা করে বলবে।
  - গাছের ডালে বানর বসে কচি পাতা ছিঁড়ে ছিঁড়ে নিচে ফেলছে।
  - হরিণ সেসব পাতা খাচ্ছে।
  - হরিণ সুন্দরবনে ছোটাছুটি করে।
  - মনের সুখে ঘাস খায়। লতাপাতা খায়।
- শিক্ষক এবার ৭ নং ছবি দেখিয়ে ছবিতে কী কী দেখা যাচ্ছে শিশুদের জিজ্ঞাসা করবেন। শিশুদের কাছ থেকে শোনার পর শিক্ষক বলবেন- বাঘটি কী করছে? শিশুরা বলবে- বাঘটি শিকার ধরার জন্য তাক করে বসে আছে। বাঘের কাছাকাছি কি কিছু দেখা যাচ্ছে? শিশুরা বলবে। বাঘ কোথায় শিকারের জন্য বসে থাকে? শিক্ষক বুঝিয়ে বলবেন। বাঘ বনের মধ্যে আড়ালে আবডালে শিকার করার জন্য বসে থাকে। সুন্দরবনের বাঘের নাম রয়েল বেঙ্গল টাইগার।
- ব। সহায়তা দানের জন্য শিক্ষক বলবেন- বানরের সাথে হরিণের এত বন্ধুত্ব কেন?
- শিক্ষক বলবেন- বানর হরিণকে বিপদ-সংকেত দেয়, বাঘের হাত থেকে হরিণকে বাঁচায়, গাছের কচি পাতা ছিঁড়ে ফেলে দিয়ে হরিণের আহার জোগায়। এজন্য তাদের মধ্যে এত বন্ধুত্ব।
- শিক্ষক এবার ছবির নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। শিশুরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে পারছে কি না তা শিক্ষক পর্যবেক্ষণ করবেন।
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।

- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। ধন্যবাদ দিয়ে পাঠ সমাপ্ত করবেন।

## পিরিয়ড- ৩
## পৃষ্ঠা: ৮ (অমির ইচ্ছা .............বিদায় জানালো)

**শিখনফল**

**শোনা** : ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ৩.১.২
**উলা** : ১.৩.১, ১.৩.২, ২.৩.১, ২.৩.২, ২.৪.১, ২.৪.২
**পড়া** : ২.৪.১, ২.৪.২

**উপকরণ :** পাঠ্যবই ও পাঠ্যবইয়ের ৮ নং পৃষ্ঠার ছবি। সংগৃহীত ছবি

**পাঠের আলোচ্য বিষয়:** মৌয়াল কারা, সুন্দরবনে মৌয়ালরা কীভাবে মধু সংগ্রহ করে।

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন:
  - বানরের সাথে হরিণের বন্ধুত্ব কেন?
  - হরিণকে কে গাছের কচি পাতা দেয়?
  - সুন্দরবনের বাঘের নাম কী?
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন- 'ছবির গল্প, সুন্দরবন' শিশুদের বলতে সহায়তা করবেন। শিশুদের পাঠ্যপুস্তকের ৮ পৃষ্ঠা খুলতে বলবেন এবং গল্পের শিরোনাম পুনরায় পড়ে শোনাবেন।
- পাঠসংশ্লিষ্ট ছবিগুলি শিশুদের মনোযোগ দিয়ে দেখতে বলবেন। ছবিতে কী কী দেখছে ছোট ছোট প্রশ্নে করে জেনে নিবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'ছবির গল্প, সুন্দরবন' নির্ধারিত অংশ (অমির ইচ্ছা..............বিদায় জানাল) পড়ব ও আলোচনা করব। শিশুদের বইতে দেখিয়ে দিতে সহায়তা করবেন।
- ৯ নং ছবি দেখিয়ে বলবেন- এ ছবিতে আমরা কী দেখতে পাচ্ছি। শিশুরা বলবে আপনি শুনবেন। শিক্ষক ছবির বর্ণনা পড়ে শোনাবেন। শিশুরা বর্ণনা বুঝতে পারছে কি না জানার জন্য ছোট ছোট প্রশ্ন করবেন।
- শিক্ষক বলবেন, সুন্দরবনে বাঘের পায়ের ছাপ দেখে বোঝা যায় বাঘের চলাচল। সুন্দরবনে যারা কাঠ কাটতে যায়, গোলপাতা সংগ্রহ করে তারা বাঘের পায়ের ছাপ দেখে সতর্ক হয়।
- ১০ এবং ১১ নং ছবি দেখিয়ে বলবেন- এ ছবিতে আমরা কী কী দেখতে পাচ্ছি। শিশুরা বলবে আপনি শুনবেন। শিক্ষক ছবির বর্ণনা পড়ে শোনাবেন। শিশুরা বর্ণনা বুঝতে পারছে কি না জানার জন্য ছোট ছোট প্রশ্ন করবেন।
- শিক্ষক সহায়তা দানের জন্য সুন্দরবনের বর্ণনা প্রসঙ্গে বলবেন সুন্দরবনে গভীর জঙ্গলে একশ্রেণির মানুষ মধু সংগ্রহ করে। তাদের কী বলে?
- শিক্ষক আগে তাদের সম্পর্কে বলবেন। মৌমাছির চাক থেকে কীভাবে মধু সংগ্রহ করা হয় তার বর্ণনা দেবেন। যারা মধুর চাক ভেঙে মধু সংগ্রহ করে তাদের বলা হয় মৌয়াল। 'মৌ' মানে মধু। যারা মৌ বা মধুওয়ালা তারাই মৌয়াল।
- মধুর চাকে আগুনের ধোঁয়া দিয়ে মধুর চাক ভাঙা হয়। শিক্ষক তার একটি বর্ণনা দেবেন। শিশুরা কারা কারা মৌচাক দেখেছে জিজ্ঞাসা করবেন। মৌমাছি অনেক সময় বাসার কার্নিশে বা গাছেও চাক বাঁধে।
- শিক্ষক এ বিষয়ে নানা প্রশ্নের জবাব দেবেন।
- শিক্ষক এবার ১২ নং ছবি দেখিয়ে ছবিতে কী কী দেখা যাচ্ছে শিশুদের জিজ্ঞাসা করবেন। শিশুদের কাছ থেকে শোনার পর শিক্ষক বলবেন। শিক্ষক ছবির বর্ণনা পড়ে শোনাবেন। শিশুরা বর্ণনা বুঝতে পারছে কি না জানার জন্য ছোট ছোট প্রশ্ন করবেন।

- শিক্ষক এবার ছবির নির্ধারিত অংশের প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। শিশুরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে পারছে কি না তা শিক্ষক পর্যবেক্ষণ করবেন।
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক পাঠের শেষ পর্যায়ে সুন্দরবনের ছবির গল্পটি সংক্ষেপে বলবেন। বনের পশু পাখিদের প্রতি গাছপালার প্রতি যত্নবান হতে বলবেন। বলবেন এরা মানুষের বন্ধু।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। ধন্যবাদ দিয়ে পাঠ সমাপ্ত করবেন।

## পিরিয়ড-৪
## পৃষ্ঠা: ৯-১০ (অনুশীলনী- ১, ২, ৩, ৪)

**শিখনফল**

**শোনা** : ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ৩.১.২
**বলা** : ১.৩.১, ১.৩.২, ২.৩.১, ২.৩.২, ২.৪.১, ২.৪.২
**পড়া** : ২.৪.১, ২.৪.২

**উপকরণ :** পাঠ্যবইয়ের ৫ নং পৃষ্ঠার ছবি। সংগৃহীত ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** ছবি দেখে বর্ণনা করা এবং ছবি দেখে বাক্য তৈরি।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন:
  - মৌয়াল কারা?
  - মৌয়ালরা বনে কী করে?
  - গল্পটির কোন অংশটি তোমার সবচেয়ে ভালো লেগেছে, কেন?
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ১ নং প্রশ্ন বোর্ডে লিখবেন- 'ছবিতে হরিণ বানরকে কী বলছে তা ভেবে বলি।' শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিশুদের বইয়ের ৯ নং পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক ১ নং অনুশীলনীর ছবির বর্ণনা শিশুদের মুখে মুখে বলতে বলবেন এবং সহায়তা করবেন।
- শিক্ষক উদাহরণ হিসাবে বলতে পারেন, আমার মনে হয় হরিণ বানরকে বলছে কেমন আছো বন্ধু? তোমাদের কী মনে হয়?
- শিক্ষক ঠিক একইভাবে ২ নং প্রশ্ন বোর্ডে লিখবেন- 'ছবিতে বানর হরিণকে কী বলছে তা ভেবে বলি।' শিশুদের বলতে সহায়তা করবেন।
- এরপর শিক্ষক ৩ নং এবং ৪ নং অনুশীলনীর কাজ বারবার করাবেন। অপারগদের নিরাময় দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। ধন্যবাদ দিয়ে পাঠ সমাপ্ত করবেন।

## পিরিয়ড- ৫
## পৃষ্ঠা: ১১ (ছবিতে ছবিতে সংখ্যা, প্রশ্ন - ১, ২, ৩, ৪ )

**শিখনফল**

**শোনা** : ৩.৫.১
**বলা** : ২.৮.১
**লেখা** : ১.৭.১

**উপকরণ :** পাঠ্যবই

**পাঠের আলোচ্য বিষয়:** সংখ্যা কথায় লেখা

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:
  - বাঘকে কী বলা হয়?
  - সুন্দরবনে কী কী পাওয়া যায়?
  - বানর কাকে সাবধান করে।
- শিক্ষক পাঠটি সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন। যেমন–
  - আমরা সংখ্যা চিনে বলতে ও লিখতে শিখেছি। সংখ্যাটি কত তা কথায় লিখতে শিখেছি। এই পাঠে আমরা এমনই কিছু বিষয়ের কাজ করব।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন-**‘ছবিতে ছবিতে সংখ্যা’** শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিশুদের পাঠ্যপুস্তকের ১১ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিরোনাম পুনরায় পড়ে শোনাবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা নিচের ছবিতে কয়টি কী আছে তা দেখব এবং আলোচনা করব।
- শিক্ষক প্রথমে ছবিটি শিশুদের ভালোভাবে দেখতে বলবেন এবং ছবি সম্পর্কে ছোট ছোট প্রশ্নের মাধ্যমে জানতে চাইবেন। শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।
- প্রথমে ১ নং প্রশ্ন- ‘ছবিতে কয়টি বানর আছে তা কথায় লিখি’। প্রয়োজনে একটি বুঝিয়ে দেবেন।
- এরপর ২ নং প্রশ্ন- ‘ছবিতে কয়টি বাঘ আছে তা কথায় লিখি ’ এবং ৩ নং প্রশ্ন -‘ছবিতে কয়টি হরিণ আছে তা কথায় লিখি ’ অংশ করাবেন।
- সবশেষে ৪ নং প্রশ্ন -‘ফাঁকা ঘরে নিচের সংখ্যাগুলো কথায় লিখি’ অংশ করাবেন। প্রতিটি ক্ষেত্রে শিক্ষক প্রশ্নটি বোর্ডে লিখবেন। প্রয়োজনে শিক্ষক একটি বুঝিয়ে দেবেন। প্রয়োজনে নিরাময় দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। ধন্যবাদ দিয়ে পাঠ সমাপ্ত করবেন।



# আমাদের দেশ

আ. ন. ম. বজলুর রশীদ

আমাদের দেশ তারে কত ভালোবাসি
সবুজ ঘাসের বুকে শেফালির হাসি,
মাঠে মাঠে চরে গরু নদী বয়ে যায়
জেলে ভাই ধরে মাছ মেঘের ছায়ায়।
রাখাল বাজায় বাঁশি কেটে যায় বেলা
চাষা ভাই করে চাষ কাজে নেই হেলা।
সোনার ফসল ফলে খেত ভরা ধান
সকলের মুখে হাসি, গান আর গান।



# অনুশীলনী

**১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।**

শেফালি বেলা হেলা

**২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।**

| বেলা | শেফালি | হেলা |
|---|---|---|

ক. কোনো কাজকে ........................................ করব না।

খ. সারা ..................................... খেলা করো না।

গ. .................................... ফুল দিয়ে মালা গাঁথি।

**৩. ছবি দেখি। কে কী কাজ করে বলি ও লিখি।**



.............................. নৌকা চালান।



............................... রিকশা চালান।



............................... কাপড় তৈরি করেন।



............................... মাছ ধরেন।

# ছবির গল্প : সুন্দরবন

## পৃষ্ঠা (৬ -১১)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা** | **শোনা** |
| ১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ শুনে বুঝতে পারবে। | ১.৩.১ নির্দেশনা শুনে পালন করতে পারবে। |
| | ১.৩.২ অনুরোধ শুনে পালন করতে পারবে। |
| | ১.৩.৩ প্রশ্ন শুনে বুঝতে পারবে। |
| ৩.১ পরিচয়মূলক কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে। | ৩.১.২ বর্ণনা শুনে বুঝতে পারবে। |
| **বলা** | **বলা** |
| ১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে। | ১.৩.১ অনুরোধ করতে পারবে। |
| | ১.৩.২ কোনো বিষয়ে প্রশ্ন করতে ও প্রশ্নের উত্তর দিতে পারবে। |
| ২.৩ ছবি দেখে গল্প বলতে পারবে। | ২.৩.১ ছবি দেখে বাক্য বলতে পারবে। |
| | ২.৩.২ ছবি দেখে গল্প বলতে পারবে। |
| ২.৪ গল্প সম্পর্কে বলতে পারবে। | ২.৪.১ নিজের ভাষায় গল্প বলতে পারবে। |
| | ২.৪.২ নিজের ভাষায় গল্প সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে পারবে। |
| **পড়া** | **পড়া** |
| ২.৪ গল্প ও রূপকথা পড়ে বুঝতে পারবে। | ২.৪.১ গল্প পড়তে পারবে। |
| | ২.৪.২ গল্প পড়ে বুঝতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড ৫**

### পিরিয়ড- ১
### পৃষ্ঠা: ৬ (অমি খুব ............. আছে কুমির ।)

**শিখনফল**

**শোনা** : ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ৩.১.২
**বলা** : ১.৩.১, ১.৩.২, ২.৩.১, ২.৩.২, ২.৪.১, ২.৪.২
**পড়া** : ২.৪.১, ২.৪.২

**উপকরণ** : পাঠ্যবই ও পাঠ্যবইয়ের ৬ নং পৃষ্ঠার ছবি, সুন্দরবনের বড় ছবি, ছবি (বাঘ, হরিণ, বানর, পাখি ও কুমির), সুন্দরবনের নদীতে নৌকা ও গাছপালার ছবি, বাংলাদেশের মানচিত্র।

| পাঠের আলোচ্য বিষয় : ছবির বর্ণনা, সুন্দরবনের গাছ, পাখি, মাছ, কুমির সম্পর্কে জানা। |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন:
  - প্রতিদিন, রবিবার, সুন্দর দিয়ে বাক্য বল।

## ৪. মুখে মুখে উত্তর বলি ও লিখি।

ক. গরু কোথায় চরে?

খ. রাখাল কী করেন?


গ. চাষি ভাই কী করেন?

ঘ. জেলে ভাই কী করেন?

ঙ. সকলের মুখে হাসি কেন?

## ৫. ছবি দেখি। ঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি করি।

| | | | | |
|---|---|---|---|---|
| চাষি ভাই | গরু | রাখাল | খেত ভরা | নদী |



................................মাঠে চরে।



................................ চাষ করেন।



................................ বয়ে যায়।



........................................ ধান।



................................ বাজায় বাঁশি

## ৬. কবিতাটি মুখস্থ বলি ও লিখি।

## ছবিতে ছবিতে সংখ্যা

### ১. উপহার বাক্সে লেখা দাম পাশের ফাঁকা জায়গায় কথায় লিখি।




........................................ টাকা




........................................ টাকা




........................................ টাকা




........................................ টাকা




........................................ টাকা

### ২. ফাঁকা ঘরে নিচের সংখ্যাগুলো কথায় লিখি।

| ২৭ | ২৯ | ৩২ | ৪০ | ৪৭ |
|---|---|---|---|---|
| | | | | |

# আমাদের দেশ
## পৃষ্ঠা নম্বরঃ (১২-১৫)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>২.১ ছড়া ও কবিতা শুনে বুঝতে পারবে ও আনন্দ লাভ করবে। | **শোনা**<br>২.২.১ কবিতা শুনে বুঝতে পারবে। |
| **বলা**<br>২.১ পাঠ ও পাঠবহির্ভূত ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে।<br>২.২ ছড়া ও কবিতা সম্পর্কে প্রশ্নের উত্তর বলতে পারবে। | **বলা**<br>২.১.২ পাঠ্য বইয়ের কবিতা আবৃত্তি করতে পারবে।<br>২.২.২ কবিতার বিষয়ে প্রশ্নের উত্তর বলতে পারবে। |
| **পড়া**<br>২.১ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা পড়তে পারবে।<br>২.২ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে। | **পড়া**<br>২.১.২ প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পারবে।<br>২.২.২ প্রমিত উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পারবে। |
| **লেখা**<br>২.১ পাঠ্যপুস্তকের ছড়া ও কবিতা লিখতে পারবে।<br>২.৩ ছড়া, কবিতা, গল্প, কথোপকথন ও বর্ণনা সম্পর্কে লিখতে পারবে। | **লেখা**<br>২.১.২ পাঠ্যপুস্তকের কবিতা লিখতে পারবে।<br>২.৩.২ কবিতাসংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |

**পাঠ বিভাজনঃ পিরিয়ড -৭**

### পিরিয়ড- ১
### পৃষ্ঠাঃ ১২ (আমাদের দেশ..........মেঘের ছায়ায়)

**শিখনফল**

**শোনা** : ২.২.১
**বলা** : ২.১.২,২.২.২
**পড়া** : ২.১.২,২.২.২

**উপকরণ :** পাঠ্যবই

| পাঠের আলোচ্য বিষয় : রিডিং,ছন্দের মিল শেখা। |
|---|

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। ***শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমন–***

- ***অমি সুন্দরবনের মাটিতে কিসের ছাপ দেখতে পেল?***
- ***বনে ঢুকে অমির কার সঙ্গে দেখা হলো?***
- ***কারা অমিকে মধু খেতে দিল?***

- শিক্ষক আজকের পাঠ সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন। যেমন–
  - শিক্ষক আমাদের দেশের প্রাকৃতিক দৃশ্যের ছবি শিক্ষার্থীদের দেখাবেন। আমাদের দেশের প্রাকৃতিক সৌন্দর্য নিয়ে কথা বলবেন। তাদের বলবেন আমাদের দেশ অনেক সুন্দর। তারা কী মনে করে জিজ্ঞেস করবেন।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ 'আমাদের দেশ' কবিতাটি পড়ব। শিক্ষক স্পষ্ট ও ***শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।***
- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার নির্ধারিত অংশ **(আমাদের দেশ------------- মেঘের ছায়ায়।)** পড়ব, আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব। ***শিশুরা প্রশ্ন, আদেশ, ইত্যাদি বুঝতে পারছে কি না তা লক্ষ করবেন।***
- শিক্ষক পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ১২ খুলতে বলবেন এবং নির্ধারিত পাঠের শিরোনাম পুনরায় পড়ে শোনাবেন।
- ছোট ছোট প্রশ্নের মাধ্যমে ছবি নিয়ে আলোচনা করবেন।
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি কয়েকবার আবৃত্তি করে শোনাবেন। এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। ***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- কয়েকজনকে এককভাবে পড়তে দেবেন।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদেরকে সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন। এরপর দলে কীভাবে কবিতাটি পড়তে হবে তা বুঝিয়ে বলবেন।

**যেমন:**

- প্রথমে একজন শিক্ষার্থী কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন, এরপরের জন ৩য় লাইন।
- এভাবে তারা আয়ত্ত করবে।
- এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন।
- শিক্ষক পিছিয়ে **পড়া** শিশুদের রিডিং **পড়া**বেন এবং সহায়তা করবেন।

- এরপর সবাইকে আগের মতো বসতে বলবেন। শিক্ষক এবার শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করে কবিতাংশের বিষয়বস্তু বুঝিয়ে দেবেন। ***সবাই মনোযোগসহকারে শুনছে কি না তা লক্ষ করবেন।***
- এরপর কবিতার বিশেষ বা নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন এবং বুঝিয়ে দেবেন। যেমন: শেফালি।
- কবিতা আবৃত্তির পর শিশুদের কবিতার ছন্দের প্রতি খেয়াল করতে বলবেন। কবিতার অন্যতম আকর্ষণ যে ছন্দ তা শিশুদের বলবেন।
- কবিতাটিতে যে বিভিন্ন পেশার মানুষের কথা বলা হয়েছে সেটা উল্লেখ করবেন। রাখাল, চাষা, জেলে কে কী কাজ করে প্রথমে তাদের জিজ্ঞাসা করবেন, তারপর শিক্ষক বুঝিয়ে বলবেন।
- কবিতার চরণের শেষে অন্তমিল শব্দগুলির কথা বলবেন। যেমন ভালোবাসি আর হাসি, যায় এবং ছায়ায় ইত্যাদি। শিক্ষার্থীদের মুখে মুখে শব্দের মিলের খেলা শেখাবেন।
- কবিতাটি পুনরায় কয়েকবার সমস্বরে আবৃত্তি করবেন।
- শিক্ষার্থীদের কবিতা সংশ্লিষ্ট কোন প্রশ্ন থাকলে প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- **শিক্ষক শিক্ষার্থীদের 'আমাদের দেশ' কবিতায় কী কী পেশার মানুষের কথা বলা হয়েছে প্রশ্ন করবেন?**
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।** ধন্যবাদ দেবেন শিক্ষার্থীদের।

## পিরিয়ড-২
### পৃষ্ঠাঃ ১২ (রাখাল বাজায়..................গান আর গান ।)

**শিখনফল**

**শোনা** : ২.২.১
**বলা** : ২.১.২, ২.২.২
**পড়া** : ২.১.২, ২.২.২
**লেখা** : ২.১.২, ২.৩.২

| **পাঠের আলোচ্য বিষয় :** রিডিং, কবিতা লেখা |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদেরকে *পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে গত দিনের পাঠের অংশ থেকে শিক্ষার্থীদেরকে প্রশ্ন করবেন। যেমন–*
- *কবিতাটি তোমাদের কেন ভালো লেগেছে?*
- *কবি তার দেশকে অনেক ভালোবাসেন, তোমরাও কী ভালোবাসো?*
- *তোমরা আর কাদের ভালোবাসো?*
- *তোমাকে সবচেয়ে বেশি ভালোবাসে কে?*
- *তোমরা তোমাদের চারপাশে যাদের দেখ তাদের ভালোবাসো?*
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন আজ "আমাদের দেশ" কবিতাটি পড়বো। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন। স্পষ্ট ও ***শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।***
- শিশুদের উদ্দেশে বলবেন আজ আমরা কবিতার নির্ধারিত অংশ **(রাখাল বাজায়------- ------ গান আর গান।)** পড়ব, আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব। এরপর পাঠ্যপুস্তকের ১২ পৃষ্ঠা খুলতে বলবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কি না তা লক্ষ করবেন।***
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি কয়েকবার আবৃত্তি করে **শোনাবেন**। এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙ্গুল রেখে মেলাতে বলবেন। ***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- এরপর কয়েকজনকে এককভাবে পড়তে দেবেন।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন। এরপর দলে কীভাবে কবিতাটি পড়তে হবে তা বুঝিয়ে বলবেন।

**যেমনঃ**

- প্রথমে একজন শিক্ষার্থী কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন, এরপরের জন ৩য় লাইন। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন।
- পিছিয়ে পড়া শিশুদের শিক্ষক রিডিং পড়াবেন এবং সহায়তা করবেন।

- এরপর সবাইকে আগের মতো বসতে বলবেন। শিক্ষক এবার শিশুদের দৃষ্টি আকর্ষণ করে কবিতাংশের বিষয়বস্তু বুঝিয়ে দেবেন। ***সবাই মনোযোগসহকারে শুনছে কি না তা লক্ষ করবেন।***
- এরপর কবিতার বিশেষ বা নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন এবং বুঝিয়ে দেবেন। যেমনঃ বেলা, হেলা ইত্যাদি। শব্দগুলোর অর্থ ও বাক্য জিজ্ঞেস করবেন এবং লিখতে দেবেন। শিক্ষার্থীদের কবিতা-সংশ্লিষ্ট কোনো প্রশ্ন থাকলে প্রশ্ন করতে উৎসাহিত কবেবেন।
- কয়েকজনকে সামনে এসে কবিতাটি ছন্দের তালে, শুদ্ধ উচ্চারণে প্রথম চার চরণ আবৃত্তি করতে বলবেন।

- **শিক্ষক শিক্ষার্থীদের জেলে, রাখাল, চাষা কী করে প্রশ্ন করবেন?**
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। ধন্যবাদ দিয়ে সমাপ্ত করবেন।**

**পিরিয়ড- ৩**
**পৃষ্ঠাঃ ১৩ (অনুশীলনী, প্রশ্ন–১, ২ )**

**শিখনফল**

**শোনা** : ২.২.১
**বলা** : ২.১.২, ২.২.২
**পড়া** : ২.১.২, ২.২.২
**লেখা** : ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক

| পাঠের আলোচ্য বিষয় : ছন্দের মিল, নতুন শব্দ। |
|---|

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমন–*
  - *‘আমাদের দেশ’ কবিতার প্রথম চার লাইন মুখস্থ বল।*
  - *‘আমাদের দেশ’ কবিতাটি কে লিখেছেন?*
- শিক্ষক শিক্ষার্থীদেরকে পাঠ যাচাইয়ের কৌশল হিসাবে মুখে মুখে আরও কয়েকটি শব্দ বলবেন। শিক্ষার্থীরা সেই শব্দের সাথে ছন্দের মিল রেখে নতুন শব্দ বলবে। যেমনঃ
  - **শিক্ষক হাসি বললে শিক্ষার্থীরা বলতে পারে বাঁশি, কাশি ইত্যাদি।**
  - **কয়েকজনকে সামনে এসে কবিতাটি ছন্দের তালে, শুদ্ধ উচ্চারণে শেষ চার চরণ আবৃত্তি করতে বলবেন।**
  - **শিক্ষক শিক্ষার্থীদের তারা যতটুকু পড়েছে তার ভিতরে সবচেয়ে গুরুত্বপূর্ণ শব্দগুলো বলতে বলবেন। শিক্ষার্থীরা বলতে পারে জেলে, রাখাল, চাষা ইত্যাদি। শিক্ষক শিক্ষার্থীদেরকে বই থেকে শব্দগুলো খুঁজে বের করে বাক্যগুলো পড়তে বলবেন।**
- এরপর শিক্ষার্থীরা অনুশীলনীর ১ নং প্রশ্নের শব্দগুলো শেফালি, বেলা, হেলা পাঠ থেকে খুঁজে বের করবে এবং অর্থ বলবে। ভুল হলে শিক্ষক সাহায্য করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের ২ নং প্রশ্নের ঘরের ভিতরের শেফালি, বেলা, হেলা শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করতে বলবেন।
- **শিক্ষক কবিতাটির অনুকরণে কিছু প্রশ্ন শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন। যেমন: আর কী কী পেশার মানুষ তোমরা চারপাশে দেখ, তাদের কী আমরা ভালোবাসি ইত্যাদি।**
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। ধন্যবাদ দেবেন সবাইকে।**

## পিরিয়ড- ৪
## পৃষ্ঠা: ১৩ (অনুশীলনী, প্রশ্ন- ৩, ৪ )

**শিখনফল**

**শোনা** : ২.২.১
**বলা** : ২.১.২, ২.২.২
**পড়া** : ২.১.২, ২.২.২
**লেখা** : ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যবই ।

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয়** : কবিতা মুখস্থ বলা, অনুশীলনীর প্রশ্ন |

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন । যেমন-***
- ***জেলে ভাই কোথায় মাছ ধরেন?***
- ***সবুজ ঘাসের বুকে কিসের হাসি?***
- ***কার কাজে কোনো অবহেলা নাই ।***
- ***কবিতাটি মুখস্থ বল ।***
- শিক্ষক শিক্ষার্থীদের ৩ নং প্রশ্নে ছবিতে কে কী কাজ করছে তা জিজ্ঞেস করবেন । শিক্ষার্থীদের সাথে আলোচনা করবেন । ফাঁকা জায়গায় লিখতে বলবেন ।
- শিক্ষক অনুশীলনীর ৪ নং প্রশ্নগুলি শিক্ষার্থীদের সাথে আলোচনা করবেন । শিক্ষক দৈবচয়ন পদ্ধতিতে জিজ্ঞেস করবেন । শিক্ষার্থীরা ৪ নং প্রশ্নের উত্তরগুলো মুখে বলবে । এরপরে তারা উত্তর খাতায় লিখবে ।
- শিক্ষক শিক্ষার্থীদের সাহায্য করবেন ।
- **শিক্ষক শিক্ষার্থীদের পাঠ সংশ্লিষ্ট কয়েকটি শব্দের বানান জিজ্ঞেস করবেন । যেমন: বাঁশি, চাষ, খেত, ছায়ায় ইত্যাদি ।**
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন । ধন্যবাদ জানিয়ে সমাপ্ত টানবেন।**

## পিরিয়ড- ৫
## পৃষ্ঠা: ১৪ (অনুশীলনী প্রশ্ন- ৫, ৬)

**শিখনফল**

**শোনা** : ২.২.১
**বলা** : ২.১.২, ২.২.২
**পড়া** : ২.১.২, ২.২.২
**লেখা** : ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যবই ।

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয়:** নতুন শব্দের ছন্দ ও নতুন বাক্য তৈরি, কবিতা মুখস্থ বলা ও লেখা, অনুশীলনী । |

**শিখন–শেখানো কার্যাবলি**

- **শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নতুন নতুন শব্দ দেবেন ছন্দ তৈরির জন্য।** ***যেমন- বেশ, লেশ, রেশ ইত্যাদি। শিক্ষার্থীদের সাহায্য করবেন নতুন শব্দ বলতে।***
- এরপর শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ৫ নং প্রশ্নের ছবিগুলো দেখতে বলবেন, ছবিতে কে কী কাজ করছে তা জিজ্ঞেস করবেন। শিক্ষার্থীদের সাথে আলোচনা করবেন। ঠিক শব্দ ফাঁকা জায়গায় বসিয়ে বাক্য তৈরি করতে বলবেন।
- এরপর শিক্ষক ৬ নং প্রশ্ন করাবেন।
- শিক্ষক জিজ্ঞেস করবেন 'আমাদের দেশ' কবিতাটি কে কে মুখস্থ বলতে পার? শিক্ষার্থীরা হাত তুলবে।
- শিক্ষক শিক্ষার্থীদের একজন একজন করে নাম ধরে কবিতাটি মুখস্থ বলতে বলবেন।
- শিক্ষার্থীরা মুখস্থ বলবে। অন্য শিশুরাও সমস্বরে মুখস্থ বলবে।
- শিক্ষক এবার বই থেকে দেখে দেখে কবিতাটি লাইন ঠিক রেখে স্পষ্ট অক্ষরে লিখতে বলবেন।
- শিক্ষার্থীরা লিখবে, শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন।
- এরপরে শিক্ষার্থীদের কবিতাটি না দেখে লেখার অনুশীলন করতে বলবেন।
- **কবিতা থেকে বিভিন্ন শব্দ লিখতে দেবেন। যেমনঃ সবুজ, মেঘ, রাখাল ইত্যাদি।**
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড -৬
## পৃষ্ঠা (পুনারোলোচনা)

**শিখনফল**

**শোনা** : ২.২.১
**বলা** : ২.১.২, ২.২.২
**পড়া** : ২.১.২, ২.২.২
**লেখা** : ২.১.২, ২.৩.২

**পাঠের আলোচ্য বিষয়:** নিজে নিজে ছন্দ তৈরি করতে শেখা, পাঠের বাইরের কবিতা পড়া।

**শিখন শেখানো কার্যাবলি**

- **শিক্ষক শিক্ষার্থীদের পাঠ যাচাইয়ের কৌশল হিসাবে মুখে মুখে আরও কিছু বিষয় যাচাই করবেন।** ***যেমন:***

- ***'আমাদের দেশ তারে কত ভালোবাসি' এই চরণের সাথে মিল রেখে নতুন চরণ তৈরি করতে বলবেন। একটি চরণ শিক্ষক নিজে তৈরি করে দেবেন। যেমন 'আমাদের দেশ তারে কত ভালোবাসি শিশুদের মুখে ফোটে সোনার হাসি' শিক্ষার্থীরা যতটুকুই পারবে তাদের উৎসাহিত করবেন। এভাবেই ভাষার ওপর দক্ষতা আর ভালোবাসা গড়ে উঠবে।***
- কবিতাটি মুখস্থ বলতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের এ ধরনের ছোটবড় আরও কবিতা পড়তে বলবেন ও মুখস্থ করতে উৎসাহিত করবেন।

- **এরপর শিক্ষক পুরো কবিতাটি নিচের একটিভিটির মাধ্যমে করাবেন। যেমন–**

- **শিক্ষার্থীরা একজন একজন করে কবিতার এক একটি চরণ আবৃত্তি করবে খেলার মতো করে। শিক্ষক বলবেন কোন শিক্ষার্থীর পর কে বলবে।**
- শিক্ষক শিক্ষার্থীদের পুরো কবিতাটি ছন্দের তালে তালে আবার বলতে বলবেন।
- পুরো কবিতাটি লিখতে দেবেন।

- কয়েকজনকে এককভাবে পড়তে দেবেন।
- অনুশীলনীর প্রশ্ন এবং বানানগুলো লিখতে দেবেন।
- **শিক্ষার্থীরা কবিতার বিষয়ে প্রশ্নের উত্তর বলতে পারছে কিনা এবং বিভিন্ন বিষয় বর্ণনা করতে পারছে কিনা পর্যবেক্ষণ করবেন।**
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। ধন্যবাদ দিয়ে সমাপ্ত ঘোষনা করবেন।**

**পিরিয়ড-৭**

**পৃষ্ঠা: ১৫ (ছবিতে ছবিতে সংখ্যা, প্রশ্ন ১, ২)**

**শিখনফল**

**শোনা** : ৩.৫.১
**বলা** : ২.৮.১
**লেখা** : ১.৭.১


**উপকরণ** : পাঠ্যবই

**পাঠের আলোচ্য বিষয়:** বাক্সে লেখা অংক দেখে কথায় লেখা এবং যেকোন সংখ্যা দেখে কথায় লেখা।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন। ***শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:***
  - ***'আমাদের দেশ' কবিতাটি কে লিখেছেন?***
  - ***শেফালি, বেলা, হেলা শব্দগুলোর অর্থ ও বাক্য বল।***
- শিক্ষক পাঠটি সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন। যেমন–
- আমরা সংখ্যা চিনে বলতে ও লিখতে শিখেছি। সংখ্যাটি কত তা কথায় লিখতে শিখেছি। এই পাঠে আমরা কোন জিনিসের কত দাম তা দেখে কথায় লিখব।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন-**'ছবিতে ছবিতে সংখ্যা'** শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিশুদের পাঠ্যপুস্তকের ১৫ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিরোনাম পুনরায় পড়ে শোনাবেন।
- শিক্ষক প্রথমে উপহার বাক্সে লেখা দামগুলো শিশুদের ভালোভাবে দেখতে বলবেন এবং **ছোট ছোট প্রশ্নের মাধ্যমে *জানতে চাইবেন। শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।***
- প্রথমে ১ নং প্রশ্ন- 'উপহার বাক্সে লেখা দাম পাশের ফাঁকা জায়গায় কথায় লিখি' অংশটি করাবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- এরপর ২ নং প্রশ্ন- 'ফাঁকা ঘরে নিচের সংখ্যাগুলো কথায় লিখি' অংশ করাবেন। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা দেবেন। প্রতিটি ক্ষেত্রে শিক্ষক প্রশ্নটি বোর্ডে লিখবেন। প্রয়োজনে শিক্ষক একটি বুঝিয়ে দেবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

# শীতের সকাল



শীতের সকাল। নানা শরিফাকে নিয়ে রোদ পোহাচ্ছেন। হাতে খবরের কাগজ। শরিফা বই পড়ছে।

শরিফা : নানা, রোদ মিষ্টি হয় কী করে?

নানা : এটা তুমি কোথায় পেলে বুবু?

শরিফা : আপনার খবরের কাগজে।

নানা : ও এই কথা। এই যে তুমি রোদে বসে পড়ছ। তোমার ভালো লাগছে?

শরিফা : হ্যাঁ, লাগছে।

নানা : এখন যদি ঘরে বসে পড়তে তাহলে কেমন লাগত?

শরিফা : ওহ, ঘরে এখন ভারি ঠাণ্ডা। খুব শীত করত।



নানা : তা হলেই বোঝ। শীতের সকালে রোদে তোমার আরাম লাগছে। ভালো লাগছে? এই ভালো লাগাটাই মিঠা। মানে মিষ্টি।

এমন সময় রান্নাঘর থেকে মায়ের ডাক এলো।

মা : শরিফা এসো। নানার জন্য নাশতা নিয়ে যাও। শরিফা নাশতা নিয়ে এলো। নানার জন্য খাবার পানি নিয়ে এলো। হাত মোছার গামছা নিয়ে এলো।

নানা নাশতা খেতে খেতে বললেন, গরম রুটির মজাই আলাদা।

শরিফা : আর কিছু লাগবে নানা?

নানা : আমার ওষুধের কৌটাটা এনে দাও বুবু। শরিফা ঘর থেকে ওষুধের কৌটাটা এনে দিল। গ্লাসে পানি ঢেলে দিল। কৌটা থেকে ওষুধ বের করে নানার হাতে দিল।

নানা : বেঁচে থাকো বুবু।

অনেকগুলো ভালো কাজ করেছ আজ।

শরিফা খুশি হয়ে নানাকে জড়িয়ে ধরল।



# অনুশীলনী

১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

পোহানো    মিষ্টি    নাশতা

২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| নাশতা | মিষ্টি | পোহান |
|---|---|---|

ক. শীতের সকালে রোদ ........................................ লাগে।

খ. অতিথি এলে ........................................................ দেব।

গ. নানা প্রতিদিন সকাল বেলা রোদ .................................................... ।

৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

| | | | | |
|---|---|---|---|---|
| পোহাচ্ছেন | চ্ছ | চ | ছ | গুচ্ছ, তুচ্ছ |
| মিষ্টি | ষ্ট | ষ | ট | কষ্ট, নষ্ট |
| ঠাণ্ডা | ণ্ড | ণ | ড | কাণ্ড, মণ্ডা |
| রান্নাঘর | ন্ন | ন | ন | পান্না, কান্না |

৪. বাক্য শেষে যতি চিহ্নের ব্যবহার দেখি ও বসাই।

| | |
|---|---|
| আমি বাড়ি এসেছি। | তুমি কোথায় গিয়েছিলে ☐ |
| তোমার ওষুধ খাওয়া প্রয়োজন। | নানা বেড়াতে এসেছেন ☐ |
| তোমার কেমন লাগছে? | রোদ মিষ্টি হয় কী করে ☐ |
| বইটি তুমি কোথায় পেলে? | তোমার ভালো লাগছে ☐ |

## ৫. বাড়িতে ফুফু এসেছেন। কোন কাজ কখন করব তা সাজাই।



| | |
|---|---|
| নাশতা খেতে অনুরোধ করব। | |
| ফুফুকে বসতে বলব। | |
| সালাম জানাব। | |
| তার সামনে নাশতা সাজিয়ে দেব। | |
| ফুফুকে ঘরের ভিতরে আসতে অনুরোধ করব। | |

## ৬. ছবি দেখি। কথোপকথন তৈরি করি।



নাজমা : এই বিকেলে তুমি পড়ছ কেন? আমার সাথে খেলতে আস।

হাসান : ঠিক বলেছ, এখন খেলার সময়।

নাজমা : ............................................................................................

হাসান : ............................................................................................

নাজমা : ............................................................................................

# শীতের সকাল

## পৃষ্ঠা (১৬-১৯)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগ সহকারে শুনবে ।<br>১.২ বিভিন্ন শব্দ ও ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে ।<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ শুনে বুঝতে পারবে । | **শোনা**<br>১.১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি শুনে মনে রাখতে পারবে ।<br>১.২.১ পাঠের অন্তর্গত ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে ।<br>১.৩.১ নির্দেশনা শুনে পালন করতে পারবে ।<br>১.৩.২ অনুরোধ শুনে পালন করতে পারবে ।<br>১.৩.৩ প্রশ্ন শুনে বুঝতে পারবে । |
| **বলা**<br>১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধ ভাবে বলতে পারবে ।<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে ।<br>২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে ও বিভিন্ন বিষয় বর্ণনা করতে পারবে ।<br>৩.১ প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে ।<br>৩.২ সম্মানসূচক সম্ভাষণ ও সম্বোধন করতে পারবে । | **বলা**<br>১.১.১ শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.১.২ বাক্যস্থিত শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.৩.২ কোনো বিষয়ে প্রশ্ন করতে ও প্রশ্নের উত্তর দিতে পারবে ।<br>২.৫.১ কথোপকথনে অংশগ্রহণ করতে পারবে ।<br>২.৫.২ বিভিন্ন বিষয় বর্ণনা করতে পারবে ।<br>৩.১.২ অন্যের সঙ্গে প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে ।<br>৩.২.১ সম্মানসূচক সম্ভাষণ করতে পারবে । |
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন পড়তে পারবে ।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৫ দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন, কমা চিনে বাক্য পড়তে পারবে ।<br>২.৫ কথোপকথন ও বর্ণনা পড়ে বুঝতে পারবে ।<br>৩.১ নিজের ও অন্যের লেখা শব্দ ও বাক্য পড়তে পারবে ।<br>**লেখা**<br>১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে ।<br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে ।<br>১.৬ বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে ।<br>২.৩ ছড়া, কবিতা ,গল্প, কথোপকথন ও বর্ণনা সম্পর্কে লিখতে পারবে । | **পড়া**<br>১.১.১ যুক্তব্যঞ্জন পড়তে পারবে ।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৪.২ পাঠ্যপুস্তকের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৫.৩ কমা চিহ্ন চিনে বাক্য পড়তে পারবে ।<br>২.৫.২ কথোপকথনের আকারে লেখা বিষয় পড়ে বুঝতে পারবে ।<br>৩.১.১ নিজের লেখা শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>৩.১.২ নিজের লেখা বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে ।<br>**লেখা**<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে ।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে ।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে ।<br>১.৬.১ দাঁড়ি বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে ।<br>১.৬.২ প্রশ্নবোধক বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে ।<br>১.৬.৩ কমা বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে ।<br>২.৩.৪ কথোপকথন সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে । |

**পাঠ বিভাজন: পিরিয়ড ৯**

**পিরিয়ড- ১**
**পৃষ্ঠা:১৬ (শীতের সকাল............শীত করত খুব ।)**

**শিখনফল**
**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩
**বলা** :১.১.১,১.১.২,১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৩.১.২,৩.২.১
**পড়া** :১.১.১,১.৪.১,১.৪.২,১.৫.৩,২.৫.২, ৩.১.১, ৩.১.২

**উপকরণ :** পাঠ্যবই, পাঠ্যবইয়ের পাঠ সংশ্লিষ্ট ছবি,খবরের কাগজ ।

**পাঠের আলোচ্য বিষয়:** রিডিং, অর্থ, বাক্য ।

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন । *যেমন–*
  - *তোমাদের সবারই কি দাদা-দাদি, নানা-নানি আছে?*
  - *তারা কি তোমাদের সাথে থাকেন?*
  - *তোমরা যখন দাদা-দাদি, নানা-নানির বাসায় যাও তখন তোমরা কী কর?*
  - *তোমাদের বাসায় যখন দাদা-দাদি, নানা-নানি আসেন তোমরা তখন কী কর?*
  - *তোমরা কি তাদের সাথে সময় কাটাও? তাদের জন্য কী কী কর?*
  - *দাদা-দাদি, নানা-নানি অসুস্থ থাকলে তোমরা তাঁদের জন্য কী কর? শিক্ষার্থীদের উত্তর শুনবেন ।*
- শিক্ষক গল্পটি সম্পর্কে শিক্ষার্থীদের প্রাথমিক ধারণা দেবেন ।
  - যারা আমাদের চেয়ে বয়সে বড় তারা আমাদের গুরুজন । গুরুজনকে আমরা সম্মান করব, ভালোবাসব, তাদের মান্য করব । আজকে আমরা যেই গল্পটা পড়ব, সেখানে গুরুজনের সাথে কেমন ব্যবহার করা হয়েছে, তা আমরা জানব ।
- আলোচনার প্রাসঙ্গিকতায়শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন এবং শিক্ষার্থীদের বলতে সহায়তা করবেন । শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের ‘শীতের সকাল’ গল্পটির নির্ধারিত অংশ (**শীতের সকাল---------খুব শীত করত।**) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ১৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । পাঠের শিরোনাম পুনরায় পড়ে শোনাবেন । শিক্ষক পাঠ সংশ্লিষ্ট ছবিগুলো (১৬-১৭) শিশুদের দেখাবেন । ছবিতে কী কী দেখছে ছোট ছোট প্রশ্ন করবেন । ছবিটি কেমন লাগছে তা জানতে চাইবেন । ছবির সাথে পাঠ শিরোনামের মিল নিয়ে আলোচনা করবেন । তাদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন ।
- প্রয়োজনে সহায়তা করবেন । ছবি দেখে গল্পটি কী হতে পারে শিশুদের জিজ্ঞেস করবেন । ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন ।***
- এবার শিক্ষক নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে *শোনাবেন* । এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন । ***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন ।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে ।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন ।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন । প্রয়োজনে ফলাবর্তন দেবেন ।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসতে বলবেন । দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন ।

  **যেমন:**
  - প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে । ভুল হলে ঠিক করে দেবে ।
  - এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে ।

- শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন ।
- শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের রিডিং পড়াবেন ।

- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন ।
- এরপর শিক্ষক বিশেষ বিশেষ শব্দের অর্থ ও বাক্য তাদের জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন । যেমনঃ পোহানো, মিষ্টি ইত্যাদি । ***শিশুদের শব্দগুলো অর্থ পড়তে বলবেন ও লেখাবেন।***
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন । ধন্যবাদ দিয়ে পাঠ শেষ করুন।**

**পিরিয়ড-২**

**পৃষ্ঠাঃ ১৬ (শীতের সকাল................খুব শীত করত।)**

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩

**বলা** :১.১.১,১.১.২,১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৩.১.২,৩.২.১

**পড়া** :১.১.১,১.৪.১,১.৪.২,১.৫.৩,২.৫.২, ৩.১.১, ৩.১.২

**লেখা** :১.৪.১

**উপকরণ** :পাঠ্যবই, পাঠ্যবইয়ের পাঠ সংশ্লিষ্ট ছবি ।

**পাঠের আলোচ্য বিষয় :** রিডিং ,যুক্তাক্ষর ও কথোপকথন বর্ণনা পড়ে বোঝা ।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমন:***
  - গল্পটি তোমার কেমন লেগেছে, কেন ভালো লেগেছে?
  - শরিফা নানাকে কী প্রশ্ন জিজ্ঞাসা করেছিল?
  - নানা বসে কী করছিলেন ?
  - পোহানো, মিষ্টি শব্দ দুটি দিয়ে বাক্য বল ।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিক্ষার্থীদের উদ্দেশে বলবেন, গতকালের পড়া পাঠ্যপুস্তকের 'শীতের সকাল' গল্পটির নির্ধারিত অংশ আজকেও **(শীতের সকাল----------- শীত করত খুব ।)** পড়ব ও আলোচনা করব ।
- শিশুদের পাঠ্যপুস্তকের ১৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।***
- এবার পাঠ্যপুস্তকের নির্দিষ্ট অংশটুকু দেখিয়ে প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন । এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন । শিক্ষার্থীরা লাইনের নিচে ***আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না তা শিক্ষক পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে । শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন ।
- কয়েকজন শিক্ষার্থীকে এককভাবে পড়তে দেবেন । শিক্ষার্থীরা পড়বে, শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন । অপেক্ষাকৃত দুর্বল শিক্ষার্থীদের সাহায্য করবেন ।
- শিক্ষক দুইজন শিক্ষার্থীকে শ্রেণির সামনে আসতে বলবেন । একজন নানার কথা অন্যজন শরিফার কথা বই দেখে দেখে পড়বে । অন্য শিক্ষার্থীরা বই দেখে দেখে পড়বে ।
- তিনজন শিক্ষার্থীকে চকবোর্ডে এনে পোহাচ্ছেন, মিষ্টি, ঠান্ডা শব্দ তিনটি লেখাবেন । অন্য শিশুরা শব্দগুলি স্পষ্টকরে খাতায় লিখবে । শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন ।
- শিক্ষক ১ ম পৃষ্ঠা থেকে যতটুকু শিক্ষার্থীরা পড়েছে তার মধ্য থেকে সবচেয়ে গুরুত্বপূর্ণ শব্দগুলো বলতে বলবেন । শিক্ষার্থীরা বলতে পারে কাগজ, নানা, ভারি ইত্যাদি ।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন বই থেকে এই শব্দগুলো খুঁজে বের করতে ।

- শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে। শিক্ষার্থীরা অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সাহায্য করবে।
- তাদের পাঠসংক্রান্ত যে কোন বিষয়ে প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- কয়েকটি শব্দের অর্থ শিক্ষক বলে দেবেন। যেমন মিষ্টি শব্দটিকে আমরা মিঠাও বলে থাকি।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠসংশ্লিষ্ট কয়েকটি শব্দের বানান জিজ্ঞেস করবেন।
- এবার শিক্ষক যুক্তবর্ণগুলো বোর্ডে ভেঙে শেখাবেন।
- শিক্ষক পোহাচ্ছেন, মিষ্টি ও ঠান্ডা যুক্তবর্ণ তিনটি বড় বড় করে বোর্ডে লিখে দেবেন। পোহাচ্ছেন-চ্ছ=চ+ছ, মিষ্টি- ষ্ট= ষ+ট, ঠান্ডা– ন্ডা = ণ+ড। শিক্ষার্থীরা লিখবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড- ৩
## পৃষ্ঠা: ১৭ ( তা হলেই বোঝ.............মজাই আলাদা।)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩**
**বলা :১.১.১,১.১.২,১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৩.১.২,৩.২.১**
**পড়া :১.১.১,১.৪.১,১.৪.২,১.৫.৩,২.৫.২, ৩.১.১, ৩.১.২**
**লেখা :১.৪.১**

**উপকরণ :** পাঠ্যবই, পাঠ্যবইয়ের পাঠ-সংশ্লিষ্ট ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** রিডিং, যুক্তাক্ষর ও কথোপকথন বর্ণনা পড়ে বোঝা।

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন। যেমন–
  - তোমরা পরিবারের বড়দের সাথে কীভাবে ব্যবহার কর?
  - তোমাদের বাসায় কেউ বেড়াতে এলে তাদের সাথে কীভাবে ব্যবহার কর?
  - তোমাদের কী মনে হয়, বাসায় কেউ বেড়াতে এলে কেমন ব্যবহার করা উচিত?
  - ‘শীতের সকাল’ গল্পটির নানা, মা আর শরিফার এই কথোপকথন তোমাদের কেমন লাগছে। শিক্ষার্থীদের উত্তর শুনবেন।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, গতকালের পড়া পাঠ্যপুস্তকের ‘শীতের সকাল’ গল্পটির নির্ধারিত অংশ (তা হলেই বোঝ----------- গরম রুটির মজাই আলাদা।) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ১৭ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক পাঠসংশ্লিষ্ট ছবিগুলি শিশুদের দেখতে বলবেন। ছবিতে কী কী দেখছে ছোট ছোট প্রশ্নে করবেন। তাদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।***
- এবার পাঠ্যপুস্তকের নির্দিষ্ট অংশটুকু দেখিয়ে প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না তা শিক্ষক পর্যবেক্ষণ করবেন।
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- কয়েকজনকে এককভাবে পড়তে দেবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন।

যেমন:

- দলে বসে প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে।
- ভুল হলে ঠিক করে দেবে। এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে।
- শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন।
- শিক্ষক দলের পিছিয়ে পড়া শিক্ষার্থীদের নিরাময় দেবেন।

- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন।
- শিক্ষক রান্না শব্দটি বড় বড় করে বোর্ডে লিখে দেবেন। যুক্তবর্ণটি ভেঙে দেখাবেন। রান্না– ন্ন = ন+ন।
- একজন শিক্ষার্থীকে চকবোর্ডে এনে রান্না শব্দটি লেখাবেন। অন্য শিশুরা শব্দগুলি স্পষ্ট করে খাতায় লিখবে। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে বলবেন এবং প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- শিক্ষক গল্পটির আজকের পাঠ অংশ থেকে কিছু প্রশ্ন শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৪

### পৃষ্ঠা: ১৭ (আর কিছুলাগবে..........জড়িয়ে ধরল।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩

**বলা** :১.১.১,১.১.২,১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৩.১.২,৩.২.১

**পড়া** :১.১.১,১.৪.১,১.৪.২,১.৫.৩,২.৫.২, ৩.১.১, ৩.১.২

**লেখা** :১.৪.১

**উপকরণ :** পাঠ্যবই, পাঠ্যবইয়ের পাঠ সংশ্লিষ্ট ছবি।

| **পাঠের আলোচ্য বিষয় :** রিডিং ও কথোপকথন বর্ণনা পড়ে বোঝা। |
|---|

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*

  *যেমন:*
  - ***পোহাচ্ছেন, মিষ্টি, ঠান্ডা, রান্না যুক্তাক্ষরগুলি বানান কর এবং বোর্ডে ভেঙে লিখ।***
  - ***শরিফা কার জন্য নাস্তা নিয়ে এলো?***
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, গতকালের পড়া পাঠ্যপুস্তকের 'শীতের সকাল' গল্পটির নির্ধারিত অংশ (আর কিছু লাগবে--------- জড়িয়ে ধরল।) পড়ব ও আলোচনা করব।
- শিশুদেরকে পাঠ্যপুস্তকের ১৭নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। প্রথমে পাঠসংশ্লিষ্ট ছবি নিয়ে আলোচনা করবেন। শিশুরা প্রশ্ন, আদেশ *ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।*
- এবার পাঠ্যপুস্তকের নির্দিষ্ট অংশটুকু দেখিয়ে প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে *এবং পড়তে পারছে কি না তা শিক্ষক পর্যবেক্ষণ করবেন।*
- এবার শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- কয়েকজনকে এককভাবে পড়তে দেবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসিয়ে দলের কাজগুলো বুঝিয়ে দেবেন।

যেমন:

- দলে বসে প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে।
- ভুল হলে ঠিক করে দেবে। এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে।
- শিক্ষক দলে ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। আগের দিনের মতো কয়েকজনকে রিডিং পড়াবেন।

- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মত বসতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠসংশ্লিষ্ট কয়েকটি শব্দের বানান জিজ্ঞেস করবেন।
- দুই-একজন শিক্ষার্থীকে প্রথম থেকে আজকের পাঠ পর্যন্ত গল্পটি দাঁড়িয়ে শ্রবণযোগ্য স্বরে পড়তে বলবেন।
- শিক্ষক শিশুদের বলবেন আজকে তোমরা যতটুকু পড়েছ তার ভিতরে সবচেয়ে গুরুত্বপূর্ণ শব্দগুলো বল। শিক্ষার্থীরা বলতে পারে ওষুধ, গ্লাস, খুশি ইত্যাদি।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন বই থেকে এই শব্দগুলো খুঁজে বের করতে।
- শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে। পারগ শিক্ষার্থীরা অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সাহায্য করবে।
- শিক্ষক শিক্ষার্থীদের ছন্দ মিলিয়ে শব্দ তৈরি করতে শেখাবেন। যেমন শিক্ষক যদি বলেন মিঠা, একজন বলতে পারে পিঠা, আরেকজন বলতে পারে বৈঠা-এভাবে শিক্ষার্থীরা শব্দ বানাতে থাকবে। শিক্ষক শিক্ষার্থীদেরকে প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠসংশ্লিষ্ট কয়েকটি শব্দের বানান জিজ্ঞেস করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। ধন্যবাদ দিয়ে সমাপ্ত টানবেন।

## পিরিয়ড-৫
## পৃষ্ঠা: ১৮ (অনুশীলনী- ১, ২)

**শিখনফল**

**শোনা** : ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩
**বলা** : ১.১.২,১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৩.১.২,৩.২.১
**পড়া** : ১.৪.১,১.৪.২,১.৫.৩,২.৫.২, ৩.১.১, ৩.১.২
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৫.১,১.৬.১, ১.৬.২, ১.৬.৩

**উপকরণ :** পাঠ্যবই।

**পাঠের আলোচ্য বিষয়:** নতুন শব্দ শেখা, বাক্য রচনা

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের পূর্ব পাঠ যাচাইয়ের কৌশল হিসাবে বলবেন,এই গল্প থেকে আমরা অনেক নতুন শব্দ খুঁজে পেয়েছি। তোমরা কি শব্দগুলো বলতে পারবে? শিক্ষক শিক্ষার্থীদের বলা শব্দগুলো বোর্ডে লিখবেন। শব্দের অর্থ তারা জানে কিনা জিজ্ঞেস করবেন। না জানলে শিক্ষক বলে দেবেন।
- পৃষ্ঠা ১৮ খুলতে বলবেন।
- ১ নং প্রশ্নের নাশতা, মিষ্টি, পোহানো শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন।
- শিক্ষক শ্রেণিকক্ষে ঘুরে ঘুরে দেখবেন শিক্ষার্থীরা শব্দগুলো ঠিকভাবে খুঁজছে কিনা। পারগ শিক্ষার্থীরা অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সাহায্য করবে।
- খুঁজে পাওয়ার পর শিক্ষার্থীরা শব্দগুলোর অর্থ বলবে। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- শিক্ষার্থীরা শব্দের অর্থ ঠিক বললে শিক্ষক জিজ্ঞেস করবেন কেন তারা এই অর্থটা ভাবল। যদি কোন শিক্ষার্থী ভুলও বলে, কেন সে এটা ভাবল তা শিক্ষার্থীকে জিজ্ঞেস করবেন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- এরপর ২ নং প্রশ্নের খালি জায়গায় নাশতা, মিষ্টি, পোহানো শব্দগুলো বসিয়ে বাক্য তৈরি করতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের মুখে মুখে বাক্য রচনা করতে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। ধন্যবাদ দিয়ে পাঠ সমাপ্ত করবেন।

## পিরিয়ড- ৬
## পৃষ্ঠা: ১৮ (অনুশীলনী- ৩)

**শিখনফল**

**শোনা : ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩**
**বলা : ১.১.২,১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৩.১.২,৩.২.১**
**পড়া : ১.৪.১,১.৪.২,১.৫.৩,২.৫.২, ৩.১.১, ৩.১.২**
**লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৫.১**

**উপকরণ :** পাঠ্যবই, যুক্তবর্ণের চার্ট ।

| **পাঠের আলোচ্য বিষয়:** যুক্তাক্ষর শেখা |
|---|

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে বলবেন, এই গল্প থেকে আমরা কতগুলি যুক্তাক্ষর পেয়েছি । যুক্তাক্ষরগুলি শিক্ষার্থীদের বলতে বলবেন ।
- পৃষ্ঠা ১৮ খুলতে বলবেন ।
- যুক্তবর্ণের চার্টটি শ্রেণিকক্ষে টাঙাবেন ।
- শিক্ষক শিক্ষার্থীদের পোহাচ্ছেন, মিষ্টি, ঠান্ডা, রান্নাঘর শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন ।
- শিক্ষক শ্রেণিকক্ষ ঘুরে ঘুরে দেখবেন শিক্ষার্থীরা শব্দগুলো ঠিকভাবে খুঁজছে কি না । পারগ শিক্ষার্থীরা অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সাহায্য করবে ।
- খুঁজে পাওয়ার পর শিক্ষার্থীদের লিখতে বলবেন । প্রয়োজনে শিক্ষকও সাহায্য করবেন ।
- অনুশীলনীর ৩ নং প্রশ্ন অনুসারে চ্ছ, ষ্ট, ণ্ড, ন্ন যুক্তাক্ষরগুলো দিয়ে আরও নতুন শব্দ শিক্ষার্থীরা পড়বে ।
- শিক্ষক শিক্ষার্থীদের মুখে মুখেচ্ছ, ষ্ট, -, ন্ন যুক্তাক্ষরগুলো দিয়ে আরও নতুন শব্দ তৈরি করতে দেবেন ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন । ধন্যবাদ দিয়ে সমাপ্ত টানবেন।

## পিরিয়ড-৭
## পৃষ্ঠা: ১৮-১৯ (অনুশীলনী- ৪, ৫ )

**শিখনফল**

**শোনা : ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩**
**বলা : ১.১.২,১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৩.১.২,৩.২.১**
**পড়া : ১.৪.১,১.৪.২,১.৫.৩,২.৫.২, ৩.১.১, ৩.১.২**
**লেখা :১.৪.১, ১.৪.২, ১.৫.১,১.৬.১, ১.৬.২, ১.৬.৩**

**উপকরণ :** পাঠ্যবই ।

| **পাঠের আলোচ্য বিষয়:** যতি চিহ্নের ব্যবহার, সম্মানসূচক সম্ভাষণ ও সম্ভোধন । |
|---|

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে আগের দিনে শেখা বানানগুলো আবার জিজ্ঞেস করবেন ।
- শিক্ষক ৪নং প্রশ্ন শিক্ষার্থীদের শেখাবেন । বাক্যের শেষে প্রশ্ন ও যতি চিহ্নের ব্যবহার ।

- শিক্ষক বলবেন আমরা বাক্যের শেষে যখন থামি তখন একটা চিহ্ন বসাই, যাকে বলে যতি বা বিরাম চিহ্ন। যেমন: আলো দ্বিতীয় শ্রেণিতে পড়ে।
- আবার যখন প্রশ্ন করি তখন আরেক ধরনের চিহ্ন বসাই, তাকে বলি প্রশ্নবোধক চিহ্ন। যেমন: তোমার নাম কী?
- শিক্ষক বোর্ডে লিখে দেখাবেন। তারপর বইয়ের উদাহরণ দেখাবেন।
- শিক্ষার্থীরা বুঝতে পেরেছে কি না জিজ্ঞেস করবেন।
- উদাহরণের পাশের বাক্যের বাক্সে যতি ও প্রশ্নবোধক চিহ্ন বসাতে বলবেন।
- এভাবে ক্লাসের সবারটা শিক্ষক দেখে দেবেন। শিক্ষক ৫ নং প্রশ্নটি শিক্ষার্থীদের বুঝিয়ে বলবেন।
- বাড়িতে ফুফু এলে তাকে আমরা কী কী বলব, সেটা ডান দিকের বাক্সে ১ ২ ৩ ৪ ৫ এই ভাবে ঘটনার ক্রম অনুসারে সাজাতে বলবেন।
- প্রয়োজনে শিক্ষক সাহায্য করবেন।
- কোনো শিক্ষার্থী যদি 'সালাম জানাব' ৫ নং ক্রমতে সে দিতে চায় তবে তাকে জিজ্ঞেস করবেন কেন সে এমনটি ভাবল।
- তার যুক্তি যদি গ্রহণযোগ্য হয় তবে তাকে ধন্যবাদ দেবেন।
- ৫ নং প্রশ্নের অনুকরণে শিক্ষার্থীদের বিভিন্নভাবে জিজ্ঞেস করবেন, যেমন পথে তোমার প্রতিবেশীর সাথে দেখা হলে তুমি কী করবে ?
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। ধন্যবাদ দিয়ে সমাপ্ত টানবেন।

## পিরিয়ড-৮
## পৃষ্ঠা: ১৯ (অনুশীলনী- ৬)

**শিখনফল**

**শোনা** : ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩
**বলা** : ১.১.২,১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৩.১.২,৩.২.১
**পড়া** : ১.৪.১,১.৪.২,১.৫.৩,২.৫.২, ৩.১.১, ৩.১.২
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৫.১,১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৪

**উপকরণ :** পাঠ্যবই।

**পাঠের আলোচ্য বিষয় :** পাঠে ব্যবহৃত কথোপকথন বোঝা।

**শিখন–শেখানো কার্যাবলি**

আগের দিনের শেখা বড়দের সালাম ও অভ্যর্থনা শ্রেণিকক্ষে শিক্ষকের সাথে শিক্ষার্থীরা আলোচনা করবে। শিক্ষক যতি ও প্রশ্নবোধক চিহ্ন সংবলিত কয়েকটি বাক্য বলবেন এবং শিক্ষার্থীদেরকে জিজ্ঞেস করবেন, বাক্যের পর কোন চিহ্ন বসবে।
৬ নং প্রশ্নের ছবিটি নিয়ে শিক্ষক শিক্ষার্থীদের সাথে আলোচনা করবেন।
তাদের জিজ্ঞেস করবেন ছবিতে তারা কী দেখতে পাচ্ছে?
ছবিতে নাজমা আর হাসান কী বলতে পারে বলে তারা মনে করছে?
মুখে মুখে কয়েকজন শিক্ষার্থীর কাছ থেকে তারা কী বলতে পারে তা শুনবেন।
এরপর শিক্ষার্থীদের নাজমা ও হাসানের কথাটি পড়তে বলবেন।
শিক্ষার্থীদের ১৯ পৃষ্ঠার ফাঁকা জায়গায় নাজমা ও হাসানের কাল্পনিক কথোপকথন যে যেমন ভাবে তা লিখতে বলবেন।
পুরো প্রক্রিয়াটিতে শিক্ষক সক্রিয়ভাবে সহযোগিতা করবেন।
শিক্ষক শিক্ষার্থীদের কাল্পনিক কথোপকথন অভিনয়ের মাধ্যমে দেখাতে বলবেন।
শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন। ধন্যবাদ দিয়ে পাঠ সমাপ্ত করবেন।

**পিরিয়ড- ৯**
**পৃষ্ঠা: ১৬- ১৯(পুনরালোচনা)**

**শিখনফল**

**শোনা** :১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩
**বলা** : ১.১.২,১.৩.২,৩.১.২
**পড়া** :১.৪.১,১.৪.২,১.৫.৩
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৪

**উপকরণ :** পাঠ্যবই ।

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয়:** 'শীতের সকাল' পাঠটির মূল্যায়ন । |

**শিখন-শেখানো কার্যাবলি**

- পুরো পাঠের শেষে শিক্ষক 'শীতের সকাল' গল্পটি এবং অনুশীলনীর কার্যাবলি মূল্যায়নের উদ্দেশ্যে আবার করাবেন ।
- শিক্ষার্থীরা বুঝতে পেরেছে কিনা তা বোঝার জন্য পাঠের মধ্য থেকে বিভিন্ন ধরনের প্রশ্ন করবেন । যেমন নানা চেয়ারে বসে কী করছিলেন?
- কঠিন শব্দগুলোর বানান জিজ্ঞেস করবেন ।
- শিক্ষক বোর্ডে চ্ছ, ষ্ট,শু, ন্ন যুক্তাক্ষরগুলি লিখবেন, শিক্ষার্থীরা তাদের খাতায় যেকোনো দুইটি যুক্তাক্ষর দিয়ে শব্দ তৈরি করবে ।
- শিক্ষক কয়েকটি শব্দ বোর্ডে লিখে দেবেন, শিক্ষার্থীরা তাদের পছন্দ মতো তিনটি শব্দ দিয়ে তিনটি বাক্য রচনা করবে ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন । ধন্যবাদ দিয়ে পাঠ সমাপ্ত করবেন ।

# আমি হব

কাজী নজরুল ইসলাম

আমি হব সকাল বেলার পাখি
সবার আগে কুসুমবাগে
উঠব আমি ডাকি!
সুয্যি মামা জাগার আগে
উঠব আমি জেগে,
হয় নি সকাল, ঘুমো এখন,
মা বলবেন রেগে।
বলব আমি - আলসে মেয়ে
ঘুমিয়ে তুমি থাক,
হয় নি সকাল, তাই বলে কি
সকাল হবে না ক?
আমরা যদি না জাগি মা
কেমনে সকাল হবে?
তোমার ছেলে উঠলে গো মা
রাত পোহাবে তবে।



## অনুশীলনী

১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

কুসুম  বাগ  সুয্যি  সুয্যি মামা  আলসে

২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| সুয্যি | বাগে | সুয্যি মামা | কুসুম | আলসে |
|---|---|---|---|---|

ক. ........................... জাগার আগে আমি জেগে উঠব।

খ. ..................................... পুব দিকে ওঠে।

গ. আমার বোনটি ................................. নয়।

ঘ. বনে .............................. ফোটে।

ঙ. গোলাপ ............................. গোলাপ ফুটেছে।



৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

সুয্যি  য্য = য + ্য (য–ফলা)  শয্যা

৪. বিপরীত শব্দ জেনে নিই। ফাঁকা জায়গায় ঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি করি।

| সকাল | বিকাল | ঘুমিয়ে | জেগে | রাত | দিন | আগে | পরে |
|---|---|---|---|---|---|---|---|

ক. আমি প্রতিদিন .......................................... নয়টায় স্কুলে যাই।

খ. রাত পোহালে আমি ........................................... উঠি।

গ. ........................................ হলে আকাশে অনেক তারা দেখা যায়।

ঘ. আমি রাতে ঘুমাতে যাওয়ার .................... দাঁত পরিস্কার করি।

৫. নিচের উদাহরণ দেখি। উদাহরণের মতো করে শব্দ তৈরি করি ও বাক্য পড়ি।

| | | |
|---|---|---|
| জাগা | জেগে ওঠা | আমি সকাল বেলা ঘুম থেকে জেগে উঠি। |
| রাগা | ...................... | সে হঠাৎ রেগে উঠল। |
| ডাকা | ...................... | শিয়াল রাতে ডেকে উঠে। |
| হাসা | ...................... | আমার কথা শুনে মা হেসে উঠলেন। |
| ভাসা | ...................... | পুকুরে মাছগুলো ভেসে উঠল। |

৬. ডান দিক থেকে ঠিক শব্দটি বেছে নিয়ে খালি জায়গায় বসাই।

ক. .............................. মামা জাগার আগে

উঠব আমি ...................................।

খ. আমরা যদি না ............................... মা

কেমনে ...................................হবে?

| | |
|---|---|
| চাঁদ | সুয্যি |
| জেগে | রেগে |
| জাগি | ডাকি |
| সকাল | রাত |

৭. মুখে মুখে উত্তর বলি ও লিখি।

ক. কে সকাল বেলার পাখি হতে চায়?

খ. মা রাগ করে কী বলবেন?

গ. খোকা মাকে আলসে মেয়ে বলছে কেন?

ঘ. আমি কখন ঘুম থেকে উঠি?




৮. কবিতাটি দেখে দেখে লিখি।

৯. কবিতাটি আবৃত্তি করি।

১০. আমার জানা অন্য একটি কবিতা আবৃত্তি করি।

## ছবিতে ছবিতে সংখ্যা




১. বোর্ডে লেখা সংখ্যাগুলো নিচে ফাঁকা জায়গায় কথায় লিখি।

.......................................... ..........................................

.......................................... ..........................................

.......................................... ..........................................

২. ফাঁকা ঘরে নিচের সংখ্যাগুলো কথায় লিখি।

| ৫৫ | ৫৯ | ৬১ | ৬৮ | ৭২ |
|---|---|---|---|---|
| | | | | |

# আমি হব

## কাজী নজরুল ইসলাম

## পৃষ্ঠা ২০-২৩

| অর্জন উপযোগি যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে।<br>১.২ বিভিন্ন শব্দ ও ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে।<br>১.৩ নির্দেশনা প্রশ্ন অনুরোধ শুনে বুঝতে পারবে।<br>২.১ ছড়া ও কবিতা শুনে বুঝতে পারবে ও আনন্দ লাভ করবে। | **শোনা**<br>১.১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি শুনে মনে রাখতে পারবে।<br>১.২.১ পাঠের অন্তর্গত ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে।<br>১.৩.১ নির্দেশনা শুনে পালন করতে পারবে।<br>১.৩.৩ প্রশ্ন শুনে বুঝতে পারবে।<br>২.২.১ কবিতা শুনে বুঝতে পারবে। |
| **বলা**<br>১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে।<br>২.১ পাঠ ও পাঠ-বহির্ভূত ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে।<br>২.২ ছড়া ও কবিতা সম্পর্কে প্রশ্নের উত্তর বলতে পারবে।<br>৩.১ প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে। | **বলা**<br>১.১.১ শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বাক্যস্থিত শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩.২ কোনো বিষয়ে প্রশ্ন করতে ও প্রশ্নের উত্তর দিতে পারবে।<br>২.১.২ পাঠ-বহির্ভূত কবিতা আবৃত্তি করতে পারবে।<br>২.২.২ কবিতার বিষয়ে প্রশ্নের উত্তর বলতে পারবে।<br>৩.১.১ সহপাঠীর সঙ্গে প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে।<br>৩.১.২ অন্যের সঙ্গে প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে। |
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫ দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন, কমা চিনে বাক্য পড়তে পারবে।<br>২.১ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা পড়তে পারবে।<br>২.২ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে। | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠ্যপুস্তকের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫.১ দাঁড়ি, বিরাম চিহ্ন চিনে বাক্য পড়তে পারবে।<br>১.৫.২ প্রশ্নবোধক চিহ্ন চিনে বাক্য পড়তে পারবে।<br>১.৫.৩ কমা চিহ্ন চিনে বাক্য পড়তে পারবে।<br>২.১.২ প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পারবে।<br>২.২.২ প্রমিত উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পারবে। |
| **লেখা**<br>১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬ বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>২.১ পাঠ্যপুস্তকের ছড়া ও কবিতা লিখতে পারবে। | **লেখা**<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>২.১.২ পাঠ্যপুস্তকের কবিতা লিখতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড-৯**

**পিরিয়ড-১**

**পৃষ্ঠা: ২০ (আমি হব সকাল...........মা বলবেন রেগে।)**

**শিখনফল**

**শোনা :১.২.১, ১.৩.১, ১.৩.৩, ২.২.১**

**বলা :১.১.২,১.৩.২, ২.১.২, ২.২.২, ৩.১.১, ৩.১.২**

**পড়া :১.৪.১,১.৪.২, ১.৫.১,১.৫.২, ১.৫.৩, ২.১.২,২.২.২**

**লেখা :১.৪.১, ১.৪.২, ১.৫.১,২.১.২**

**উপকরণ :** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয় :** কবিতাটি পড়া। |
|---|

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের ***জীবন অভিজ্ঞতা-সংশ্লিষ্ট বিষয়গুলো আলোচনা করবেন।*** যেমন–
  - শিক্ষক শিক্ষার্থীদের নিজের স্বপ্নের কথা বলবেন।তিনি ছোটবেলায় নিজেকে নিয়ে যে স্বপ্ন দেখতেন তা শিক্ষার্থীদের বলবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন আজ 'আমি হব' কবিতাটি পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন।প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও ***শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।***
- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার নির্ধারিত অংশ (আমি হব সকাল--------- মা বলবেন রেগে) পড়ব, আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ২০ পৃষ্ঠা খুলতে বলবেন।
- শিক্ষক পাঠসংশ্লিষ্ট ছবিগুলো শিশুদের দেখতে বলবেন।ছবিতে কী কী দেখছে ছোট ছোট প্রশ্নে করবেন।ছবিটি কেমন লাগছে তা জানতে চাইবেন।তাদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ, ইত্যাদি বুঝতে পারছে কি না তা লক্ষ করবেন।***
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি কয়েকবার আবৃত্তি করে শোনাবেন।এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন।এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। ***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন।প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- কয়েকজনকে দলগত ভাবে পড়তে দেবেন।
- শিক্ষক পাঠের মধ্যের যতি চিহ্নের স্থানসমূহ ঠিক নিয়মে পড়বেন।শিক্ষার্থীদের এই বিষয়ে বলবেন এবং তাদের পড়ার সময় নজর রাখবেন।
- শিক্ষক শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন।এরপর দলে কীভাবে কবিতাটি পড়তে হবে তা বুঝিয়ে বলবেন।

**যেমন:**

- প্রথমে একজন শিক্ষার্থী কবিতার ১ম লাইন পড়বে, পরের জন ২য় লাইন, এরপরের জন ৩য় লাইন।
- এভাবে তারা আয়ত্ত করবে।
- এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন।
- শিক্ষক পিছিয়ে পড়া শিশুদের রিডিং পড়াবেন।

- এরপর সবাইকে আগের মতো বসতে বলবেন। শিক্ষক এবার শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করে কবিতাংশের বিষয়বস্তু বুঝিয়ে দেবেন। *সবাই মনোযোগসহকারে শুনছে কি না তা লক্ষ করবেন।*
- কবিতা আবৃত্তির পর শিশুদের কবিতার ছন্দের প্রতি খেয়াল করতে বলবেন। কবিতার অন্যতম আকর্ষণ যে ছন্দ তা শিশুদেরকে বলবেন।
- এরপর কবিতার বিশেষ বা নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন এবং বুঝিয়ে দেবেন। শিশুদের শব্দগুলো পড়াবেন ও লিখাবেন
- শিক্ষক শিক্ষার্থীদের কবিতা থেকে প্রশ্ন করবেন যেমন কবি সবার আগে জেগে কী করতে চান ?
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-২

### পৃষ্ঠাঃ ২০ (আমি হব সকাল...............মা বলবেন রেগে।)

**শিখন ফল**

**শোনা** : ১.২.১, ১.৩.৩, ২.২.১

**বলা** : ১.১.২,১.৩.২, ২.১.২, ২.২.২, ৩.১.২

**পড়া** : ১.৪.১,১.৪.২, ১.৫.১,১.৫.২, ১.৫.৩, ২.১.২,২.২.২

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.১.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** কবিতা বুঝতে পারা, কবিতা আবৃত্তি করতে পারা।

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন:*

*যেমন:*

  - *'আমি হব' কবিতাটি কে লিখেছেন?*
  - *কুসুম, বাগ, সুয্যি মামা শব্দগুলোর অর্থ বল।*
  - *সুয্যি মামা জাগার আগে কে জেগে উঠবে?*

- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন আজ "আমি হব" কবিতাটি পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন।
- শিশুদের উদ্দেশে বলবেন আজ আমরা কবিতার নির্ধারিত অংশ (আমি হব সকাল---------- মা বলবেন রেগে।) পড়ব, আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ২০ পৃষ্ঠা খুলতে বলবেন। *শিশুরা প্রশ্ন, আদেশ, ইত্যাদি বুঝতে পারছে কি না তা লক্ষ করবেন।*
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি কয়েকবার আবৃত্তি করে শোনাবেন। এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। *শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।*
- এরপর শিক্ষক কবিতাটির উচ্চারণে প্রথম সাত লাইন পড়বেন।
- শিক্ষক পুনরায় দুই'চরণ দুই চরণ করে পড়বেন। শিক্ষার্থীরা তার সাথে পড়বে। এভাবে কবিতাংশটি শিশুদের রপ্ত না হওয়া পর্যন্ত শিক্ষক পড়াবেন। কবিতাংশটি মুখস্থ হয়েছে কিনা তা শিক্ষার্থীদের জিজ্ঞেস করে জেনে নেবেন।
- শিক্ষক লক্ষ রাখবেন শিশুদের উচ্চারণ শুদ্ধ হচ্ছে কিনা।
- এরপর কবিতার বিশেষ বা নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন এবং বুঝিয়ে দেবেন। বিশেষ বিশেষ শব্দের উচ্চারণ এবং অর্থ বলে দেবেন। যেমন হব (হবো), উঠব (উঠবো), সুয্যি (সুযযি), বলবেন (বোলবেন) ইত্যাদি শিক্ষক উচ্চারণ করে শিখিয়ে দেবেন। প্রয়োজনে শব্দগুলি বোর্ডে লিখে দেখাবেন
- যাদের মুখস্থ হয়েছে তাদের সামনে এসে কবিতাটি ছন্দের তালে তালে, শুদ্ধ উচ্চারণে প্রথম সাত লাইন আবৃত্তি করতে বলবেন।

- শিক্ষক শিক্ষার্থীদের কল্পনাশক্তি, ভাষা, শব্দ, ছন্দ ইত্যাদির উন্নয়নের জন্য 'আমি হব সকাল বেলার পাখি' এই বাক্যের অনুকরণে তাদের নিজস্ব বাক্য তৈরি করতে বলবেন। যেমন 'আমি হব বিকাল বেলার গোলাপ ফুল'।
- প্রতিটি শিশু বাক্য বলার পর শিক্ষার্থীদের নিজেদের বাক্যের সাথে ছন্দ মিলিয়ে আরও একটি বাক্য তৈরি করতে বলবেন।
- নিজেদের তৈরি করা দুই লাইন কবিতা শিক্ষার্থীদের ভীষণভাবে অনুপ্রাণিত করবে।
- শিক্ষক আজকের পাঠ থেকে বিভিন্ন প্রশ্ন করবেন যেমন– মা রেগে কী বলবেন?

শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৩
## পৃষ্ঠাঃ ২০ (বলব আমি..........রাত পোহাবে তবে।)

**শিখনফল**

**শোনা** : ১.২.১, ১.৩.৩, ২.২.১
**বলা** : ১.১.২,১.৩.২, ২.১.২, ২.২.২, ৩.১.২
**পড়া** : ১.৪.১,১.৪.২, ১.৫.১, ২.১.২,২.২.২
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.১.২

**উপকরণ :** পাঠ্যবই

**পাঠের আলোচ্য বিষয়:** ঠিক ভাবে কবিতা পড়া ও লেখা।

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্ন করবেন:***

***যেমন:***

  - কবিতার প্রথম সাত লাইন মুখস্থ বল।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন আজ "আমি হব" কবিতাটি পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন। শুদ্ধ, স্পষ্ট ও ***শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।***
- শিশুদের উদ্দেশে বলবেন আজ আমরা কবিতার নির্ধারিত অংশ (বলব আমি------------ রাত পোহাবে তবে।) পড়ব, আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ২০ পৃষ্ঠা খুলতে বলবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ, ইত্যাদি বুঝতে পারছে কি না তা লক্ষ করবেন।***
- শিক্ষক নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। ***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- কয়েকজনকে এককভাবে পড়তে দেবেন।
- শিক্ষক শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন। এরপর দলে কীভাবে কবিতাটি পড়তে হবে তা বুঝিয়ে বলবেন।

  **যেমন–**
  - প্রথমে একজন শিক্ষার্থী কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন, এরপরের জন ৩য় লাইন।
  - এভাবে তারা আয়ত্ত করবে।
  - এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন।
  - পাঠে পিছিয়ে পড়া শিশুদের শিক্ষক রিডিং পড়াবেন।

- এরপর সবাইকে সমবেতভাবে (আগের মতো) বসতে বলবেন। শিক্ষক এবার শিশুদের দৃষ্টি আকর্ষণ করে কবিতাংশের বিষয়বস্তু বুঝিয়ে দেবেন। ***সবাই মনোযোগসহকারে শুনছে কি না তা লক্ষ করবেন।***
- এরপর কবিতার বিশেষ বা নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন এবং অর্থসহ বুঝিয়ে দেবেন। যেমনঃ কুসুম, বাগ, সুয্যি, আলসে ইত্যাদি।
- গত দিনের পাঠ অংশটি- প্রথম সাত চরণ, শিক্ষার্থীদের লিখতে বলবেন।
- শিক্ষক ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করবেন শিশুরা লাইন ঠিক রেখে লিখতে পারছে কিনা, একটি শব্দের সাথে আরেকটি শব্দের যথাযথ ফাঁক আছে কিনা, যুক্তবর্ণটি শুদ্ধভাবে লিখতে পারছে কিনা। দাঁড়ি, কমা ঠিক রেখে লিখতে পারছে কিনা।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠসংশ্লিষ্ট কয়েকটি শব্দের অর্থ ও বাক্য জিজ্ঞেস করবেন। (পাঠ্যবইয়ের পিছনে দেওয়া শব্দের অর্থ কীভাবে খুঁজে বের করতে হয় তা বুঝিয়ে দেবেন।)
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৪
## পৃষ্ঠাঃ ২১ (অনুশীলনী-১, ২ )

**শিখনফল**

**শোনা : ১.২.১, ১.৩.৩, ২.২.১**
**বলা : ১.১.২,১.৩.২, ২.১.২, ২.২.২, ৩.১.২**
**পড়া : ১.৪.১,১.৪.২, ১.৫.১, ২.১.২,২.২.২**
**লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ২.১.২**

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** শব্দ এবং বাক্য বলতে এবং লিখতে পারা।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেনঃ***

***যেমনঃ***

  - এক একজন শিক্ষার্থীকে গত দিনের শেখা একটি নতুন শব্দ বলতে বলবেন। শিক্ষার্থী বলার পর তাকে শব্দটির বানান বলতে বলবেন। এইভাবে কয়েকজন শিক্ষার্থীকে গত দিনের শেখা বানানগুলি পুনরায় জিজ্ঞাসা করবেন।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৪৮ পৃষ্ঠা খুলতে বলবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ, ইত্যাদি বুঝতে পারছে কি না তা লক্ষ করবেন।***
- সকলে মিলে কবিতাটি একবার আবৃত্তি করবেন।
- শিক্ষক শিশুদের বলবেন, তোমরা কবিতার সবচেয়ে গুরুত্বপূর্ণ শব্দগুলি বল। শিক্ষার্থীরা বলতে পারে আলসে, কুসুমবাগে ইত্যাদি।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন বই থেকে এই শব্দগুলো খুঁজে বের করবে।
- শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে। শিশুরা অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুদের সাহায্য করবে।
- শিক্ষক শিক্ষার্থীদের ১ নং প্রশ্নের কুসুম,বাগ, সুয্যি, সুয্যিমামা, আলসে শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন। শিক্ষক প্রয়োজনে সাহায্য করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ২ নং প্রশ্নের ঘরের ভিতরের কুসুম,বাগ, সুয্যি, সুয্যিমামা, আলসে শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠসংশ্লিষ্ট কয়েকটি শব্দের বানান জিজ্ঞেস করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৫
## পৃষ্ঠা:২১ (অনুশীলনী- ৩, ৪ )

**শিখনফল**

**শোনা** : ১.২.১, ১.৩.৩, ২.২.১
**বলা** : ১.১.২,১.৩.২, ২.১.২, ২.২.২, ৩.১.২
**পড়া** : ১.৪.১,১.৪.২, ১.৫.১, ২.১.২,২.২.২
**লেখা** : ১.৪.২, ১.৫.১,

**উপকরণ :** পাঠ্যবই

**পাঠের আলোচ্য বিষয়:** কবিতা পড়া, যুক্তবর্ণ শেখা, বিপরীত শব্দ বুঝে বাক্যে ব্যবহার করা।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:***

*যেমন:*

  - শিক্ষক গত দিনের পাঠের বিভন্ন শব্দ বলবেন।
  - শিক্ষার্থীদের শব্দগুলি দিয়ে বাক্য রচনা করতে বলবেন।
- শিক্ষক শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কবিতাংশটি পড়বেন।
- শিক্ষার্থীদের একে একে পড়তে বলবেন। তাদের পাঠের সময় প্রয়োজনে উচ্চারণ শুদ্ধ করে দেবেন।
- প্রত্যেক শিক্ষার্থী পড়তে পারছে কিনা শিক্ষক নিশ্চিত হবেন।
- শিক্ষার্থীরা ঠিক জায়গায় থেমে থেমে পড়তে পারছে কিনা,দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক চিহ্নের স্থানে থেমে পড়তে পারছে কিনা শিক্ষক লক্ষ রাখবেন। প্রয়োজনে শুদ্ধ করে দেবেন।
- শিক্ষার্থীরা পড়ে বুঝতে পেরেছে কিনা তা ছোট ছোট প্রশ্ন করে জেনে নেবেন। যেমন রাত কখন পোহাবে? খোকা কার আগে ঘুম থেকে উঠতে চায়?
- শিক্ষক শিক্ষার্থীদের ৩ নং প্রশ্নের যুক্তবর্ণ চেনাবেন । সুয্যি = য+য । একই যুক্তবর্ণ দিয়ে নতুন শব্দ তৈরি করে দেখাবেন।
- শিক্ষার্থীরা অনুশীলনীর ৪ নং প্রশ্নের বিপরীত শব্দ জেনে নেবে। ঠিক শব্দ ফাঁকা ঘরে বসিয়ে বাক্য তৈরি করবে। যেমন: আমি প্রতিদিন সকাল নয়টায় স্কুলে যাই। শিক্ষক শিক্ষার্থীদের সাহায্য করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৬
## পৃষ্ঠা: ২২ (অনুশীলনী- ৫, ৬, ৭ )

**শিখনফল**

**শোনা** : ১.২.১, ১.৩.৩, ২.২.১
**বলা** : ১.১.২,১.৩.২, ২.১.২, ২.২.২, ৩.১.২
**পড়া** : ১.৪.১,১.৪.২, ১.৫.১, ২.১.২,২.২.২
**লেখা** : ১.৪.২, ১.৫.১, ২.১.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** বাক্য তৈরি করা, প্রশ্ন বলা

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - শিক্ষার্থীদের কবিতার বিভিন্ন যুক্তাক্ষর জিজ্ঞাসা করবেন ।
  - একই যুক্তাক্ষর দিয়ে নতুন শব্দ বানাতে বলবেন ।
- শিক্ষক ও শিক্ষার্থীরা সমস্বরে কবিতাটি একবার আবৃত্তি করবেন ।
- শিক্ষক শিক্ষাথীদের অনুশীলনীর ৫ নং প্রশ্নের উদাহরণ দেখতে বলবেন এবং উদাহরণের মতো করে বাক্য তৈরি করতে বলবেন ।
- শিক্ষার্থীরা অনুশীলনীর ৬ নং প্রশ্নের ডান দিকের শব্দ তালিকা থেকে ঠিক শব্দটি বেছে নেবে এবং খালি জায়গায় শব্দটি বসাবে ।
- শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ৭ নং প্রশ্নের উত্তর মুখে মুখে বলতে বলবেন । শিক্ষার্থীরা বলবে । প্রয়োজনে শিক্ষক সাহায্য করবে । এরপর শিক্ষার্থীরা তাদের উত্তরগুলো খাতায় লিখবে ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।

**পিরিয়ড- ৭**

**পৃষ্ঠাঃ ২২ (অনুশীলনী-৮, ৯, ১০ )**

**শিখনফল**

**শোনা** : ১.২.১, ১.৩.৩, ২.২.১
**বলা** : ১.১.২,১.৩.২, ২.১.২, ২.২.২, ৩.১.২
**পড়া** : ১.৪.১,১.৪.২, ১.৫.১, ২.১.২,২.২.২
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১,

**উপকরণঃ** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** কবিতাটি ঠিকমতো বলতে পারা ও লিখতে পারা ।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*

*যেমন:*

- *কার আগে খোকা জেগে উঠবে?*
- খোকা মাকে কী মেয়ে বলেছে?
- খোকা কখন ঘুম থেকে উঠবে?

- শিক্ষক শিক্ষার্থীদের কবিতাটি দেখে দেখে লিখতে বলবেন ।
- শিক্ষার্থীরা কবিতার শিরোনাম ও কবির নামসহ কবিতাটি লিখবে ।
- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন শিক্ষার্থীরা চরণ ঠিক রেখে লিখতে পারছে কিনা, দুই শব্দের মধ্যে ফাঁক ঠিক রাখেতে পারছে কিনা, কমা, দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন যথাস্থানে দিয়ে লিখতে পারছে কিনা ।
- শিক্ষার্থীরা এরপর কবিতাটি আবৃত্তি করবে ।
- শিক্ষক শিক্ষার্থীদের পুরো কবিতাটি ছন্দের তালে তালে আবার বলতে বলবেন ।
- শিশুরা একে একে কবিতাটি আবৃত্তি করবে ।

- শিক্ষক এই কবিতার সমমানের যেকোনে একটি কবিতা আবৃত্তি করে শোনাবেন।
- শিক্ষার্থীদের কবিতাসংশ্লিষ্ট কোনো প্রশ্ন থাকলে প্রশ্ন করতে উৎসাহিত করবে।
- ১০ নং প্রশ্ন অনুসারে শিক্ষার্থীরা নিজেদের জানা অন্য কোনো কবিতা একে একে আবৃত্তি করবে। শিক্ষক তাদের উৎসাহ দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৮
## পৃষ্ঠাঃ ২০-২২ (পুনারোলোচনা)

**শিখনফল**

**শোনা** :১.২.১, ১.৩.৩, ২.২.১
**বলা** :১.১.২,১.৩.২, ২.১.২, ২.২.২, ৩.১.১, ৩.১.২
**পড়া** :১.৪.১,১.৪.২, ১.৫.১, ২.১.২,২.২.২
**লেখা** :১.৪.২, ১.৫.১,

**উপকরণঃ** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** পাঠটির মূল্যায়ন করা

**শিখন-শেখানো কার্যাবলি**

শিক্ষক শিক্ষার্থীদের দলে ভাগ করে কবিতাটি না দেখে লিখতে বলবেন। বিভিন্ন দল কবিতার বিভিন্ন অংশ লিখবে।
- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন শিশুরা চরণ ও স্তবক ঠিক রেখে লিখতে পারছে কিনা, দুই শব্দের মধ্যে ফাঁক ঠিক রাখতে পারছে কিনা, কমা, দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন যথাস্থানে দিয়ে লিখতে পারছে কিনা।
- শিক্ষক বোর্ডে কয়েকটি শব্দ লিখে দিবেন, শিক্ষার্থীরা শব্দগুলি দিয়ে খাতায় বাক্য রচনা করবে।
- শিক্ষার্থীদের মুখে মুখে প্রশ্ন জিজ্ঞেস করবেন।
- যুক্তাক্ষরের শব্দগুলো লিখতে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৯
## পৃষ্ঠাঃ ২৩ (ছবিতে ছবিতে সংখ্যা, প্রশ্ন -১, ২)

**শিখনফল**
**শোনা** : ৩.৫.১
**বলা** : ২.৮.১
**লেখা** : ১.৭.১
**উপকরণ** : পাঠ্যবই

**পাঠের আলোচ্য বিষয়:** সংখ্যা কথায় লেখা এবং যেকোনো সংখ্যা দেখে কথায় লেখা।

**শিখন-শেখানো কার্যাবলি**
- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন। ***শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:***

- *আমি হব কবিতাটি মুখস্থ বল।*
- *সকাল, রাত, আগে শব্দগুলোর বিপরীত শব্দ কী?*


- শিক্ষক পাঠটি সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন। যেমন–
- আমরা সংখ্যা চিনে বলতে ও লিখতে শিখেছি। সংখ্যাটি কত তা কথায় লিখতে শিখেছি এবং কোন জিসিসের দাম কত তা দেখে কথায় লেখা শিখেছি। এই পাঠে আমরা কোন সংখ্যাটি কত তা পাঠ্যপুস্তকের আঁকা ছবির বোর্ড দেখে কথায় লিখব ।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন- 'ছবিতে ছবিতে সংখ্যা' শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিশুদের পাঠ্যপুস্তকের ২৩ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিরোনাম পুনরায় পড়ে শোনাবেন।
- শিক্ষক প্রথমে পাঠ্যপুস্তকের ছবির বোর্ডে কী কী সংখ্যা লেখা হয়েছে শিশুদের ভালোভাবে দেখতে বলবেন এবং ছোট ছোট প্রশ্নের মাধ্যমে *জানতে চাইবেন। শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।*
- প্রথমে ১ নং প্রশ্ন-বোর্ডে কতগুলো সংখ্যা লেখা হয়েছে। সংখ্যাগুলো নিচে 'ফাঁকা জায়গায় কথায় লিখি' অংশটি করাবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- এরপর ২ নং প্রশ্ন - 'ফাঁকা ঘরে নিচের সংখ্যাগুলো কথায় লিখি' অংশ করাবেন। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা দেবেন। প্রতিটি ক্ষেত্রে শিক্ষক প্রশ্নটি বোর্ডে লিখবেন। প্রয়োজনে শিক্ষক একটি বুঝিয়ে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

# জলপরি ও কাঠুরে




এক বনে বাস করত এক গরিব কাঠুরে। কাঠ বেচে তার সংসার চলত।

একদিন কাঠুরে নদীর ধারে কাঠ কাটছিল। হঠাৎ কুড়ালটি পড়ে গেল নদীতে। নদীতে ছিল অনেক স্রোত ও কুমিরের ভয়। ভয়ে সে নদীতে নামতে পারল না। কুড়াল কেনার টাকাও ছিল না। তাই মনের দুঃখে সে কাঁদতে লাগল।



এভাবে কিছুক্ষণ কেটে গেল। হঠাৎ নদী থেকে উঠে এলো এক জলপরি। সে কাঠুরেকে বলল, তুমি কাঁদছ কেন? কাঠুরে বলল, আমার কুড়ালটি নদীতে পড়ে গেছে। জলপরি বলল, তুমি কেঁদো না, আমি দেখছি।

জলপরি নদীতে ডুব দিল। একটু পরে উঠে এলো। হাতে একটা সোনার কুড়াল। বলল, এটা কি তোমার কুড়াল? কাঠুরে ভালো করে দেখে বলল, না। এটা আমার না।



জলপরি আবার পানিতে ডুব দিল। নিয়ে এলো রুপার কুড়াল। বলল, এটা কি তোমার?
কাঠুরে দেখে বলল, এটাও আমার না। জলপরি আবার ডুব দিল। এবার লোহার কুড়াল নিয়ে এলো। কাঠুরেকে বলল, এটা কি তোমার? কাঠুরে হেসে বলল, হ্যাঁ। এটাই আমার কুড়াল।



কাঠুরের সততা দেখে জলপরি খুশি হলো। সে তাকে লোহার কুড়ালটা দিল। আর উপহার হিসাবে দিল সোনা ও রুপার কুড়াল। তারপর সে পানিতে মিলিয়ে গেল।



সোনা ও রুপার কুড়াল বেচে কাঠুরে অনেক টাকা পেল। তার দিন কাটতে লাগল সুখে।

এ ঘটনা শুনে এক লোভী কাঠুরে এলো নদীর ধারে। কাঠ কাটতে লাগল। ইচ্ছে করেই কুড়ালটি ফেলে দিল নদীতে। তারপর মিছামিছি কাঁদতে লাগল।

এবারও উঠে এলো জলপরি। সব শুনে নিয়ে এলো সোনার কুড়াল। বলল, এটা কি তোমার? কাঠুরে বলল, হ্যাঁ এটাই আমার কুড়াল। শুনে জলপরি খুব রাগ হলো। টুপ করে নদীতে ডুব দিল। আর এলো না।

সন্ধ্যা নামল। লোভী কাঠুরে অনেকক্ষণ বসে থাকল। মনের দুঃখে বলল, লোভ করে নিজের কুড়ালটাও হারালাম।

# অনুশীলনী

## ১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

কাঠুরে    কুড়াল    স্রোত    দুঃখ    কিছুক্ষণ    সততা    লোভী

## ২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| স্রোত | কুড়াল | লোভী | দুঃখ | সততার | কাঠুরে |
| --- | --- | --- | --- | --- | --- |

ক. লোকটা .................................. পেয়ে কাঁদতে লাগল।

খ. .................................. কাঠুরে নিজের কুড়াল ফিরে পেল না।

গ. নদীতে খুব .................................. ছিল।

ঘ. .................................. কাঠ কাটতে বনে গেল।

ঙ. সে .................................. দিয়ে কাঠ কাটছিল।

চ. কাঠুরে .................................. জন্য পুরস্কার পেয়েছে।


## ৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

| | | | | | |
| --- | --- | --- | --- | --- | --- |
| স্রোত | স্র | স | ্র | (র–ফলা) | অজস্র, সহস্র |
| কিছুক্ষণ | ক্ষ | ক | ষ | | কক্ষ, শিক্ষা |
| সন্ধ্যা | ন্ধ | ন | ধ | | গন্ধ, বন্ধ |

## ৪. নিচের শব্দ দিয়ে বাক্য তৈরি করি।

গরিব    নদী    কুড়াল    কিছুক্ষণ

## ৫. মুখে মুখে উত্তর বলি ও লিখি।



ক. কাঠুরে কোথায় কাঠ কাটতে গিয়েছিল?
খ. কাঠুরে কাঁদতে লাগল কেন?
গ. জলপরি প্রথমে কোন কুড়াল আনল?
ঘ. জলপরি কাঠুরের উপর খুশি হলো কেন?
ঙ. লোভী কাঠুরের উপর জলপরি খুব রাগ হলো কেন?
চ. লোভী কাঠুরে জলপরির কাছ থেকে কী শিক্ষা পেল?

## ৬. বিপরীত শব্দ জেনে নিই। ফাঁকা জায়গায় ঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি করি।

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| কিনতে | বেচতে | দুঃখে | সুখে | কাঁদতে | হাসতে | হ্যাঁ | না |


ক. কাঠুরে উপহার পেয়ে ................................ দিন কাটাতে লাগল।

খ. কাঠুরে খুব গরিব তাই কুড়াল .................................... পারল না।

গ. লোভী কাঠুরে মিছামিছি ................................................ লাগল।

ঘ. কাঠুরে সোনার কুড়াল দেখে ............................................ বলল।

## ৭. ছবি দেখি। গল্প বলি ও লিখি।



..........................................................................................................

..........................................................................................................

# জলপরি ও কাঠুরে

## পৃষ্ঠা (২৪-২৭)

| অর্জন উপযোগি যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে ।<br>১.২ বিভিন্ন শব্দ ও ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে ।<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ শুনে বুঝতে পারবে ।<br>২.২ গল্প শুনে বুঝতে পারবে । | **শোনা**<br>১.১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি শুনে মনে রাখতে পারবে ।<br>১.২.১ পাঠের অন্তর্গত ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে ।<br>১.৩.১ নির্দেশনা শুনে পালন করতে পারবে ।<br>১.৩.২ অনুরোধ শুনে পালন করতে পারবে ।<br>১.৩.৩ প্রশ্ন শুনে বুঝতে পারবে ।<br>২.২.১ গল্প শুনে বুঝতে পারবে । |
| **বলা**<br>১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে ।<br>২.৩ ছবি দেখে গল্প বলতে পারবে ।<br>২.৪ গল্প সম্পর্কে বলতে পারবে ।<br>২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে ও বিভিন্ন বিষয় বর্ণনা করতে পারবে ।<br>৪.১ শ্রেণিকক্ষে পঠিত বিষয় সম্পর্কে নিজের অনুভূতি ব্যক্ত করতে পারবে । | **বলা**<br>১.১.১ শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.১.২ বাক্যস্থিত শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.৩.১ অনুরোধ করতে পারবে ।<br>১.৩.২ কোনো বিষয়ে প্রশ্ন করতে ও প্রশ্নের উত্তর দিতে পারবে ।<br>২.৩.২ ছবি দেখে গল্প বলতে পারবে ।<br>২.৪.১ নিজের ভাষায় গল্প বলতে পারবে ।<br>২.৪.২ নিজের ভাষায় গল্প সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে পারবে ।<br>২.৫.২ বিভিন্ন বিষয় বর্ণনা করতে পারবে ।<br>৪.১.১ অধীত বিষয় সম্পর্কে অনুভূতি শুদ্ধভাবে ব্যক্ত করতে পারবে । |

| | |
|---|---|
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫ দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন, কমা চিনে বাক্য পড়তে পারবে।<br>২.৪ গল্প ও রূপকথা পড়ে বুঝতে পারবে।<br>২.৫ কথোপকথন ও বর্ণনা পড়ে বুঝতে পারবে।<br>৩.১ নিজের ও অন্যের লেখা শব্দ ও বাক্য পড়তে পারবে। | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠ্যপুস্তকের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৩ সমমানের বইয়ের শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৪ সমমানের বইয়ের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫.১ দাঁড়ি বিরাম চিহ্নটি চিনে বাক্য পড়তে পারবে।<br>১.৫.২ প্রশ্নবোধক চিহ্নটি চিনে বাক্য পড়তে পারবে।<br>১.৫.৩ কমা বিরাম চিহ্ন চিনে বাক্য পড়তে পারবে।<br>২.৪.১ গল্প পড়তে পারবে।<br>২.৪.২ গল্প পড়ে বুঝতে পারবে।<br>২.৪.৩ রূপকথা পড়তে পারবে।<br>২.৪.৪ রূপকথা পড়ে বুঝতে পারবে।<br>২.৫.২ কথোপকথন আকারে লেখা বিষয় পড়ে বুঝতে পারবে।<br>২.৫.৩ বর্ণনামূলক বিষয় পড়তে পারবে।<br>২.৫.৪ বর্ণনামূলক বিষয় পড়ে বুঝতে পারবে।<br>৩.১.১ নিজের লেখা শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.২ নিজের লেখা বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.৩ অন্যের স্পষ্ট লেখা শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.৪ অন্যের স্পষ্ট লেখা বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে। |
| **লেখা**<br>১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬ বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>২.৩ ছড়া, কবিতা ,গল্প, কথোপকথন ও বর্ণনা সম্পর্কে লিখতে পারবে। | **লেখা**<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬.১ দাঁড়ি বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ প্রশ্নবোধক বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.৩ কমা বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>২.৩.৩ গল্প-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে।<br>২.৩.৪ কথোপকথন-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে।<br>২.৩.৫ বিভিন্ন বিষয়ে সহজ বর্ণনা করতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড-৮**

## পিরিয়ড-১
## পৃষ্ঠা: ২৪ ( এক বনে বাস...........আমি দেখছি।)

**শিখনফল**

**শোনা** :১.২.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১

**বলা** :১.১.২, ১.৩.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ৪.১.১

**পড়া** :১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ২.৪.১,২.৪.২, ২.৪.৩, ২.৪.৪, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪,

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের পাঠ সংশ্লিষ্ট ছবি

| পাঠের আলোচ্য বিষয় : রিডিং, প্রশ্ন, যুক্তবর্ণযুক্ত শব্দ ভেঙে লেখা। |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন:
  - তোমরা কখনও কাঠ কাটতে দেখেছ? কী দিয়ে কাঠ কাটা হয়? শিক্ষার্থীরা বিভিন্ন ধরনের উত্তর দিতে পারে। শিক্ষার্থীদের মধ্য থেকেও কুড়াল উত্তরটা আসতে পারে। তাদের উত্তর শোনার পর শিক্ষক বলবেন অনেক কিছু দিয়েই কাঠ কাটা যায়। তবে তার মধ্যে একটা হচ্ছে কুড়াল। কাঠ যিনি কাটেন তাকে কী বলা হয় জান? শিক্ষার্থীরা না পারলে শিক্ষক বলে দেবেন, কাঠুরে। শিক্ষক একটা কুড়ালের ছবি বোর্ডে এঁকে দেখাবেন। আজকে আমরা কাঠুরে আর কুড়াল নিয়ে মজার গল্প শুনব।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিরোনামটি লেখা হলে শিক্ষক স্পষ্ট, শুদ্ধ শ্রবণযোগ্য স্বরে পড়বেন। শিশুরা তার সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের **'জলপরি ও কাঠুরে'** গল্পটির নির্ধারিত অংশ (এক বনে বাস....আমি দেখছি।) পড়ব ও আলোচনা করব। শিক্ষক বলবেন তোমরা কী কখনো জলপরির কথা শুনেছ? বলতে পার জলপরি কী? শিক্ষক শিক্ষার্থীদের উত্তর শুনবেন এবং বুঝিয়ে বলবেন।
- শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ২৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শুরুতেই শিক্ষক পাঠসংশ্লিষ্ট ছবিগুলি (পৃষ্ঠা: ২৪-২৫) শিশুদের দেখতে বলবেন। ছবিতে কী কী দেখছে ছোট ছোট প্রশ্ন করবেন। ছবিগুলি কেমন লাগছে তা জানতে চাইবেন। ছবির সাথে পাঠ শিরোনামের মিল নিয়ে আলোচনা করবেন। তাদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।***
- এবার শিক্ষক নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট , শ্রবণযোগ্য স্বরে ও অভিব্যক্তিসহকারে কয়েকবার পড়ে শোনাবেন।
- এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। ***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- কয়েকজনকে এককভাবে পড়তে দেবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসিয়ে দলের কাজগুলো বুঝিয়ে দেবেন।
  - প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবেন।
  - এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে।
  - শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন।
  - শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের রিডিং পড়াবেন।
  - রিডিং পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। ***শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন।*** যেমন: শিক্ষক স্রোত, কিছুক্ষণ যুক্তবর্ণ দুইটি বড় বড় করে বোর্ডে লিখে দেবেন। যুক্তবর্ণ দুইটি ভেঙে দেখাবেন। স্রোত- স্র=স+্র, কিছুক্ষণ- ক্ষ= ক+ষ, ***শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।***
- শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে। পারগ শিক্ষার্থীরা অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সাহায্য করবে।
- গল্পটির শিক্ষার্থীদের পাঠ অংশ থেকে কিছু প্রশ্ন শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন। যেমন: কেন কাঠুরে কাঁদতে লাগল? কাঠুরে নদীতে নামছিল না কেন?
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-২

### পৃষ্ঠা: ২৪ (জলপরি নদীতে ডুব দিল.............তার দিন কাটতে লাগল সুখে)

**শিখনফল**

**শোনা** : ১.২.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১
**বলা** : ১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.৩, ২.৪.১,২.৪.২, ২.৪.৩, ২.৪.৪, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪,
**লেখা** : ১.৫.১,

**উপকরণ :** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের পাঠসংশ্লিষ্ট ছবি

**পাঠের আলোচ্য বিষয় :** রিডিং ও যুক্তবর্ণ শেখা।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন:***
  - ***কয়েকজন শিক্ষার্থীকে দৈবচয়নে গতকালকের পাঠের অংশ নিজের ভাষায় বলতে বলবেন।***
  - ***গল্পটি কেমন লেগেছে তা শিক্ষার্থীদের কাছে জানতে চাইবেন।***
  - ***প্রশ্ন করবেন। যেমন: কাঠুরে নদীর ধারে কী করছিল ?***
  - ***শিক্ষক শিশুদের বলবেন তোমরা গত দিন যতটুকু পড়েছ তার ভিতরে সবচেয়ে গুরুত্বপূর্ণ শব্দগুলো বল। শিক্ষার্থীরা বলতে পারে ভয়, দুঃখ, সংসার ইত্যাদি।***
  - শিক্ষক শিক্ষার্থীদের বই থেকে এই শব্দগুলো খুঁজে বের করতে বলবেন। শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের **'জলপরি ও কাঠুরে'** গল্পটির নির্ধারিত অংশ **(জলপরি নদীতে ডুব দিল.................তার দিন কাটতে লাগল সুখে)** পড়ব এবং আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ২৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।***
- এবার পাঠ্যপুস্তকের নির্দিষ্ট অংশটুকু দেখিয়ে প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল মিলিয়ে পড়তে বলবেন। ***সব শিক্ষার্থী লাইনের নিচে আঙুল রেখে মেলাতে ও পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এবার শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- কয়েকজনকে এককভাবে পড়তে দেবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসিয়ে দলের কাজগুলো বুঝিয়ে দেবেন।
  **যেমন:**
  - দলে বসে প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে দেখবে। ভুল হলে ঠিক করে দেবে। এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে।
  - শিক্ষক দলে ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। পিছিয়ে পড়া শিশুদের শিক্ষক রিডিং পড়াবেন।
  - পাঠ্যাংশের কঠিন বা নতুন শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।

- শিশুদের বের করা শব্দগুলো জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন। শব্দগুলোর অর্থ ও বাক্য মুখে মুখে জিজ্ঞাসা করবেন। যেমন: কুড়াল, কাঠুরে, স্রোত, দুঃখ ইত্যাদি। শিশুদের শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-সংশ্লিষ্ট কয়েকটি শব্দের বানান জিজ্ঞেস করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৩
### পৃষ্ঠা: ২৫ (এ ঘটনা শুনে...........কুড়ালটাও হারালাম।)

**শিখনফল**

শোনা :১.২.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১

বলা :১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ৪.১.১

পড়া :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৪.১,২.৪.২, ২.৪.৩, ২.৪.৪, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪,

লেখা : ১.৫.১,

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের পাঠ সংশ্লিষ্ট ছবি।

| **পাঠের আলোচ্য বিষয় :** রিডিং ও যুক্তবর্ণ শেখা। |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন:***
  - শিক্ষক শিক্ষার্থীদের মধ্য থেকে দুই- একজনকে গল্পটির গতকালের পাঠ অংশটুকু নিজের ভাষায় বলতে বলবেন।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'জলপরি ও কাঠুরে' গল্পটির নির্ধারিত অংশ (এ ঘটনা শুনে............কুড়ালটাও হারালাম।) পড়ব এবং আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ২৫ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।***
- এবার পাঠ্যপুস্তকের নির্দিষ্ট অংশটুকু দেখিয়ে প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল মিলিয়ে পড়তে বলবেন। ***শিক্ষক সব শিক্ষার্থী লাইনের নিচে আঙুল রেখে মেলাতে ও পড়তে পারছে কি না তা পর্যবেক্ষণ করবেন।***
- এবার শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে নিরাময় মূলক ব্যবস্থা দেবেন।
- কয়েকজনকে এককভাবে পড়তে দেবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসিয়ে দলের কাজগুলো বুঝিয়ে দেবেন।

  যেমন:
  - দলে বসে প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে দেখবে।
  - ভুল হলে ঠিক করে দেবে। এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে।
  - শিক্ষক দলে ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন।
  - পিছিয়ে পড়া শিশুদের শিক্ষক রিডিং পড়াবেন।
  - পাঠ্যাংশের কঠিন বা নতুন শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- শিশুদের বের করা শব্দগুলো জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন। শব্দগুলোর অর্থ বাক্য মুখে মুখে জিজ্ঞাসা করবেন। যেমন: শিক্ষক সন্ধ্যা, ইচ্ছে, অনেকক্ষণ যুক্তবর্ণ তিনটি বড় বড় করে বোর্ডে লিখে দেবেন। যেমন: সন্ধ্যা- ন্ধ= ন+ধ, অনেকক্ষণ- ক্ষ=ক+ষ, ইচ্ছে- চ্ছ=চ+ছ যুক্তবর্ণ তিনটি ভেঙে দেখাবেন। শিশুদের শব্দগুলো পড়াবেন ও লেখাবেন।

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-সংশ্লিষ্ট কয়েকটি শব্দের বানান জিজ্ঞেস করবেন ।
- কয়েকজন শিক্ষার্থীকে সন্ধ্যা, ইচ্ছে, অনেকক্ষণ এই যুক্তবর্ণগুলি চকবোর্ডে এনে লেখাবেন । অন্য শিক্ষার্থীরা শব্দগুলো স্পষ্টকরে খাতায় লিখবে । শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন ।
- অপেক্ষাকৃত দুর্বল শিক্ষার্থীদের শিক্ষক সাহায্য করবেন ।
- শিক্ষক গল্পটির আজকের পঠিত অংশ থেকে কিছু প্রশ্ন শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন । যেমন: লোভী কাঠুরে কেন নদীর ধারে কাঠ কাটতে গিয়েছিল?
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।

## পিরিয়ড-৪
## পৃষ্ঠাঃ ৫৫- ৫৬ (পুনরালোচনা এবং অনুশীলনী- ১)

**শিখনফল**

**শোনা** :১.২.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১
**বলা** :১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ৪.১.১
**পড়া** : ২.৪.১,২.৪.২, ২.৪.৩, ২.৪.৪, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪,
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৫.১,

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের পাঠ সংশ্লিষ্ট ছবি ।

| **পাঠের আলোচ্য বিষয় :** শব্দের অর্থ ও বাক্য রচনা। |
|---|

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*
  - *জলপরি ও কাঠুরে গল্পটি নিজের ভাষায় বলতে বলবেন।*
  - *গত দিন যতটুকু পড়েছ তার ভিতরে সবচেয়ে গুরুত্বপূর্ণ শব্দগুলো বল। (শিক্ষার্থীরা বলতে পারে অনেকক্ষণ, সন্ধ্যা, মিছামিছি ইত্যাদি।) শিক্ষক শিক্ষার্থীদের বই থেকে এই শব্দগুলো খুঁজে বের করতে বলবেন।*
  - *শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে।*
  - *শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-সংশ্লিষ্ট কয়েকটি শব্দের বানান জিজ্ঞেস করবেন।*
- পৃষ্ঠা ২৬ শিক্ষার্থীদের খুলতে বলবেন ।
- অনুশীলনী ১ নং প্রশ্নের শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন ।
- শিক্ষক শ্রেণিকক্ষ ঘুরে ঘুরে দেখবেন শিশুরা শব্দগুলো ঠিকভাবে খুঁজছে কি না । পারগ শিক্ষার্থীরা অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সাহায্য করবে ।
- কাঠুরে, কুড়াল, স্রোত, দুঃখ, কিছুক্ষণ, সততা, লোভী শব্দ খুঁজে বের করে শিক্ষার্থীরা শব্দগুলোর অর্থ বলবে । প্রয়োজনে শিক্ষকও সাহায্য করবেন ।
- শিক্ষার্থীরা শব্দের অর্থ সঠিক বললে শিক্ষক জানতে চাইবেন কেন তারা এই অর্থটা ভাবল । যদি কোনো শিক্ষার্থী ভুলও বলে, কেন সে এটা ভাবল তা শিক্ষার্থীকে জিজ্ঞেস করবেন ।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন ।
- এরপর অনুশীলনী ২ নং প্রশ্নের খালি জায়গায় কাঠুরে, কুড়াল, স্রোত, দুঃখ, কিছুক্ষণ, সততা, লোভী শব্দগুলো বসিয়ে বাক্য তৈরি করতে বলবেন ।

- শিক্ষক শিক্ষার্থীদের মুখে মুখে বাক্য রচনা করতে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৫
## পৃষ্ঠা: ২৬ (পুনরালোচনা এবং অনুশীলনী- ৩, ৪)

**শিখনফল**

শোনা :১.২.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১

বলা :১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ৪.১.১

পড়া :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ২.৪.১,২.৪.২, ২.৪.৩, ২.৪.৪, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪,

লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৩, ২.৩.৪, ২.৩.৫

**উপকরণ:** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের পাঠ সংশ্লিষ্ট ছবি।

**পাঠের আলোচ্য বিষয়:** যুক্তাক্ষর ও বাক্য রচনা শেখা

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন:***
  - ***শিক্ষক পূর্বের শেখা বানানগুলো শিক্ষার্থীদের মনে আছে কিনা তা যাচাইয়ের জন্য পুনরায় জিজ্ঞাসা করবেন।***
  - ***উপহার শব্দটি কোন বাক্যে আছে?***
- আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন। শিশুদের পাঠ্যবইয়ের ২৬ পৃষ্ঠা খুলতে বলবেন।
- প্রথমে অনুশীলনী ৩নং প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন- 'যুক্তবর্ণগুলো চিনে নিই', 'যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।' শিক্ষার্থীদের বলতে সহায়তা করবেন।
- শিক্ষক অনুশীলনীর ৩ নং প্রশ্নের যুক্তবর্ণগুলো বোর্ডে লিখবেন। বোর্ডে যুক্তবর্ণগুলো ভেঙে দেখাবেন।
- একই যুক্তবর্ণ দিয়ে আরও কয়েকটি নতুন শব্দ তৈরি করে দেখাবেন।
- শিক্ষার্থীদের বলবেন একই ধরনের আরও কিছু শব্দ তারা জানে কি না। জানলে তাদের বোর্ডে এসে লিখতে বলবেন।
- অনুশীলনী ৪ নং প্রশ্নের গরিব, নদী, কুড়াল, কিছুক্ষণ শব্দগুলো দিয়ে বাক্য তৈরি করতে বলবেন।
- শিক্ষক পাঠের মধ্য থেকে আরও কিছু শব্দ দেবেন শিক্ষার্থীদের বাক্য তৈরি করার জন্য।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৬
## পৃষ্ঠা: ২৭ (পুনরালোচনা এবং অনুশীলনী- ৫)

**শিখনফল**

শোনা :১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১

বলা :১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ৪.১.১

পড়া :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৪.৩, ১.৪.৪, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৪.১,২.৪.২, ২.৪.৩, ২.৪.৪, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

লেখা : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৩, ২.৩.৪, ২.৩.৫

**উপকরণঃ** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের পাঠ সংশ্লিষ্ট ছবি।

| |
|---|
| **পাঠের আলোচ্যবিষয়:** প্রশ্ন উত্তর বলা ও লেখা। |

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেনঃ***
  - ***কাঠুরে, কুড়াল, স্রোত, দুঃখ, কিছুক্ষণ, সততা, লোভী শব্দগুলোর অর্থ বল।***
  - ***গরিব, নদী, কুড়াল, কিছুক্ষণ শব্দগুলো দিয়ে বাক্য তৈরি করে বল।***
- এরপর শিক্ষক পাঠ্যপুস্তকের ২৭ নং পৃষ্ঠা শিশুদের খুলতে বলবেন। শিক্ষক অনুশীলনীর ৫ নং প্রশ্নের উত্তরগুলি 'মুখে মুখে উত্তর বলি ও লিখি' শিক্ষার্থীদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীরা উত্তর দেবে।
- শিক্ষার্থীরা কোনো প্রশ্নের উত্তর না পারলে শিক্ষক সাহায্য করবেন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীরা এরপর প্রশ্ন উত্তরগুলো খাতায় লিখবে।
- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন। শিক্ষার্থীরা কোনো ভুল করলে ঠিক করে দেবেন।
- শিক্ষক গল্প থেকে কিছু নতুন প্রশ্ন তৈরি করে শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন। যেমনঃ লোভী কাঠুরে কাঁদছিল কেন? সোনা আর রুপার কুড়াল দিয়ে জলপরি কেন নিয়ে এসেছিল?
- শিক্ষক শিক্ষার্থীদের জুটিতে প্রশ্ন উত্তর বানানোর খেলা দেবেন। জুটিতে একজন প্রশ্ন বানিয়ে আরেকজনকে জিজ্ঞেস করবে। জুটির আরেকজন প্রশ্নের উত্তর দিয়ে আবার নিজে আরেকটা প্রশ্ন তৈরি করবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৭
## পৃষ্ঠাঃ ৫৫- ৫৬ (পুনরালোচনা এবং অনুশীলনী- ৬, ৭)

**শিখনফল**

**শোনা** :১.২.১,
**বলা** :১.১.২, ১.৩.১, ১.৩.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২,
**পড়া** :২.৪.১,২.৪.২, ২.৪.৩, ২.৪.৪, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪,
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৩, ২.৩.৪, ২.৩.৫

**উপকরণঃ** পাঠ্যপুস্তক, পাঠ্যপুস্তকের পাঠ-সংশ্লিষ্ট ছবি।

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয়:** বাক্য তৈরি করা |

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেনঃ***
  - ***লোভী কাঠুরে কাঁদছিল কেন?***
  - ***সোনা আর রুপার কুড়াল দিয়ে জলপরি কী করেছিল?***
  - ***লোভী কাঠুরে জলপরির কাছ থেকে কী শিক্ষা পেল?***
  - ***কিছুক্ষণ, সততা, লোভী শব্দগুলোর অর্থ বল।***
  - ***নদী, কিছুক্ষণ শব্দগুলো দিয়ে বাক্য তৈরি করে বল।***

- এরপর শিক্ষক পাঠ্যপুস্তকের ২৭ পৃষ্ঠা শিশুদের খুলতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ৬ নং প্রশ্নের বিপরীত শব্দগুলো পড়তে বলবেন।
- শিক্ষার্থীরা বিপরীত শব্দের যেকোনো একটি ফাঁকা ঘরে বসিয়ে বাক্য তৈরি করবে।
- শিক্ষক অনুশীলনীর ৭ নং প্রশ্নের ছবি দুটি দেখিয়ে শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন তাদের কী মনে হচ্ছে?
- শিক্ষার্থীরা তাদের ইচ্ছামতো গল্প বলবে।
- গল্পের শেষ দুই লাইন তাদের খাতায় লিখবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

**পিরিয়ড-৮**
**পৃষ্ঠা: ২৪-২৭ (পুনরালোচনা)**

**শিখনফল**


**শোনা** :১.২.১, ১.৩.৩,
**বলা** :১.৩.১, ১.৩.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ৪.১.১
**পড়া** :২.৪.১,২.৪.২, ২.৪.৩, ২.৪.৪, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪
**লেখা** :২.৩.৩, ২.৩.৪, ২.৩.৫

**উপকরণ :** পাঠ্যবই


| **পাঠের আলোচ্য বিষয় :** মূল্যায়ন। |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**
- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের পুরো পাঠের শেষে 'জলপরি ও কাঠুরে' গল্পটি মূল্যায়নের উদ্দেশ্যে ***নিচের কাজগুলো করবেন:***
- 'জলপরি ও কাঠুরে' গল্পটি মূল্যায়নের উদ্দেশ্যে আবার পড়াবেন।
- শিক্ষার্থীদের গল্পটি নিজের ভাষায় বলতে বলবেন।
- শিক্ষার্থীদের দলে ভাগ করে দেবেন। বিভিন্ন দল থেকে শিক্ষার্থীরা নিজেদের ভাষায় গল্পটি বলবে।
- শিক্ষক শিক্ষার্থীদের গল্পটির মূল কথা বলতে বলবেন।
- শিক্ষার্থীরা বুঝতে পেরেছে কিনা তা বোঝার জন্য পাঠের মধ্য থেকে বিভিন্ন ধরনের প্রশ্ন করবেন। যেমন: কাঠুরে কী বেচে অনেক টাকা পেয়েছিলেন?
- কঠিন/নতুন শব্দগুলোর বানান জিজ্ঞেস করবেন।
- শিক্ষক কয়েকটি শব্দ বোর্ডে লিখে দেবেন, শিক্ষার্থীরা তাদের যার যার পছন্দমতো একটি শব্দ দিয়ে একটি বাক্য রচনা করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

# নানা রঙের ফুলফল



আমাদের দেশ ফুলের দেশ, ফলের দেশ। নানা রঙের ও নানা রকমের ফুলফল দেখা যায় সারা বছর জুড়ে।



গোলাপ ফোটে সারা বছর। লাল, সাদা, গোলাপি বিভিন্ন রঙের। গোলাপের সুগন্ধ আছে।



লাল রং নিয়ে ফোটে কৃষ্ণচূড়া, শিমুল, পলাশ। এগুলো দেখতে খুবই সুন্দর কিন্তু সুবাস নেই।



বেলি, রজনীগন্ধা, কামিনী, গন্ধরাজ, হাসনাহেনা, দোলনচাঁপা ও শিউলিও ফোটে অনেক। এগুলোর মিষ্টি গন্ধ মন ভরিয়ে দেয়। এসব ফুলের রং সাদা। টগর ও কাশফুলও সাদা।







সূর্যমুখী ও গাঁদা ফুলের রং হলুদ। জবা ও কলাবতী ফুল নানা রঙের হয়। কদম ফুল দেখতে খুব সুন্দর। সবুজ পাতার ভিতর ছোট ছোট নরম বলের মতো। দোলনচাঁপার চারটি সাদা পাপড়ি–ঠিক যেন একটি প্রজাপতি।





বিলে ঝিলে ফোটে শত শত শাপলা। সাদা, লাল ও অন্য রঙের। সব ফুলই দেখতে খুব সুন্দর।





এদেশে ফলে হরেক রকমের ফল। বেশি হয় কলা, কাঁঠাল, আর আনারস। আম, জাম, পেয়ারা, পেঁপে, লিচু, তরমুজ, বাংগিও প্রচুর ফলে। আরও হয় ডাব, ডালিম, বাতাবিলেবু, জামরুল, তাল, কমলা।

কাঁচা আম, পেঁপে, পেয়ারা, বাঙ্গি সবুজ রঙের। পাকলে এগুলোর রং হয় হলুদ বা সোনালি।

পাকা বাতাবি লেবুর ভিতরটা হালকা গোলাপি রঙের। পাকা ডালিমের ছোট ছোট দানা টুকটুকে লাল। তরমুজের ভিতরটাও খুব লাল।

জামরুলের রং সাদা। পাকা কমলার খোসা ও কোষ উভয়ই কমলা রঙের হয়। আমাদের ফলগুলো দেখতে সুন্দর। খেতেও মজার।





# অনুশীলনী

**১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।**

কোষ　　দানা　　খোসা

**২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।**

| | | |
|---|---|---|
| দানা | খোসা | কোষ |

ক. কাঁঠালের রসভরা ........................................ খেতে কী যে মজা।

খ. ডালিমের ........................................ টুকটুকে লাল।

গ. ........................................ ছাড়িয়ে কলা খাও।

**৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।**

| | | | | |
|---|---|---|---|---|
| কৃষ্ণচূড়া | ষ্ণ | ষ | ণ | উষ্ণ, তৃষ্ণা |
| কিন্তু | ন্ত | ন | ত | অন্ত, শান্ত |



**৪. মুখে মুখে উত্তর বলি ও লিখি।**

ক. কী কী ফুল লাল রঙের হয়?

খ. সুগন্ধি ফুল কী কী?

গ. কোন কোন ফুলে গন্ধ নেই?

ঘ. কাঁচা থাকতে কোন কোন ফল সবুজ হয়?

ঙ. কোন কোন ফলের ভিতরটা লাল রঙের?



৫. নিচের ছকে কোনটি কী রঙের ফুল তা লিখি।


জবা সূর্যমুখী কৃষ্ণচূড়া শিমুল হাসনাহেনা পলাশ কাশ
গন্ধরাজ শাপলা কামিনী দোলনচাঁপা শিউলি টগর গাঁদা

| সাদা | লাল | হলুদ | গোলাপি |
| --- | --- | --- | --- |
| | | | |

৬. নিচে দুইটি ফুল ও ফলের ছবি আছে। যেকোনো একটি বিষয়ে তিনটি বাক্য লিখি। বাক্যগুলো সবাইকে পড়ে শোনাই।









.......................................................................................................

.......................................................................................................

.......................................................................................................

৭. আমার সবচেয়ে ভালো লাগে............ ফুল। এই ভালো লাগার কথা সবাইকে বলি ও লিখি।

# নানা রঙের ফুলফল

## পৃষ্ঠা (২৮-৩১)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে।<br>১.২ বিভিন্ন শব্দ ও ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে।<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ শুনে বুঝতে পারবে।<br>৩.১ পরিচয়মূলক কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে।<br>৩.২ পরিচিত ফুল, ফল, রং, পশুপাখি, গাছপালা, নদী ইত্যাদি বিষয়ে শুনে বুঝতে পারবে। | **শোনা**<br>১.১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি শুনে মনে রাখতে পারবে।<br>১.২.১ পাঠের অন্তর্গত ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে।<br>১.৩.১ নির্দেশনা শুনে পালন করতে পারবে।<br>১.৩.২ অনুরোধ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৩ প্রশ্ন শুনে বুঝতে পারবে।<br>৩.১.২ বর্ণনা শুনে বুঝতে পারবে।<br>৩.২.১ পরিচিত ফুল সম্পর্কে শুনে বুঝতে পারবে।<br>৩.২.২ পরিচিত ফল সম্পর্কে শুনে বুঝতে পারবে।<br>৩.২.৩ পরিচিত রং সম্পর্কে শুনে বুঝতে পারবে। |
| **বলা**<br>১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে।<br>২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে ও বিভিন্ন বিষয়ে বর্ণনা করতে পারবে।<br>২.৬ পরিচিত ফুল, ফল, রং, পশুপাখি, গাছপালা, নদী ইত্যাদির বিষয়ে বলতে পারবে।<br>৪.১ শ্রেণিকক্ষে পঠিত বিষয় সম্পর্কে নিজের অনুভূতি ব্যক্ত করতে পারবে। | **বলা**<br>১.১.১ শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বাক্যস্থিত শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩.২ কোনো বিষয়ে প্রশ্ন করতে ও প্রশ্নের উত্তর দিতে পারবে।<br>২.৫.২ বিভিন্ন বিষয় বর্ণনা করতে পারবে।<br>২.৬.১ পরিচিত ফুল সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>২.৬.২ পরিচিত ফল সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>২.৬.৩ পরিচিত রং সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>৪.১.১ অধীত বিষয় সম্পর্কে অনুভূতি শুদ্ধভাবে ব্যক্ত করতে পারবে। |

| | |
|---|---|
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫ দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন, কমা চিনে বাক্য পড়তে পারবে।<br><br><br>২.৪ গল্প ও রূপকথা পড়ে বুঝতে পারবে।<br>২.৫ কথোপকথন ও বর্ণনা পড়ে বুঝতে পারবে।<br><br>২.৬ পরিচিত ফুল, ফল, রং, পশুপাখি, গাছপালা, নদী ইত্যাদি সম্পর্কে পড়ে বুঝতে পারবে।<br><br><br>৩.১ নিজের ও অন্যের লেখা শব্দ ও বাক্য পড়তে পারবে। | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠ্যপুস্তকের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫.১ দাঁড়ি বিরাম চিহ্নটি চিনে বাক্য পড়তে পারবে।<br>১.৫.২ প্রশ্নবোধক চিহ্ন চিনে বাক্য পড়তে পারবে।<br>১.৫.৩ কমা চিহ্ন চিনে বাক্য পড়তে পারবে।<br>২.৪.১ গল্প পড়তে পারবে।<br>২.৫.৩ বর্ণনামূলক বিষয় পড়তে পারবে।<br>২.৫.৪ বর্ণনামূলক বিষয় পড়ে বুঝতে পারবে।<br>২.৬.১ পরিচিত ফুল সম্পর্কে পড়ে বুঝতে পারবে।<br>২.৬.২ পরিচিত ফল সম্পর্কে পড়ে বুঝতে পারবে।<br>২.৬.৩ পরিচিত রং সম্পর্কে পড়ে বুঝতে পারবে ।<br><br>৩.১.১ নিজের লেখা শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.২ নিজের লেখা বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.৩ অন্যের স্পষ্ট লেখা শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.৪ অন্যের স্পষ্ট লেখা বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে। |
| **লেখা**<br>১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br><br>১.৬ বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br><br>২.৩ ছড়া, কবিতা ,গল্প, কথোপকথন ও বর্ণনা সম্পর্কে লিখতে পারবে<br>২.৪ পরিচিত ফুল, ফল, রং, পশুপাখি, গাছপালা ইত্যাদির বিষয়ে লিখতে পারবে। | **লেখা**<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬.১ দাঁড়ি বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.৩ কমা বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>২.৩.৫ বিভিন্ন বিষয় সহজে বর্ণনা করতে পারবে।<br><br>২.৪.১ পরিচিত ফুল সম্পর্কে লিখতে পারবে।<br>২.৪.২ পরিচিত ফল সম্পর্কে লিখতে পারবে।<br>২.৪.৩ পরিচিত রং সম্পর্কে লিখতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড -১০**

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৩

**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.২,২.৫.২, ২.৬.১, ২.৬.২, ২.৬.৩, ৪.১.১

**লেখা** :১.৪.১

**উপকরণ :** পাঠ্যপুস্তক, বড় পোস্টারে হাতে-আঁকা বা সংগৃহীত পাঠ সংশ্লিষ্ট ফুলের ছবি, লাল, সাদা, গোলাপি রঙের কার্ড

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয়:** রং, ফুল, ফল চেনা, রিডিং, বিরাম চিহ্ন । |

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন,

- *তুমি কী কী ফুল দেখেছ? তিনটি ফুলের নাম বল?*
- *ফুল কি তোমাদের ভালো লাগে? কেন ভালো লাগে?*
- *কোন কোন ফল খেতে ভালো লাগে?*
- *শিক্ষক শিক্ষার্থীদের বলবেন, আজকে আমরা ফুল ও ফলের ব্যাপারে শুনব।*

- শিক্ষক ফুল এবং ফুলের ছবি দেখিয়ে শিক্ষার্থীদের ফুল নাম জিজ্ঞেস করবেন।
- শিক্ষার্থীরা না পারলে শিক্ষক বলবেন চল দেখি পাঠ্যপুস্তকে এই ফুলের সম্পর্কে কী বলা হয়েছে? আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'নানা রঙের ফুলফল' গল্পেটির নির্ধারিত অংশ (আমাদের দেশ............কাশফুলও সাদা।) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ২৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক দুইপাতার গল্পের ছবিটি দেখাবেন,ছবিটি নিয়ে আলোচনা করবেন। ছবিটি শিক্ষার্থীদের কেমন লাগছে তা জানতে চাইবেন। তাদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।ছবির সাথে পাঠ শিরোনামের মিল নিয়ে আলোচনা করবেন।*শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।*
- এবার শিক্ষক নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদেরকে নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। *শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।*
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের মধ্যের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থান সমূহ ঠিক নিয়মে পড়বেন। শিক্ষার্থীদের এই বিষয়ে বলবেন এবং তাদের পড়ার সময় এই বিষয়ে নজর রাখবেন।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসতে বলবেন।দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন।

**যেমন:**

- প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে।ভুল হলে ঠিক করে দেবে।
- এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে।
- শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথা নিয়মে পড়তে সহায়তা করবেন।
- শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের রিডিং পড়াবেন।
- রিডিং পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।

- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। *শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন।*
- শিক্ষক পাঠ অংশ থেকে কঠিন বা বিশেষ বা যুক্তাক্ষরের শব্দগুলি জিজ্ঞেস করবেন। শিক্ষার্থীদের উত্তর শুনবেন। শিক্ষক বিশেষ বিশেষ শব্দের অর্থ বুঝিয়ে দেবেন এবং বোর্ডে লিখে দেবেন। (যেমন: সুন্দর-দেখতে ভালো, সুগন্ধ-খুশবু/ সুবাস, চমৎকার-ভালো ইত্যাদি।
- শিক্ষক সুগন্ধ, কৃষ্ণচূড়া, সুন্দর যুক্তবর্ণ তিনটি বড় বড় করে বোর্ডে লিখে দেবেন। যুক্তবর্ণ তিনটি ভেঙে দেখাবেন। সুগন্ধ- ন্ধ= ন+ধ, কৃষ্ণচূড়া- ষ্ণ=ষ+ণ, সুন্দর- ন্দ= ন+দ।
- শিক্ষক শিক্ষার্থীদের বিভিন্ন রঙের নাম চেনে কিনা জিজ্ঞেস করবেন? যেমন: হলুদ রং দেখতে পার? ক্লাসরুমে লাল রং কোথায় আছে? আজকে কি কেউ নীল কাপড় পরে এসেছে? তোমরা সাদা রঙের কী কী ফুল দেখেছ? ইত্যাদি।প্রয়োজনে রং চেনানোর জন্য রঙের কার্ড ব্যবহার করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-২

### পৃষ্ঠা: ২৮ (সূর্যমুখী ও গাঁদা .................খুব সুন্দর ।)

**শিখনফল**

**শোনা** :১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৩

**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.২,২.৫.২, ২.৬.১, ২.৬.২, ২.৬.৩, ৪.১.১

**পড়া** : ২.৫.৩, ২.৫.৪, ২.৬.১, ২.৬.২, ২.৬.৩

**লেখা** :১.৪.১

**উপকরণ :** পাঠ্যপুস্তক, বড় পোস্টারে হাতে-আঁকা বা সংগৃহীত পাঠ-সংশ্লিষ্ট ফুলের ছবি, লাল, সাদা, গোলাপি, হলুদ, সবুজ, কমলা রঙের কার্ড।দাঁড়ি, কমা চিহ্ন আঁকা পোস্টার আকৃতির কাগজ।

**পাঠের আলোচ্য বিষয়:** রিডিং, বানান, বিরাম চিহ্ন।

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন।শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসেবে নিচের প্রশ্নগুলো করবেন:***
  - ***গল্পটি কেমন লেগেছে তা শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন।***
  - ***গত দিনের পাঠ থেকে প্রশ্ন করবেন-কয়েকটি লাল রঙের ফুলের নাম বল।***
  - ***সারা বছর ফোটে এমন ফুলের নাম বল।***
  - ***কয়েকটি সাদা রঙের ফুলের নাম বল।***
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'নানা রঙের ফুলফল' গল্পটির নির্ধারিত অংশ (সূর্যমুখী ও গাঁদা ................. খুব সুন্দর ।) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ২৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন।আজকের পাঠ সংশ্লিষ্ঠ ছবিগুলো নিয়ে আলোচনা করবেন। তাদেরকে প্রশ্ন করতে উৎসাহিত করবেন।***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।***
- শিক্ষক নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন।এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন।***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের মধ্যের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ ঠিক নিয়মে পড়বেন। শিক্ষার্থীদেরকে এই বিষয়ে বলবেন এবং তাদের পড়ার সময় এই বিষয়ে নজর রাখবেন।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন।প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসতে বলবেন।দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন।
  যেমন:
  - প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙ্গুল রেখে মেলাবে।ভুল হলে ঠিক করে দেবে।
  - এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে।
  - শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন।শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের রিডিং পড়াবেন।
  - রিডিং পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। ***শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন।***
- শিক্ষক যুক্তবর্ণের বা কঠিন শব্দগুলো বোর্ডে লিখে বোঝাবেন।যেমন সূর্যমুখী,প্রজাপতি ইত্যাদি
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-সংশ্লিষ্ট কয়েকটি শব্দের বানান জিজ্ঞেস করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৩
## পৃষ্ঠাঃ ২৯ (এদেশে ফলে............হলুদ নয় সোনালি ।)

**শিখনফল**

**শোনা :১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৩**

**বলা :১.১.১, ১.১.২, ১.৩.২,২.৫.২, ২.৬.১, ২.৬.২, ২.৬.৩, ৪.১.১**

**পড়া :১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩**

**উপকরণ :** পাঠ্যবই, বড় পোস্টারে হাতে-আঁকা বা সংগৃহীত পাঠ-সংশ্লিষ্ট ফুলের ছবি, হলুদ,সাদা, সোনালি, বেগুনি রঙের কার্ড ।

**পাঠের আলোচ্য বিষয়:** রিডিং, ফল চেনা,বিরাম চিহ্ন ।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন,
  - *ফলের নাম বলতে বলবেন।*
  - *একজনকে ফলের নামগুলো গুনতে বলবেন।*
  - *বলা ও গোনা শেষ হলে শিক্ষার্থীরা যতগুলো ফলের নাম বলতে পেরেছে সেই সংখ্যা উল্লেখ করে বলবেন, আমরা এসব ফলের নাম জানি এবার দেখি বইতে কতগুলি ফলের কথা বলা হয়েছে।*
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'নানা রঙের ফুলফল' গল্পেটির নির্ধারিত অংশ (এদেশে ফলে............হলুদ নয় সোনালি ।) পড়ব ও আলোচনা করব ।
- শিশুদের পাঠ্যপুস্তকের ২৯ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। *শুরুতে ছবিতে কী দেখা যাচ্ছে তা জানতে চাইবেন। শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।*
- এবার শিক্ষক পাঠ্যপুস্তকের নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। *শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।*
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে ।
- শিক্ষক দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্ন পড়ার সময় কোথায় কতটুকু থামছেন তা শিক্ষার্থীদের লক্ষ্য রাখতে বলবেন। তাদের পড়ার সময় এই বিষয়ে নজর রাখবেন ।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন ।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন ।
- কয়েকজন শিক্ষার্থীকে এককভাবে পড়তে দেবেন ।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন ।

  **যেমন:**
  - দলে বসে প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে ।
  - এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে ।
  - শিক্ষক দলে ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন ।
  - শিক্ষক দলের পিছিয়ে পড়া শিক্ষার্থী রিডিং পড়াবেন ।
- শিক্ষক আজকের পাঠ অংশ থেকে কিছু প্রশ্ন শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন। যেমন: আমাদের দেশে সবচেয়ে বেশি কোন ফল ফলে?
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।

**পিরিয়ড-৪**

**পৃষ্ঠা: ২৯ (পাকা বাতাবি লেবু............খেতেও মজার ।)**

**শিখনফল**

**পড়া** :১.৩.১,১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৪.১, ২.৫.৩,২.৫.৪,২.৬.১, ২.৬.২, ২.৬.৩, ৩.১.১,৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

**লেখা** :১.৪.১, ১.৪.২,

**উপকরণ :** পাঠ্যপুস্তক ।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:***
    - গল্পটিতে কী কী ফুল আর ফলের নাম শিক্ষর্থীরা শিখেছে সেটা জিজ্ঞাসা করবেন।
    - শিক্ষক শিশুদের বলবেন তোমরা যতটুকু পড়েছ তার ভিতরে সবচেয়ে গুরুত্বপূর্ণ শব্দগুলো বল। শিক্ষার্থীরা বলতে পারে আম, জাম ইত্যাদি ।
    - শিক্ষক শিক্ষার্থীদের বলবেন বই থেকে এই শব্দগুলো খুঁজে বের করতে।
    - শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে।
- শিক্ষক গল্পটি সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন। যেমন– শিক্ষক বিভিন্ন রঙ নিয়ে আলাপ করবেন। যেমন তোমাদের প্রিয় রং কী? তোমাদের প্রিয় রঙে আর কী কী পাওয়া যায়? প্রত্যেককে জিজ্ঞেস করবেন।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের ‘নানা রঙের ফুলফল’ গল্পটির নির্ধারিত অংশ (পাকা বাতাবি লেবু............খেতেও মজার ।) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ২৯ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। ***শুরুতে কী কী ফলের ছবি রয়েছে তা জানতে চাইবেন। শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।***
- এবার শিক্ষক নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল দিতে বলবেন। ***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন।
  **যেমন:**
    - প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে।
    - এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে।
    - শিক্ষক দলে ঘুরে ঘুরে শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে পড়তে সহায়তা করবেন।
    - শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের এক মিনিট রিডিং পড়াবেন।
- পাঠ্যাংশের বিশেষ শব্দ ও সেগুলো দিয়ে বাক্য গঠন করে বোর্ডে লিখবেন। যেমন: কোষ, দানা, খোসা শিক্ষার্থীদের খাতায় লিখে নিতে বলবেন এবং শব্দগুলোর অর্থ খুঁজে বের করে দিয়ে বাক্য তৈরি করতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-সংশ্লিষ্ট কয়েকটি শব্দের বানান ও অর্থ জিজ্ঞেস করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৫
## পৃষ্ঠা: ২৯ (অনুশীলনী-১, ২)

**শিখনফল**

**শোনা** :৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৩
**বলা** : ২.৫.২, ২.৬.১, ২.৬.২, ২.৬.৩, ৪.১.১
**পড়া** :১.৩.১,১.৪.১, ১.৪.২, ২.৪.১, ২.৫.৩,২.৫.৪,২.৬.১, ২.৬.২, ২.৬.৩, ৩.১.১,৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৫.১

**উপকরণ :** পাঠ্যবই ।

**পাঠের আলোচ্য বিষয় :** অনুশীলনীর প্রশ্ন ।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন।***
  - গত দিনে শেখা বানানের সম্বন্ধে জিজ্ঞেস করবেন ।
  - শ্রেণিকক্ষের বিভিন্ন স্থান থেকে একেকজন শিক্ষার্থীকে পাঠের বিভিন্ন অংশ পড়তে বলবেন। খেয়াল করবেন তারা কমা, দাঁড়ি চিহ্ন চিনে পড়তে এবং যুক্তব্যঞ্জনে গঠিত শব্দ ঠিকমতো উচ্চারণ করতে পারছে কিনা ।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৩০ পৃষ্ঠা খুলতে বলবেন ।
- ১ নং অনুশীলনীর শব্দগুলো (কোষ, দানা, খোসা) পাঠের মধ্যে কোথায় কোথায় আছে তা খুঁজে বের করে নিচে দাগ দিতে বলবেন। শিক্ষক শ্রেণিকক্ষে ঘুরে ঘুরে দেখবেন শিশুরা শব্দগুলো ঠিকভাবে খুঁজছে কিনা। পারগ শিক্ষার্থীরা অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সাহায্য করবে ।
- খুঁজে পাওয়ার পর শিক্ষার্থীরা শব্দগুলোর অর্থ বলবে। প্রয়োজনে শিক্ষকও সাহায্য করবেন ।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন। শিক্ষক বোর্ডে আরও কিছু শব্দ দিবেন শিক্ষার্থীদের খুঁজে বের করার জন্য ।
- শিক্ষক এরপর ১ নং অনুশীলনীর প্রতিটি শব্দের অর্থ, বাক্য শিশুদের মুখে মুখে জিজ্ঞেস করবেন। প্রয়োজনে সহায়তা করবেন ।
- এরপর শিক্ষক শব্দের অর্থ ও বাক্য শিখাবেন।
- শিক্ষক ২ ও ৩ নং অনুশীলনীর কাজ করাবেন- ‘ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।’ প্রথমে শিক্ষক একটি বাক্য বোর্ডে লিখবেন। খালি জায়গায় কোন ঠিক শব্দটি হবে তা শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন এবং খালি জায়গায় শব্দটি লিখবেন ।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ থেকে শব্দ বলবেন। শিক্ষার্থীরা মুখে মুখে বাক্য রচনা করবে ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।

## পিরিয়ড-৬
## পৃষ্ঠা: ২৯ (অনুশীলনী- ৩)

**শিখনফল**

**শোনা** :৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৩
**বলা** :২.৫.২, ২.৬.১, ২.৬.২, ২.৬.৩, ৪.১.১
**পড়া** :১.৩.১,১.৪.১, ১.৪.২, ২.৪.১, ২.৬.১, ২.৬.২, ২.৬.৩, ৩.১.১,৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

**লেখা** :১.৪.১, ১.৪.২,

**উপকরণ :** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয়:** অনুশীলনী |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের কাজগুলো করবেন।*
    - *শিক্ষার্থীদের বিরামচিহ্ন অনুযায়ী যথাস্থানে থেমে থেমে পড়তে বলবেন।*
    - *শিক্ষার্থীরা প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে পড়তে পারছে কিনা শিক্ষক তা খেয়াল করবেন।*
- আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন। শিশুদের পাঠ্যবইয়ের ৩০ পৃষ্ঠা খুলতে বলবেন।
- প্রথমে অনুশীলনী ৩ নং প্রশ্ন করাবেন। শিরোনাম বোর্ডে লিখবেন- 'যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।' শিশুদের বলতে সহায়তা করবেন।
- ৩ নং অনুশীলনীর যুক্তবর্ণগুলো কয়েকজনকে শুদ্ধ উচ্চারণে ভেঙে পড়তে দেবেন।
- শিক্ষক প্রথমে বোর্ডে যুক্তবর্ণযুক্ত শব্দ লিখবেন এবং ভেঙে কীভাবে লিখতে হয় দেখিয়ে দেবেন।
- একই যুক্তবর্ণ দিয়ে আরও কয়েকটি নতুন শব্দ তৈরি করবেন।
- শিক্ষার্থীদের বলবেন একই ধরনের আরও কিছু শব্দ তারা জানে কিনা।
- এরপর শিক্ষক তার প্রয়োজন অনুযায়ী শব্দগুলো শিশুদের ভেঙে লিখতে দেবেন। যেমনঃ কৃষ্ণচূড়া, কিন্তু ইত্যাদি।
- শিক্ষক তার প্রয়োজন অনুযায়ী যুক্তবর্ণযুক্ত শব্দ দিয়ে একটি করে শব্দ তৈরি করতে বলবেন।
- শিক্ষক হাতে বর্ণ কার্ড নিয়ে কীভাবে যুক্তবর্ণ তৈরি করা যায় দেখাবেন। যেমনঃ ন+ত যোগ করলে হবে ন্ত। এ রকমভাবে তিনি দেখাবেন।
- শিক্ষক পাঠের মধ্য থেকে আরও কিছু শব্দ দেবেন বাক্য তৈরি করার জন্য।
- দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্ন অনুশীলনের জন্য কিছু বাক্য বোর্ডে লিখে দিবেন। শিক্ষার্থীরা দাঁড়ি, কমা, প্রশ্নবোধকচিহ্ন বসাবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড- ৭
## পৃষ্ঠাঃ ২৯ (অনুশীলনী- ৪)

**শিখনফল**

**শোনা** :৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৩

**বলা** :২.৫.২, ২.৬.১, ২.৬.২, ২.৬.৩, ৪.১.১

**পড়া** :১.৩.১,১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৪.১, ২.৬.১, ২.৬.২, ২.৬.৩, ৩.১.১,৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

**লেখা** :১.৫.১,১.৬.১, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.১, ২.৪.২,২.৪.৩

**উপকরণঃ** পাঠ্যপুস্তক।

| পাঠের আলোচ্য বিষয়ঃ অনুশীলনী |
|---|

**শিখন-শেখানো কৌশল**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের কাজগুলো করবেন।*
    - *শিক্ষক পাঠের বিশেষ শব্দ ও সেগুলো দিয়ে বাক্য গঠন করে বোর্ডে লিখবেন। শিক্ষার্থীদের পড়তে বলবেন।*
    - *কয়েকজনকে বোর্ডে যুক্তব্যঞ্জন ভেঙে দেখাতে বলবেন।*
    - *শিক্ষার্থীদের নিজ নিজ খাতায় বোর্ড থেকে দুটি করে শব্দ লিখতে বলবেন এবং তা দিয়ে নতুন করে বাক্য গঠন করে লিখতে বলবেন। লেখা শেষ হলে তাদের লিখিত বাক্য পড়ে শোনাতে বলবেন।*

- আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন। শিশুদের পাঠ্যবইয়ের ৩০ পৃষ্ঠা খুলতে বলবেন। প্রথমে অনুশীলনী ৪ নং প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন- 'মুখে মুখে উত্তর বলি ও লিখি।' শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিক্ষক অনুশীলনীর ৪ নং প্রশ্নের উত্তরগুলো শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন। শিক্ষার্থীরা মুখে মুখে উত্তর দেবে।
- শিক্ষার্থীরা কোনো প্রশ্নের উত্তর না পারলে শিক্ষক সাহায্য করবেন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীরা এরপর প্রশ্নের উত্তরগুলো লিখবে। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন। শিক্ষার্থীরা কোনো ভুল করলে ঠিক করে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড -৮
## পৃষ্ঠা: ৩১ (অনুশীলনী- ৫, ৬)

**শিখনফল**

**শোনা** : ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৩
**বলা** :২.৫.২, ২.৬.১, ২.৬.২, ২.৬.৩, ৪.১.১
**পড়া** : ২.৬.১, ২.৬.২, ২.৬.৩, ৩.১.১,৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৫.১,১.৬.১, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.১, ২.৪.২,২.৪.৩

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** অনুশীলনী

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের কাজগুলো করবেন।***
  - শিক্ষক পাঠ থেকে বিভিন্ন প্রশ্ন করবেন। যেমন সূর্যমুখী এবং গাঁদা ফুলের মধ্যে কী মিল আছে?
  - বাতাবিলেবু আর কমলালেবুর মধ্যে কী পার্থক্য ? তিনি পর্যবেক্ষণ করবেন তারা তার কথা, প্রশ্ন, আদেশ বুঝতে পারছে কিনা?
- আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন। শিশুদের পাঠ্যবইয়ের ৩১ পৃষ্ঠা খুলতে বলবেন। প্রথমে অনুশীলনী ৫ নং প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন- 'নিচের ছকে কোনটি কী রঙের ফুল তা লিখি।' শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ৫ নং প্রশ্নের ছকটি বুঝিয়ে দেবেন।
- প্রয়োজনে বোর্ডে একটি উদাহরণ দিয়ে দেবেন যেমন: জবা ফুল লাল রঙের কলামে বসবে।
- এরপর শিক্ষক অনুশীলনী ৬ নং প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন। শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিক্ষার্থীরা ৬ নং প্রশ্নের উত্তরে চারটি ছবির যেকোনো একটি বিষয়ে তিনটি বাক্য লিখবে। শিক্ষার্থীরা বাক্যগুলো সবাইকে পড়ে শোনাবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৯
## পৃষ্ঠা: ৩০ (অনুশীলনী- ৭)

**শিখনফল**

**শোনা** : ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৩

**বলা** : ২.৫.২, ২.৬.১, ২.৬.২, ২.৬.৩, ৪.১.১
**পড়া** : ২.৬.১, ২.৬.২, ২.৬.৩, ৩.১.১,৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

**লেখা** :১.৫.১,১.৬.১, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.১, ২.৪.২,২.৪.৩

**উপকরণ :** পাঠ্যপুস্তক ।

| **পাঠের আলোচ্য বিষয় :** অনুশীলনী |
|---|

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের কাজগুলো করবেন।***
    - শিক্ষক বোর্ডে কয়েকটি প্রশ্ন (প্রশ্ন চিহ্নসহ) লিখবেন এবং প্রশ্নের স্বরভঙ্গিসহ পড়বেন । শিক্ষার্থীদের পড়তে বলবেন ।
    - শিক্ষার্থীদের নিজ নিজ খাতায় বোর্ড থেকে দুটি করে প্রশ্ন লিখে তার উত্তর লিখতে বলবেন । লেখা শেষ হলে দৈবচয়নে শিশুদের লিখিত বাক্য পড়ে শোনাতে বলবেন ।
    - শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করে ফলের নামে নাম দেবেন । দলের নাম অনুযায়ী ফল সম্পর্কে তিনটি বাক্য লিখতে বলবেন । (ফলের রং, দেখতে কেমন, কাঁচা ও পাকা অবস্থায় রং কেমন, খেতে কেমন এসব তথ্যসহকারে লিখতে বলবেন ।)
    - এক দলের লেখা অন্য দলের কাউকে পড়তে বলবেন । বানান, বাক্য গঠন বা বিরাম চিহ্ন ব্যবহারে ভুল হলে শিক্ষক সংশোধন করে দেবেন ।
- আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন । শিশুদের পাঠ্যবইয়ের ৩১ পৃষ্ঠা খুলতে বলবেন । প্রথমে অনুশীলনী ৭ নং প্রশ্ন করাবেন ।
- শিক্ষার্থীরা অনুশীলনীর ৭ নং প্রশ্নের উত্তরে তাদের ভালোলাগার ফুলের নাম লিখবে । শ্রেণিকক্ষের সবাইকে পড়ে শোনাবে ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।

## পিরিয়ড-১০
## পৃষ্ঠা: ২৮-৩১ (পুনরালোচনা)

**শিখনফল**
**শোনা** : ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৩
**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.২,২.৫.২, ২.৬.১, ২.৬.২, ২.৬.৩, ৪.১.১
**পড়া** : ২.৬.১, ২.৬.২, ২.৬.৩, ৩.১.১,৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

**লেখা** :১.৫.১,১.৬.১, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.১, ২.৪.২,২.৪.৩

**উপকরণ :** পাঠ্যপুস্তক ।

| **পাঠের আলোচ্য বিষয় :** পুনরালোচনা |
|---|

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । শিক্ষক শিশুদের সম্পূর্ণ পাঠ ***যাচাইয়ের কৌশল হিসাবে নিচের কাজগুলো করবেন।***
- শিক্ষক 'নানা রঙের ফুলফল' গল্পটি এবং অনুশীলনীর কার্যাবলি মূল্যায়নের উদ্দেশ্যে পুনরায় পড়াবেন ।

- শিক্ষার্থীরা বুঝতে পেরেছে কিনা তা বোঝার জন্য পাঠের মধ্য থেকে বিভিন্ন ধরনের প্রশ্ন করবেন। যেমন কাঁচা ফল কী রঙের হয়?
- দৈবচয়নে শিক্ষার্থীদের সম্পূর্ণ গল্পটি পড়তে বলবেন।
- কঠিন শব্দগুলোর বানান জিজ্ঞেস করবেন। যুক্তাক্ষরের শব্দগুলো শিক্ষার্থীরা বোর্ডে এসে করবে।
- শিক্ষক তিনটি শব্দ বোর্ডে লিখে দেবেন, শিক্ষার্থীরা তাদের যার যার পছন্দ মতো একটি শব্দ দিয়ে বাক্য রচনা করবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

# আমাদের ছোট নদী

রবীন্দ্রনাথ ঠাকুর



আমাদের ছোট নদী চলে বাঁকে বাঁকে,
বৈশাখ মাসে তার হাঁটুজল থাকে।
পার হয়ে যায় গরু, পার হয় গাড়ি,
দুই ধার উঁচু তার, ঢালু তার পাড়ি।

চিকচিক করে বালি, কোথা নাই কাদা,
এক ধারে কাশবন ফুলে ফুলে সাদা।
কিচিমিচি করে সেথা শালিকের ঝাঁক,
রাতে ওঠে থেকে থেকে শিয়ালের হাঁক।

তীরে তীরে ছেলেমেয়ে নাহিবার কালে
গামছায় জল ভরি গায়ে তারা ঢালে।
সকালে বিকালে কভু নাওয়া হলে পরে
আঁচলে ছাঁকিয়া তারা ছোট মাছ ধরে।

আষাঢ়ে বাদল নামে, নদী ভরো ভরো,
মাতিয়া ছুটিয়া চলে ধারা খরতর।
দুই কূলে বনে বনে পড়ে যায় সাড়া,
বরষার উৎসবে জেগে ওঠে পাড়া।

## অনুশীলনী

**১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।**

পাড়ি    হাঁক    বাদলধারা    খরতর    সাড়া    উৎসব    ঢালু

**২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ধারে | চিকচিক | উৎসবে | ঝাঁক | নাওয়া | হাঁটুজলে | কূলে |

ক. ছেলেমেয়েরা ........................................ মাছ ধরছে।

খ. নববর্ষে সারা দেশ ....................................... মেতে ওঠে।

গ. নদীর ......................................... নৌকা বাঁধা রয়েছে।

ঘ. এক .......................................... পাখি উড়ে গেল।

ঙ. আমার এখনো .................................... খাওয়া হয়নি।

চ. রোদে বালি ............................................. করে।

ছ. নদীর ......................................... সাদা কাশবন দেখা যায়।



**৩. মুখে মুখে উত্তর বলি ও লিখি।**

ক. বাঁকে বাঁকে কী বয়ে চলে?

খ. বৈশাখ মাসে ছোট নদীর পানি কতটুকু থাকে?

গ. নদীর দুই ধার দেখতে কেমন?

ঘ. রাতে কী শোনা যায়?

ঙ. নদীতে কীভাবে ছেলেমেয়েরা মাছ ধরে?


চ. কখন নদী পানিতে ভরে যায়?

## ৪. রেখা টেনে মিল করি।

এঁকে বেঁকে চলে



বৈশাখ মাসে নদীতে থাকে




নদীর ধারে চিকচিক করে



ফুলে ফুলে সাদা দেখা যায়



কিচির মিচির করে ডাকে



## ৫. জোড় শব্দ পড়ি। ছন্দ মিলাই ও লিখি।

| | |
|---|---|
| বাঁকে বাঁকে | ফাঁকে ফাঁকে |
| ফুলে ফুলে | ........................ |
| তীরে তীরে | ........................ |
| ভরো ভরো | ........................ |
| বনে বনে | ........................ |

৬. নদীর ছবিটি দেখে দুটি বাক্য লিখি।



.................................................................................................................

.................................................................................................................

৭. কবিতাটি আবৃত্তি করি ও খাতায় লিখি।

# আমাদের ছোট নদী
## পৃষ্ঠা (৩২-৩৫)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| শোনা<br>১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে।<br>১.২ বিভিন্ন শব্দ ও ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে।<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন ও অনুরোধ শুনে বুঝতে পারবে।<br>২.১ ছড়া ও কবিতা শুনে বুঝতে পারবে ও আনন্দ লাভ করবে। | শোনা<br>১.১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি শুনে মনে রাখতে পারবে।<br>১.২.১ পাঠের অন্তর্গত ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে।<br>১.৩.১ নির্দেশনা শুনে পালন করতে পারবে।<br>১.৩.৩ প্রশ্ন শুনে বুঝতে পারবে।<br>২.১.২ কবিতা শুনে বুঝতে পারবে। |
| **বলা**<br>১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারে।<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে।<br>২.১ পাঠ ও পাঠবহির্ভূত ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে।<br>২.২ ছড়া ও কবিতা সম্পর্কে প্রশ্নের উত্তর বলতে পারবে।<br>৩.১ প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে।<br>৪.১ শ্রেণিকক্ষে পঠিত বিষয় সম্পর্কে নিজের অনুভূতি ব্যক্ত করতে পারবে। | **বলা**<br>১.১.১ শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বাক্যস্থিত শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩.২ কোনো বিষয়ে প্রশ্ন করতে ও প্রশ্নের উত্তর দিতে পারবে।<br>২.১.২ পাঠ্যবইয়ের কবিতা আবৃত্তি করতে পারবে।<br>২.২.২ কবিতার বিষয়ে প্রশ্নের উত্তর বলতে পারবে।<br>৩.১.২ অন্যের সঙ্গে প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে।<br>৪.১.১ অধীত বিষয় সম্পর্কে অনুভূতি শুদ্ধভাবে ব্যক্ত করতে পারবে। |

| | |
|---|---|
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫ দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন, কমা চিনে বাক্য পড়তে পারবে।<br><br>২.১ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা পড়তে পারবে।<br>২.২ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে।<br>৩.১ নিজের ও অন্যের লেখা শব্দ ও বাক্য পড়তে পারবে। | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠ্যপুস্তকের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫.১ দাঁড়ি বিরাম চিহ্নটি চিনে বাক্য পড়তে পারবে।<br>১.৫.৩ কমা চিহ্ন চিনে পড়তে পারবে।<br>২.১.২ প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পারবে।<br>২.২.২ প্রমিত উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পারবে ।<br>৩.১.১ নিজের লেখা শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.২ নিজের লেখা বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.৩ অন্যের স্পষ্ট লেখা শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে। |
| **লেখা**<br>১.৩ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br><br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬ বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br><br><br>২.১ পাঠ্যপুস্তকের ছড়া ও কবিতা লিখতে পারবে।<br>২.৩ ছড়া, কবিতা, গল্প, কথোপকথন ও বর্ণনা সম্পর্কে লিখতে পারবে। | **লেখা**<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬.১ দাঁড়ি বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ প্রশ্নবোধক বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.৩ কমা বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>২.১.২ পাঠ্যপুস্তকের কবিতা লিখতে পারবে।<br>২.৩.২ কবিতা-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |

**পাঠ বিভাজনঃ পিরিয়ড -৮**

**পিরিয়ড-১**

**পৃষ্ঠাঃ ৩২ (আমাদের ছোট নদী.............শিয়ালের হাঁক)**

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.৩, ২.১.২

**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.১.২, ২.২.২, ৩.১.২, ৪.১.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২,১.৫.১, ১.৫.৩,২.১.২, ২.২.২,

**উপকরণ :** পাঠ্যপুস্তক

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয় :** কবিতা পড়া। |

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন,
  - তারা কখনো নদী দেখেছে কিনা?
  - কোথায় দেখেছে?
  - সেখানে তারা কী কী দেখেছে?

- শিক্ষক  শিক্ষার্থীদের নদীর ছবি দেখাবেন। ছবিতে তারা কী কী দেখতে পাচ্ছে  জিজ্ঞেস করবেন
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন আজ "আমাদের ছোট নদী " কবিতাটি পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন। প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও *শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।*
- শিশুদের উদ্দেশে বলবেন আজ আমরা কবিতার নির্ধারিত অংশ (আমাদের ছোট নদী------  শিয়ালের হাঁক) পড়ব, আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৩২ পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক প্রথমে পাঠের ছবি নিয়ে আলোচনা করবেন। *শিশুরা প্রশ্ন, আদেশ  ইত্যাদি বুঝতে পারছে কি না তা লক্ষ করবেন।*
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি কয়েকবার আবৃত্তি করে শোনাবেন। এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। *শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।*
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের মধ্যের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ ঠিক নিয়মে পড়বেন। শিক্ষার্থীদের এই বিষয়ে বলবেন এবং তাদের পড়ার সময় এই বিষয়ে নজর রাখবেন।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন। এরপর দলে কীভাবে কবিতাটি পড়তে হবে তা বুঝিয়ে বলবেন।

যেমন,

  - প্রথমে একজন শিক্ষার্থী কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন, এরপরের জন ৩য় লাইন।
  - এভাবে তারা আয়ত্ত করবে। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন।
  - শিক্ষক পিছিয়ে পড়া শিশুদের রিডিং পড়াবেন।

- এরপর সবাইকে সমবেতভাবে (আগের মতো) বসতে বলবেন। শিক্ষক এবার শিশুদের  দৃষ্টি আকর্ষণ করে কবিতাংশের বিষয়বস্তু বুঝিয়ে দেবেন। *সবাই মনোযোগসহকারে শুনছে কি না তা লক্ষ করবেন।*
- এরপর কবিতার বিশেষ বা নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন এবং বুঝিয়ে দেবেন। যেমনঃ পাড়ি, হাঁক ইত্যাদি। *শিশুদের শব্দগুলো* পড়াবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ থেকে ছোট ছোট প্রশ্ন করবেন, যেমন- বৈশাখ মাসে ছোট নদীতে জল কতটুকু থাকে? নদীর তীরে কী ফুল দেখা যায়? আঁচলে তারা কী ধরে?
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-২
## পৃষ্ঠাঃ ৩২ (আমাদের ছোট নদী........... শিয়ালের হাঁক)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.৩, ২.১.২

**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.১.২, ২.২.২, ৩.১.২, ৪.১.১

**পড়া** : ২.১.২, ২.২.২, ৩.১.১,৩.১.২, ৩.১.৩

**উপকরণ :** পাঠ্যপুস্তক

| |
|---|
| **পাঠের  আলোচ্য বিষয় কবিতা পড়া এবং আবৃত্তি করা।** |

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন।***
  - বৈশাখ মাসে ছোট নদীতে জল কতটুকু থাকে?
  - নদীর তীরে কী ফুল দেখা যায়?
  - আমাদের ছোট নদী কবিতাটি কে লিখেছেন?
  - পাড়ি, হাঁক শব্দগুলোর অর্থ ও বাক্য বল।
- শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নটি করবেন,
  - কবিতার ছোট নদী আর তোমাদের দেখা নদী কি একই রকম?
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন আজ “আমাদের ছোট নদী ” কবিতাটি পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন। প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও ***শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।***
- শিশুদের উদ্দেশে বলবেন আজকেও আমরা গত দিনের নির্ধারিত অংশ (আমাদের ছোটনদী.........শিয়ালের হাঁক)পড়বো, আবৃত্তি করা শিখব এবং আলোচনা কব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৩২ পৃষ্ঠা খুলতে বলবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কি না তা লক্ষ করবেন।***
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি কয়েকবার আবৃত্তি করে শোনাবেন। এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। ***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক এবার শিশুদের দৃষ্টি আকর্ষণ করে কবিতাংশের বিষয়বস্তু বুঝিয়ে দেবেন। ***সবাই মনোযোগসহকারে শুনছে কিনা তা লক্ষ করবেন।***
- কবিতাটি শিক্ষক শিক্ষার্থীসহ ছন্দের তালে আবৃত্তি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের কবিতার প্রথম আট চরণ বই দেখে আবৃত্তি করতে বলবেন।
- শিক্ষক পুনরায় দুই চরণ দুই চরণ করে পড়বেন। শিক্ষার্থীরা তার সাথে পড়বে। এভাবে কবিতাংশটি শিশুদের রপ্ত না হওয়া পর্যন্ত শিক্ষক পড়াবেন। কবিতাংশটি মুখস্থ হয়েছে কিনা তা শিক্ষার্থীদের জিজ্ঞেস করে জেনে নেবেন।
- এরপর কবিতার বিশেষ বা নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন এবং বুঝিয়ে দেবেন। (পাঠ্যবইয়ের পিছনে দেওয়া শব্দ কীভাবে খুঁজে বের করতে হয় তা বুঝিয়ে দেবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের কয়েকজনকে সামনে এসে কবিতাটির প্রথম আট চরণ আবৃত্তি করতে বলবেন ।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ থেকে ছোট ছোট প্রশ্ন করবেন, চিকচিক কী করে আর কিচিমিচি কারা করে?
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৩

## পৃষ্ঠা: ৩২ (তীরে তীরে................ জেগে ওঠে পাড়া)

**শিখনফল**

**শোনা** :২.২.১

**বলা** :২.২.২, ২.২.২, ৩.১.২, ৪.১.১

**পড়া** :২.১.২, ২.২.২, ৩.১.১ ৩.১.২, ৩.১.৩

**লেখা** :১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** কবিতা পড়া।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন।***
  - ***শিক্ষার্থীদের মধ্য থেকে দুই-একজনকে কবিতাটির প্রথম আট চরণ আবৃত্তি করতে বলবেন।***
  - ***আমাদের ছোট নদী কীভাবে চলে?***
  - ***বৈশাখ মাসে ছোট নদীতে কতটুকু জল থাকে?***
  - ***পাড়ি, হাঁক, চিকচিক, ঝাঁক শব্দগুলো দিয়ে বাক্য তৈরি করে বল।***
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন আজ "আমাদের ছোট নদী" কবিতাটি পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন। প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও ***শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।***
- শিশুদের উদ্দেশে বলবেন আজ আমরা কবিতার নির্ধারিত অংশ (তীরে তীরে------- জেগে ওঠে পাড়া) পড়ব, আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৩২ পৃষ্ঠা খুলতে বলবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।***
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি কয়েকবার আবৃত্তি করে শোনাবেন। এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। ***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন। এরপর দলে কীভাবে কবিতাটি পড়তে হবে তা বুঝিয়ে বলবেন।

  যেমন:
  - প্রথমে একজন শিক্ষার্থী কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন, এরপরের জন ৩য় লাইন।
  - এভাবে তারা আয়ত্ত করবে। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন।
  - পাঠে পিছিয়ে পড়া শিশুদের শিক্ষক রিডিং পড়াবেন এবং সহায়তা করবেন।
- এরপর সবাইকে সমবেতভাবে (আগের মতো) বসতে বলবেন। শিক্ষক এবার শিশুদের দৃষ্টি আকর্ষণ করে কবিতাংশের বিষয়বস্তু বুঝিয়ে দেবেন। ***সবাই মনোযোগসহকারে শুনছে কি না তা লক্ষ করবেন।***
- কবিতাংশটি মুখস্থ হয়েছে কিনা তা শিক্ষার্থীদের জিজ্ঞেস করে জেনে নেবেন।
- কয়েকজনকে মুখস্থ বলতে বলবেন।
- শিক্ষক লক্ষ রাখবেন শিশুদের উচ্চারণ শুদ্ধ হচ্ছে কিনা। বিশেষ বিশেষ শব্দের উচ্চারণ যেমন: বরষা, আঁচল, ছাঁকিয়া, ভরো-ভরো ইত্যাদি শিক্ষক উচ্চারণ করে শিখিয়ে দেবেন।
- যাদের মুখস্থ হয়েছে তাদের সামনে এসে কবিতাটি ছন্দের তালে, শুদ্ধ উচ্চারণে শেষ আট চরণ আবৃত্তি করতে বলবেন।
- এরপর কবিতার বিশেষ বা নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন এবং বুঝিয়ে দেবেন। যেমন: বাদলধারা, খরতর, সাড়া, উৎসব, ঢালু ইত্যাদি।
- এরপর শব্দগুলোর অর্থসহ বাক্য লিখতে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

**পিরিয়ড-৪**

**পৃষ্ঠা: ৩৩ (অনুশীলনী - ১, ২)**

**শিখনফল**

শোনা :২.২.১

**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.২, ২.২.২, ২.২.২, ৩.১.২, ৪.১.১
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১,১.৫.৩,২.১.২, ২.২.২, ৩.১.১ ৩.১.২, ৩.১.৩
**লেখা** :১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয়:** অনুশীলনী।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন।***
  - কবিতাটি আবৃত্তি করতে বলবেন।
  - বাদলধারা, খরতর, সাড়া, উৎসব, ঢালু শব্দগুলোর অর্থ ও বাক্য জিজ্ঞাসা করবেন।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৩৩ পৃষ্ঠা খুলতে বলবেন। ১ নং অনুশীলনীর শব্দগুলো পাঠের মধ্যে কোথায় কোথায় অছে তা খুঁজে বের করে নিচে দাগ দিতে বলবেন। এ সময় শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা করবেন।
- শিক্ষক এরপর ১ নং অনুশীলনীর প্রতিটি শব্দের অর্থ, বাক্য শিশুদের মুখে মুখে জিজ্ঞেস করবেন।প্রয়োজনে সহায়তা করবেন।
- এরপর শিক্ষক শব্দের অর্থ ও বাক্য প্রয়োজন অনুযায়ী লিখতে দেবেন।
- এরপর শিক্ষক ২ নং অনুশীলনীর কাজ করাবেন- 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।' প্রথমে শিক্ষক একটি বোর্ডে দেখিয়ে দেবেন। শিশুদের উদ্দেশে জিজ্ঞাসা করবেন, ওপরের শব্দগুলো থেকে খালি জায়গায় কোন শব্দটি বসবে। শিশুরা বলবে শিক্ষক খালি জায়গায় শব্দটি লিখবেন। শিশুদের পড়াবেন ও লিখাবেন।
- শিক্ষক চারটি দলে কবিতার চারটি করে চরণ লিখতে দেবেন। প্রথম দল প্রথম চারটি চরণ, দ্বিতীয় দল এর পরের চারটি চরণ, তৃতীয় দল তার পরের চারটি চরণ এবং চতুর্থ দল শেষ চারটি চরণ লিখবে। দলের প্রত্যেকেই লিখবে।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-সংশ্লিষ্ট কয়েকটি শব্দের বানান জিজ্ঞেস করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড -৫
## পৃষ্ঠা: ৩৩ - ৩৪ (অনুশীলনী - ৩, ৪)

**শিখনফল**

**শোনা** :২.২.১
**বলা** :২.২.২, ২.২.২, ৩.১.২, ৪.১.১
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ২.১.২, ২.২.২, ৩.১.১ ৩.১.২, ৩.১.৩
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** অনুশীলনী

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন।***
  - শিক্ষক শিক্ষার্থীদের পূর্ব পাঠে শেখা বানানের সম্বন্ধে জিজ্ঞেস করবেন।
- এবার শিশুদের পাঠ্যপুস্তকের ৩৩ পৃষ্ঠা খুলতে বলবেন এবং আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন।

- শিক্ষক ৩নং অনুশীলনীর কাজ করাবেন- শিরোনাম বোর্ডে লিখবেন- 'মুখে মুখে উত্তর বলি ও লিখি।' শিশুরা মুখে মুখে উত্তর বলবে এবং লিখবে। অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুকে সহায়তা করবেন। শিক্ষক প্রশ্নের উত্তরগুলো মুখে মুখে জিজ্ঞাসা করবেন, শিক্ষার্থীরা উত্তরগুলো বলবে। শিক্ষক উত্তরগুলো শুনবেন, প্রয়োজনে সংশোধন করবেন।
- শিক্ষার্থীদের উত্তরগুলো নিজেদের খাতায় লিখতে বলবেন। শিক্ষক শিক্ষার্থীদের সাহায্য করবেন।
- শিক্ষার্থীরা ৪নং প্রশ্নের ছবিগুলোর সাথে রেখা টেনে বাক্যের সাথে মিলাবে।
- শিক্ষক কবিতার ছোট নদীটি কেমন ছিল সেটা শিক্ষার্থীদের নিজেদের ভাষায় বলতে বলবেন। শিক্ষক বারবার শিক্ষার্থীদেরকে জিজ্ঞাসা করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড- ৬
## পৃষ্ঠা: ৩৩ (অনুশীলনী- ৫, ৬)

**শিখনফল**

**শোনা** :২.২.১

**বলা** :২.২.২, ২.২.২, ৩.১.২, ৪.১.১

**পড়া** :২.১.২, ২.২.২, ৩.১.১ ৩.১.২, ৩.১.৩

**লেখা** :১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** অনুশীলনী।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের কাজগুলি করাবেন।***
- শিক্ষার্থীরা পুরো কবিতাটি আবৃত্তি করবে।
- শিক্ষক 'আমাদের ছোট নদী চলে বাঁকে বাঁকে' এই লাইনের সাথে ছন্দ মিলিয়ে আর একটি বাক্য তৈরি করতে বলবেন। শিক্ষক একটা উদাহরণ দেবেন, 'সোনালি সূর্য হাসে সাদা মেঘের বাঁকে, রূপালি চাঁদ হাসে নীল আকাশের ফাকে।

- শিক্ষক সাহায্য করবেন। পারগ শিক্ষার্থীরা দুর্বল শিক্ষার্থীদের সাহায্য করবে।
- সব শিক্ষার্থীর লেখা দুই লাইন কবিতা ক্লাসের দেওয়ালে টাঙাবেন।
- এই কাজ শিক্ষার্থীদের ভাষার দক্ষতা বাড়াবে এবং এই ধরনের কাজে অনুপ্রাণিত করবে।
- এবার শিশুদের পাঠ্যপুস্তকের ৩৫ পৃষ্ঠা খুলতে বলবেন এবং আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন।
- পাঠের শিরোনাম অনুশীলনী ৫ নং প্রশ্ন বোর্ডে লিখবেন। শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ৫ নং প্রশ্নের জোড়া শব্দগুলো পড়তে বলবেন। এরপর একই ছন্দের নতুন শব্দ বানিয়ে ফাঁকা জায়গায় লিখতে বলবেন।
- এরপর শিক্ষক ৬ নং অনুশীলনীর কাজ করাবেন। শিক্ষার্থীরা ৬ নং প্রশ্নের নদীর ছবিটি দেখে দুটি বাক্য লিখবে। প্রয়োজনে শিক্ষক সাহায্য করবেন।
- নিজেদের লেখা বাক্যগুলি শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে পড়ে শোনাবে।
- শিক্ষার্থীদের দলে ভাগ করে আমাদের ছোট নদী কবিতার চারটি চরণ দেবেন, তারা এর পরের চরণটি লিখবে।
- শিক্ষক শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন তারা আরও কবিতার ছন্দ বানাতে পারবে কিনা? শিক্ষক শিক্ষার্থীদের কালো, কাদা, ঝাঁক ইত্যাদি শব্দের সাথে ছন্দ মিলিয়ে নতুন শব্দ বানাতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৭
## পৃষ্ঠা: ৩৫ (অনুশীলনী-৬)

**শিখনফল**

**শোনা** :২.২.১
**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.২, ২.২.২, ২.২.২, ৩.১.২, ৪.১.১
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১,১.৫.৩,২.১.২, ২.২.২, ৩.১.১ ৩.১.২, ৩.১.৩
**লেখা** :১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয়:** অনুশীলনী।

**শিখন-শেখানো কৌশল**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন।***
- ছেলেমেয়েরা কী দিয়ে গায়ে জল ঢালে?
- ছোট মাছ কী দিয়ে ধরে? ইত্যাদি।
- আজকের পাঠ সম্পর্কে ধারণা দেবেন।
- এরপর শিশুদের বইয়ের ৩৫ পৃষ্ঠা খুলতে বলবেন।
- এরপর অনুশীলনী ৭ নং প্রশ্ন করাবেন এবং শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিশুরা একে একে কবিতাটি আবৃত্তি করবে।
- শিক্ষক শিক্ষার্থীদের কবিতাটি তাদের নিজ নিজ খাতায় লিখতে বলবেন।
- শিক্ষার্থীদের কবিতা-সংশ্লিষ্ট কোনো প্রশ্ন থাকলে প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন তারা এই কবিতা থেকে নতুন কী শিখেছে?
- শিক্ষক তাদের উৎসাহ দেবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৮
## পৃষ্ঠা: ৩২-৩৫ (পুনরালোচনা)

**শিখনফল**

**শোনা** :২.২.১
**বলা** :২.২.২, ২.২.২, ৩.১.২, ৪.১.১
**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১,১.৫.৩,২.১.২, ২.২.২, ৩.১.১ ৩.১.২, ৩.১.৩
**লেখা** :১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয়:** পুরো পাঠের মূল্যায়ন।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন।***

- শিক্ষক পুরো কবিতাটি এক চরণ প্রত্যেক শিক্ষার্থীকে বলতে বলবেন। কোন শিক্ষার্থীর পর কে বলবে সেটা শিক্ষক বলে দেবেন। এই খেলার মাধ্যমে শিক্ষার্থীরা একটা চ্যালেঞ্জ অনুভব করবে। প্রত্যেকের মনোযোগ এবং কবিতাটি কার কতোটা ভালো মুখস্থ হয়েছে সেটা বোঝা যাবে।
- শিক্ষক বোর্ডে কবিতাটির বিশেষ শব্দগুলো লিখবেন। দৈবচয়নে শিক্ষার্থীদেরকে বোর্ডে ডাকবেন এবং বোর্ডে লেখা শব্দগুলো দিয়ে বাক্য রচনা করতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের তাদের ইচ্ছামতো যে কোনো শিক্ষার্থীকে কবিতা থেকে প্রশ্ন করতে বলবেন। এই খেলার মাধমে শ্রেণিকক্ষে একটি প্রতিযোগিতামূলক পরিস্থিতি তৈরি হবে। শিক্ষার্থীদের আত্মবিশ্বাস বাড়বে।
- শিক্ষক সবশেষে শিক্ষার্থীদের উদ্দেশে এই পাঠের সারসংক্ষেপ বলবেন।


# দাদির হাতের মজার পিঠা

বাংলাদেশে শীতকালে পিঠাপুলি খাওয়ার ধুম পড়ে যায়। এ সময় ঘরে ঘরে ওঠে নতুন ধান। ঢেঁকিতে ধান ভানা হয়। ধান ভানার পর সেই চাল গুঁড়ো করা হয়। তা দিয়ে তৈরি হয় নানা ধরনের পিঠা। নানা ধরনের অনুষ্ঠানে পিঠা খাওয়া হয়।

এসব পিঠার সুন্দর সুন্দর নাম আছে। যেমন: খেজুর পিঠা, চুষি পিঠা, বিবিখানা পিঠা, চিতই পিঠা, ছিট পিঠা, সেমাই পিঠা, ভাপা পিঠা, দুধচিতই পিঠা, পাটিসাপটা, পুলি, নারকেল পিঠা। এমনি নানা নামের পিঠা। শীতকালে গরম গরম পিঠার মজাই আলাদা।



শীতের ছুটিতে তুলি আর তপু যায় নিজেদের গ্রামের বাড়ি। ঘুম থেকে ওঠে তারা দেখে দাদি পিঠা তৈরি করছেন।




তুলি : দাদিমা, এটা কী পিঠা?

দাদি : এটাকে বলে ভাপা পিঠা।


তপু : ভাপা পিঠা বানাতে কী কী লাগে?

দাদি : চালের গুঁড়ো, খেজুরের গুড় আর কোরা নারকেল।





এরই মধ্যে দাদি পিঠা বানানোর ছাঁচে চালের গুঁড়ো নিলেন। তার ভিতরে দিলেন গুড় আর কোরা নারকেল। উনুনে পানির হাঁড়ির ওপর সেই ছাঁচ রাখলেন। ভাপে সিদ্ধ হলো পিঠা। এর মধ্যে সেখানে এসে উপস্থিত হলেন তাদের ফুফু আর ফুফাতো ভাইবোন। ভাইটির নাম অনু। বোনটির নাম পলা।



তুলি : অনু, তুমি কোন শ্রেণিতে পড়?

অনু : দ্বিতীয় শ্রেণিতে।

তপু : পলা তুমি কোন শ্রেণিতে পড়?

পলা : প্রথম শ্রেণিতে।

সাতদিন বাড়িতে থাকল তারা। কত রকম মজাদার পিঠাই যে খেল। বাংলাদেশ পিঠাপুলির দেশ। একেক অঞ্চল একেক রকম পিঠার জন্য বিখ্যাত।

# অনুশীলনী

অনুষ্ঠান    সুন্দর    উনুন    ভাপ    সিদ্ধ    মজাদার    অঞ্চল    বিখ্যাত

**২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।**


| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| উনুনে | অনুষ্ঠানে | ভাপ | সিদ্ধ | বিখ্যাত | সুন্দর | মজাদার |

ক. ............................ দিয়ে তৈরি হয় ভাপা পিঠা।

খ. গোলাপ দেখতে ...................................... ।

গ. অতিথির জন্য ............................. খাবার রান্না হচ্ছে।

ঘ. আমরা গানের .................................... যাই।



ঙ. আমরা ................................ ডিম খাই।

চ. ...................................... ভাত বসাও।

ছ. টাঙ্গাইলের চমচম ................................. ।

**৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| অনুষ্ঠান | ষ্ঠ | ষ | ঠ | | কাষ্ঠ, পৃষ্ঠা |
| বর্ষা | র্ষ | ́ | ষ | | বর্ষ, হর্ষ |
| রাত্র | ত্র | ত | ্র | (র–ফলা) | পাত্র, ছাত্র |
| বাষ্প | ষ্প | ষ | প | | পুষ্প, নিষ্পাপ |
| সিদ্ধ | দ্ধ | দ | ধ | | বিদ্ধ, শুদ্ধ |
| উপস্থিত | স্থ | স | থ | | সুস্থ, আস্থা |
| অঞ্চল | ঞ্চ | ঞ | চ | | চঞ্চল, পঞ্চাশ |
| বিখ্যাত | খ্য | খ | ্য | (য–ফলা) | খ্যাপা, ব্যাখ্যা |

৪. মুখে মুখে উত্তর বলি ও লিখি।

ক. পিঠাপুলি খাওয়ার ধুম পড়ে কখন?


খ. চাল গুঁড়ো করা হয় কেন?

গ. ভাপে সিদ্ধ পিঠাকে কী পিঠা বলে?


ঘ. ভাপা পিঠা বানাতে কী কী লাগে?

৫. ছবির নিচে পিঠার নাম লিখি ও পিঠা সম্পর্কে বলি।





....................................    ....................................





....................................    ....................................

৬. আমার প্রিয় পিঠা সম্পর্কে দুইটি বাক্য লিখি।

..................................................................................................

..................................................................................................

# দাদির হাতের মজার পিঠা
## পৃষ্ঠা ৩৬-৩৯

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে ।<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ শুনে বুঝতে পারবে ।<br><br>৩.১ পরিচয়মূলক কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে । | **শোনা**<br>১.১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি শুনে মনে রাখতে পারবে ।<br>১.৩.১ নির্দেশনা শুনে পালন করতে পারবে ।<br>১.৩.৩ প্রশ্ন শুনে বুঝতে পারবে ।<br>৩.১.১ পরিচয়মূলক কথোপকথন শুনে বুঝতে পারবে ।<br>৩.১.২ বর্ণনা শুনে বুঝতে পারবে । |
| **বলা**<br>১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br><br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে ।<br>২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে ও বিভিন্ন বিষয়ে বর্ণনা করতে পারবে ।<br>৩.১ প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে ।<br><br>৪.১ শ্রেণিকক্ষে পঠিত বিষয় সম্পর্কে নিজের অনুভূতি ব্যক্ত করতে পারবে । | **বলা**<br>১.১.১ শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.১.২ বাক্যস্থিত শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.৩.২ কোন বিষয়ে প্রশ্ন করতে ও প্রশ্নের উত্তর দিতে পারবে ।<br>২.৫.১ কথোপকথনে অংশগ্রহণ করতে পারবে ।<br>২.৫.২ বিভিন্ন বিষয় বর্ণনা করতে পারবে ।<br>৩.১.১ সহপাঠীর সঙ্গে প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে ।<br>৩.১.২ অন্যের সঙ্গে প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে ।<br>৪.১.১ অধীত বিষয় সম্পর্কে অনুভূতি শুদ্ধভাবে ব্যক্ত করতে পারবে । |

| | |
|---|---|
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫ দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন, কমা চিনে বাক্য পড়তে পারবে।<br><br><br>২.৫ কথোপকথন বর্ণনা  পড়ে বুঝতে পারবে।<br><br><br><br>৩.১ নিজের ও অন্যের লেখা শব্দ ও বাক্য পড়তে  পারবে। | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠ্যপুস্তকের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫.১ দাঁড়ি বিরাম চিহ্নটি চিনে বাক্য পড়তে পারবে।<br>১.৫.২ প্রশ্নবোধক চিহ্ন চিনে বাক্য পড়তে পারবে।<br>১.৫.৩ কমা চিহ্ন চিনে বাক্য পড়তে পারবে।<br>২.৫.১ কথোপকথনের আকারে লেখা পড়তে পারবে।<br>২.৫.২ কথোপকথনের আকারে লেখা বিষয় পড়ে বুঝতে পারবে।<br>২.৫.৩ বর্ণনামূলক বিষয় পড়তে পারবে।<br>২.৫.৪ বর্ণনামূলক বিষয় পড়ে বুঝতে পারবে।<br>৩.১.১ নিজের লেখা শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.২ নিজের লেখা বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.৩ অন্যের স্পষ্ট লেখা  শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.৪ অন্যের স্পষ্ট লেখা  বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে। |
| **লেখা**<br>১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br><br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬ বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br><br><br><br>২.৩ ছড়া, কবিতা ,গল্প, কথোপকথন ও বর্ণনা সম্পর্কে লিখতে পারবে | **লেখা**<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬.১ দাঁড়ি বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ প্রশ্নবোধক বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.৩ কমা বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>২.৩.৪ কথোপকথন-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে।<br>২.৩.৫ বিভিন্ন বিষয় সহজে বর্ণনা করতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড-১১**

**পিরিয়ড-১**

**পৃষ্ঠা: ৩৬ (বাংলাদেশে শীতকালে............ মজাই আলাদা।)**

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.৩.১, ১.৩.৩, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

**উপকরণ :** পাঠ্যপুস্তক,  নানারকম পিঠার ছবি।

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয় :** রিডিং, নতুন শব্দ, যুক্তাক্ষর। |

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন।
  - ***তোমরা কে কে পিঠা খেতে পছন্দ কর?***
  - ***তোমরা কোন কোন পিঠার নাম বলতে পার?***
  - ***কোনটা তোমাদের প্রিয় পিঠা?***
  - ***কখনো পিঠা বানাতে দেখেছ?***
- শিক্ষক গল্পটি সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন। শিক্ষক পিঠার ছবি দেখিয়ে বলবেন, কী দেখতে পাচ্ছ? আজকের পাঠের বিষয় শিক্ষার্থীদের অনুমান করতে বলবেন। শিক্ষার্থীদের জবাব শুনে শিক্ষক বলবেন, চল দেখি আমাদের আজকে পাঠ।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'দাদির হাতের মজার পিঠা' গল্পটির নির্ধারিত অংশ (বাংলাদেশে শীতকালে............মজাই আলাদা।) পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৩৬ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক দুইপাতার গল্পের ছবিটি দেখাবেন, ছবিটি নিয়ে আলোচনা করবেন। ছবিটি শিক্ষার্থীদের কেমন লাগছে তা জানতে চাইবেন। তাদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন। প্রয়োজনে সহায়তা করবেন। ছবির সাথে পাঠ শিরোনামের মিল নিয়ে আলোচনা করবেন। ছবি দেখে গল্পটি কী হতে পারে শিশুদের জিজ্ঞেস করবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।***
- এবার শিক্ষক নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। ***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কিনা শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের মধ্যের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ ঠিক নিয়মে পড়বেন। শিক্ষার্থীদের এই বিষয়ে বলবেন এবং তাদের পড়ার সময় এই বিষয়ে নজর রাখবেন।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন।

  যেমন:
  - প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে।
  - এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে।
  - শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন।
  - শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের রিডিং পড়াবেন।
  - রিডিং পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।

- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। ***শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: সুন্দর- ন্দ=ন+দ, অনুষ্ঠান- ষ্ঠ= ষ+ঠ ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়তে বলবেন।***
- যুক্তবর্ণগুলোর অর্থ ও বাক্য মুখে মুখে জিজ্ঞেস করবেন।
- শিক্ষক অপেক্ষাকৃত দুর্বল শিক্ষার্থীদের সাহায্য করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বিভিন্ন পিঠার নাম জিজ্ঞেস করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-২

## পৃষ্ঠা: ৩৭ (শীতের ছুটিতে..................ভাপে সিদ্ধ হলো পিঠা ।)

**শিখনফল**

**শোনা** :৩.১.১, ৩.১.২

**বলা** :২.৫.১, ২.৫.২, ৩.১.১, ৩.১.২,৪.১.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণ :** পাঠ্যপুস্তক, নানারকম পিঠার ছবি ।

**পাঠের আলোচ্য বিষয়:** রিডিং, নতুন শব্দ ।

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন ।
  - বাংলাদেশে কোন সময় পিঠাপুলি খাওয়া হয়?
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন ।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, গতকালের পড়া পাঠ্যপুস্তকের 'দাদির হাতের মজার পিঠা' গল্পটির নির্ধারিত অংশ (শীতের ছুটিতে..................ভাপে সিদ্ধ হলো পিঠা ।) পড়ব এবং আলোচনা করব ।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৩৭ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন । ***পাঠ সংশ্লিষ্ঠ ছবি সম্পর্কে জানতে চাইবেন । শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন ।***
- এবার পাঠ্যপুস্তকের নির্দিষ্ট অংশটুকু দেখিয়ে প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন । এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল দিতে বলবেন । ***শিক্ষক সব শিক্ষার্থী লাইনের নিচে আঙুল রেখে মেলাতে ও পড়তে পারছে কিনা তা পর্যবেক্ষণ করবেন ।***
- এবার শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে ।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন ।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন । প্রয়োজনে ফলাবর্তন দেবেন ।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসিয়ে দলের কাজগুলো বুঝিয়ে দেবেন ।

যেমন:

- দলে বসে প্রত্যেকে দুই লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে ।
- ভুল হলে ঠিক করে দেবে । এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে ।
- শিক্ষক দলে ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন । এই সময় শিক্ষক যে সব শিক্ষার্থী রিডিং-এ পিছিয়ে আছে তাদের কমপক্ষে এক মিনিট রিডিং পড়াবেন ।

- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-সংশ্লিষ্ট কয়েকটি শব্দের অর্থ ও বানান ও বাক্য জিজ্ঞাসা করবেন । যেমন: অনুষ্ঠান, সুন্দর, ভাপ, উনুন । প্রয়োজনে সহায়তা কবেন ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।

**পিরিয়ড-৩**

**পৃষ্ঠা: ৩৭ (এর মধ্যে সেখানে.............পিঠার জন্য বিখ্যাত।)**

**শিখনফল**

**শোনা** : ৩.১.১, ৩.১.২
**বলা** : ২.৫.১, ২.৫.২, ৩.১.১, ৩.১.২,৪.১.১
**পড়া** : ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৪, ২.৩.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক, নানারকম পিঠার ছবি।

**পাঠের আলোচ্য বিষয়:** রিডিং, বিরাম চিহ্ন, নতুন শব্দ, যুক্তাক্ষর।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে শিক্ষার্থীদের মধ্য থেকে দুই-একজনকে গল্পটির প্রথম পৃষ্ঠার অংশটুকু নিজের ভাষায় বলতে বলবেন।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'দাদির হাতের মজার পিঠা' গল্পটির নির্ধারিত অংশ (এর মধ্যে সেখানে.............পিঠার জন্য বিখ্যাত।) পড়ব এবং আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৩৭ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। ***পাঠ-সংশ্লিষ্ট ছবি সম্পর্কে জানতে চাইবেন। শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।***
- এবার পাঠ্যপুস্তকের নির্দিষ্ট অংশটুকু দেখিয়ে প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। ***শিক্ষক সব শিক্ষার্থী লাইনের নিচে আঙুল রেখে মেলাতে ও পড়তে পারছে কিনা তা পর্যবেক্ষণ করবেন।***
- এবার শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ ঠিক নিয়মে পড়ার বিষয়ে বলবেন এবং তাদের পড়ার সময় এই বিষয়ে নজর রাখবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসিয়ে দলের কাজগুলো বুঝিয়ে দেবেন।

যেমন:

- দলে বসে প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে।
- এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে।
- শিক্ষক দলে ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন ।
- যেসব শিশুরা রিডিং এ পিছিয়ে আছে তাদের রিডিং পড়াবেন এবং যারা পারে তাদের পড়া শুনবেন।
- পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।

- দলের কাজ শেষ হলে শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমন: উপস্থিত- স্থ= স+থ, দ্বিতীয়- দ্ব= দ+ব, অঞ্চল- ঞ্চ= ঞ+চ, প্রথম,বিখ্যাত, শ্রেণি ইত্যাদি। শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়াবেন ও লিখাবেন।
- শিক্ষক গল্পটির ২য় পৃষ্ঠা থেকে কিছু প্রশ্ন শিক্ষার্থীদেরকে জিজ্ঞেস করবেন। যেমন দাদি পিঠা বনানোর জন্য ছাঁচে প্রথমে কী দিলেন?
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৪
### পৃষ্ঠা: ৩৬-৩৭ (পুনরালোচনা)

**শিখনফল**

**শোনা** : ৩.১.১, ৩.১.২
**বলা** : ২.৫.১, ২.৫.২, ৩.১.১, ৩.১.২,৪.১.১
**পড়া** : ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪
**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৪, ২.৩.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক, নানারকম পিঠার ছবি ।

| **পাঠের আলোচ্য বিষয় :** পাঠের কঠিন শব্দগুলি শেখা । |
|---|

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন,
  - শিক্ষক শিক্ষার্থীদের গল্পটি নিজেদের ভাষায় বলতে বলবেন ।
  - শিক্ষক শিশুদের বলবেন তোমরা যতটুকু পড়েছ তার ভিতরে সবচেয়ে নতুন শব্দগুলি বল । শিক্ষার্থীরা বলতে পারে কোরা, নারকেল, ছাঁচ, মজাদার ইত্যাদি ।
  - শিক্ষক শিক্ষার্থীদের বই থেকে এই শব্দগুলো খুঁজে বের করবেন ।
  - শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে ।
  - শিক্ষক বোর্ডে শব্দগুলো লিখে দিবেন। শিক্ষার্থীরা তাদের খাতায় শব্দগুলো লিখবে ।
  - শিক্ষক কয়েকজন শিক্ষার্থীদের পাঠ সংশ্লিষ্ট কয়েকটি শব্দের বানান চকবোর্ডে এসে লিখতে বলবেন । বাকি শিক্ষার্থীরা দেখবে ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।

## পিরিয়ড-৫
### পৃষ্ঠা: ৩৮ (অনুশীলনী-১, ২ )

**শিখনফল**

**শোনা** :
**বলা** : ১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৩.১.১, ৩.১.২,৪.১.১
**পড়া** : ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪
**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৪, ২.৩.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক, নানারকম পিঠার ছবি ।

| **পাঠের আলোচ্য বিষয় :** পাঠের কঠিন শব্দগুলো শেখা । |
|---|

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন,
  - গল্পটির বিভিন্ন অংশ থেকে শিক্ষার্থীদেরকে রিডিং পড়তে বলবেন ।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৩৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন ।
- শিক্ষক ১ নং অনুশীলনীর কাজ করাবেন- ১ নং অনুশীলনীর শব্দগুলো পাঠের মধ্যে কোথায় কোথায় অছে তা খুঁজে বের করে নিচে দাগ দিতে বলবেন । এ সময় শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা করবেন ।

- শিক্ষক এরপর ১ নং অনুশীলনীর প্রতিটি শব্দের অর্থ, বাক্য শিশুদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- শিক্ষার্থীরা শব্দের অর্থ ঠিক বললে শিক্ষক জিজ্ঞাসা করবেন কেন তারা এই অর্থটা ভাবল। যদি কোনো শিক্ষার্থী ভুলও বলে, কেন সে এটা ভাবল তা শিক্ষার্থীকে জিজ্ঞেস করবেন।
- এরপর শিক্ষক শব্দের অর্থ ও বাক্য প্রয়োজন অনুযায়ী লিখতে দেবেন।
- এরপর শিক্ষক ২ নং অনুশীলনীর কাজ করাবেন- 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।' প্রথমে শিক্ষক একটি বাক্য বোর্ডে দেখিয়ে দেবেন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের মুখে মুখে বাক্য রচনা করতে দেবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৬
## পৃষ্ঠা: ৩৮ (অনুশীলনী -৩)

**শিখনফল**

**শোনা** : ৩.১.১, ৩.১.২
**বলা** : ৩.১.১, ৩.১.২,৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪,
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৪, ২.৩.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক, নানারকম পিঠার ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** যুক্তাক্ষর শেখা।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন,
  - গল্পটির বিভিন্ন অংশ থেকে শিক্ষার্থীদের রিডিং পড়তে বলবেন।
  - আগের দিনে শেখা বানানগুলো আবার জিজ্ঞেস করবেন।
  - শব্দের অর্থ এবং বাক্য জিজ্ঞাসা করবেন
- শিশুদের পাঠ্যপুস্তকের ৩৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন
- প্রথমে অনুশীলনী ৩ নং প্রশ্ন করাবেন। শিরোনাম বোর্ডে লিখবেন- 'যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।' শিশুদের বলতে সহায়তা করবেন।
- ৩ নং অনুশীলনীর 'যুক্তবর্ণগুলো কয়েকজনকে শুদ্ধ উচ্চারণে ভেঙে পড়তে দেবেন।
- শিক্ষক অনুশীলনীর ৩ নং প্রশ্নের যুক্তবর্ণগুলো বোর্ডে লিখবেন। যুক্তবর্ণের চার্ট শ্রেণিকক্ষে টাঙাবেন। বোর্ডে যুক্তবর্ণগুলো ভেঙে দেখাবেন।
- শিক্ষক হাতে বর্ণ কার্ড নিয়ে কীভাবে যুক্তবর্ণ তৈরি করা যায় দেখাবেন।
- একই যুক্তবর্ণ দিয়ে আরও কয়েকটি নতুন শব্দ তৈরি করবেন।
- শিক্ষার্থীদের বলবেন একই ধরনের আরও কিছু শব্দ তারা জানে কি না?
- শিক্ষক শিক্ষার্থীদের বোর্ডে যুক্তাক্ষর লিখতে বলবেন।
- এরপর শিক্ষক তার প্রয়োজন অনুযায়ী শব্দগুলো শিশুদের ভেঙে লিখতে দেবেন। যেমনঃ অনুষ্ঠান, বর্ষা, রাত্র, বাষ্প, সিদ্ধ, উপস্থিত অঞ্চল, বিখ্যাত ইত্যাদি।
- শিক্ষক তার প্রয়োজন অনুযায়ী যুক্তবর্ণযুক্ত শব্দ দিয়ে একটি করে শব্দ তৈরি করতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৭
## পৃষ্ঠা: ৩৯ (অনুশীলনী- ৪)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.৩.১, ১.৩.৩, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৩.১.১, ৩.১.২,৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪,
**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৪, ২.৩.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক, নানারকম পিঠার ছবি।

| **পাঠের আলোচ্য বিষয় :** প্রশ্নোত্তর বোঝা ও করতে পারা। |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন,
  - ফুফাতো ভাইটির নাম কি? পলা কোন শ্রেণিতে পড়ে?
- শিশুদের পাঠ্যপুস্তকের ৩৯ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন।
- শিক্ষক মুখে মুখে শিক্ষার্থীদের অনুশীলনীর ৪ নং প্রশ্নগুলো জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীরা উত্তর দেবে।
- শিক্ষার্থীরা কোনো প্রশ্নের উত্তর না পারলে শিক্ষক সাহায্য করবেন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীরা এরপর প্রশ্নগুলোর উত্তর লিখবে।
- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন। শিক্ষার্থীরা কোনো ভুল করলে ঠিক করে দেবেন।
- শিক্ষক আরও কিছু প্রশ্ন নিজে থেকে তৈরি করে বোর্ডে লিখে দেবেন।
- শিক্ষার্থীরা জুটিতে বসে নিজেরাই প্রশ্ন তৈরি করবে। জুটিতে একে অপরকে প্রশ্ন করবে।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৮
## পৃষ্ঠা: ৩৯ (অনুশীলনী- ৫, ৬)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.৩.১, ১.৩.৩, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৩.১.১, ৩.১.২,৪.১.১
**পড়া** : ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১. ১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪
**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৪, ২.৩.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক, নানারকম পিঠার ছবি।

| **পাঠের আলোচ্য বিষয় :** নির্দেশনা বোঝা, কথোপকথন বোঝা। |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে দাদির বাড়ি আথবা নানির বাড়ি যাবার অভিজ্ঞতা এবং পিঠা খাওয়ার অভিজ্ঞতার কথা জানতে চাইবেন। শিক্ষার্থীরা কথা বলবে। শিক্ষার্থীরা নির্দেশনা শুনে বুঝতে পারছে কিনা, প্রমিত উচ্চারণে কথা বলতে পারছে কিনা, কথোপকথনে অংশগ্রহণ করতে পারছে কিনা শিক্ষক পর্যবেক্ষণ করবেন।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৩৯ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন

- শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ৫ নং প্রশ্নের পিঠার ছবিগুলোর নিচে পিঠার নাম লিখতে বলবেন।
- পিঠার নাম লেখার পরে শিক্ষক শিক্ষার্থীদের পিঠাগুলো সম্পর্কে বলতে বলবেন। শিক্ষার্থীরা পিঠাগুলি কী দিয়ে বানানো, খেতে কেমন, দেখতে কেমন ইত্যাদি সম্পর্কে বলবে।
- শিক্ষার্থীরা ৬ নং প্রশ্নের উত্তরে তাদের প্রিয় পিঠা সম্পর্কে দুটি বাক্য লিখবে।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠে যে সব পিঠার নাম দেওয়া আছে সেগুলো জিজ্ঞাসা করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৯
## পৃষ্ঠা: ৩৯ (পুনরালোচনা)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.৩.১, ১.৩.৩, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৩.১.১, ৩.১.২,৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১,
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩,

**উপকরণ :** পাঠ্যপুস্তক, নানা রকম পিঠার ছবি।

**পাঠের আলোচ্য বিষয় :** প্রশ্নোত্তর, বানান, বাক্যরচনা।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে শিক্ষার্থীদের মধ্যে যারা ভাপা পিঠা খেয়েছে তাদের ভাপা পিঠা খাওয়ার আনন্দ ও স্বাদ কেমন লেগেছিল জানতে চাইবেন। শিক্ষার্থীরা পিঠা খাওয়ার অভিজ্ঞতা সকলের সাথে বিনিময় করবে।
- শিক্ষার্থীরা বুঝতে পেরেছে কিনা তা বোঝার জন্য পাঠের মধ্য থেকে বিভিন্ন ধরনের প্রশ্ন করবেন। যেমন ভাপা পিঠা কীভাবে বানাতে হয় বল।
- শিক্ষক শিক্ষার্থীদের নতুন শব্দগুলোর বানান জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীরা বোর্ডে এসে লিখবে। ভুল হলে শিক্ষক ঠিক করে দেবেন।
- শিক্ষক তিনটি শব্দ বোর্ডে লিখে দেবেন, শিক্ষার্থীরা তাদের যার যার পছন্দমতো একটি শব্দ দিয়ে একটি বাক্য রচনা করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-১০
## পৃষ্ঠা:৩৯ (পুনরালোচনা)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.৩.১, ১.৩.৩, ৩.১.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৩.১.১, ৩.১.২,৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪,
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩,

**উপকরণ :** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণের চার্ট।

**পাঠের আলোচ্য বিষয় :** যুক্তাক্ষর শেখা।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে পাঠের বিশেষ শব্দ, নতুন শব্দগুলো শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন।
  - ***ষ্ঠ, র্ষ, ত্র, ম্প, দ্ধ, স্থ, ঞ্চ, খ্য*** ইত্যাদি যুক্তাক্ষরগুলো দিয়ে শিক্ষক বোর্ডে একটি করে শব্দ তৈরি করে দেখাবেন। শব্দগুলো ভেঙে দেখাবেন। শিক্ষার্থীরা তাদের খাতায় শব্দগুলো লিখবে।
  - শিক্ষার্থীদের ***ষ্ঠ, র্ষ, ত্র, ম্প, দ্ধ, স্থ, ঞ্চ, খ্য*** যুক্তাক্ষরগুলো দিয়ে শিক্ষক আরও নতুন শব্দ লিখে দেখাবেন। শিক্ষার্থীরা পড়বে এবং তাদের খাতায় লিখবে।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন তারা নিজেরা এই যুক্তাক্ষর গুলি দিয়ে আরও নতুন কিছু শব্দ বানাতে পারে কিনা?
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

**পিরিয়ড ১১**

**পৃষ্ঠা: ৩৯ (পুনরালোচনা)**

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.৩.১, ১.৩.৩, ৩.১.১, ৩.১.২

**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.৫.১, ২.৫.২, ৩.১.১, ৩.১.২,৪.১.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪


**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৪, ২.৩.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক, নানা রকম পিঠার ছবি।

**পাঠের আলোচ্য বিষয়:** নির্দেশনা, অধীত বিষয়ের বর্ণনা শুনে বোঝা, বর্ণনামূলক বিষয় বোঝা, বিরাম চিহ্নের ব্যবহার, বিভিন্ন বিষয়ের সহজ বর্ণনা করা ইত্যাদি মূল্যায়ন।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে শিক্ষার্থীদের পুর্বের দিন বলে দিবেন বাড়ি থেকে ভাপা পিঠা ছাড়া অন্য যেকোনো একটা পিঠা বানানোর নিয়ম শিখে আসতে।
- শিক্ষক শ্রেণিতে সকল শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন কে কোন পিঠা বানানোর নিয়ম শিখে এসেছে? তাদের উত্তরগুলো শুনবেন।
- বিভিন্ন পিঠার নাম অনুযায়ী শিক্ষার্থীদের বিভিন্ন দলে ভাগ করে দে
- প্রতিটি দল চার্ট কাগজে তাদের পিঠা বানানোর নিয়ম লিখবে। তাদের পিঠার ছবি আঁকবে।
- শিক্ষার্থীরা লেখা শেষ হলে শ্রেণিতে তাদের পিঠা বানানোর নিয়ম পড়ে শোনাবে।
- শিক্ষক সকলের চার্ট কাগজ শ্রেণি কক্ষের দেওয়ালে প্রদর্শনী করবেন।
- শিক্ষার্থীদের তাদের কাজের জন্য প্রশংসা করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।



# ট্রেন

শামসুর রাহমান

ঝক ঝকাঝক ট্রেন চলেছে
রাত দুপুরে অই।
ট্রেন চলেছে, ট্রেন চলেছে
ট্রেনের বাড়ি কই?
একটু জিরোয়, ফের ছুটে যায়
মাঠ পেরুলেই বন।
পুলের ওপর বাজনা বাজে
ঝনঝনা ঝনঝন।
দেশ বিদেশে বেড়ায় ঘুরে
নেইকো ঘোরার শেষ।
ইচ্ছে হলেই বাজায় বাঁশি,
দিন কেটে যায় বেশ।
থামবে হঠাৎ মজার গাড়ি
একটু কেশে খক।
আমায় নিয়ে ছুটবে আবার
ঝক ঝকাঝক ঝক।

## অনুশীলনী

১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

ঝক ঝকাঝক   রাত দুপুরে   জিরোয়   ফের   পেরুলেই   বাজনা   বেশ

২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| রাত দুপুরে | ঝক ঝকাঝক | জিরোয় | বাজনা | ফের | পেরুলেই | বেশ |

ক. এখানে আমি ................................................আছি।

খ. ...................................... শিয়াল ডাকে।

গ. মাঠ ....................................... নদী দেখা যায়।

ঘ. কাজ শেষে তারা ....................................... ।

ঙ. এখানে আমি ............................................... আসব।

চ. ............................. শব্দ করে ট্রেন চলে।

ছ. বিয়ে বাড়িতে ............................................... বাজে।

৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

ট্রেন   ট্র   ট   ্র (র-ফলা)   ট্রাক, ট্রাম

৪. বিপরীত শব্দ জেনে নিই। ফাঁকা ঘরে ঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি করি।

| | |
|---|---|
| রাত | দিন |

| | |
|---|---|
| দেশ | বিদেশ |

| | |
|---|---|
| ছোটা | থামা |

ক. আমরা সারা ............................. অনেক মজা করলাম।

খ. ................................ থেকে মামা এসেছেন।

গ. সামনে এগিয়ে যেতে হলে ........................................ যাবে না।

## ৫. ডান দিক থেকে ঠিক শব্দটি বেছে নিয়ে খালি জায়গায় বসাই।

ক. মাঠ পার হলেই ......................................।

খ. পুলের ওপর ...................................... বাজে।

গ. মজার গাড়ি ........................................... থামবে।

ঘ. ট্রেন ........................................... ঘুরে বেড়ায়।

| | |
|---|---|
| বন | নদী |
| বাজনা | বাঁশি |
| অনেক পরে | হঠাৎ করে |
| গ্রামে গ্রামে | দেশ বিদেশে |

## ৬. মুখে মুখে উত্তর বলি ও লিখি।

ক. ট্রেন চলার সময় কেমন শব্দ করে?


খ. মাঠ পেরুলেই কী দেখা যায়?

গ. পুলের ওপর ট্রেন কেমন শব্দ করে?

ঘ. ট্রেন কোথায় ঘুরে বেড়ায়?

ঙ. ইচ্ছে হলে ট্রেন কী করে?

চ. ট্রেন কেমন শব্দ করে থামে?



## ৭. মিল খুঁজে বের করি ও দাগ টেনে মিলাই।

| | |
|---|---|
| অই | বেশ |
| শেষ | কই |
| বন | ঝক |
| খক | ঝন |

## ৮. ছড়া : আমার ট্রেন

আমার ট্রেন চলে ভালো
...............................

আমার ট্রেন আঁকাবাঁকা
...............................

আমার ট্রেন .......................................

আমার ট্রেন .......................................

আমার  ট্রেন .......................................

আমার ট্রেন .......................................

আমার ট্রেন .......................................

এই আমার ট্রেন।



## ৯. কবিতাটির প্রথম আট লাইন বলি ও লিখি।

# ট্রেন
## পৃষ্ঠা (৪০-৪৩)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| শোনা<br>২.১ ছড়া ও কবিতা শুনে বুঝতে পারবে ও আনন্দ লাভ করবে। | শোনা<br>২.১.২ কবিতা শুনে বুঝতে পারবে। |
| **বলা**<br>১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>২.১ পাঠ ও পাঠবহির্ভূত ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে।<br>২.২ ছড়া ও কবিতা সম্পর্কে প্রশ্নের উত্তর বলতে পারবে। | **বলা**<br>১.১.১ শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>২.১.২ পাঠ্যবইয়ের কবিতা আবৃত্তি করতে পারবে।<br>২.১.৪ পাঠবহির্ভূত কবিতা আবৃত্তি করতে পারবে।<br>২.২.২ কবিতার বিষয়ে প্রশ্নের উত্তর বলতে পারবে। |
| **পড়া**<br>1.3 যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>২.১ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা পড়তে পারবে।<br>২.২ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে। | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠ্যপুস্তকের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>২.১.২ প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পারবে।<br>২.২.২ প্রমিত উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পারবে। |
| **লেখা**<br>১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬ বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>২.১ পাঠ্যপুস্তকের ছড়া ও কবিতা লিখতে পারবে।<br>২.৩ ছড়া, কবিতা, গল্প, কথোপকথন ও বর্ণনা সম্পর্কে লিখতে পারবে। | **লেখা**<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬.১ দাঁড়ি বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ প্রশ্নবোধক বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.৩ কমা বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>২.১.২ পাঠ্যপুস্তকের কবিতা লিখতে পারবে।<br>২.৩.২ কবিতা সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড- ৮**

**পিরিয়ড-১**

**পৃষ্ঠা: ৪২ (ঝক ঝকাঝক............ পেরুলেই বন।)**

**শিখনফল**

**শোনা** : ২.১.২

**বলা** : ১.১.১, ২.১.২, ২.২.২

**পড়া** : ১.৩.১,১.৪.১,১.৪.২, ২.১.২, ২.২.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** কবিতা বোঝা ও আনন্দ লাভ করা, প্রমিত উচ্চারণে আবৃত্তি করতে পারা, যুক্তবর্ণ শেখা।

**শিখন-শেখানো কার্যাবলি**

(সম্ভব হলে এই পাঠ যেদিন পড়ানো হবে সেদিন সমাবেশ থেকে শ্রেণিকক্ষে ঢোকার সময় শিক্ষক শিক্ষার্থীদের বলবেন, সামনের জনের কাঁধের ওপর হাত দিয়ে ( ৪০ পৃষ্ঠার ছবির মতো) ট্রেনের মতো আঁকাবাঁকা হয়ে শ্রেণিকক্ষে ঢুকতে। শিক্ষার্থীরা মুখে ঝক ঝকাঝক শব্দ করবে। শিক্ষক ট্রেনের বাঁশির মতো বাঁশি বাজাবেন তার মুখ দিয়ে। শিক্ষক শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন তারা এতক্ষণ কী করছিল? শিক্ষার্থীরা যদি বলতে পারে তবে তাদের প্রশংসা করবেন। না পারলে বলবেন যে তোমরা ট্রেন হয়েছিলে।)

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন।
  - কে কে ট্রেনে চড়েছ?
  - ট্রেন কেমন লেগেছিল, কেন ভালো বা খারাপ লেগেছিল জানতে চাইবেন।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম 'ট্রেন' ও কবির নাম 'শামসুর রাহমান' বোর্ডে লিখবেন। ***প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।***
- শিশুদের উদ্দেশে বলবেন আজ আমরা 'ট্রেন' কবিতার নির্ধারিত অংশ (ঝক ঝকাঝক............ পেরুলেই বন ) পড়ব, আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৪০ পৃষ্ঠা খুলতে বলবেন। প্রথমে পাঠ্যপুস্তকের পাঠ-সংশ্লিষ্ট ছবিটি শিক্ষার্থীদের দেখতে বলবেন। ছবিতে কী আছে তা শিশুরা চিনতে পারছে কি না ছোট ছোট প্রশ্ন করে জেনে নিবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কি না তা লক্ষ করবেন।***
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি প্রমিত উচ্চারণে ছন্দ ছন্দে তালে তালে কবিতা ও কবির নামসহ পড়বেন। কয়েকবার আবৃত্তি করে শোনাবেন। এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। ***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের মধ্যের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ ঠিক নিয়মে পড়বেন। শিক্ষার্থীদের এই বিষয়ে বলবেন এবং তাদের পড়ার সময় এই বিষয়ে নজর রাখবেন।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন। এরপর দলে কীভাবে কবিতাটি পড়তে হবে তা বুঝিয়ে বলবেন। যেমন,
  - প্রথমে একজন শিক্ষার্থী কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন, এরপরের জন ৩য় লাইন এভাবে তারা আয়ত্ত করবে। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন।
  - পিছিয়ে পড়া শিশুদের শিক্ষক রিডিং পড়াবেন।
- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন।
- এরপর শিক্ষক বিশেষ বিশেষ শব্দের অর্থ ও বাক্য শিক্ষার্থীদের মুখে মুখে জিজ্ঞাসা করবেন এবং বোর্ডে লিখবেন। যেমন: ঝক ঝকাঝক, রাত দুপুরে, জিরোয়, ফের, পেরুলেই ইত্যাদি।
- শিক্ষক যুক্তবর্ণগুলো বোর্ডে ভেঙে শেখাবেন। প্রথমে শিশুদের যুক্তবর্ণটি ভেঙে লিখলে কী হবে তা জিজ্ঞাসা করে বোর্ডে লিখবেন। যেমন: ট্রেন। তিনি যুক্তাক্ষরগুলো দিয়ে তৈরি আরও কয়েকটি শব্দ বলবেন। শিক্ষক শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দগুলো পড়াবেন। শিক্ষক পিছিয়ে পড়া শিক্ষার্থীদের নিরাময়মূলক ব্যবস্থা দিবেন।

- শিক্ষক প্রশ্ন করবেন পুলের ওপর দিয়ে যাওয়ার সময় ট্রেন কেমন শব্দ করে? এই শব্দের মতো করে প্রত্যেক শিক্ষার্থীকে নতুন শব্দ বানাতে বলবেন। শিক্ষক উদাহরণ হিসাবে বলতে পারেন টক টকাটক টক। শিক্ষার্থীরা বলতে পারলে, শিক্ষক জিজ্ঞেস করবেন এই শব্দ কোথায় শুনেছে? নাকি নিজে থেকেই বানিয়েছে? শিক্ষার্থীদের প্রশংসা করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

**পিরিয়ড-২**

**পৃষ্ঠাঃ ৪০ (পুলের উপর বাজনা..................যায় বেশ ।)**

**শিখনফল**

**শোনা** :২.১.২

**বলা** :১.১.১, ২.১.২, ২.১.৪, ২.২.২

**পড়া** :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ২.১.২, ২.২.২

**লেখা** :১.৪.১, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** কবিতা বোঝা ও আনন্দ লাভ করা, প্রমিত উচ্চারণে আবৃত্তি করতে পারা, যুক্তবর্ণ শেখা।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলি করবেন,
  - ***ট্রেন কবিতাটি কে লিখেছেন?***
  - ***ট্রেন কেমন শব্দ করে চলে?***
  - ***ঝকাঝক, রাত দুপুরে, জিরোয়, ফের, পেরুলেই শব্দগুলোর অর্থ বাক্য ও বানান জিজ্ঞাসা করবেন।***
  - ***কয়েকজনকে কবিতাটি পড়তে দেবেন।***
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন আজ 'ট্রেন' কবিতাটি পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন। প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও ***শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।***
- শিশুদের উদ্দেশে বলবেন আজ আমরা কবিতার নির্ধারিত অংশ (পুলের উপর বাজনা..................যায় বেশ ।) পড়ব, আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৪০ পৃষ্ঠা খুলতে বলবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কি না তা লক্ষ করবেন।***
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি কয়েকবার আবৃত্তি করে শোনাবেন।
- এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন। এই সময় শিশুদেরকে নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। ***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন। এরপর দলে কীভাবে কবিতাটি পড়তে হবে তা বুঝিয়ে বলবেন।

**যেমন,**

- প্রথমে একজন শিক্ষার্থী কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন, এরপরের জন ৩য় লাইন।
- এভাবে তারা আয়ত্ত করবে। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন।
- কবিতার অংশ দেখে দেখে লিখতে বলবেন অথবা যারা মুখস্থ বলতে পারবে তাদের না দেখে লিখতে বলবেন।
- পিছিয়ে পড়া শিশুদের শিক্ষক রিডিং পড়াবেন।

- এরপর সবাইকে (আগের মতো) বসতে বলবেন। শিক্ষক এবার শিশুদের দৃষ্টি আকর্ষণ করে কবিতাংশের বিষয়বস্তু বুঝিয়ে দেবেন। ***সবাই মনোযোগসহকারে শুনছে কি না তা লক্ষ করবেন।***
- এরপর কবিতার বিশেষ বা নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন এবং বুঝিয়ে দেবেন। যেমনঃ বাজনা, বেশ ইত্যাদি।
- শিক্ষক শিক্ষার্থীদের কল্পনাশক্তি, ভাষা, শব্দ, ছন্দ ইত্যাদির উন্নয়নের জন্য অই, বন, বাঁশি, শেষ ইত্যাদি শব্দের সাথে ছন্দ মিলিয়ে আরও নতুন শব্দ তৈরি করতে বলবেন।
- শিক্ষার্থীরা যুক্তবর্ণ সম্পর্কে প্রশ্ন করলে তাদের বোর্ডে বোঝাবেন। এই কবিতার যুক্তবর্ণ দুটি 'ইচ্ছে' এবং 'ট্রেন' বোর্ডে লিখে ভেঙে দেখাবেন।
- কবিতাংশটি মুখস্থ হয়েছে কিনা তা শিক্ষার্থীদের জিজ্ঞাসা করে জেনে নেবেন।
- যদি কারও মুখস্থ হয়ে থাকে, তাদের সামনে এসে কবিতাটি ছন্দের তালে, শুদ্ধ উচ্চারণে আবৃত্তি করতে বলবেন।
- শিক্ষক ট্র যুক্তবর্ণ দিয়ে শিক্ষার্থীদের নতুন শব্দ বলতে বলবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৩
## পৃষ্ঠাঃ ৪০ (থামবে হঠাৎ....................ঝকাঝক ঝক।)

**শিখনফল**

**শোনা** : ২.১.২
**বলা** : ১.১.১, ২.১.২, ২.১.৪, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ২.১.২, ২.২.২
**লেখা** : ১.৪.১, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয়:** প্রমিত উচ্চারণে কবিতাটি আবৃত্তি করা। |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন, *যেমনঃ*
  - ***শিক্ষার্থীদের কবিতাটি আবৃত্তি করতে বলবেন।***
  - ***বাজনা, বেশ শব্দ দুটি দিয়ে অর্থ ও বাক্য লিখতে দেবেন।***
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন আজ "ট্রেন" কবিতাটি পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন। প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও ***শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।***
- শিশুদের উদ্দেশে বলবেন আজ আমরা কবিতার নির্ধারিত অংশ (থামবে হঠাৎ.................... ঝকাঝক ঝক।) পড়ব, আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৪০ পৃষ্ঠা খুলতে বলবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কি না তা লক্ষ করবেন।***
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি কয়েকবার আবৃত্তি করে শোনাবেন। এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। ***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন। এরপর দলে কীভাবে কবিতাটি পড়তে হবে তা বুঝিয়ে বলবেন।

যেমন,

- প্রথমে একজন শিক্ষার্থী কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন, এরপরের জন ৩য় লাইন।
- এভাবে তারা আয়ত্ত করবে। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন।
- কবিতার অংশ দেখে দেখে লিখতে বলবেন অথবা যারা মুখস্থ বলতে পারবে তাদের না দেখে লিখতে বলবেন।
- পাঠে পিছিয়ে পড়া শিশুদের শিক্ষক রিডিং পড়াবেন।

- এরপর সবাইকে (আগের মতো) বসতে বলবেন। শিক্ষক এবার শিশুদের দৃষ্টি আকর্ষণ করে কবিতাংশের বিষয়বস্তু বুঝিয়ে দেবেন। ***সবাই মনোযোগসহকারে শুনছে কি না তা লক্ষ করবেন।***
- এরপর কবিতার বিশেষ বা নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন এবং বুঝিয়ে দেবেন।
- শিক্ষার্থীরা যুক্তবর্ণ সম্পর্কে প্রশ্ন করলে তাদের বোর্ডে বুঝাবেন। এই কবিতার যুক্তবর্ণ দুটি 'ইচ্ছে' এবং 'ট্রেন' বোর্ডে লিখে ভেঙে দেখাবেন।
- কবিতাংশটি মুখস্থ হয়েছে কিনা তা শিক্ষার্থীদের জিজ্ঞাসা করে জেনে নেবেন।
- শিক্ষক লক্ষ রাখবেন শিশুদের উচ্চারণ শুদ্ধ হচ্ছে কিনা।
- যদি কারও মুখস্থ হয়ে থাকে, তাদের সামনে এসে কবিতাটি ছন্দের তালে,শুদ্ধ উচ্চারণে শেষ আট চরণ আবৃত্তি করতে বলবেন ও লিখতে দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ সংশ্লিষ্ট কয়েকটি শব্দের বানান জিজ্ঞেস করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৪
## পৃষ্ঠা: ৪১ (অনুশীলনী -১, ২)

**শিখনফল**

**শোনা** : ২.১.২
**বলা** : ১.১.১, ২.১.২, ২.১.৪, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ২.১.২, ২.২.২
**লেখা** : ১.৪.১, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক

| পাঠের আলোচ্য বিষয়: বিশেষ ও কঠিন শব্দ শেখা। |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন, *যেমন:*
  - ***সকলে মিলে কবিতাটি একবার আবৃত্তি করতে বলবেন।।***
  - ***শিক্ষার্থীদের নতুন, বিশেষ শব্দগুলো জিজ্ঞাসা করবেন।***
  - ***শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-সংশ্লিষ্ট কয়েকটি শব্দের বানান জিজ্ঞাসা করবেন।***
- এবার শিশুদের বইয়ের ৪১ পৃষ্ঠার অনুশীলনী অংশ খুলতে বলবেন।
- শিক্ষক অনুশীলনী ১- এর শব্দগুলো পাঠের মধ্যে কোথায় কোথায় অছে তা খুঁজে বের করে নিচে দাগ দিতে বলবেন। এ সময় শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা করবেন।
- এরপর শিক্ষক ১- এর অনুশীলনীর শব্দগুলোর অর্থ ও বাক্য সকলের উদ্দেশে জিজ্ঞাসা করবেন।
- শিশুরা সমস্বরে বলবে। ***এরপর শিক্ষক প্রয়োজন অনুযায়ী শিশুদের শব্দগুলি দিয়ে অর্থ ও বাক্য লিখতে দেবেন।***

- এরপর শিক্ষক ২ নং অনুশীলনীর কাজ করাবেন- 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।' প্রথমে শিক্ষক একটি বোর্ডে দেখিয়ে দেবেন। শিশুদের উদ্দেশে জিজ্ঞাসা করবেন, উপরের শব্দগুলো থেকে খালি জায়গায় কোন শব্দটি বসবে। শিশুরা বলবে শিক্ষক খালি জায়গায় শব্দটি লিখবেন। শিশুদের পড়াবেন ও লিখাবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৫
## পৃষ্ঠা: ৪১-৪২ (অনুশীলনী-৩, ৪, ৫)

**শিখনফল**

**শোনা** : ২.১.২
**বলা** : ১.১.১, ২.১.২, ২.১.৪, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ২.১.২, ২.২.২
**লেখা** : ১.৪.১, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** যুক্তবর্ণ শেখা, বাক্য গঠন করা। বিপরীত শব্দ লেখা।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন, *যেমন:*
  - ***ঝক ঝকাঝক, রাত দুপুরে, জিরোয়, ফের, পেরুলেই, বাজনা, বেশ শব্দগুলোর অর্থ ও বাক্য জিজ্ঞসা করবেন।***
  - ***কবিতাটি মুখস্থ বলতে বলবেন।***
  - শিক্ষার্থীদের তাদের শেখা কোনো ছন্দের কবিতা বলতে বলবেন। (১ম শ্রেণিতে শেখা 'ছোটে হনহন'বলতে পারে।)
- শিক্ষক পাঠ্যপুস্তকের ৪১ পৃষ্ঠা খুলতে বলবেন। ৩ নং অনুশীলনীর যুক্তবর্ণগুলো কয়েকজনকে শুদ্ধ উচ্চারণে ভেঙে পড়তে দেবেন। কয়েকজনকে ট্রেন, ইচ্ছে যুক্তবর্ণযুক্ত শব্দ দিয়ে নতুন আরেকটি শব্দ এবং বাক্য লিখতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের ৪ নং প্রশ্নের বিপরীত শব্দগুলো পড়তে বলবেন। শিক্ষার্থীরা ঠিক শব্দ ফাঁকা ঘরে বসিয়ে বাক্য তৈরি করবে। শিক্ষক শিক্ষার্থীদের সাহায্য করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ৫ নং প্রশ্নের খালি জায়গায় শব্দ বসাতে বলবেন। শিক্ষার্থীরা ডান দিকের শব্দ তালিকা থেকে ঠিক শব্দটি বেছে নেবে। শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৬
## পৃষ্ঠা: ৪২ (অনুশীলনী- ৬,৭)

**শিখনফল**

**শোনা** : ২.১.২
**বলা** : ১.১.১, ২.১.২, ২.১.৪, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ২.১.২, ২.২.২
**লেখা** : ১.৪.১, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয় :** প্রশ্নের উত্তর বুঝে লেখা । |

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন, *যেমন:*
    - ***রাতদুপুরে, জিরোয়, ফের, পেরুলেই, বাজনা, বেশ শব্দগুলোর অর্থ ও বাক্য জিজ্ঞাসা করবেন।***
    - ***কবিতাটি মুখস্থ বলতে বলবেন।***
    - ***ট্রেন, ইচ্ছে যুক্তবর্ণযুক্ত শব্দ দিয়ে নতুন আরেকটি শব্দ ও বাক্য লিখতে বলবেন।***
    - ***কয়েকজনকে কবিতাটি আবৃত্তি করতে বলবেন।***
    - ***এরপর শিক্ষক কবিতাটির এক চরণ বলবেন এবং পরের চরণটি শিক্ষার্থীদের বলতে বলবেন। আবার পরের চরণটি শিক্ষক বলবেন। এইভাবে কবিতাটি শেষ না হওয়া পর্যন্ত খেলাটি চলতে থাকবে।***
- শিক্ষক পাঠ্যপুস্তকের ৪২ পৃষ্ঠা খুলতে বলবেন ।
- শিক্ষক অনুশীলনীর ৬ নং প্রশ্নের উত্তরগুলো শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন । শিক্ষার্থীরা মুখে মুখে বলবে । প্রয়োজনে শিক্ষক সংশোধন করে দেবেন । এরপর শিক্ষার্থীরা তাদের খাতায় উত্তরগুলি লিখবে ।
- অনুশীলনীর ৭ নং প্রশ্নের ছন্দের মিলের শব্দগুলি শিক্ষার্থীদেরকে দাগ টেনে মিলাতে বলবেন ।
- শিক্ষক শিক্ষার্থীদের এক এক করে বোর্ডে ডেকে কবিতার চরণ লিখতে বলবেন । প্রথম শিক্ষার্থী প্রথম চরণ লিখবে । তার পরের জন পরের চরণ লিখবে । এইভাবে চলতে থাকবে ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।

## পিরিয়ড- ৭
## পৃষ্ঠা: ৪৩ (অনুশীলনী- ৮, ৯)

**শিখনফল**

**শোনা** : ২.১.২
**বলা** : ১.১.১, ২.১.২, ২.১.৪, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ২.১.২, ২.২.২
**লেখা** : ১.৪.১, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয়:** কবিতা বুঝে ঠিকভাবে লেখা, যতি চিহ্নের ব্যবহার, সমমানের অন্য কবিতা পড়া । |

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন । শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন, *যেমন:*
    - শিক্ষার্থীরা নিজেদের জানা কোনো কবিতা একে একে আবৃত্তি করবে । শিক্ষক তাদের উৎসাহ দেবেন ।
- শিক্ষক পাঠ্যপুস্তকের ৪৩ পৃষ্ঠা খুলতে বলবেন ।
- অনুশীলনীর ৮ নং প্রশ্নের উদাহরণ অনুসারে শিক্ষার্থীদেরকে ফাঁকা জায়গায় নিজেদের মনের মতো করে বাক্য বানাতে বলবেন ।
- শিক্ষার্থীরা অনুশীলনীর ৯ নং প্রশ্নের উত্তরে কবিতাটির প্রথম আট লাইন বলবে আর লিখবে ।
- শিশুরা কবিতার শিরোনাম ও কবির নামসহ লিখবে ।

- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন শিশুরা চরণ ঠিক রেখে লিখতে পারছে কিনা, দুই শব্দের মধ্যে ফাঁক ঠিক রাখতে পারছে কিনা, কমা, দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন যথাস্থানে দিয়ে লিখতে পারছে কিনা।
- শিক্ষক শিক্ষার্থীদের পুরো কবিতাটি ছন্দের তালে আবার বলতে বলবেন।
- শিক্ষার্থীরা একে একে কবিতাটি আবৃত্তি করবেন।
- শিক্ষক এই কবিতার সমমানের যেকোনো একটি কবিতা আবৃত্তি করে শোনাবেন।
- শিক্ষার্থীদের কবিতা-সংশ্লিষ্ট কোনো প্রশ্ন থাকলে প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

## পিরিয়ড-৮
## পৃষ্ঠাঃ ৪০(পুনরালোচনা)

**শিখনফল**

**শোনা** : ২.১.২
**বলা** : ১.১.১, ২.১.২, ২.১.৪, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ২.১.২, ২.২.২
**লেখা** : ১.৪.১, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক

পাঠের আলোচ্য বিষয়ঃ মূল্যায়ন।

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পুরো কবিতাটি ছন্দের তালে বলতে বলবেন।
- শিক্ষার্থীদের দুই দলে ভাগ করে এক দলকে প্রথম আটলাইন এবং অপর দলকে শেষের আট লাইন লিখতে দেবেন। যেই দল বেশি ভালো করে উপস্থাপন করবে তাদেরকে জয়ী ঘোষণা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের দুই দলে ভাগ করে এই কবিতা থেকে নতুন কী কী শব্দ শিখেছে সেটা বোর্ডে লিখতে বলবেন। দলের সবাই এই খেলায় অংশ নেবে। দুই দল নেতা বোর্ডে শব্দগুলো লিখবে। দলের অন্য শব্দগুলো বলবে। যে দল বেশি শব্দ লিখতে পারবে শুদ্ধ করে, তারা জয় লাভ করবে।
- শিক্ষক তাদের উৎসাহ দেবেন এবং প্রশংসাা করবেন।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।

# দুখুর ছেলেবেলা



গ্রামের নাম চুরুলিয়া। পাড়ার ছেলেদের সাথে খেলা করে এক কিশোর ছেলে। নাম তার দুখু। মাথায় ঝাঁকড়া চুল। চোখ দুটো বড় বড়। পাড়ার ছেলেদের নিয়ে খেলা করে। বনে–বাদাড়ে ঘুরে বেড়ায়। তাল পুকুরের টলটলে পানিতে সাঁতার কাটে।

চুরুলিয়া গ্রাম গাছপালায় ঘেরা। গাছে গাছে পাখি ডাকে। পাখির ডাকে দুখুর ঘুম ভাঙে। দুখু ভাবে, আমি যদি সকাল বেলার পাখি হতাম।



সবুজ গ্রামে গরমের সময় নানা রকম ফল পাকে। সবুজ পাতার মধ্যে ডাঁশা ডাঁশা পেয়ারা। গাছের শাখায় শাখায় তরতর করে ঘুরে বেড়ায় কাঠবিড়ালি। পেয়ারা খায়। দুখু ভাবে, যদি কাঠবিড়ালি হতাম।

দুখুদের বাড়ির পাশে রয়েছে একটি মসজিদ। মসজিদের পাশেই আছে মকতব। সেই মকতবে দুখু লেখাপড়া করে। মুখে মুখে ছড়া বানায়। অন্যকে শোনায়।

মুখে গান বেঁধে গাইত। সকলে গান শুনে মুগ্ধ হতো।

কে এই দুখু? তিনি বাংলার নামকরা কবি কাজী নজরুল ইসলাম। ছোটদের জন্য তিনি অনেক লিখেছেন। লিখেছেন দেশের কথা, দেশের মানুষের কথা। তিনি আমাদের জাতীয় কবি।



# অনুশীলনী

১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

ঝাঁকড়া বাদাড় টলটলে মকতব ডাঁশা সুরেলা মুগ্ধ জাতীয়

২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| বাদাড়ে | ডাঁশা | টলটলে | সুরেলা | মুগ্ধ | মকতব | ঝাঁকড়া | জাতীয় |

ক. তাল পুকুরের পানি ....................................।

খ. বনে ................................ সাপ থাকে।

গ. নজরুলের মাথায় ছিল ...................................... চুল।

ঘ. দুখুদের গ্রামে একটা ............................ ছিল।

ঙ. .................................... পেয়ারা খেতে খুব মজা।

চ. শাপলা আমাদের ......................... ফুল।

ছ. দুখু মিয়ার গান শুনে সবাই ......................... হতো।

জ. একটা ......................... আওয়াজ শুনলাম।

৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গ্রাম | গ্র | গ | ্র (র-ফলা) | | অগ্র, গ্রহ |
| মুগ্ধ | গ্ধ | গ | ধ | | দুগ্ধ, দগ্ধ |

## ৪. মুখে মুখে উত্তর বলি ও লিখি।



ক. দুখুর আসল নাম কী?

খ. দুখু দেখতে কেমন ছিল?

গ. সকালে কিসের ডাকে দুখুর ঘুম ভাঙে?

ঘ. দুখু দলবল নিয়ে কী করে?

ঙ. কাঠবিড়ালিকে দেখে দুখুর কী ইচ্ছে হয়?

চ. আমাদের জাতীয় কবির নাম কী?

## ৫. জোড় শব্দগুলো দিয়ে নতুন বাক্য তৈরি করি।

| | |
|---|---|
| ডাঁশা ডাঁশা | ................................................................................ |
| শাখায় শাখায় | ................................................................................ |
| থোকা থোকা | ................................................................................ |
| তরতর | ................................................................................ |

## ৬. আমাদের জাতীয় কবি সম্পর্কে তিনটি বাক্য লিখি।

..........................................................................................................

..........................................................................................................

..........................................................................................................

# দুখুর ছেলেবেলা
## পৃষ্ঠা নং (৪৪-৪৭)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা** | **শোনা** |
| ১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে। | ১.১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি শুনে মনে রাখতে পারবে। |
| ১.২ বিভিন্ন শব্দ ও ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে। | ১.২.১ পাঠের অন্তর্গত ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে। |
| ১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ শুনে বুঝতে পারবে। | ১.৩.১ নির্দেশনা শুনে পালন করতে পারবে। |
| | ১.৩.২ অনুরোধ শুনে পালন করতে পারবে। |
| | ১.৩.৩ প্রশ্ন শুনে বুঝতে পারবে। |
| ২.২ গল্প শুনে বুঝতে পারবে। | ২.২.১ গল্প শুনে বুঝতে পারবে। |
| ৩.১ পরিচয়মূলক কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে। | ৩.১.২ বর্ণনা শুনে বুঝতে পারবে। |
| ৩.২ পরিচিত ফুল, ফল, রং, পশুপাখি, গাছপালা, নদী ইত্যাদি বিষয় শুনে বুঝতে পারবে। | ৩.২.১ পরিচিত ফুল সম্পর্কে শুনে বুঝতে পারবে। |
| | ৩.২.২ পরিচিত ফল সম্পর্কে শুনে বুঝতে পারবে। |
| | ৩.২.৫ পরিচিত গাছপালা সম্পর্কে শুনে বুঝতে পারবে। |

| | |
|---|---|
| **বলা**<br>১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br><br>২.৩ ছবি দেখে গল্প বলতে পারবে ।<br>২.৪ গল্প সম্পর্কে বলতে পারবে ।<br><br>২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে ও বিভিন্ন বিষয়ে বর্ণনা করতে পারবে ।<br>২.৬ পরিচিত ফুল, ফল, রং, পশুপাখি, গাছপালা, নদী ইত্যাদি বিষয়ে বলতে পারবে ।<br><br>৪.১ শ্রেণিকক্ষে পঠিত বিষয় সম্পর্কে নিজের অনুভূতি ব্যক্ত করতে পারবে । | **বলা**<br>১.১.১ শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>১.১.২ বাক্যস্থিত শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে ।<br>২.৩.২ ছবি দেখে গল্প বলতে পারবে ।<br>২.৪.১ নিজের ভাষায় গল্প বলতে পারবে ।<br>২.৪.২ নিজের ভাষায় গল্প সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে পারবে ।<br>২.৫.২ বিভিন্ন বিষয় বর্ণনা করতে পারবে ।<br><br>২.৬.২ পরিচিত ফল সম্পর্কে বর্ণনা করতে পারবে ।<br>২.৬.৩ পরিচিত রং সম্পর্কে বর্ণনা করতে পারবে ।<br>২.৬.৪ পরিচিত পশুপাখি সম্পর্কে বর্ণনা করতে পারবে ।<br>২.৬.৫ পরিচিত গাছপালা সম্পর্কে বর্ণনা করতে পারবে ।<br>৪.১.১ অধীত বিষয় সম্পর্কে অনুভূতি শুদ্ধভাবে ব্যক্ত করতে পারবে । |
| ২.৬ পরিচিত ফুল, ফল, রং, পশুপাখি, গাছপালা, নদী ইত্যাদি বিষয়ে পড়ে বুঝতে পারবে ।<br><br>৩.১ নিজের ও অন্যের লেখা শব্দ ও বাক্য পড়তে পারবে । | ২.৬.২ পরিচিত ফল সম্পর্কে পড়ে বুঝতে পারবে ।<br>২.৬.৩ পরিচিত রং সম্পর্কে পড়ে বুঝতে পারবে ।<br>২.৬.৪ পরিচিত পশুপাখি সম্পর্কে পড়ে বুঝতে পারবে ।<br>২.৬.৫ পরিচিত গাছপালা সম্পর্কে পড়ে বুঝতে পারবে ।<br>৩.১.১ নিজের লেখা শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>৩.১.২ নিজের লেখা বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে । |
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন পড়তে পারবে ।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৫ দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন, কমা চিনে বাক্য পড়তে পারবে ।<br><br>২.৪ গল্প ও রূপকথা পড়ে বুঝতে পারবে ।<br><br>২.৫ কথোপকথন বর্ণনা পড়ে বুঝতে পারবে । | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন পড়তে পারবে ।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৪.২ পাঠ্যপুস্তকের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে ।<br>১.৫.১ দাঁড়ি বিরাম চিহ্নটি চিনে বাক্য পড়তে পারবে ।<br>১.৫.২ প্রশ্নবোধক চিহ্নটি চিনে বাক্য পড়তে পারবে ।<br>১.৫.৩ কমা চিহ্ন চিনে বাক্য পড়তে পারবে ।<br>২.৪.১ গল্প পড়তে পারবে ।<br>২.৪.২ গল্প পড়ে বুঝতে পারবে ।<br>২.৫.৩ বর্ণনামূলক বিষয় পড়তে পারবে । |

| | |
|---|---|
| **লেখা**<br>১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br><br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬ বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br><br><br><br>২.৩ ছড়া, কবিতা ,গল্প, কথোপকথন ও বর্ণনা সম্পর্কে লিখতে পারবে<br>২.৪ পরিচিত ফুল, ফল, রং, পশুপাখি, গাছপালা, নদী ইত্যাদি বিষয়ে লিখতে পারবে। | **লেখা**<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬.১ দাঁড়ি বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ প্রশ্নবোধক বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.৩ কমা বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>২.৩.৩ গল্প-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে।<br>২.৩.৫ বিভিন্ন বিষয় সহজে বর্ণনা করতে পারবে।<br>২.৪.২ পরিচিত ফল সম্পর্কে লিখতে পারবে।<br>২.৪.৩ পরিচিত রং সম্পর্কে লিখতে পারবে।<br>২.৪.৪ পরিচিত পশুপাখি সম্পর্কে লিখতে পারবে।<br>২.৪.৫ পরিচিত গাছপালা সম্পর্কে লিখতে পারবে। |

**পাঠ বিভাজনঃ পিরিয়ড-১১**

**পিরিয়ড-১**

**পৃষ্ঠাঃ ৪৪ (গ্রামের নাম চুরুলিয়া.............পাখি হতাম)**

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২**

**বলা : ১.১.১, ১.১.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ৪.১.১**

**পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.৩, ২.৪.৩, ২.২.২, ২.৫.৩**

**উপকরণ :** পাঠ্যপুস্তক, কাজী নজরুল ইসলামের ছবি

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয় :** গল্প বোঝা ও উপভোগ করা। |

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিশুদের ***জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেনঃ***
  - কবির লেখা কবিতা পড়ে শোনাবেন, 'ভোর হল দোর খোল'। শিক্ষার্থীদের প্রশ্ন করবেন এই কবিতাটা কার লেখা? শিক্ষার্থীদের উত্তর শুনবেন, ভুল বললে ঠিক করে দেবেন।
  - শিক্ষক শিক্ষার্থীদের কবির ছবি দেখিয়ে প্রশ্ন করবেন তোমরা কী এনাকে চেন? শিক্ষার্থীরা বলবে, না পারলে শিক্ষক বলে দেবেন।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের **'দুখুর ছেলেবেলা'** গল্পটির নির্ধারিত অংশ **(গ্রামের নাম চুরুলিয়া.............পাখি হতাম)** পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৪৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক পাঠ-সংশ্লিষ্ট ছবিগুলি (৪৪-৪৫) শিশুদের দেখাবেন। ছবিতে কী কী দেখছে ছোট ছোট প্রশ্ন করবেন। প্রয়োজনে সহায়তা করবেন। ছবি দেখে গল্পটি কী হতে পারে শিশুদের জিজ্ঞেস করবেন। তাদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।***
- এবার শিক্ষক নির্ধারিত অংশ প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে *শোনাবেন*। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। ***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।

- শিক্ষক পাঠের মধ্যে দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ ঠিক নিয়মে পড়বেন। শিক্ষার্থীদের এই বিষয়ে বলবেন এবং তাদের পড়ার সময় এই বিষয়ে নজর রাখবেন।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- কয়েকজনকে এককভাবে পড়তে দেবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন।

  **যেমনঃ**
  - প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে।
  - এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে।
  - শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের রিডিং পড়াবেন।
  - রিডিং পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে খাতায় লিখবে।
  - পড়া শেষ হলে পাঠ্যাংশ থেকে নিজেরা ৩টি প্রশ্ন তৈরি করবে ও উত্তর বলবে।
- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন। ***শিশুরা কী কী যুক্তবর্ণযুক্ত শব্দ বের করেছে তা জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন ও ভেঙে দেখাবেন। যেমনঃ** গ্রাম। **শিশুদের যুক্তবর্ণযুক্ত শব্দ পড়তে বলবেন।***
- ঝাঁকড়া, বাদাড়, টলটলে শব্দগুলির অর্থ ও বাক্য জিজ্ঞাসা করবেন এবং সহায়তা করবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-২
## পৃষ্ঠাঃ ৪৪ (সবুজ গ্রামে............অন্যকে শোনায়)

**শিখনফল**

শোনা : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৫
বলা : ১.১.১, ১.১.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ২.৬.২, ২.৬.৩, ২.৬.৩, ২.৬.৪, ২.৬.৫, ৪.১.১
পড়া : ১.৩.১, ২.৪.৩, ২.২.২, ২.৫.৩, ২.৬.২, ২.৬.৩, ২.৬.৪, ২.৬.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক, কাজী নজরুল ইসলামের ছবি

**পাঠের আলোচ্য বিষয় :** রিডিং , পাঠের বিষয়বস্তু বোঝা, নতুন শব্দ।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন, *যেমন:*
  - শিক্ষক ঝাঁকড়া, টলটলে, বাদাড় শব্দগুলোর অর্থ ও বাক্য জিজ্ঞাসা করবেন।
  - কয়েকজনকে রিডিং পড়তে দেবেন।
  - অপেক্ষাকৃত নতুন শব্দগুলো বই থেকে খুঁজে বের করতে বলবেন। শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, গতকালের পড়া পাঠ্যপুস্তকের 'দুখুর ছেলেবেলা' গল্পটির নির্ধারিত অংশ **(সবুজ গ্রামে............অন্যকে শোনায়)** পড়ব ও আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৪৪ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক আজকের পাঠ-সংশ্লিষ্ট ছবিগুলি শিশুদের দেখাবেন। ছবিতে কী কী দেখছে ছোট ছোট প্রশ্নে জিজ্ঞাসা করবেন। প্রয়োজনে সহায়তা করবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।***

- এবার পাঠ্যপুস্তকের নির্দিষ্ট অংশটুকু দেখিয়ে প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। শিক্ষার্থীরা লাইনের নিচে *আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না তা শিক্ষক পর্যবেক্ষণ করবেন।*
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- কয়েকজনকে এককভাবে পড়তে দেবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন।

**যেমন:**

- দলে বসে প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে।
- এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে।
- শিক্ষক দলে ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। শিক্ষক দলের পিছিয়ে পড়া শিক্ষার্থীদের রিডিং পড়াবেন।

- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন।
- শিক্ষক বোর্ডে নতুন বা অপরিচিত শব্দ লিখবেন এবং এর অর্থ লিখে দেবেন। যেমন: মকতব, ডাঁশা শিক্ষার্থীদের শব্দ ও শব্দের অর্থ পড়াবেন।
- শিক্ষক অপেক্ষাকৃত দুর্বল শিশুদের সাহায্য করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-সংশ্লিষ্ট কয়েকটি শব্দের বানান জিজ্ঞেস করবেন।
- **শিক্ষক শিশুদের সবশেষে উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৩

### পৃষ্ঠা: ৪৫ (দুখুর গানের গলাও.............আমাদের জাতীয় কবি)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৫

**বলা** : ১.১.১, ১.১.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ২.৬.২, ২.৬.৩, ২.৬.৩, ২.৬.৪, ২.৬.৫, ৪.১.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.৩, ২.৪.৩, ২.২.২, ২.৫.৩, ২.৬.২, ২.৬.৩, ২.৬.৪, ২.৬.৫, ৩.১.১, ৩.১.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক, কাজী নজরুল ইসলামের ছবি

**পাঠের আলোচ্য বিষয়:** রিডিং, পাঠের বিষয়বস্তু বোঝা, নতুন শব্দ, যতি চিহ্নের ব্যবহার।

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন, *যেমন:*
  - শিক্ষার্থীদের মধ্য থেকে দুই-একজনকে গল্পটির প্রথম পৃষ্ঠার অংশটুকু নিজের ভাষায় বলতে বলবেন।
  - মকতব ও ডাঁশা শব্দের অর্থ বাক্য জিজ্ঞাসা করবেন।
  - কয়েকজনকে রিডিং পড়তে দেবেন।

- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। আজ 'দুখুর ছেলেবেলা' নিয়ে আলোচনা করবেন তা বলবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের 'দুখুর ছেলেবেলা' গল্পটির নির্ধারিত অংশ **(দুখুর গানের গলাও............. আমাদের জাতীয় কবি।)** পড়ব এবং আলোচনা করব।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৪৫ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক প্রথমে পাঠ সংশ্লিষ্ট ছবিগুলিশিশুদের দেখাবেন। ছবিতে কী কী দেখছে ছোট ছোট প্রশ্ন করবেন। প্রয়োজনে সহায়তা করবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।***
- এবার পাঠ্যপুস্তকের নির্দিষ্ট অংশটুকু দেখিয়ে প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল মিলিয়ে পড়তে বলবেন। ***শিক্ষক সব শিক্ষার্থী লাইনের নিচে আঙুল রেখে মেলাতে ও পড়তে পারছে কি না তা পর্যবেক্ষণ করবেন।***
- এবার শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক পাঠের মধ্যের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ ঠিক নিয়মে পড়বেন। শিক্ষার্থীদের এই বিষয়ে বলবেন এবং তাদের পড়ার সময় এই বিষয়ে নজর রাখবেন।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসিয়ে দলের কাজগুলো বুঝিয়ে দেবেন।

যেমন:

- দলে বসে প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে দেখবে। ভুল হলে ঠিক করে দেবে।
- এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে।
- শিক্ষক দলে ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। পিছিয়ে পড়া শিশুদের সহায়তা করবেন।
- পাঠ্যাংশের নতুন / কঠিন শব্দগুলো খুঁজে বের করবে।

- শিশুদের বের করা শব্দগুলো কোনগুলো জিজ্ঞেস করবেন এবং বোর্ডে লিখবেন। যেমন: সুরেলা, মুগ্ধ, জাতীয় ইত্যাদি। শিশুদের শব্দগুলো পড়াবেন।
- শিক্ষক গল্পটির ২য় পৃষ্ঠা থেকে কিছু প্রশ্ন শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন। যেমন: দুখুর গানের গলা কেমন ছিল?
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৪
## পৃষ্ঠা: ৪৪-৪৫ (পুনরালোচনা)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৫

**বলা** : ১.১.১, ১.১.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ২.৬.২, ২.৬.৩, ২.৬.৩, ২.৬.৪, ২.৬.৫, ৪.১.১

পড়া : ১.৫.৩, ২.৪.৩, ২.২.২, ২.৫.৩,

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৩, ২.৩.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক, কাজী নজরুল ইসলামের ছবি

| পাঠের আলোচ্য বিষয় : রিডিং, পাঠের বিষয়বস্তু বোঝা, নতুন শব্দ। |
|---|

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন,

*যেমন:*

- শিক্ষক শিশুদের বলবেন তোমরা যতটুকু পড়েছ তার ভিতরে সবচেয়ে গুরুত্বপূর্ণ শব্দগুলো বল। শিক্ষার্থীরা বলতে পারে সুরেলা, নামকরা ইত্যাদি। শিক্ষক শিক্ষার্থীদের বলবেন বই থেকে এই শব্দগুলো খুঁজে বের করতে।
- শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে। পারগ শিক্ষার্থীরা অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সাহায্য করবে।
- শিক্ষক বিশেষ শব্দ, কঠিন শব্দ, যুক্তাক্ষর বোর্ডে লিখে শেখাবেন। মুগ্ধ, গ্রাম এই শব্দগুলো বোর্ডে ভেঙে দেখাবেন। যেমন: মুগ্ধ- গ্ধ=গ+ধ, গ্রাম শিক্ষার্থীরা তাদের খাতায় লিখবে।

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-সংশ্লিষ্ট কয়েকটি শব্দের বানান জিজ্ঞেস করবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৫
## পৃষ্ঠা: ৪৬ (অনুশীলনী-১ )

**শিখনফল**

**শোনা** : ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৫

**বলা** : ১.১.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ২.৬.২, ২.৬.৩, ২.৬.৩, ২.৬.৪, ২.৬.৫, ৪.১.১

পড়া : ১.৫.৩, ২.৪.৩, ২.২.২, ২.৫.৩,

**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৩, ২.৩.৫, ২.৪.২, ২.৪.৩, ২.৪.৪, ২.৪.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক

| পাঠের আলোচ্য বিষয় : বিশেষ ও কঠিন বানান শেখা |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন, *যেমন:*
  - ***শিক্ষক ঝাঁকড়া, টলটলে, বাদাড় শব্দগুলোর অর্থ ও বাক্য জিজ্ঞাসা করবেন।***
  - ***কয়েকজনকে রিডিং পড়তে দেবেন।*** (শিক্ষক লক্ষ করবেন শিক্ষার্থীরা উচ্চারণ, যতি চিহ্ন, যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট করে পড়তে পারছে কি না।)
  - ***মুগ্ধ, গ্রাম শব্দ দুটি বোর্ডে ভেঙে লিখতে দেবেন।***
- শিক্ষক শিক্ষার্থীদের পৃষ্ঠা ৪৬ খুলতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ১ নং প্রশ্নের ঝাঁকড়া, বাদাড়, টলটলে, মকতব, ডাঁশা, সুরেলা, মুগ্ধ, জাতীয় শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন।
- শিক্ষক শ্রেণিকক্ষ ঘুরে ঘুরে দেখবেন শিশুরা শব্দগুলো ঠিকভাবে খুঁজছে কি না। পারগ শিশুরা অপেক্ষাকৃত দুর্বল শিশুদের সাহায্য করবে।
- খুঁজে পাওয়ার পর শিক্ষার্থীরা শব্দগুলোর অর্থ বলবে।
- প্রয়োজনে শিক্ষকও সাহায্য করবেন।
- শিক্ষার্থীরা শব্দের অর্থ ঠিক বললে শিক্ষক জানতে চাইবেন কেন তারা এই অর্থটা ভাবল। যদি কোনো শিক্ষার্থী ভুলও বলে, কেন সে এটা ভাবল তা শিক্ষার্থীকে জিজ্ঞেস করবেন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- শিক্ষক বোর্ডে আরও কিছু শব্দ দিবেন শিক্ষার্থীদের খুঁজে বের করার জন্য।
- শিক্ষক শিক্ষার্থীদের মুখে মুখে বাক্য রচনা করতে দেবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৬
## পৃষ্ঠা: ৪৬ (অনুশীলনী-২, ৩)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৫
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ২.৬.২, ২.৬.৩, ২.৬.৩, ২.৬.৪, ২.৬.৫, ৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.৩, ২.৪.৩, ২.২.২, ২.৫.৩, ২.৬.২, ২.৬.৩, ২.৬.৪, ২.৬.৫, ৩.১.১, ৩.১.২
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৩, ২.৩.৫, ২.৪.২, ২.৪.৩, ২.৪.৪, ২.৪.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** শূন্যস্থান পূরন ও যুক্তবর্ন শেখা।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন, *যেমন:*
    - আগের দিনে শেখা বানানগুলো আবার জিজ্ঞাসা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পৃষ্ঠা ৪৬ খুলতে বলবেন।
- শিক্ষক অনুশীলনীর ২ নং প্রশ্নের খালি জায়গায় ঝাঁকড়া, বাদাড়, টলটলে, মকতব, ডাঁশা, সুরেলা, মুগ্ধ, জাতীয় শব্দগুলো বসিয়ে বাক্য তৈরি করতে বলবেন।
- শিক্ষার্থীরা পারছে কি না শিক্ষক লক্ষ করবেন।
- শিক্ষক অনুশীলনীর ৩ নং প্রশ্নের যুক্তবর্ণগুলো বোর্ডে লিখবেন। বোর্ডে যুক্তবর্ণগুলো ভেঙে দেখাবেন।
- একই যুক্তবর্ণ দিয়ে আরও কয়েকটি নতুন শব্দ তৈরি করবেন। শিক্ষার্থীদের বলবেন এই যুক্তবর্ণ দিয়ে নতুন শব্দ বানাতে পারবে কি না।
- শিক্ষক শিক্ষার্থীদের যুক্তবর্ণের শব্দসমূহ বোর্ডে লিখতে দেবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৭
## পৃষ্ঠা: ৪৭ (অনুশীলনী- ৪)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৫
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ২.৬.২, ২.৬.৩, ২.৬.৩, ২.৬.৪, ২.৬.৫, ৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.৩, ২.৪.৩, ২.২.২, ২.৫.৩, ২.৬.২, ২.৬.৩, ২.৬.৪, ২.৬.৫, ৩.১.১, ৩.১.২
**লেখা** : ১.৫.১, ১.৬.৩, ২.৩.৩, ২.৩.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** প্রশ্ন বুঝে উত্তর লিখতে পারা

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন, *যেমন:*

- *শিক্ষক ঝাঁকড়া, টলটলে, বাদাড় শব্দগুলোর অর্থ ও বাক্য জিজ্ঞাসা করবেন।*
- *কয়েকজনকে রিডিং পড়তে দেবেন।*
- *মুগ্ধ, গ্রাম শব্দ দুটি দিয়ে বাক্য লিখতে দেবেন।*

- শিক্ষক শিক্ষার্থীদের পৃষ্ঠা ৪৭ খুলতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ৪ নং প্রশ্নগুলো জিজ্ঞেস করবেন। শিক্ষার্থীরা মুখে মুখে উত্তর দেবে।
- শিক্ষার্থীরা কোনো প্রশ্নের উত্তর না পারলে শিক্ষক সাহায্য করবেন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীরা এরপর প্রশ্নগুলোর উত্তর লিখবে।
- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন। শিক্ষার্থীরা কোন ভুল করলে ঠিক করে দেবেন।
- শিক্ষক আরও কিছু প্রশ্ন নিজে থেকে তৈরি করে বোর্ডে লিখে দেবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৮
## পৃষ্ঠা: ৪৭ (অনুশীলনী- ৫)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৫
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ২.৬.২, ২.৬.৩, ২.৬.৩, ২.৬.৪, ২.৬.৫, ৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.৩, ২.৪.৩, ২.২.২, ২.৫.৩, ২.৬.২, ২.৬.৩, ২.৬.৪, ২.৬.৫, ৩.১.১, ৩.১.২
**লেখা** : ১.৫.১, ১.৬.৩, ২.৩.৩, ২.৩.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয়:** রিডিং ও বাক্য তৈরি কর।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন, *যেমন:*
  - দুখুর আসল নাম কী?
  - দুখু দেখতে কেমন ছিল?
  - সকালে কিসের ডাকে দুখুর ঘুম ভাঙে?
  - আমাদের জাতীয় কবির নাম কী?
  - গল্পে কোন অংশটি তোমার সবচেয়ে ভালো লাগে?
  - কয়েকজনকে রিডিং পড়তে দেবেন। শিক্ষার্থীদের উচ্চারণ, বিরতি চিহ্নের ব্যবহার, যুক্তাক্ষরের ব্যবহার লক্ষ করবেন। প্রয়োজনে সংশোধন করে দেবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পৃষ্ঠা ৪৭ খুলতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ৫ নং প্রশ্নের জোড় শব্দগুলো দিয়ে বাক্য তৈরি করতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ থেকে প্রশ্ন করবেন, দুখু মুখে মুখে কী বাঁধত?
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৯
## পৃষ্ঠা: ৪৭ (অনুশীলনী- ৬)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৫
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ২.৬.২, ২.৬.৩, ২.৬.৩, ২.৬.৪, ২.৬.৫, ৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.৩, ২.৪.৩, ২.২.২, ২.৫.৩, ২.৬.২, ২.৬.৩, ২.৬.৪, ২.৬.৫, ৩.১.১, ৩.১.২
**লেখা** : ১.৫.১, ১.৬.৩, ২.৩.৩, ২.৩.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** রিডিং ও পাঠের বিষয় বোঝা

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন, *যেমন:*
  - দুখু দলবল নিয়ে কী করে?
  - কাঠবিড়ালিকে দেখে দুখুর কী ইচ্ছে হয়?
  - আমাদের জাতীয় কবির নাম কী?
  - শিক্ষার্থীদের মধ্য থেকে দুই-একজনকে গল্পটি নিজের ভাষায় বলতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পৃষ্ঠা ৪৭ খুলতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ৬ নং প্রশ্নের উত্তরে জাতীয় কবি সম্বন্ধে তিনটি বাক্য লিখতে বলবেন। শিক্ষার্থীরা নিজেদের খাতায় লিখবে। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন। প্রয়োজনে সংশোধন করে দেবেন। শিক্ষক লক্ষ করবেন শিক্ষার্থীরা নির্দেশনা শুনে বুঝতে পারছে কিনা।
- শিক্ষার্থীরা বুঝতে পেরেছে কিনা তা বোঝার জন্য পাঠ থেকে বিভিন্ন ধরনের প্রশ্ন করবেন। যেমন আমাদের জাতীয় কবি কে ছিলেন?
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-১০
## পৃষ্ঠা: ৪৪ ,৪৫, ৪৬, ৪৭ (পুনরালোচনা)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৫
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ২.৬.২, ২.৬.৩, ২.৬.৩, ২.৬.৪, ২.৬.৫, ৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.৩, ২.৪.৩, ২.২.২, ২.৫.৩, ২.৬.২, ২.৬.৩, ২.৬.৪, ২.৬.৫, ৩.১.১, ৩.১.২
**লেখা** : ১.৫.১, ১.৬.৩, ২.৩.৩, ২.৩.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয় :** পুরো পাঠ রিভিশন |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের সাথে কুশল বিনিময় করবেন। শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন, *যেমন:*
  - গল্পের মধ্য থেকে যুক্তাক্ষর সহ শব্দগুলি জিজ্ঞেস করবেন।
  - গল্পের মধ্য থেকে শব্দ দিয়ে বাক্য রচনা করতে বলবেন।
- পুরো পাঠের শেষে শিক্ষক 'দুখুর ছেলেবেলা' গল্পটি এবং অনুশীলনীর কার্যাবলি শিক্ষার্থীদের প্রয়োজন অনুযায়ী পুনরায় পড়াবেন।
- কঠিন শব্দগুলোর বানান শিক্ষার্থীদের খাতায় লিখতে দিবেন।
- শিক্ষক তিনটি শব্দ বোর্ডে লিখে দেবেন, শিক্ষার্থীরা তাদের যার যার পছন্দমতো একটি শব্দ দিয়ে একটি বাক্য রচনা করবে
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

**পিরিয়ড-১১**

**পৃষ্ঠা: ৪৪,৪৫,৪৬,৪৭ (পুনরালোচনা)**

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.১, ৩.২.২, ৩.২.৫

**বলা** : ১.১.১, ১.১.২, ২.৩.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ২.৬.২, ২.৬.৩, ২.৬.৩, ২.৬.৪, ২.৬.৫, ৪.১.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.৩, ২.৪.৩, ২.২.২, ২.৫.৩, ২.৬.২, ২.৬.৩, ২.৬.৪, ২.৬.৫, ৩.১.১, ৩.১.২

**লেখা** : ১.৫.১, ১.৬.৩, ২.৩.৩, ২.৩.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক, পোস্টার, পেপার

| **পাঠের আলোচ্য বিষয় :** মূল্যায়ন |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের চারটি দলে ভাগ করবেন। প্রতিটি দলই 'দুখুর ছেলেবেলা' গল্পে উল্লেখ করা দুখুর কাজগুলো পোস্টার পেপারে লিখবে ও ছবি আঁকবে।
- শিক্ষক শিক্ষার্থীদের সাহায্য করবেন।
- পোস্টারের কাজ শেষ হয়ে গেলে শ্রেণিকক্ষের দেওয়ালে টাঙাবেন।
- সবচেয়ে সুন্দর পোস্টারটি যেই দলের সেই দলকে জয়ী ঘোষণা করবেন।
- এই কাজের মাধ্যমে শিক্ষার্থীরা নির্দেশনা শুনে পালন করা, বর্ণনা শুনে ও পড়ে লেখা, যতি চিহ্ন ব্যবহার করা, নিজের ও অন্যের লেখা বাক্য পড়া প্রতিটি যোগ্যতাই অর্জন করতে পেরেছে কিনা তা বোঝা যাবে।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

# প্রার্থনা

সুফিয়া কামাল

তুলি দুই হাত করি মুনাজাত
হে রহিম রহমান
কত সুন্দর করিয়া ধরণী
মোদের করেছ দান,
গাছে ফুল ফল
নদী ভরা জল
পাখির কণ্ঠে গান
সকলি তোমার দান।
মাতা, পিতা, ভাই
বোন ও স্বজন
সব মানুষেরা
সবাই আপন
কত মমতায়
মধুর করিয়া
ভরিয়া দিয়াছ প্রাণ।
তাই যেন মোরা
তোমারে না ভুলি
সরল সহজ
সৎ পথে চলি
কত ভালো তুমি,
কত ভালোবাস
গেয়ে যাই এই গান।



# অনুশীলনী

## ১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

প্রার্থনা রহিম রহমান ধরণী মোদের কণ্ঠ মমতা মধুর সৎ

## ২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্রার্থনা | রহমান | মোদের | সৎ | কণ্ঠে | মমতার | মধুর |

ক. স্রষ্টার এক নাম ............................................... ।

খ. আমাদের ...................................... ফুলেফলে ভরা।

গ. .........................................গরব মোদের আশা আ–মরি বাংলা ভাষা।

ঘ. আমাদের উচিত ............................. পথে চলা।

ঙ. তিনি সুরেলা .............................. গান গাইছেন।

চ. মায়ের .................................. তুলনা হয় না।

ছ. স্রষ্টার আরেক নাম ........................................... ।

জ. কোকিল ................................... সুরে গান গায়।

ঝ. তিনি ভোরে উঠে ................................. করেন।

## ৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

কণ্ঠ ণ্ঠ ণ ঠ কুণ্ঠিত, গুণ্ঠন

## ৪. মুখে মুখে উত্তর বলি ও লিখি।



ক. সুন্দর ধরণী কে দান করেছেন?

খ. আমাদের কাছে কারা আপন?

গ. আমরা কেমন পথে চলতে চাই?

ঘ. কবিতায় কবি কাকে না ভুলে যাওয়ার কথা বলেছেন এবং কেন?

## ৫. পরের চরণ বলি ও লিখি।

কত সুন্দর করিয়া ধরণী

..........................................

তাই যেন মোরা

..........................................

## ৬. রেখা টেনে মিল করি।

| | |
|---|---|
| বাবা | বোন |
| চাচা | দাদি |
| ভাই | নানি |
| দাদা | মামি |
| নানা | চাচি |
| মামা | খালা |
| ফুফা | মা |
| খালু | ফুফু |

## ছবিতে ছবিতে সংখ্যা



১. কে কত রান করেছে তা পাশে ফাঁকা জায়গায় কথায় লিখি।

| নাম | রান সংখ্যা | |
|---|---|---|
| অমি | ৮৭ | ............................................ রান |
| আলো | ৭৩ | ............................................ রান |
| ইমন | ৮৯ | ............................................ রান |
| ঋতু | ৭৬ | ............................................ রান |
| ওমর | ১০০ | ............................................ রান |
| ঔছন | ৯২ | ............................................ রান |

২. ফাঁকা ঘরে নিচের সংখ্যাগুলো কথায় লিখি।

| ৭৭ | ৭৯ | ৮৫ | ৯০ | ৯৩ |
|---|---|---|---|---|
| | | | | |

# প্রার্থনা
## পৃষ্ঠা নং (৪৮-৫১)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণেও ধ্বনি মনোযোগসহকারে শুনবে।<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন ও অনুরোধ শুনে বুঝতে পারবে।<br>২.১ ছড়া ও কবিতা শুনে বুঝতে পারবে ও আনন্দ লাভ করবে। | **শোনা**<br>১.১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি শুনে মনে রাখতে পারবে।<br>১.৩.৩ প্রশ্ন শুনে বুঝতে পারবে।<br>২.১.২ কবিতা শুনে বুঝতে পারবে। |
| **বলা**<br>১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে।<br>২.১ পাঠ ও পাঠবহির্ভূত ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে।<br>২.২ ছড়া ও কবিতা সম্পর্কে প্রশ্নের উত্তর বলতে পারবে। | **বলা**<br>১.১.১ শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বাক্যস্থিত শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩.২ কোনো বিষয়ে প্রশ্ন করতে ও প্রশ্নের উত্তর দিতে পারবে।<br>২.১.২ পাঠ্যবইয়ের কবিতা আবৃত্তি করতে পারবে।<br>২.১.৪ পাঠবহির্ভূত কবিতা আবৃত্তি করতে পারবে।<br>২.২.২ কবিতার বিষয়ে প্রশ্নের উত্তর বলতে পারবে। |
| **পড়া**<br>১.২ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>২.১ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা পড়তে পারবে।<br>২.২ প্রমিত উচ্চারনে ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে।<br>৩.১ নিজের ও অন্যের লেখা শব্দ ও বাক্য পড়তে পারবে।<br>৩.৩ পাঠ্যপুস্তকের সমমান সম্পন্ন শিশুতোষ বই পড়তে পারবে। | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪.২ পাঠ্যপুস্তকের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.৩ সমমানের বইয়ের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>২.১.২ প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পারবে।<br>২.২.২ প্রমিত উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পারবে।<br>৩.১.২ নিজের লেখা বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.৪ অন্যের স্পষ্ট লেখা বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>৩.৩.১ পাঠ্যপুস্তকের সমমান সম্পন্ন শিশুতোষ বই পড়তে পারবে। |
| **লেখা**<br>১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬ বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে। | **লেখা**<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬.১ দাঁড়ি বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ প্রশ্নোবোধক বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.৩ কমা বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে। |

**পাঠ বিভাজনঃ পিরিয়ড- ৯**

**পিরিয়ড-১**

**পৃষ্ঠাঃ ৪৮ (তুলি দুই হাত.......করেছ দান ।)**

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.৩.৩, ২.১.২

**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২ ,২.১.২, ২.১.৪, ২.২.২

**পড়া** : ১.৩.১, ১.৪.২, ১.৪.৩, ২.১.২, ২.২.২, ৩.১.২, ৩.১.৪, ৩.৩.১

**উপকরণঃ** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** কবিতা আবৃত্তি

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে জিজ্ঞেস করবেন,
  - তারা প্রার্থনা শব্দটির অর্থ জানে কিনা। শিক্ষক প্রার্থনা শব্দটির অর্থ বলবেন ।
  - তিনি কীভাবে প্রার্থনা করেন তা শিক্ষার্থীদের বলবেন। শিক্ষার্থীরা প্রার্থনা করে কিনা জিজ্ঞেস করবেন ।
  - শিক্ষক শিক্ষার্থীদের বলবেন আমি তোমাদের জন্য প্রার্থনা করি যেন তোমরা ভালো মানুষ হও ।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন। শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা পাঠ্যপুস্তকের **'প্রার্থনা'** কবিতাটি নির্ধারিত অংশ **(তুলি দুই হাত.......করেছ দান ।)** পড়ব ও আলোচনা করব ।
- শিশুদের পাঠ্যবইয়ের ৪৮ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিক্ষক পাঠ্যইয়ের পাঠসংশ্লিষ্ট ছবিটি দেখাবেন। ছবিটি শিক্ষার্থীরা বুঝতে পারছে কিনা তা জিজ্ঞেস করবেন। ছবিতে কী কী দেখতে পাচ্ছে তা জিজ্ঞাসা করবেন। শিশুদের জবাব দিতে উৎসাহিত করবেন।
- শিক্ষক সম্পূর্ণ কবিতাটি একবার শুদ্ধ,স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে আবৃত্তি করে শোনাবেন। শিক্ষার্থীদের শুনতে বলবেন ।
- এবার শিক্ষক কবিতার নির্ধারিত অংশটুকু প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে কয়েকবার পড়ে শোনাবেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। ***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে ।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন ।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন ।
- শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি বসতে বলবেন। দলে শিশুরা কী কাজ করবে তা বুঝিয়ে দেবেন ।

  যেমনঃ
  - প্রত্যেকে ২ লাইন করে পড়বে অন্যরা শুনবে ও আঙুল রেখে মেলাবে। ভুল হলে ঠিক করে দেবে। এভাবে সবাই কমপক্ষে ২ বার পড়বে। যেমন- প্রথমে একজন শিক্ষার্থী কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন, এরপরের জন ৩য় লাইন এভাবে তারা আয়ত্ত করবে।
  - শিক্ষক ঘুরে ঘুরে শিশুদের যথানিয়মে পড়তে সহায়তা করবেন। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন ।
  - শিক্ষক দলের পিছিয়ে পড়া শিশুদের রিডিং পড়াবেন ।
  - রিডিং পড়া শেষ হলে পাঠ্যাংশের যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করবে ।
- দলের কাজ শেষ হলে শিশুদের আগের মতো বসতে বলবেন ।
- শিক্ষক শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন কবিতার কোন কোন শব্দ নতুন মনে হচ্ছে?
- শিক্ষার্থীরা বলবে, যদি শিক্ষার্থীরা নাও বলতে পারে শিক্ষক জিজ্ঞেস করবেন তারা মুনাজাত, রহমান, ধরণী, স্বজন, মমতা ইত্যাদি শব্দের অর্থ বুঝেছে কিনা?

- কোনো শিক্ষার্থী যদি বুঝে থাকে তবে তাকে প্রথমে বলতে বলবেন। তারপর শিক্ষক বুঝিয়ে বলবেন।
- শিক্ষক প্রথমে চকবোর্ডে মুনাজাত শব্দটি লিখবেন, তারপর তার অর্থ বুঝিয়ে বলবেন প্রার্থনা। এরপর অন্যান্য শব্দগুলো চকবোর্ডে লিখবেন। একইভাবে রহমান ও রহিম অর্থ- দয়ালু, আমাদের স্রষ্টা অনেক দয়ালু, রহিম রহমানই আমাদের স্রষ্টা। ধরণী মানে–আমাদের এই পৃথিবী, স্বজন অর্থ আপনজন, মমতা অর্থ বুঝিয়ে বলবেন– আমাদের বাবা-মা, আপনজন আমাদের ভালোবাসা, স্নেহ, মমতায় আমাদের ভরিয়ে রাখেন।
- এরপর সবাই মিলে কবিতাটি আবার একবার আবৃত্তি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের কাছে জিজ্ঞাসা করবেন, আমরা কার কাছে মুনাজাত করি ?
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

**পিরিয়ড-২**

**পৃষ্ঠা: ৪৮ (গাছে ফুল............. সকলি তোমার দান।)**

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.৩.৩, ২.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২ ,২.১.২, ২.১.৪, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.২, ১.৪.৩, ২.১.২, ২.২.২, ৩.১.২, ৩.১.৪, ৩.৩.১

**উপকরণ:** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয়** :কবিতা মুখস্থ। |
|---|

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*

*যেমন:*
  - প্রার্থনা কবিতাটি কে লিখেছেন?
  - প্রার্থনা, রহিম, রহমান, ধরণী, মোদের শব্দগুলোর অর্থ বল।
  - প্রথম চার লাইন মুখস্থ বল।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন আজ 'প্রার্থনা' কবিতাটি পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন। প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও *শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।*
- শিশুদের উদ্দেশে বলবেন আজ আমরা কবিতার নির্ধারিত অংশ **(গাছে ফুল............. সকলি তোমার দান।)** পড়ব, আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৪৮ পৃষ্ঠা খুলতে বলবেন। *শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কি না তা লক্ষ করবেন।*
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি কয়েকবার আবৃত্তি করে শোনাবেন। এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। *শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।*
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।

- শিক্ষক পাঠের মধ্যের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ সঠিক নিয়মে পড়বেন। শিক্ষার্থীদের এই বিষয়ে বলবেন এবং তাদের পড়ার সময় এই বিষয়ে নজর রাখবেন।
- শিক্ষক শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন। এরপর দলে কীভাবে কবিতাটি পড়তে হবে তা বুঝিয়ে বলবেন।

**যেমন,**

- প্রথমে একজন শিক্ষার্থী কবিতার ১ম লাইনটি পড়বে, পরের জন ২য় লাইন, এরপরের জন ৩য় লাইন।
- এভাবে তারা আয়ত্ত করবে। এভাবে কয়েকবার তাদের কবিতার অংশটি পড়তে বলবেন।
- পাঠে পিছিয়ে পড়া শিশুদের শিক্ষক রিডিং পড়াবেন।

- এরপর সবাইকে সমবেতভাবে (আগের মতো) বসতে বলবেন। শিক্ষক এবার শিশুদের দৃষ্টি আকর্ষণ করে কবিতাংশের বিষয়বস্তু বুঝিয়ে দেবেন। ***সবাই মনোযোগসহকারে শুনছে কি না তা লক্ষ করবেন।***
- এরপর কবিতার বিশেষ বা নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন এবং বুঝিয়ে দেবেন। যেমনঃ কণ্ঠ ইত্যাদি।
- কবিতাংশটি মুখস্থ হয়েছে কিনা তা শিক্ষার্থীদের জিজ্ঞেস করে জেনে নেবেন।
- শিক্ষক লক্ষ রাখবেন শিশুদের উচ্চারণ শুদ্ধ হচ্ছে কিনা।
- যদি কারও মুখস্ত হয়ে থাকে, তাদের সামনে এসে কবিতাটি ছন্দের তালে, শুদ্ধ উচ্চারণে প্রথম আট চরণ আবৃত্তি করতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন, রহিম রহমান আমাদেরকে কী কী দান করেছেন ?
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৩

### পৃষ্ঠাঃ ৪৮ (মাতা, পিতা, ভাই.............ভরিয়া দিয়াছ প্রাণ।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.৩.৩, ২.১.২

**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২ ,২.১.২, ২.১.৪, ২.২.২

**পড়া** : ১.৩.১, ১.৪.২, ১.৪.৩, ২.১.২, ২.২.২, ৩.১.২, ৩.১.৪, ৩.৩.১

**উপকরণঃ** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** কবিতা মুখস্থ, নতুন শব্দ।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেনঃ***

  ***যেমনঃ***
  - শিক্ষার্থীদের মধ্য থেকে দুই-একজনকে কবিতাটি আবৃত্তি করতে বলবেন।
  - প্রার্থনা, রহিম, রহমান, ধরণী, মোদের, কণ্ঠ, মমতা, মধুর শব্দগুলোর অর্থ ও বাক্য জিজ্ঞাসা করবেন।
  - পাঠে কী কী যুক্তবর্ণ যুক্ত শব্দ আছে জিজ্ঞসা করবেন।
- শিক্ষক শিশুদের উদ্দেশে বলবেন আজ 'প্রার্থনা' কবিতাটি পড়ব। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম ও কবির নাম বোর্ডে লিখবেন। প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও ***শ্রবণযোগ্য স্বরে কয়েকবার কবিতা ও কবির নাম উচ্চারণ করবেন এবং শিশুদের সমস্বরে বলতে বলবেন।***

- শিশুদের উদ্দেশে বলবেন আজ আমরা কবিতার নির্ধারিত অংশ **(মাতা, পিতা, ভাই.............ভরিয়া দিয়াছ প্রাণ।)** পড়ব, আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৪৮ পৃষ্ঠা খুলতে বলবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কি না তা লক্ষ করবেন।***
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি কয়েকবার আবৃত্তি করে শোনাবেন। এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। ***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে ফলাবর্তন দেবেন।
- শিক্ষক পাঠের মধ্যের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ ঠিক নিয়মে পড়বেন। শিক্ষার্থীদের এই বিষয়ে বলবেন এবং তাদের পড়ার সময় এই বিষয়ে নজর রাখবেন।
- শিক্ষক শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন এবং দলে আগের নিয়মে পড়তে বলবে।
- ছোট দলে পড়া শেষে সবাইকে সমবেতভাবে (আগের মতো) বসতে বলবেন।
- শিক্ষক এবার শিশুদের দৃষ্টি আকর্ষণ করে কবিতাংশের বিষয়বস্তু বুঝিয়ে দেবেন। ***সবাই মনোযোগসহকারে শুনছে কি না তা লক্ষ করবেন।***
- এরপর কবিতার বিশেষ বা নতুন শব্দগুলো বোর্ডে লিখবেন এবং বুঝিয়ে দেবেন। যেমনঃ শিক্ষার্থীরা যুক্তবর্ণ সম্পর্কে প্রশ্ন করলে তাদের বোর্ডে বুঝাবেন। এই কবিতার যুক্তবর্ণ 'সুন্দর', 'কণ্ঠ', 'স্বজন', 'প্রাণ' বোর্ডে লিখে ভেঙে দেখাবেন। অর্থ ও বাক্য শেখাবেন।
- কবিতাংশটি মুখস্থ হয়েছে কিনা তা শিক্ষার্থীদের জিজ্ঞেস করে জেনে নেবেন।
- শিক্ষক লক্ষ রাখবেন শিশুদের উচ্চারণ শুদ্ধ হচ্ছে কিনা।
- যদি কারও মুখস্থ হয়ে থাকে, তাদের সামনে এসে কবিতাটি ছন্দের তালে, শুদ্ধ উচ্চারণে প্রথম আট চরণ আবৃত্তি করতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন, রহিম রহমান আমাদের কী কী দান করেছেন ?
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৪

### পৃষ্ঠাঃ ৪৮ (তাই যেন মোরা........ যাই এইগান)।

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.৩.৩, ২.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২ ,২.১.২, ২.১.৪, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.২, ১.৪.৩, ২.১.২, ২.২.২, ৩.১.২, ৩.১.৪, ৩.৩.১

**উপকরণঃ** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয়:** কবিতা মুখস্থ, নতুন ও কঠিন শব্দ |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন, যেমনঃ*
  - ***কয়েকজনকে কবিতাটি দেখে পড়তে দেবেন।***

- ***শব্দগুলির অর্থ ও বাক্য জিজ্ঞাসা করবেন।***
- ***কয়েকজনকে মুখস্থ বলতে বলবেন।***

- শিশুদের উদ্দেশে বলবেন, আজ আমরা কবিতার নির্ধারিত অংশ **(তাই যেন মোরা........যাই এই গান।)** পড়ব, আবৃত্তি করা শিখব এবং আলোচনা করব।
- এরপর সবাইকে পাঠ্যপুস্তকের ৪৮ পৃষ্ঠা খুলতে বলবেন। ***শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কি না তা লক্ষ করবেন।***
- শিক্ষক প্রথমে সম্পূর্ণ কবিতাটি আবৃত্তি করে শোনাবেন। এরপর নির্ধারিত লাইনগুলো প্রমিত উচ্চারণে, শুদ্ধ, স্পষ্ট ও শ্রবণযোগ্য স্বরে বারবার পড়বেন। এই সময় শিশুদের নির্দিষ্ট শব্দের ও লাইনের নিচে আঙুল রেখে মেলাতে বলবেন। ***শিক্ষার্থীরা লাইনের নিচে আঙুল রেখে মেলাতে এবং পড়তে পারছে কি না শিক্ষক তা পর্যবেক্ষণ করবেন।***
- এরপর শিক্ষক পড়বেন শিশুরা সাথে সাথে সমস্বরে পড়বে।
- শিক্ষক পাঠের বিষয়বস্তু শিশুদের সাথে আলোচনা করবেন।
- শিক্ষক শিশুদের সরবে পড়তে বলবেন। প্রয়োজনে নিরাময়মূলক দেবেন।
- শিক্ষক পাঠের মধ্যের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ ঠিক নিয়মে পড়বেন। শিক্ষার্থীদের এই বিষয়ে বলবেন এবং তাদের পড়ার সময় নজর রাখবেন।
- শিক্ষক শিশুদের ৬-৮ জনের দলে মুখোমুখি ঘুরে বসতে বলবেন এবং দলে আগের নিয়মে পড়তে বলবেন।
- ছোট দলে পড়া শেষে সবাইকে সমবেতভাবে (আগের মতো) বসতে বলবেন।
- শিক্ষক এবার শিশুদের দৃষ্টি আকর্ষণ করে কবিতাংশের বিষয়বস্তু বুঝিয়ে দেবেন। ***সবাই মনোযোগসহকারে শুনছে কি না তা লক্ষ করবেন।***
- শিক্ষক শিক্ষার্থীদের কবিতাটি আবৃত্তি করতে বলবেন।
- শিক্ষক পুনরায় দুইচরণ দুইচরণ করে কবিতাটির শেষ সাত চরণ পড়বেন। শিক্ষার্থীরা তার সাথে পড়বে। এভাবে কবিতাংশটি শিশুদের রপ্ত না হওয়া পর্যন্ত শিক্ষক পড়াবেন। কবিতাংশটি মুখস্থ হয়েছে কিনা তা শিক্ষার্থীদের জিজ্ঞাসা করে জেনে নেবেন।
- শিক্ষক লক্ষ্য রাখবেন শিশুদের উচ্চারণ শুদ্ধ হচ্ছে কিনা।
- যদি কারও মুখস্থ হয়ে থাকে, তাদের সামনে এসে কবিতাটি ছন্দের তালে, শুদ্ধ উচ্চারণে শেষ সাত চরণ আবৃত্তি করতে বলবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৫
## পৃষ্ঠা: ৪৯ (অনুশীলনী-১, ২ )

**শিখনফল**

**শোনা** : **১.১.১, ১.৩.৩, ২.১.২**
**বলা** : **১.১.১, ১.১.২, ১.৩.২ ,২.১.২, ২.১.৪, ২.২.২**
**পড়া** : **১.৩.১, ১.৪.২, ১.৪.৩, ২.১.২, ২.২.২, ৩.১.২, ৩.১.৪, ৩.৩.১**
**লেখা** : **১.৪.১, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩**

**উপকরণ:** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয় :** বানান, যুক্তবর্ণ। |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:***
  *যেমন:*
  - ***কবিতাটির প্রথম আট লাইন মুখস্থ বল।***
  - ***কবিতার বিষয়বস্তু বুঝিয়ে বল।***

- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৪৯ নং পৃষ্ঠা খুলতে বলবেন এবং ১ নং অনুশীলনীর শব্দগুলো কবিতার মধ্যে কোথায় কোথায় আছে তা খুঁজে বের করে নিচে দাগ দিতে বলবেন। এ সময় শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা করবেন।
- এরপর শিক্ষক শিশুদের উদ্দেশে ১ নং অনুশীলনীর প্রতিটি শব্দের অর্থ জিজ্ঞাসা করবেন। শিশুদের মুখে মুখে উত্তর বলতে বলবেন এবং খাতায় লিখাবেন।
- এরপর শিক্ষক ২ নং অনুশীলনীর 'ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি' কাজ করাবেন। শিক্ষক একটি বোর্ডে দেখিয়ে দেবেন। এরপর শিক্ষার্থীদের খাতায় কাজটি করতে বলবেন। এরপর শিক্ষক একটি করে বলবেন শিশুরা মিলিয়ে নেবে। শিক্ষক অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুদের কয়েকজনের খাতা দেখবেন। প্রয়োজনে নিরাময়মূলক ব্যবস্থা গ্রহন করবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৬
## পৃষ্ঠাঃ ৪৯-৫০ (অনুশীলনী- ৩, ৪ )

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.৩.৩, ২.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২ ,২.১.২, ২.১.৪, ২.২.২
**পড়া** : ১.৩.১, ১.৪.২, ১.৪.৩, ২.১.২, ২.২.২, ৩.১.২, ৩.১.৪, ৩.৩.১
**লেখা** : ১.৪.১, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩

**উপকরণঃ** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয় :** কবিতার প্রশ্নোত্তর। যুক্তবর্ন দিয়ে নতুন শব্দ তৈরি। |
|---|

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের *পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেনঃ*
  *যেমনঃ*
  - শিক্ষার্থীদের পুরো কবিতাটি আবৃত্তি করতে বলবেন।
  - শিক্ষক শিক্ষার্থীদের পূর্বের শেখা বানানের সম্বন্ধে জিজ্ঞেস করবেন।
- শিক্ষক শিশুদের পাঠ্যপুস্তকের ৪৯ নং পৃষ্ঠা খুলতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের ৩ নং প্রশ্নের যুক্তবর্ণ চেনাবেন। বোর্ডে একই যুক্তবর্ণ দিয়ে নতুন শব্দ তৈরি করে দেখাবেন। এছাড়া এই পাঠে যেই যুক্তবর্ণ আছে সেগুলো আবার জিজ্ঞাসা করবেন।
- শিক্ষার্থীদের যুক্তাক্ষর দিয়ে নতুন শব্দ খাতায় লিখতে বলবেন। শিক্ষক প্রয়োজনে সহায়তা করবেন
- শিক্ষক শিক্ষার্থীদের দৈবচয়নে অনুশীলনীর ৪ নং প্রশ্নের উত্তরগুলো মুখে মুখে জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীদের ভুল হলে প্রয়োজনে সংশোধন করে দেবেন।
- শিক্ষার্থীদের তাদের খাতায় প্রশ্নোত্তরগুলো লিখতে বলবেন। শিক্ষক শিক্ষার্থীদের সাহায্য করবেন।
- শিক্ষার্থীরা 'গাছে ফুল ফল থেকে সবাই আপন পর্যন্ত নিজ নিজ খাতায় লিখবে।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

**পিরিয়ড-৭**
**পৃষ্ঠা: ৫০ (অনুশীলনী- ৫, ৬ )**

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.৩.৩, ২.১.২**
**বলা : ১.১.১, ১.১.২, ১.৩.২ ,২.১.২, ২.১.৪, ২.২.২**
**পড়া : ১.৩.১, ১.৪.২, ১.৪.৩, ২.১.২, ২.২.২, ৩.১.২, ৩.১.৪, ৩.৩.১**
**লেখা : ১.৪.১, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩**

**উপকরণ:** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয়:** কবিতা-সংশ্লিষ্ট বিষয় |
|---|

**শিখন-শেখানো কৌশল**

- শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:***
  ***যেমন:***
  - শিক্ষক শিক্ষার্থীদের পুরো কবিতাটি ছন্দের তালে আবার বলতে বলবেন।
- শিক্ষার্থীদের ৫০ পৃষ্ঠা খুলতে বলবেন।
- প্রথমে ৫ নং অনুশীলনী করাবেন। শিক্ষার্থীদের ৫ নং প্রশ্নের কবিতার চরণটির পরে খালি জায়গায় পরবর্তী চরণটি লিখতে বলবেন।
- এরপর শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ৬ নং প্রশ্নের শব্দগুলো উদাহরণের মতো করে দাগ টেনে মিলাতে বলবেন।
- শিক্ষক এই কবিতার সমমানের যেকোনো একটি কবিতা আবৃত্তি করে শোনাবেন।
- শিক্ষার্থীদের কবিতা-সংশ্লিষ্ট কোনো প্রশ্ন থাকলে প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- শিশুরা নিজেদের জানা কোনো কবিতা একে একে আবৃত্তি করবে। শিক্ষক তাদের উৎসাহ দেবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

**পিরিয়ড-৮**
**পৃষ্ঠা: ৫০ (পুনরালোচনা)**

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.৩.৩, ২.১.২**
**বলা : ১.১.১, ১.১.২, ১.৩.২ ,২.১.২, ২.১.৪, ২.২.২**
**পড়া : ১.৩.১, ১.৪.২, ১.৪.৩, ২.১.২, ২.২.২, ৩.১.২, ৩.১.৪, ৩.৩.১**
**লেখা : ১.৪.১, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩**

**উপকরণ:** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয়:** মূল্যায়ন। |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিশুদের ***পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের কাজগুলো করাবেন।***
  ***যেমন:***
- শিশুরা কবিতার শিরোনাম ও কবির নামসহ কবিতাটি লিখবে।

- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন শিশুরা চরণ ঠিক রেখে লিখতে পারছে কিনা, দুই শব্দের মধ্যে ফাঁক ঠিক রাখতে পারছে কিনা, কমা, দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন যথাস্থানে দিয়ে লিখতে পারছে কিনা।
- শিক্ষক শিক্ষার্থীদের পুরো কবিতাটি ছন্দের তালে আবার বলতে বলবেন।
- শিশুরা একে একে কবিতাটি আবৃত্তি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন তারা এই কবিতা থেকে নতুন কী কী শব্দ শিখেছে ?
- কবিতাটি থেকে শিক্ষার্থীরা কী বুঝতে পেরেছে তা শিক্ষার্থীদের নিজেদের ভাষায় বলতে বলবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৯

## পৃষ্ঠা: ৫১ (ছবিতে ছবিতে সংখ্যা, প্রশ্ন ১, ২)

**শিখনফল**


**শোনা** : ১.৩, ৩
**বলা** : ২.১.৪, ২.২.২
**লেখা** : ১.৫.১

**উপকরণ :** পাঠ্যবই

| **পাঠের আলোচ্য বিষয়:** ক্রিকেট খেলায় রানের সংখ্যা কথায় লিখতে পারা। |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**


- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন। ***শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:***
  - ***সৎ, মমতা, মধুর শব্দগুলো দিয়ে বাক্য তৈরি কর?***
  - ***প্রার্থনা কবিতার প্রথম ৮ লাইন মুখস্থ বল।***
- শিক্ষক পাঠটি সম্পর্কে শিশুদের প্রাথমিক ধারণা দেবেন। যেমন–
  - আমরা সংখ্যা চিনে বলতে ও লিখতে শিখেছি। এই পাঠে আমরা ক্রিকেট খেলায় কে কত রান করেছে তা কথায় লিখব।
- আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন- 'ছবিতে ছবিতে সংখ্যা' শিশুদের বলতে সহায়তা করবেন।
- শিশুদের পাঠ্যপুস্তকের ৫১ নম্বর পৃষ্ঠা খুলতে বলবেন। শিরোনাম পুনরায় পড়ে শোনাবেন।
- শিক্ষক প্রথমে পাঠ্যপুস্তকের 'কে কত রান করেছে তা পাশে ফাঁকা জায়গায় কথায় লিখি' অংশটুকু শিশুদের ভালোভাবে দেখতে বলবেন এবং **ছোট ছোট প্রশ্নের মাধ্যমে *জানতে চাইবেন। শিশুরা প্রশ্ন, আদেশ ইত্যাদি বুঝতে পারছে কিনা তা লক্ষ করবেন।***
- প্রথমে ১ নং প্রশ্ন- 'কে কত রান করেছে তা পাশে ফাঁকা জায়গায় কথায় লিখি' অংশটি করাবেন। প্রয়োজনে সহায়তা করবেন।
- এরপর ২ নং প্রশ্ন - 'ফাঁকা ঘরে নিচের সংখ্যাগুলো কথায় লিখি' অংশ করাবেন। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন এবং সহায়তা দেবেন। প্রতিটি ক্ষেত্রে শিক্ষক প্রশ্নটি বোর্ডে লিখবেন। প্রয়োজনে শিক্ষক একটি বুঝিয়ে দেবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**




# খামার বাড়ির পশুপাখি

গ্রামের নাম সোনাইমুড়ি। গ্রামে নানা পেশার মানুষের বাস। গ্রামের পাশেই তিতাস নদী। সেই নদীর পাড়ে গনি মিয়ার খামার। খামারে আছে অনেক গরু ও বাছুর। দিনের বেলা গরুগুলো মাঠে চরে। ঘাস খায়। বাছুরগুলো এদিক ওদিক ছোটাছুটি করে। মাঝে মাঝে গাভী হাম্বা হাম্বা ডাকে। ডাক শুনে বাছুর ছুটে যায় মায়ের কাছে। খামারের গরুগুলো খইল আর ভুসি খায়।


গনি মিয়া শখ করে কবুতর পোষেন। কবুতরগুলো বাক বাকুম বাক বাকুম করে ডাকে। গনি মিয়ার মেয়ে রিতা। রিতা দ্বিতীয় শ্রেণিতে পড়ে। সে কবুতরগুলোকে খুব ভালোবাসে। গম ও মটর খেতে দেয়। কবুতরগুলো ইচ্ছেমতো উড়াউড়ি করে।





পাশেই পরান বাবুর ছাগলের খামার। খামারে আছে অনেক ছাগল ও ছাগলছানা। সেগুলোর কোনোটা সাদা, কোনোটা কালো, কোনোটা লালচে। ছাগলগুলো মাঠে চরে। ঘাস খায়। লতাপাতা খায়। ছাগল ডাকে ব্যাঁ ব্যাঁ। আশেপাশেই ছাগলছানাগুলো লাফালাফি করে।

একটু দূরেই মতিবিবির মুরগির খামার। সেখানে আছে অনেক মোরগ আর মুরগি। সকাল বেলা মোরগের ডাকে সবার ঘুম ভাঙে। মোরগ ডাকে কুক্কুরু কু, কুক্কুরু কু। লালঝুঁটি মোরগ দেখতে খুব সুন্দর। মোরগ ও মুরগিগুলো এদিক ওদিক চরে বেড়ায়। দানা খায়। মুরগি ডিম পাড়ে। সেগুলো বেচে মতিবিবি অনেক টাকা আয় করেন।





মতিবিবি একটা কুকুর পোষেন। সে খামারের মোরগ-মুরগি পাহারা দেয়। রাতের বেলা শিয়াল ডাকে হুক্কা হুয়া, হুক্কা হুয়া। মুরগি খাওয়ার লোভে চুপি চুপি খামারের কাছে আসে। টের পেয়ে কুকুরটা ডেকে ওঠে ঘেউ ঘেউ করে। তাড়া করে শিয়ালকে।

মুরগির খামারের পাশে রয়েছে একটা বড় পুকুর। সেখানেই শীতল বড়ুয়ার হাঁসের খামার। সে খামারে অনেক হাঁস আছে। সকাল বেলা হাঁসেরা প্যাঁক প্যাঁক করে ডাকে। দল বেঁধে পুকুরে নামে। শামুক খায়। দেখতে খুব ভালো লাগে।



## অনুশীলনী

**১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।**

খামার খইল ভুসি গোয়াল দানা

**২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।**

| | | | | |
|---|---|---|---|---|
| খইল | দানা | ভুসি | গোয়ালে | খামারে |

ক. কবুতরের খাওয়ার জন্য ........................................... ছিটিয়ে দাও।

খ. .............................. অনেক পশুপাখি আছে।

গ. ...................... আর .................. পশুপাখির জন্য ভালো খাবার।

ঘ. রাতে গরুগুলো ............................................ থাকে।

**৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।**

| | | | | |
|---|---|---|---|---|
| হাম্বা | ম্ব | ম | ব | কম্বল, লম্বা |
| দ্বিতীয় | দ্ব | দ | ব | দ্বার, দ্বীপ |
| শ্রেণি | শ্র | শ | ্র (র-ফলা) | শ্রমিক, পরিশ্রম |

**৪. মুখে মুখে উত্তর বলি ও লিখি।**

ক. গ্রামের পাশের নদীটির নাম কী?

খ. রিতা কবুতরকে কী খেতে দেয়?

গ. ছাগলছানারা কী করে?

ঘ. লাল ঝুঁটি মোরগ দেখতে কেমন?

ঙ. মতিবিবি কী বেচে টাকা পান?

চ. খামারের মোরগ ও মুরগিকে কে পাহারা দেয়?

ছ. পুকুরে হাঁসগুলো কী করে?

## ৫. রেখা টেনে মিল করি।



ব্যাঁ ব্যাঁ

হুক্কা হুয়া হুক্কা হুয়া

হাম্বা হাম্বা

কুক্কুরু কু কুক্কুরু কু

ঘেউ ঘেউ

## ৬. নিচের একটি শব্দকে একের বেশি করে বানাই।

| | |
|---|---|
| কুকুর | কুকুরগুলো |
| ছাগল | .................. |
| হাঁস | .................. |
| মুরগি | .................. |
| শিয়াল | .................. |



## ৭. আমার প্রিয় প্রাণী সম্পর্কে তিনটি বাক্য লিখি।

..............................................................................................

..............................................................................................

..............................................................................................

# খামার বাড়ির পশুপাখি

*পৃষ্ঠা (৫২ -৫৫)*

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে।<br>১.২ বিভিন্ন শব্দ ও ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে।<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ শুনে বুঝতে পারবে।<br>২.২ গল্প শুনে বুঝতে পারবে।<br>৩.১ পরিচয়মূলক কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে।<br>৩.২ পরিচিত ফুল, ফল, রং, পশুপাখি, গাছপালা, নদী ইত্যাদি বিষয় শুনে বুঝতে পারবে। | **শোনা**<br>১.১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি শুনে মনে রাখতে পারবে।<br>১.২.১ পাঠের অন্তর্গত ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে।<br>১.৩.১ নির্দেশনা শুনে পালন করতে পারবে।<br>১.৩.২ অনুরোধ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৩ প্রশ্ন শুনে বুঝতে পারবে।<br>২.২.১ গল্প শুনে বুঝতে পারবে।<br>৩.১.২ বর্ণনা শুনে বুঝতে পারবে।<br>৩.২.৪ পরিচিত পশুপাখি সম্পর্কে শুনে বুঝতে পারবে। |
| **বলা**<br>১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে।<br>২.৪ গল্প সম্পর্কে বলতে পারবে।<br>২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে ও বিভিন্ন বিষয়ে বর্ণনা করতে পারবে।<br>২.৬ পরিচিত ফুল, ফল, রং, পশুপাখি, গাছপালা, নদী ইত্যাদি বিষয়ে বলতে পারবে।<br>৪.১ শ্রেণিকক্ষে পঠিত বিষয় সম্পর্কে নিজের অনুভূতি ব্যক্ত করতে পারবে । | **বলা**<br>১.১.১ শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বাক্যস্থিত শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩.১ অনুরোধ করতে পারবে।<br>১.৩.২ কোনো বিষয়ে প্রশ্ন করতে ও প্রশ্নের উত্তর দিতে পারবে।<br>২.৪.১ নিজের ভাষায় গল্প বলতে পারবে।<br>২.৪.২ নিজের ভাষায় গল্প সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে পারবে।<br>২.৫.২ বিভিন্ন বিষয় বর্ণনা করতে পারবে।<br>২.৬.৪ পরিচিত পশুপাখি সম্পর্কে বর্ণনা করতে পারবে।<br>৪.১.১ অধীত বিষয় সম্পর্কে অনুভূতি শুদ্ধভাবে ব্যক্ত করতে পারবে। |
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫ দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন, কমা চিনে বাক্য পড়তে পারবে।<br>২.৫ কথোপকথন ও বর্ণনা পড়ে বুঝতে পারবে। | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন পড়তে পারবে<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠ্যপুস্তকের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫.১ দাঁড়ি বিরাম চিহ্নটি চিনে বাক্য পড়তে পারবে।<br>১.৫.২ প্রশ্নবোধক চিহ্ন চিনে বাক্য পড়তে পারবে।<br>১.৫.৩ কমা চিহ্ন চিনে বাক্য পড়তে পারবে।<br>২.৫.৩ বর্ণনামূলক বিষয় পড়তে পারবে।<br>২.৫.৪ বর্ণনামূলক বিষয় পড়ে বুঝতে পারবে। |

| | |
|---|---|
| ২.৬ পরিচিত ফুল, ফল, রং, পশুপাখি, গাছপালা, নদী ইত্যাদি বিষয়ে পড়ে বুঝতে পারবে।<br>৩.১ নিজের ও অন্যের লেখা শব্দ ও বাক্য পড়তে পারবে। | ২.৬.৪ পরিচিত পশুপাখি সম্পর্কে বুঝে পড়তে পারবে।<br><br>৩.১.১ নিজের লেখা শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.২ নিজের লেখা বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.৩ অন্যের স্পষ্ট লেখা শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.৪ অন্যের স্পষ্ট লেখা বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে। |
| **লেখা**<br>১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br><br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬ বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br><br><br><br>২.৩ ছড়া, কবিতা ,গল্প, কথোপকথন ও বর্ণনা সম্পর্কে লিখতে পারবে<br>২.৪ পরিচিত ফুল, ফল, রং, পশুপাখি, গাছপালা, নদী ইত্যাদি বিষয়ে লিখতে পারবে। | **লেখা**<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬.১ দাঁড়ি বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ প্রশ্নবোধক বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.৩ কমা বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>২.৩.৫ বিভিন্ন বিষয় সহজে বর্ণনা করতে পারবে।<br><br>২.৪.৪ পরিচিত পশুপাখি সম্পর্কে লিখতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড -১০**

**পিরিয়ড- ১**
**পৃষ্ঠা: ৫২**

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.৪**
বলা **:১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২,২.৪.১, ২.৪.২,২.৫.২, ২.৬.৪, ৪.১.১**

**উপকরণ :** পাঠ্যপুস্তক

| পাঠের আলোচ্য বিষয় : গল্প পড়া |
|---|

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে কিছু প্রশ্ন করবেন।
  - যেমন: তোমাদের কী কারও পোষা পশুপাখি আছে? এই পোষা প্রাণীর সাথে তোমাদের কেমন বন্ধুত্ব?
- শিক্ষক বইয়ের পৃষ্ঠা ৫২ খুলতে বলবেন এবং নির্ধারিত পাঠের শিরোনাম জোরে, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে পড়ে শোনাবেন।
- শিক্ষক দুই পাতার গল্পের ছবিটি দেখাবেন, ছবিটি নিয়ে আলোচনা করবেন।তাদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।পাঠ শিরোনাম বোর্ডে লিখবেন।
- প্রমিত উচ্চারণে কথা বলতে সাহায্য করবেন।

- শিক্ষক পুরো গল্পটি শ্রবণযোগ্য, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে অভিব্যক্তিসহকারে পড়বেন। শিক্ষার্থীরা তাদের বইতে আঙুল মেলাবেন।
- শিক্ষক পাঠের মধ্যের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ ঠিক নিয়মে পড়বেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ অংশ থেকে বিভিন্ন প্রশ্ন করবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-২
## পৃষ্ঠাঃ ৫২ (গ্রামের নাম সোনাইমুড়ি..........আর ভুসি খায়।)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.৪**
**বলা :১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২,২.৪.১, ২.৪.২,২.৫.২, ২.৬.৪, ৪.১.১**
**পড়া :১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.৩, ২.৫.৪, ২.৬.৪, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪**
**লেখা : ১.৪.১, ১.৪.২**

**উপকরণ :** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয়:** রিডিং ও যুক্তাক্ষর |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন। ***শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেনঃ*** **যেমনঃ**
  - গ্রামের পাশের নদীটির নাম কী ছিল?
- শিক্ষক শিক্ষার্থীদের 'গ্রামের নাম সোনাইমুড়ি' থেকে 'খইল আর ভুসি খায়' পর্যন্ত পড়তে বলবেন।
- শিক্ষক শিশুদের বলবেন তোমরা যতটুকু পড়েছ তার ভিতরে সবচেয়ে গুরুত্বপূর্ণ শব্দগুলো বল। শিক্ষার্থীরা বলতে পারে বাছুর, খামার, খইল ইত্যাদি।
- শিক্ষক শিক্ষার্থীদের বই থেকে এই শব্দগুলি খুঁজে বের করতে বলবেন।
- শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে। পারগ শিক্ষার্থীরা অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সাহায্য করবেন।
- শিক্ষক হাম্বা যুক্তাক্ষরটি ভেঙে দেখাবেন, হাম্বা- ম্ব= ম+ব। যুক্তাক্ষরটি শিক্ষক বোর্ডে লিখবেন। শিক্ষার্থীদের খাতায় লিখতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

**পিরিয়ড-৩**

**পৃষ্ঠা: ৫২ (গনি মিয়া শখ করে.............ইচ্ছেমতো ওড়াওড়ি করে।)**

**শিখনফল**

**শোনা** : ২.২.১, ৩.১.২, ৩.২.৪
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২,২.৪.১, ২.৪.২,২.৫.২, ২.৬.৪, ৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.৩, ২.৫.৪, ২.৬.৪
**লেখা** : ১.৪.১, ১.৪.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয় :** রিডিং, যুক্তাক্ষর |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন। ***শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন:*** **যেমন:**
  - শিক্ষার্থীদের মধ্য থেকে দুই-একজনকে গল্পটির প্রথম অনুচ্ছেদের অংশটুকু নিজের ভাষায় বলতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের 'গনি মিয়া শখ করে' থেকে 'ইচ্ছেমতো ওড়াওড়ি করে' পর্যন্ত শ্রবণযোগ্য,স্পষ্ট ও প্রমিত উচ্চারণে পড়তে বলবেন।
- শিক্ষক পাঠের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ ঠিক নিয়মে পড়বেন। শিক্ষার্থীদেরকে বলবেন এবং তাদের পড়ার সময় এই বিষয়ে নজর রাখবেন।
- শিক্ষক শিশুদের বলবেন তোমরা যতটুকু পড়েছ তার ভিতরে নতুন শব্দগুলো বল। শিক্ষার্থীরা বলতে পারে বাক বাকুম, সখ ইত্যাদি।
- শিক্ষক শিক্ষার্থীদের বই থেকে এই শব্দগুলো খুঁজে বের করতে বলবেন।
- শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে। পারগ শিক্ষার্থীরা অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সাহায্য করবে।
- শিক্ষক যুক্তাক্ষরগুলি ভেঙে দেখাবেন, দ্বিতীয়- দ্ব= দ+ব, ইচ্ছে- চ্ছ= চ+ছ। যুক্তাক্ষরগুলি শিক্ষক বোর্ডে লিখবেন। শিক্ষার্থীদের খাতায় লিখতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

**পিরিয়ড-৪**

**পৃষ্ঠা: ৫২ (পাশেই পরান বাবুর............ছাগলছানাগুলি লাফালাফি করে)**

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.৪
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২,২.৪.১, ২.৪.২,২.৫.২, ২.৬.৪, ৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.৩, ২.৫.৪, ২.৬.৪,
**লেখা** : ১.৪.১, ১.৪.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয়:** রিডিং, যুক্তাক্ষর, কঠিন শব্দ

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন। ***শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন: যেমন:***
  - শিক্ষক শিক্ষার্থীদের মধ্য থেকে দুই-একজনকে গল্পটির প্রথম দুই অনুচ্ছেদ রিডিং পড়তে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের 'পাশেই পরান বাবুর' থেকে 'ছাগলছানাগুলো লাফালাফি করে' পর্যন্ত শ্রবণযোগ্য,স্পষ্ট ও প্রমিত উচ্চারণে পড়তে বলবেন।
- শিক্ষক শিশুদের বলবেন তোমরা যতটুকু পড়েছ তার ভিতরে সবচেয়ে নতুন শব্দগুলো বল। শিক্ষার্থীরা বলতে পারে পোষা, ওড়াউড়ি ইত্যাদি।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন, বই থেকে এই শব্দগুলো খুঁজে বের করতে।
- শিক্ষক ব্যাঁ ব্যাঁ যুক্তাক্ষরটি ভেঙে দেখাবেন। যুক্তাক্ষরটি শিক্ষক বোর্ডে লিখবেন। শিক্ষার্থীদের খাতায় লিখতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বিশেষ ও কঠিন শব্দগুলি বোর্ডে লিখে দিবেন।
- শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে। পারগ শিশুরা অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুদের সাহায্য করবে।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৫

## পৃষ্ঠা: ৫৩ (একটু দূরেই মতি বিবির ............অনেক টাকা আয় করেন।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.৪

**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২,২.৪.১, ২.৪.২,২.৫.২, ২.৬.৪, ৪.১.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.৩, ২.৫.৪, ২.৬.৪, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

**লেখা** : ১.৫.১, ২.৩.৫, ২.৪.৪

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয়:** বিশেষ শব্দ শেখা, বানান শেখা।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন। ***শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন: যেমন:***
  - শিক্ষক শিক্ষার্থীদের পূর্ব পাঠ যাচাইয়ের কৌশল হিসাবে শিক্ষার্থীদের মধ্য থেকে দুই-একজনকে গল্পটির প্রথম দুই অনুচ্ছেদ রিডিং পড়তে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের 'একটু দূরেই মতি বিবির ' থেকে 'অনেক টাকা আয় করেন' পর্যন্ত শ্রবণযোগ্য,স্পষ্ট ও প্রমিত উচ্চারণে পড়তে বলবেন।
- তারা গল্পটি বুঝতে পারছে কি না জিজ্ঞেস করবেন। নতুন শব্দগুলো বলতে বলবেন।
- শিক্ষার্থীদের শব্দের অর্থ বলতে বলবেন এবং সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বিশেষ ও কঠিন শব্দগুলি বোর্ডে লিখে দিবেন।
- শিক্ষক কুক্কুরু কু যুক্তাক্ষরটি ভেঙে দেখাবেন ও বোর্ডে লিখবেন। শিক্ষার্থীদেরকে খাতায় লিখতে বলবেন।

- শিক্ষক পৃষ্ঠা ৫৩ শিক্ষার্থীদের খুলতে বলবেন। শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ১ নং প্রশ্নের খামার, খইল, ভুসি, গোয়াল, দানা শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন।
- শিক্ষক শ্রেণিকক্ষ ঘুরে ঘুরে দেখবেন শিশুরা শব্দগুলি ঠিকভাবে খুঁজছে কি না। পারগ শিশুরা অপেক্ষাকৃত অপারগ শিশুদের সহায়তা করবেন। খুঁজে পাওয়ার পর শিক্ষার্থীরা শব্দগুলোর অর্থ বলবে।
- প্রয়োজনে শিক্ষকও সাহায্য করবেন।
- যদি কোন শিক্ষার্থী ভুলও বলে, কেন সে এটা ভাবল তা শিক্ষার্থীকে জিজ্ঞেস করবেন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- শিক্ষক বোর্ডে আরও কিছু শব্দ দিবেন শিক্ষার্থীদেরকে খুঁজে বের করার জন্য।
- শিক্ষক শিক্ষার্থীদেরকে অনুশীলনীর ২ নং প্রশ্নের খালি জায়গায় খামার, খইল, ভুসি, গোয়াল, দানা শব্দগুলো বসিয়ে বাক্য তৈরি করতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের মুখে মুখে বাক্য রচনা করতে দেবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৬

## পৃষ্ঠাঃ ৫৩ (মতি বিবি একট কুকুর পোষেন...............তাড়া করে শিয়ালকে।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.৪

**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২,২.৪.১, ২.৪.২,২.৫.২, ২.৬.৪, ৪.১.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.৩, ২.৫.৪, ২.৬.৪, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

**লেখা** :১.৫.১, ২.৩.৫, ২.৪.৪

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** রিডিং, যুক্তাক্ষর, বাক্যরচনা।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন। ***শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেনঃ*** **যেমনঃ**
  - শিক্ষক শিক্ষার্থীদের আগের দিনে শেখা বানানগুলো আবার জিজ্ঞেস করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের 'মতি বিবি একট কুকুর পোষেন' থেকে 'তাড়া করে শিয়ালকে' পর্যন্ত শ্রবণযোগ্য,স্পষ্ট ও প্রমিত উচ্চারণে পড়তে বলবেন।
- তারা গল্পটি বুঝতে পারছে কিনা জিজ্ঞেস করবেন। নতুন শব্দগুলি বলতে বলবেন।
- শিক্ষার্থীদের শব্দের অর্থ বলতে বলবেন এবং সহায়তা করবেন।
- শিক্ষক হুক্কা হুয়া যুক্তাক্ষরটি ভেঙে দেখাবেন। যুক্তাক্ষরটি শিক্ষক বোর্ডে লিখবেন। শিক্ষার্থীদের খাতায় লিখতে বলবেন।
- শিক্ষক অনুশীলনীর ৩ নং প্রশ্নের যুক্তবর্ণগুলো বোর্ডে লিখবেন। বোর্ডে যুক্তবর্ণগুলো ভেঙে দেখাবেন।
- একই যুক্তবর্ণ দিয়ে আরও কয়েকটি নতুন শব্দ তৈরি করবেন।
- শিক্ষার্থীরা তাদের নিজ নিজ খাতায় শব্দগুলো লিখবে।
- শিক্ষার্থীদের পাঠের বিশেষ ও নতুন শব্দ দিয়ে বাক্য রচনা করতে দেবেন।
- শিক্ষক বোর্ডে শব্দগুলি লিখে দিবেন। শিক্ষার্থীরা যেকোনো তিনটি শব্দ দিয়ে তাদের খাতায় বাক্য রচনা করবে।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড -৭
### পৃষ্ঠা: ৫৩ (মুরগির খামারের পাশে রয়েছে............দেখতে খুব ভালো লাগে ।)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.৪**
**বলা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২,২.৪.১, ২.৪.২,২.৫.২, ২.৬.৪, ৪.১.১**
**পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪**
**লেখা : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৪**

**উপকরণ:** পাঠ্যপুস্তক ।

**পাঠের আলোচ্য বিষয়:** প্রশ্নোত্তর, রিডিং পড়া ।

**শিখন-শেখানো কৌশল**

- শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময় করবেন । ***শিক্ষক শিশুদের পূর্বজ্ঞান যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন: যেমন:***
  - শিক্ষক শিক্ষার্থীদের পূর্ব পাঠ যাচাইয়ের কৌশল হিসাবে শিক্ষার্থীদের মধ্য থেকে দুই-একজনকে গল্পটির পূর্বের পড়া অনুচ্ছেদগুলি রিডিং পড়তে বলবেন ।
- শিক্ষক শিক্ষার্থীদের 'মুরগির খামারের পাশে রয়েছে ..................দেখতে খুব ভালো লাগে' পর্যন্ত শ্রবণযোগ্য, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে পড়তে বলবেন ।
- তারা গল্পটি বুঝতে পেরেছে কি না জিজ্ঞেস করবেন । নতুন ও বিশেষ শব্দগুলো বলতে বলবেন ।
- শিক্ষার্থীদের শব্দের অর্থ বলতে বলবেন । না পারলে শিক্ষক বলে দেবেন ।
- শিক্ষক প্যাঁক প্যাঁক শব্দটি ভেঙে দেখাবেন । শব্দটি শিক্ষক বোর্ডে লিখবেন । শিক্ষার্থীদের খাতায় লিখতে বলবেন ।
- শিক্ষক মুখে মুখে শিক্ষার্থীদের ৪ নং অনুশীলনীর প্রশ্নগুলো জিজ্ঞেস করবেন । শিক্ষার্থীরা উত্তর দেবে ।
- শিক্ষার্থীরা কোনো প্রশ্নের উত্তর না পারলে শিক্ষক সাহায্য করবেন ।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন ।
- শিক্ষার্থীরা এরপর প্রশ্নগুলো তাদের খাতায় লিখবে ।
- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন । শিক্ষার্থীরা কোনো ভুল করলে ঠিক করে দেবেন ।
- শিক্ষক আরও কিছু প্রশ্ন নিজে থেকে তৈরি করে বোর্ডে লিখে দেবেন ।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।**

## পিরিয়ড-৮
### পৃষ্ঠা: ৫৫ (অনুশীলনী- ৫, ৬, ৭)

**শিখনফল**

**শোনা : ২.২.১, ৩.১.২, ৩.২.৪**
**বলা : ১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২,২.৪.১, ২.৪.২,২.৫.২, ২.৬.৪, ৪.১.১**
**পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪**
**লেখা : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৪**
**উপকরণ :** পাঠ্যপুস্তক ।

| পাঠের আলোচ্য বিষয় : গল্প সংশ্লিষ্ট বিষয়। |
|---|

**শিখন-শেখানো কৌশল**

- শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসেবে শিক্ষার্থীদের নিচের প্রশ্নগুলো করবেন।
  - পোষা পশু-পাখির জন্য কী কী খাবার দিতে হয়?
  - তোমাদের কারও কী পোষা পশুপাখি আছে?
  - তাদের কী খেতে দাও?
- শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ৫ নং প্রশ্নের প্রাণীর ছবির সাথের প্রাণীর ডাক রেখা টেনে মিল করতে বলবেন।
- শিক্ষার্থীরা ৬ নং প্রশ্নের উদাহরণের মতো করে একটি শব্দকে একের বেশি করে বানাবে।
- ৭ নং প্রশ্নে শিক্ষার্থীরা তাদের প্রিয় প্রাণী সম্পর্কে তিনটি বাক্য তাদের খাতায় লিখবে।
- শিক্ষক শিক্ষার্থীদের প্রশ্ন করবেন, গনি মিঞা এবং মতিবিবির মতো খামার তোমাদের থাকলে তোমরা পশুপাখিদের জন্য কী করতে?
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

**পিরিয়ড-৯**

**(পুনরালোচনা)**

**শিখনফল**

**শোনা** : ২.২.১, ৩.১.২, ৩.২.৪

**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২,২.৪.১, ২.৪.২,২.৫.২, ২.৬.৪, ৪.১.১

**পড়া** : ২.৫.৩, ২.৫.৪, ২.৬.৪, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

**লেখা** :১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৪

**উপকরণ** : পাঠ্যপুস্তক।

| পাঠের আলোচ্য বিষয় : রিভিশন |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- পুরো পাঠের শেষে শিক্ষক 'খামার বাড়ির পশুপাখি' গল্পটি এবং অনুশীলনীর কার্যাবলি পুনরায় পড়াবেন।
- শিক্ষার্থীরা বুঝতে পেরেছে কিনা তা বোঝার জন্য পাঠের মধ্য থেকে বিভিন্ন ধরনের প্রশ্ন করবেন। যেমন গনি মিঞার মেয়ে কাদেরকে খুব ভালোবাসে?
- নতুন শব্দগুলোর বানান জিজ্ঞেস করবেন।
- শিক্ষার্থীদের যুক্তাক্ষর লিখতে দেবেন।
- শিক্ষক তিনটি শব্দ বোর্ডে লিখে দেবেন, শিক্ষার্থীরা তাদের যার যার পছন্দমতো একটি শব্দ দিয়ে একটি বাক্য রচনা করবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

**পিরিয়ড-১০**

**পৃষ্ঠা: ৫২-৫৩ (পুনরালোচনা)**

**শিখনফল**

**শোনা** : ২.২.১, ৩.১.২, ৩.২.৪

**বলা** :১.১.১, ১.১.২, ১.৩.১, ১.৩.২,২.৪.১, ২.৪.২,২.৫.২, ২.৬.৪, ৪.১.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.৩, ২.৫.৪, ২.৬.৪,

**লেখা** :১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৪

**উপকরণ :** পাঠ্যপুস্তক পোস্টার পেপার, রং পেন্সিল ইত্যাদি ।

| **পাঠের আলোচ্য বিষয় :**মূল্যায়ন |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**


- শিক্ষক শিক্ষার্থীদের ছয়টি দলে ভাগ করবেন ।এক একটি দল 'খামার বাড়ির পশুপাখি' গল্পে উল্লেখ করা গরু, ছাগল, মুরগি, কবুতর, কুকুর ও শিয়াল কী করে তা পোস্টার পেপারে লিখবে ও ছবি আঁকবে ।
- শিক্ষক শিক্ষার্থীদের সাহায্য করবেন ।
- পোস্টারের কাজ শেষ হয়ে গেলে শ্রেণিকক্ষের দেওয়ালে টাঙাবেন ।
- সবচেয়ে সুন্দর পোস্টারটি যেই দলের সেই দলকে জয়ী ঘোষণা করবেন ।
- এই কাজের মাধ্যমে শিক্ষার্থীরা নির্দেশনা শুনে পালন করা, বর্ণনা শুনে ও পড়ে লেখা, যতি চিহ্ন ব্যবহার করা,পশুপাখি সম্পর্কে লিখতে পারা, নিজের ও অন্যের লেখা বাক্য পড়া প্রতিটি যোগ্যতাই অর্জন করতে পেরেছে কিনা তা বোঝা যাবে ।
- শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।

# ছয় ঋতুর দেশ

আমাদের দেশটা কত সুন্দর। তার নানা রূপ। চারপাশে সবুজ আর সবুজ। মাথার ওপর নীল আকাশ। রুপালি ফিতার মতো নদী বয়ে যায়।

সকালে সূর্য ওঠে। নরম আলোয় চারদিক হেসে ওঠে। দুপুরে রোদ কড়া হয়। বিকালের রোদ সোনালি। সন্ধ্যায় পশ্চিম আকাশ রঙিন হয়ে ওঠে। রাত কখনো অন্ধকার, কখনো চাঁদের আলোয় ঝলমলে।

এভাবে এক দিন হয়। সাত দিনে হয় এক সপ্তাহ। আর ত্রিশ দিনে এক মাস। বারো মাসে হয় এক বছর। দুই মাসে একটি ঋতু হয়। আমাদের ঋতু হচ্ছে ছয়টি।



বাংলা বছর বৈশাখ মাস দিয়ে শুরু হয়। বৈশাখ ও জ্যৈষ্ঠ এই দুই মাস নিয়ে গ্রীষ্মকাল। এ সময়ে খুব গরম পড়ে। খাল বিল শুকিয়ে ফেটে যায়। কখনো কখনো প্রচণ্ড ঝড় হয়। তখন জানমালের ক্ষতি হয়।



আষাঢ় ও শ্রাবণ মাস নিয়ে বর্ষা ঋতু। আকাশে তখন ঘন কালো মেঘের আনাগোনা। যখন তখন ঝম ঝম করে বৃষ্টি নামে। খালবিল পানিতে থই থই করে। ব্যাঙ ডাকে ঘ্যাঙর ঘ্যাং। কদম আর কেয়ার গন্ধে বাতাস ভরপুর থাকে।

ভাদ্র ও আশ্বিন মাস মিলে হয় শরৎ ঋতু। তখন নতুন ধানের শিষ বাতাসে মাথা দোলায়। এ সময় আকাশের রং হয়ে ওঠে গাঢ় নীল। তুলোর মতো হালকা সাদা মেঘ ভেসে বেড়ায়। নদীর ধারে কাশফুলের দোলা লাগে। বাতাসে শিউলি ফুলের মিষ্টি গন্ধ পাওয়া যায়।





কার্তিক ও অগ্রহায়ণ মাস মিলে হেমন্ত ঋতু। তখন মাঠে মাঠে ধান পাকে। ঘরে ঘরে নতুন চালের পিঠে পায়েস তৈরির উৎসব হয়। এই উৎসবকে বলে নবান্ন। এ সময় একটু একটু ঠাণ্ডা পড়তে থাকে। সকালে ঘাসের ডগায় হালকা শিশির জমে।

পৌষ ও মাঘ মাস নিয়ে শীত ঋতু। এ সময় খেজুরের রস ও গুড় পাওয়া যায়। ঘরে ঘরে পিঠাপুলি খাওয়ার ধুম পড়ে যায়। চারপাশ ঢাকা থাকে ঘন কুয়াশায়। সকালে গাছপালা আর ঘাসের ডগায় বেশি শিশির জমে। শীতের শেষ দিকে শুরু হয় গাছ থেকে পাতা ঝরা।





ফাল্গুন ও চৈত্র মাস মিলে বসন্ত ঋতু। এ সময় প্রকৃতি নতুন রূপে সাজে। নানান ফুলে ভরা থাকে গাছ। শাখায় শাখায় পাখি গান করে। কোকিলের গানের সুরে মন ভরে যায়। বসন্তকে বলা হয় ঋতুর রাজা।

# অনুশীলনী

**১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| রূপ | রুপালি | সন্ধ্যা | সুন্দর | ক্ষতি | জানমাল |
| প্রচণ্ড | গন্ধ | গাঢ় | নবান্ন | উৎসব | সপ্তাহ |

**২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| গাঢ় | রুপালি | সন্ধ্যার | সুন্দর | ক্ষতি | প্রচণ্ড |
| জানমালের | গন্ধ | রূপ | নবান্ন | উৎসব | |

ক. কারো ................................ করা ভালো নয়।

খ. রাতের আকাশে ................................ চাঁদ দেখা যায়।

গ. ................................ আগেই বাড়ি ফিরে আসব।

ঘ. নববর্ষে কত রকমের ................................ হয়।

ঙ. গোলাপ খুব ................................ ফুল।

চ. বন্যায় ................................ ক্ষতি হয়।



ছ. ................................ রোদে ঘুরে পিপাসা পেয়েছে।

জ. ফুলের ................................ খুব ভালো লাগে।

ঝ. আষাঢ় মাসে আকাশে ................................ মেঘ হয়।

ঞ. হেমন্তকালে ................................ উৎসব হয়।

ট. বাংলাদেশে একেক ঋতুতে একেক ................................ দেখা যায়।

৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সূর্য | র্য | ´ | য | | কার্য, ধার্য |
| পশ্চিম | শ্চ | শ | চ | | নিশ্চয়, পশ্চাৎ |
| জ্যৈষ্ঠ | জ্য | জ | ্য | (য-ফলা) | জ্যান্ত, জ্যোতি |
| | ষ্ঠ | ষ | ঠ | | কাষ্ঠ, ওষ্ঠ |
| গ্রীষ্ম | গ্র | গ | ্র | (র-ফলা) | গ্রাম, অগ্র |
| | ষ্ম | ষ | ম | | উষ্ম |
| প্রচণ্ড | প্র | প | ্র | (র-ফলা) | প্রথম, প্রচার |
| শ্রাবণ | শ্র | শ | ্র | (র-ফলা) | শ্রেণি, বিশ্রাম |
| ভাদ্র | দ্র | দ | ্র | (র-ফলা) | ভদ্র, নিদ্রা |
| আশ্বিন | শ্ব | শ | ব | (ফলা) | অশ্ব, বিশ্ব |
| ফাল্গুন | ল্গ | ল | গ | | বল্গা, ফল্গু |

৪. কোন কোন মাস নিয়ে কোন ঋতু হয় তা ফাঁকা ঘরে লিখি।

| | | |
|---|---|---|
| ভাদ্র ও আশ্বিন | বৈশাখ ও জ্যৈষ্ঠ | কার্তিক ও অগ্রহায়ণ |
| পৌষ ও মাঘ | আষাঢ় ও শ্রাবণ | ফাল্গুন ও চৈত্র |

| ঋতু | মাস |
|---|---|
| হেমন্ত | |
| শরৎ | |
| গ্রীষ্ম | |
| শীত | |
| বসন্ত | |
| বর্ষা | |

## ৫. ছবির বাম পাশে ঋতুর নাম লিখি ও ঠিক বাক্যের সাথে দাগ টেনে মিলাই।

বসন্ত ঋতু
......................



শিউলি ফুল ফোটে।

......................



আম, জাম, লিচু ইত্যাদি
ফল পাওয়া যায়।

......................



নবান্ন উৎসব হয়।

......................



কোকিলের কুহু ডাক
শোনা যায়।

......................



মানুষ গরম কাপড় পরে,
আগুন পোহায়।

......................



ঝমঝম করে বৃষ্টি নামে।

## ৬. বিপরীত শব্দ জেনে নিই। ফাঁকা জায়গায় ঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি করি।

| সাদা | কালো |
| --- | --- |

| শীত | গ্রীষ্ম |
| --- | --- |

| গরম | ঠান্ডা |
| --- | --- |

ক. শরৎ ঋতুতে আকাশে ............................... মেঘ ভেসে বেড়ায়।

খ. হেমন্ত ঋতুতে একটু একটু করে ......................... পড়তে থাকে।

গ. বৈশাখ ও জ্যৈষ্ঠ মাস মিলে হয় .............................. ঋতু।

## ৭. আমার প্রিয় ঋতু সম্পর্কে তিনটি বাক্য লিখি।

..........................................................................................................

..........................................................................................................

..........................................................................................................

# ছয় ঋতুর দেশ
## পৃষ্ঠা নং (৫৬-৬১)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা** | **শোনা** |
| ১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে। | ১.১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি শুনে মনে রাখতে পারবে। |
| ১.২ বিভিন্ন শব্দ ও ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে। | ১.২.১ পাঠের অন্তর্গত ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে। |
| ১.৩ নির্দেশনা, প্রশ্ন, অনুরোধ শুনে বুঝতে পারবে। | ১.৩.১ নির্দেশনা শুনে পালন করতে পারবে।<br>১.৩.২ অনুরোধ শুনে পালন করতে পারবে।<br>১.৩.৩ প্রশ্ন শুনে বুঝতে পারবে। |
| ২.২ গল্প শুনে বুঝতে পারবে। | ২.২.১ গল্প শুনে বুঝতে পারবে। |
| ৩.১ পরিচয়মূলক কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে। | ৩.১.২ বর্ণনা শুনে বুঝতে পারবে। |
| ৩.২ পরিচিত ফুল, ফল, রং, পশুপাখি, গাছপালা, নদী ইত্যাদি বিষয় শুনে বুঝতে পারবে। | ৩.২.৩ পরিচিত রং সম্বন্ধে শুনে বুঝতে পারবে। |
| ৩.৪ বাংলা বারো মাস ও ছয় ঋতুর নাম শুনে মনে রাখতে এবং এ সম্পর্কে বুঝতে পারবে। | ৩.৪.১ বাংলা বারো মাসের নাম শুনে মনে রাখতে পারবে।<br>৩.৪.২ বাংলা ছয় ঋতুর নাম শুনে মনে রাখতে পারবে।<br>৩.৪.৩ বাংলা বারো মাসের বর্ণনা শুনে বুঝতে পারবে।<br>৩.৪.৪ বাংলা ছয় ঋতুর বর্ণনা শুনে বুঝতে পারবে। |
| **বলা** | **বলা** |
| ১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। | ১.১.১ শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে। |
| ১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে। | ১.৩.২ কোনো বিষয়ে প্রশ্ন করতে ও প্রশ্নের উত্তর দিতে পারবে। |
| ২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে ও বিভিন্ন বিষয়ে বর্ণনা করতে পারবে। | ২.৫.২ বিভিন্ন বিষয় বর্ণনা করতে পারবে। |
| ২.৬ পরিচিত ফুল, ফল, রং, পশুপাখি, গাছপালা, নদী ইত্যাদি বিষয়ে বলতে পারবে। | ২.৬.৩ পরিচিত রং সম্পর্কে বর্ণনা করতে পারবে। |
| ২.৭ বাংলা বারো মাস ও ছয় ঋতুর নাম বলতে পারবে। | ২.৭.১ বাংলা বারো মাসের নাম বলতে পারবে।<br>২.৭.২ ছয় ঋতুর নাম শুদ্ধভাবে বলতে পারবে।<br>২.৭.৩ বাংলা বারো মাস সম্পর্কে বলতে পারবে।<br>২.৭.৪ ঋতু সম্পর্কে বর্ণনা করতে পারবে। |
| ৩.১ প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে। | ৩.১.২ অন্যের সঙ্গে প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে। |
| ৪.১ শ্রেণিকক্ষে পঠিত বিষয় সম্পর্কে নিজের অনুভূতি ব্যক্ত করতে পারবে। | ৪.১.১ অধীত বিষয় সম্পর্কে অনুভূতি শুদ্ধভাবে ব্যক্ত করতে পারবে। |

| | |
|---|---|
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫ দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন, কমা চিনে বাক্য পড়তে পারবে।<br>২.৫ কথোপকথন ও বর্ণনা  পড়ে বুঝতে পারবে।<br>২.৬ পরিচিত ফুল, ফল, রং, পশুপাখি, গাছপালা, নদী ইত্যাদি বিষয়ে পড়ে বুঝতে পারবে।<br>২.৭ বাংলা বারো মাস ও ছয় ঋতুর নাম পড়তে ও বিষয় বুঝতে পারবে।<br>৩.১ নিজের ও অন্যের লেখা শব্দ ও বাক্য পড়তে  পারবে। | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠ্যপুস্তকের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫.১ দাঁড়ি, বিরাম চিহ্নটি চিনে বাক্য পড়তে পারবে।<br>১.৫.২ প্রশ্নবোধক চিহ্ন চিনে বাক্য পড়তে পারবে।<br>১.৫.৩ কমা চিহ্ন চিনে বাক্য পড়তে পারবে।<br>২.৫.৩ বর্ণনামূলক বিষয় পড়তে পারবে।<br>২.৫.৪ বর্ণনামূলক বিষয় পড়ে বুঝতে পারবে।<br>২.৬.৩ পরিচিত রং সম্পর্কে পড়ে বুঝতে পারবে।<br>২.৬.৪ পরিচিত পশুপাখি সম্পর্কে বুঝে পড়তে পারবে।<br>২.৭.১ বাংলা বারো মাস ও ছয় ঋতুর নাম পড়তে পারবে।<br>২.৭.২ বাংলা বারো মাস ও ছয় ঋতুর বিষয় পড়ে বুঝতে পারবে।<br>৩.১.১ নিজের লেখা শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.২ নিজের লেখা বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.৩ অন্যের স্পষ্ট লেখা শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.৪ অন্যের স্পষ্ট লেখা বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে। |
| **লেখা**<br>১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬ বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>২.৩ ছড়া, কবিতা ,গল্প, কথোপকথন ও বর্ণনা সম্পর্কে লিখতে পারবে<br>২.৪ পরিচিত ফুল, ফল, রং, পশুপাখি, গাছপালা, নদী ইত্যাদি বিষয়ে লিখতে  পারবে।<br>২.৫ বাংলা বারো মাস ও ছয় ঋতুর নাম ও পাঠ-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। | **লেখা**<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬.১ দাঁড়ি বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২  প্রশ্নবোধক বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.৩ কমা বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>২.৩.৫ বিভিন্ন বিষয় সহজে বর্ণনা করতে পারবে।<br>২.৪.৩ পরিচিত রং সম্পর্কে লিখতে পারবে।<br>২.৫.১ বাংলা বারো মাসের নাম লিখতে পারবে।<br>২.৫.২ ছয় ঋতুর নাম লিখতে পারবে।<br>২.৫.৩ বাংলা বারো মাস সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে।<br>২.৫.৪ ছয় ঋতু সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |

**পাঠ বিভাজন: পিরিয়ড -২০**

## পিরিয়ড-১
## পৃষ্ঠা: ৫৬

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪
**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৫.২, ২.৬.৩, ২.৭.১, ২.৭.২, ২.৭.৩ , ২.৭.৪, ৩.১.২, ৪.১.১
**পড়া** : ১.৩.১ ,১.৪.১ ,১.৪.২,২.৭.১ ,২.৭.২

**উপকরণ :** পাঠ্যপুস্তক; সবুজ, লাল, গোলাপি, কমলা রঙের কার্ড

**পাঠের আলোচ্য বিষয় :** গল্প পড়া, নির্দেশনা শুনে পালন করা।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসেবে প্রশ্ন করবেন,
  - এই যে আমাদের দেশে কখনো শীত, কখনো গরম আবার কখনো সারাদিন বৃষ্টি, তোমরা লক্ষ করেছ? বছরের একেকটা সময় যে একেক রকম, তোমাদের কার কোন সময়টা সবচেয়ে বেশি ভালোলাগে? শিক্ষার্থীদের উত্তর শুনবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বই এর পৃষ্ঠা ৫৬ খুলতে বলবেন এবং নির্ধারিত পাঠের শিরোনাম জোরে, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে পড়ে শোনাবেন।
- শিক্ষক দুই পাতার গল্পের ছবিটি দেখাবেন, ছবিটি নিয়ে আলোচনা করবেন। সবুজ মাঠ, নীল আকাশ ও নদীর ছবি দেখিয়ে সহজ ভাষায় বুঝিয়ে দেবেন আমাদের দেশটা খুব সুন্দর। তাদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- প্রমিত উচ্চারণে কথা বলতে সাহায্য করবেন।
- শিক্ষক পুরো গল্পটি শ্রবণযোগ্য, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে অভিব্যক্তিসহকারে পড়বেন। শিক্ষার্থীরা তাদের বইতে আঙুল মেলাবে।
- শিক্ষক পাঠের মধ্যের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ ঠিক নিয়মে পড়বেন।
- পাঠের বিষয় শিক্ষার্থীরা বুঝেছে কি না কয়েকটি প্রশ্ন করে শিক্ষক জেনে নেবেন। যেমন: আমাদের নদীগুলো কেমন? বিকালের রোদ কী রঙের? কার্ড দেখে রঙের নাম বল।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ অংশ থেকে বিভিন্ন প্রশ্ন করবেন। যেমন:কত দিনে এক মাস হয়? কত মাসে এক ঋতু হয় ? ইত্যাদি।

## পিরিয়ড-২
## পৃষ্ঠা: ৫৬ (আমাদের দেশটা কত সুন্দর.................ঋতু হচ্ছে ছয়টি।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪
**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৫.২, ২.৬.৩, ২.৭.১, ২.৭.২, ২.৭.৩ , ২.৭.৪, ৩.১.২, ৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.৩ , ২.৫.৪, ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণ :** পাঠ্যপুস্তক।

**পাঠের আলোচ্য বিষয় :** গল্প পড়া, নির্দেশনা শুনে পালন করা, রিডিং, যুক্তাক্ষর, নতুন শব্দ শেখা।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে গল্পটি কেমন লেগেছে তা শিক্ষার্থীদের কাছে জানতে চাইবেন। গত দিনের পাঠের অংশ থেকে শিক্ষার্থীদের প্রশ্ন করবেন। যেমন: বাংলা বছর কোন মাস থেকে শুরু হয়? ইত্যাদি।
- শিক্ষক আজকের পাঠ অংশের সুন্দর, সূর্য, সন্ধ্যা, পশ্চিম, অন্ধকার, ত্রিশ এই যুক্তাক্ষরগুলি ভেঙে দেখাবেন।
- যুক্তাক্ষরগুলি শিক্ষক বোর্ডে লিখবেন। শিক্ষার্থীদের খাতায় লিখতে বলবেন। শিক্ষক শিক্ষার্থীদের **(আমাদের দেশটা কত সুন্দর..................ঋতু হচ্ছে ছয়টি)** পর্যন্ত পড়তে বলবেন। তোমরা যতটুকু পড়েছ তার ভিতরে সবচেয়ে নতুন শব্দগুলো বল। শিক্ষার্থীরা বলতে পারে সপ্তাহ, বছর, রঙিন ইত্যাদি।
- শিক্ষক শিক্ষার্থীদের বই থেকে এই শব্দগুলো খুঁজে বের করতে বলবেন।
- শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে। শিক্ষক শব্দগুলো বোর্ডে লিখে দিবেন। শিক্ষক শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- **শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করে দেবেন। প্রতিটি দলকে সকাল, দুপুর, বিকেল, সন্ধ্যা বা রাত সম্পর্কে তিনটি করে বাক্য** লিখতে বলবেন। লেখার সময় তিনি ঘুরে ঘুরে দেখবেন। প্রয়োজনে সহায়তা দেবেন। শেখা শেষ হলে এক দলের লেখা অন্য দলের কাউকে পড়তে দেবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

**পিরিয়ড-৩**

**পৃষ্ঠা: ৫৬ (বাংলা বছর বৈশাখ মাস...........জানমালের ক্ষতি হয়।)**

**শিখন ফল:**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪

**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৫.২, ২.৬.৩, ২.৭.১, ২.৭.২, ২.৭.৩ , ২.৭.৪, ৩.১.২, ৪.১.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.৩ ,২.৫.৪, ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণ :** পাঠ্যপুস্তক, ছয় ঋতুর নামের তালিকা, সাত দিনের নামের তালিকা

**পাঠের আলোচ্য বিষয় :** রিডিং, যুক্তাক্ষর ও বিশেষ শব্দ শেখা।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের মধ্য থেকে দুই-একজনকে গল্পটির পূর্বের পাঠ অংশটুকু নিজের ভাষায় বলতে বলবেন।
- শিক্ষক বাংলা মাসের নাম সংবলিত ক্যালেন্ডারটি বোর্ডে টাঙিয়ে দেবেন। সেখানে বারো মাসের নাম দেখিয়ে মুখে শুদ্ধ উচ্চারণ করবেন। প্রথম চারটি মাসের নাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক আজকের পাঠ অংশের জ্যৈষ্ঠ, গ্রীষ্মকাল, প্রচ-, ক্ষতি এই যুক্তাক্ষরগুলো ভেঙে দেখাবেন। যুক্তাক্ষরগুলো শিক্ষক বোর্ডে লিখবেন। শিক্ষার্থীদের খাতায় লিখতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের **(বাংলা বছর বৈশাখ মাস...........জানমালের ক্ষতি হয়।)** পর্যন্ত পড়তে বলবেন। তোমরা যতটুকু পড়েছ তার ভিতরে নতুন শব্দগুলো বল। শিক্ষার্থীরা বলতে পারে প্রচ-, ক্ষতি ইত্যাদি।
- শিক্ষক শিক্ষার্থীদের বই থেকে এই শব্দগুলো খুঁজে বের করতে বলবেন।
- শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে। পারগ শিক্ষার্থীরা অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সাহায্য করবে।
- শিক্ষক শব্দগুলো বোর্ডে লিখে দিবেন।

- শিক্ষক পাঠের মধ্যের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ ঠিক নিয়মে পড়বেন। শিক্ষার্থীদের এই বিষয়ে বলবেন এবং তাদের পড়ার সময় নজর রাখবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের প্রমিত উচ্চারণে কথা বলতে সাহায্য করবেন।
- শিক্ষক গল্পটির আজকের পাঠ থেকে কিছু প্রশ্ন শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

**পিরিয়ড-৪**

**পৃষ্ঠা: ৫৬ (আষাঢ় ও শ্রাবণ মাস................বাতাস ভরপুর থাকে।)**

**শিখন ফল:**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪

**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৫.২, ২.৬.৩, ২.৭.১, ২.৭.২, ২.৭.৩ , ২.৭.৪, ৩.১.২, ৪.১.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.৩ ,২.৫.৪, ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণ:** পাঠ্যপুস্তক; ছয় ঋতুর নামের তালিকা, সাত দিনের নামের তালিকা ও ক্যালেন্ডার।

**পাঠের আলোচ্য বিষয় :** রিডিং, যুক্তাক্ষর, নতুন শব্দ শেখা।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক বাংলা মাসের নাম সংবলিত ক্যালেন্ডারটি বোর্ডে টাঙিয়ে দেবেন। সেখানে বারো মাসের নাম দেখিয়ে মুখে শুদ্ধ উচ্চারণ করবেন। ভাদ্র থেকে অগ্রহায়ণ মাসের নাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক আজকের পাঠ অংশের শ্রাবণ, বর্ষা, বৃষ্টি, ব্যাঙ, ঘ্যাঙর ঘ্যাং, গন্ধ যুক্তাক্ষরগুলি শিক্ষক বোর্ডে লিখবেন। যুক্তাক্ষরগুলি ভেঙে দেখাবেন।
- শিক্ষার্থীদের খাতায় লিখতে বলবেন।
- শিক্ষার্থীদের শব্দগুলোর উচ্চারণ শিখাবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের **(আষাঢ় ও শ্রাবণ মাস.................বাতাস ভরপুর থাকে)** পর্যন্ত পড়তে বলবেন। তোমরা যতটুকু পড়েছ তার ভিতরে নতুন শব্দগুলো বল। শিক্ষার্থীরা বলতে পারে ঝমঝম, ভরপুর ইত্যাদি।
- শিক্ষক শিক্ষার্থীদের বই থেকে এই শব্দগুলো খুঁজে বের করতে বলবেন ।
- শিক্ষার্থীদের শব্দগুলির অর্থ জিজ্ঞাসা করবেন। না পারলে শিক্ষক বলে দিবেন। প্রয়োজনে বোর্ডে লিখে দিবেন।
- শিক্ষার্থীরা শব্দগুলি যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

**পিরিয়ড- ৫**

**পৃষ্ঠা: ৫৭ (ভাদ্র ও আশ্বিন মাস..................মিষ্টি গন্ধ পাওয়া যায়।)**

**শিখনফল**

**শোনা** :২.২.১, ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪

**বলা** : ২.৭.১ , ২.৭.২, ২.৭.৩ , ২.৭.৪, ৩.১.২, ৪.১.১

**পড়া** : ২.৫.৩ ,২.৫.৪, ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণ:** পাঠ্যপুস্তক, ছয় ঋতুর নামের তালিকা, সাত দিনের নামের তালিকা।

| |
|---|
| **পাঠের আলোচ্য** বিষয়: গল্প পড়া, নির্দেশনা শুনে পালন করা, রিডিং, যুক্তাক্ষর, নতুন শব্দ শেখা। |

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের গত দুই দিনে শেখা বানানগুলো জিজ্ঞেস করবেন। শিক্ষার্থীদের বোর্ডে লিখতে দিবেন।
- শিক্ষক বাংলা মাসের নাম সংবলিত ক্যালেন্ডারটি বোর্ডে টাঙিয়ে দেবেন। সেখানে বারো মাসের নাম দেখিয়ে মুখে শুদ্ধ উচ্চারণ করবেন। শেষ চারটি মাসের নাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক আজকের পাঠ অংশের ভাদ্র, আশ্বিন, মিষ্টি যুক্তাক্ষরগুলি শিক্ষক বোর্ডে লিখবেন। যুক্তাক্ষরগুলি ভেঙে দেখাবেন। শিক্ষার্থীদের খাতায় লিখতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের **(ভাদ্র ও আশ্বিন মাস....................মিষ্টি গন্ধ পাওয়া যায়।)** পর্যন্ত পড়তে বলবেন। তোমরা যতটুকু পড়েছ তার ভিতরে সবচেয়ে গুরুত্বপূর্ণ শব্দগুলো বল। শিক্ষার্থীরা বলতে পারে শিষ, গাঢ় ইত্যাদি।
- শিক্ষক শিক্ষার্থীদের বই থেকে এই শব্দগুলো খুঁজে বের করতে বলবেন।
- শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে।
- শিক্ষার্থীদের শব্দগুলোর অর্থ জিজ্ঞাসা করবেন। না পারলে শিক্ষক বলে দিবেন। প্রয়োজনে বোর্ডে লিখে দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের বিশেষ শব্দগুলো দিয়ে মুখে মুখে বাক্য রচনা করতে দেবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৬

### পৃষ্ঠা: ৫৭ (কার্তিক ও অগ্রহায়ণ..................হালকা শিশির জমে।)

**শিখনফল**

**শোনা** : ২.২.১, ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪

**বলা** : ২.৭.১, ২.৭.২, ২.৭.৩ , ২.৭.৪, ৩.১.২, ৪.১.১

**পড়া** : ২.৫.৩ ,২.৫.৪, ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২, ৩.১.১, ৩.১.২,৩.১.৩, ৩.১.৪

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণ:** পাঠ্যপুস্তক

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয় :** রিডিং, যুক্তাক্ষর, নতুন শব্দ শেখা। |

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক আজকের পাঠ অংশের কার্তিক, অগ্রহায়ণ, হেমন্ত, নবান্ন, ঠা-া যুক্তাক্ষরগুলি শিক্ষক বোর্ডে লিখবেন। যুক্তাক্ষরগুলি ভেঙে দেখাবেন। কার্তিক, অগ্রহায়ণ, হেমন্ত, নবান্ন, ঠা-াবোর্ডে লিখবেন। শিক্ষার্থীদের খাতায় লিখতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের **(কার্তিক ও অগ্রহায়ণ..................হালকা শিশির জমে।)** পর্যন্ত পড়তে বলবেন। তোমরা যতটুকু পড়েছ তার ভিতরে নতুন শব্দগুলো বল। শিক্ষার্থীরা বলতে পারে নবান্ন, উৎসব ইত্যাদি।
- শিক্ষক শিক্ষার্থীদের বই থেকে এই শব্দগুলো খুঁজে বের করতে বলবেন।
- শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে। শিক্ষার্থীদের শব্দগুলোর অর্থ জিজ্ঞাসা করবেন। না পারলে শিক্ষক বলে দিবেন। প্রয়োজনে বোর্ডে লিখে দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের বিশেষ শব্দগুলো দিয়ে বোর্ডে বাক্য রচনা করতে দেবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ থেকে প্রশ্ন করবেন,কোন উৎসবকে নবান্ন বলে?
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড- ৭
### পৃষ্ঠাঃ ৫৭ (পৌষ আর মাঘ মাস.................গাছ থেকে পাতা ঝরা ।)

**শিখনফল**

**শোনা** : ২.২.১, ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪
**বলা** : ২.৭.১, ২.৭.২, ২.৭.৩ , ২.৭.৪, ৩.১.২, ৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.৩ ,২.৫.৪, ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪
**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১,২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণঃ** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয়ঃ** রিডিং, যুক্তাক্ষর, নতুন শব্দ শেখা ।

**শিখন-শেখানো কার্যাবলি**
- শিক্ষক শিক্ষার্থীদের এই পাঠের পূর্বের শেখা বানানগুলো জিজ্ঞেস করবেন । শিক্ষার্থীদের বোর্ডে লিখতে দিবেন ।
- শিক্ষক শিক্ষার্থীদের **(পৌষ ও মাঘ মাস.................গাছ থেকে পাতা ঝরা ।)** পর্যন্ত পড়তে বলবেন । তোমরা যতটুকু পড়েছ তার ভিতরে নতুন শব্দগুলো বল । শিক্ষার্থীরা বলতে পারে কুয়াশা, শিশির ইত্যাদি ।
- শিক্ষক শিক্ষার্থীদের বই থেকে এই শব্দগুলো খুঁজে বের করতে বলবেন ।
- শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে । শিক্ষার্থীদের শব্দগুলোর অর্থ জিজ্ঞাসা করবেন । না পারলে শিক্ষক বলে দিবেন । প্রয়োজনে বোর্ডে লিখে দিবেন ।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের বিশেষ শব্দগুলো দিয়ে খাতায় বাক্য রচনা করতে দেবেন ।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ থেকে প্রশ্ন করবেন, পাতা ঝরা কখন শুরু হয় ?
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।**

## পিরিয়ড-৮
### পৃষ্ঠাঃ ৫৭ (ফাল্গুন ও চৈত্র মাস.......................ঋতুর রাজা ।)

**শিখনফল**

**শোনা** : ২.২.১, ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪
**বলা** : ২.৭.১ , ২.৭.২, ২.৭.৩ , ২.৭.৪, ৩.১.২, ৪.১.১
**পড়া** : ২.৫.৩ ,২.৫.৪, ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২, ৩.১.১, ৩.১.২,৩.১.৩, ৩.১.৪
**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণঃ** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয়ঃ** রিডিং, যুক্তাক্ষর, নতুন শব্দ শেখা ।

**শিখন-শেখানো কার্যাবলি**
- শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে প্রশ্ন করবেন, বছরের কোন মাসে সবচেয়ে বেশি গরম পড়ে বলে তোমাদের মনে হয়?
- শিক্ষক আজকের পাঠ অংশের ফাল্গুন, চৈত্র, বসন্ত, প্রকৃতি যুক্তাক্ষরগুলি বোর্ডে লিখবেন । যুক্তাক্ষরগুলো ভেঙে দেখাবেন এবং বোর্ডে লিখবেন । শিক্ষার্থীদের খাতায় লিখতে বলবেন ।

- শিক্ষক শিক্ষার্থীদের (ফাল্গুন ও চৈত্র মাস......................ঋতুর রাজা ।) পর্যন্ত পড়তে বলবেন । তোমরা যতটুকু পড়েছ তার ভিতরে সবচেয়ে নতুন শব্দগুলো বল । শিক্ষার্থীরা বলতে পারে রূপ, শাখা ইত্যাদি ।
- শিক্ষক শিক্ষার্থীদের বই থেকে এই শব্দগুলো খুঁজে বের করতে বলবেন ।
- শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে । শিক্ষার্থীদের শব্দগুলোর অর্থ জিজ্ঞাসা করবেন । না পারলে শিক্ষক বলে দিবেন । প্রয়োজনে বোর্ডে লিখে দিবেন ।
- শিক্ষক পৃষ্ঠা ৫৮ শিক্ষার্থীদের খুলতে বলবেন ।
- শিক্ষক অনুশীলনীর ১ নং প্রশ্নের শব্দগুলো শিক্ষার্থীদের রূপ, রুপালি, সন্ধ্যা, সুন্দর, ক্ষতি, জানমাল, প্রচ-, গন্ধ, গাঢ়, নবান্ন, উৎসব শব্দগুলি পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন ।
- শিক্ষক শ্রেণিকক্ষ ঘুরে ঘুরে দেখবেন শিশুরা শব্দগুলো ঠিকভাবে খুঁজছে কিনা । পারগ শিশুরা অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুদের সাহায্য করবেন ।
- খুঁজে পাওয়ার পর শিক্ষার্থীরা শব্দগুলোর অর্থ বলবে ।
- প্রয়োজনে শিক্ষকও সাহায্য করবেন ।
- যদি কোনো শিক্ষার্থী ভুলও বলে, কেন সে এটা ভাবল তা শিক্ষার্থীকে জিজ্ঞাসা করবেন ।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন ।
- শিক্ষক বোর্ডে আরও কিছু শব্দ দিবেন শিক্ষার্থীদের খুঁজে বের করার জন্য ।
- এরপর ২ নং প্রশ্নের খালি জায়গায় রূপ, রুপালি, সন্ধ্যা, সুন্দর, ক্ষতি, জানমাল, প্রচ-, গন্ধ, গাঢ়, নবান্ন, উৎসব শব্দগুলো বসিয়ে বাক্য তৈরি করতে বলবেন ।
- শিক্ষক শিক্ষার্থীদের একজন একজন করে ছয়টি ঋতুর বৈশিষ্ট্য জিজ্ঞেস করবেন ।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।**

## পিরিয়ড-৯
## পৃষ্ঠা: ৫৯ (অনুশীলনী–৩)

**শিখনফল**

**শোনা** : ২.২.১, ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪

**বলা** : ৩.১.২, ৪.১.১

**পড়া** : ২.৫.৩ ,২.৫.৪, ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২, ৩.১.৩, ৩.১.৪

**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১,২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণ:** পাঠ্যপুস্তক ; ঘড়ির কাঁটায় মাসের নাম লেখা বড় পোস্টার

**পাঠের আলোচ্য বিষয় :** রিডিং, যুক্তাক্ষর, কঠিন ও বিশেষ শব্দ শেখা, বাক্য রচনা ।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে পাঠ থেকে প্রশ্ন করবেন । কত দিনে এক মাস হয় ? কয় মাসে এক বছর হয়? কয় মাসে একটি ঋতু হয়? ইত্যাদি ।
- শিক্ষক অনুশীলনীর ৩ নং প্রশ্নের যুক্তবর্ণগুলো বোর্ডে লিখবেন । বোর্ডে যুক্তবর্ণগুলো ভেঙে দেখাবেন ।
- শিক্ষার্থীদের যুক্তবর্ণগুলো তাদের খাতায় লিখতে বলবেন ।
- শিক্ষক একই যুক্তবর্ণ দিয়ে আরও কয়েকটি নতুন শব্দ তৈরি করবেন ।

- শিক্ষার্থীদের বলবেন, এই শব্দগুলো দিয়ে বাক্য রচনা করতে ।
- শিক্ষক শিক্ষার্থীদের বোর্ডে এসে যুক্তাক্ষরের শব্দগুলো লিখতে বলবেন ।
- শিক্ষক বোর্ডে ঘড়ির কাঁটায় মাসের নাম লেখা বড় পোস্টারটি বোর্ডে টাঙাবেন । সেখানে ৩টা, ৫টা, ৭টা, ৯টা ও ১২টার কাঁটায় মাসের নাম থাকবে না । খালি কাঁটার ঘরে কোন মাসের নাম হবে তা শিক্ষার্থীদের লিখতে বলবেন ।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।**

## পিরিয়ড-১০
## পৃষ্ঠা: ৫৯-৬০ (অনুশীলনী–৪, ৫)

**শিখনফল**

**শোনা** : ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪

**বলা** ৩.১.২, ৪.১.১

**পড়া** : ২.৫.৩ ,২.৫.৪, ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণ:** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** ঋতু সম্পর্কে বর্ণনা করা, অনুশীলনীর কাজ করা, প্রশ্নের উত্তর দিতে পারা, যতি চিহ্নের ব্যবহার ।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের গ্রীষ্মকালের ওপর নিজেদের ভাষায় লিখতে বলবেন ।
- শিক্ষার্থীরা না পারলে শিক্ষক সাহায্য করবেন ।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন ।
- শিক্ষার্থীরা তাদের খাতায় লিখবে ।
- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন । শিক্ষার্থীরা কোনো ভুল করলে ঠিক করে দেবেন ।
- শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ৪ নং ছকটি পূরণ করতে দেবেন ।
- শিক্ষার্থীরা কোনো প্রশ্নের উত্তর না পারলে শিক্ষক সাহায্য করবেন ।
- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন । শিক্ষার্থীরা কোনো ভুল করলে ঠিক করে দেবেন ।
- শিক্ষার্থীরা ৫ নং প্রশ্নের ছবির সাথে ঠিক বাক্য দাগ টেনে মিলাবে ।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।**

## পিরিয়ড-১১
## পৃষ্ঠা: ৬০- ৬১ (অনুশীলনী–৬, ৭)

**শিখনফল :**

**শোনা** : ২.২.১, ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪

**বলা** : ৩.১.২, ৪.১.১

**পড়া** : ২.৫.৩ ,২.৫.৪, ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২,

**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণ:** পাঠ্য পুস্তক

| |
|---|
| **পাঠের আলোচ্য** বিষয়: ঋতু সম্পর্কে বর্ণনা করা, অনুশীলনীর কাজ করা, প্রশ্নের উত্তর দিতে পারা, যতি চিহ্নের ব্যবহার। |

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের দুই দলে ভাগ করবেন। একজন শিক্ষার্থী বর্ষা তার পাশের জন শরৎ এই ভাবে দল ভাগ করবেন। এক দলকে বর্ষা এবং অন্য দলকে শরৎকালের ওপর নিজেদের ভাষায় লিখতে বলবেন।
- শিক্ষার্থীরা না পারলে শিক্ষক সাহায্য করবেন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীরা তাদের খাতায় লিখবে।
- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন। শিক্ষার্থীরা কোনো ভুল করলে ঠিক করে দেবেন।
- লেখা শেষ হলে পাশের শিক্ষার্থীরা একে অপরের খাতা দেখবে।
- শিক্ষক শিক্ষার্থীদের ৬ নং প্রশ্নের বিপরীত শব্দ ফাঁকা ঘরে বসাবে।
- শিক্ষক শিক্ষাথীদের অনুশীলনীর ৭ নং প্রশ্নে তাদের প্রিয় ঋতু সম্পর্কে তিনটি বাক্য লিখতে বলবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-১২
## পৃষ্ঠা: ৫২-৫৩ (পুনরালোচনা)

**শিখনফল**

**শোনা** : ২.২.১, ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪

**বলা** : ২.৫.২, ২.৬.৩, ২.৭.১, ২.৭.২, ২.৭.৩ , ২.৭.৪, ৩.১.২, ৪.১.১

**পড়া** : ২.৫.৩ ,২.৫.৪, ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২,

**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণ:** পাঠ্যপুস্তক

| |
|---|
| পাঠের আলোচ্য বিষয়: ঋতু সম্পর্কে বর্ণনা করা, প্রশ্নের উত্তর দিতে পারা। |

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের হেমন্ত ঋতুর ওপর নিজেদের ভাষায় লিখতে বলবেন।
- শিক্ষার্থীরা না পারলে শিক্ষক সাহায্য করবেন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীরা তাদের খাতায় লিখবে।
- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন। শিক্ষার্থীরা কোনো ভুল করলে ঠিক করে দেবেন।
- শিক্ষক পাঠ থেকে বিভিন্ন প্রশ্ন তৈরি করে বোর্ডে লিখে দেবেন।
- শিক্ষার্থীরা তাদের খাতায় উত্তর লিখবে।
- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন, শিক্ষার্থীরা ঠিকভাবে লিখছে কিনা।

## পিরিয়ড-১৩
### পৃষ্ঠা: ৫২-৫৩ (পুনরালোচনা)

**শিখনফল**

**শোনা** : ২.২.১, ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪

**বলা** : ১.১.১, ১.৩.২, ২.৫.২, ২.৬.৩, ২.৭.১, ২.৭.২, ২.৭.৩ , ২.৭.৪, ৩.১.২, ৪.১.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.৩ ,২.৫.৪, ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণ:** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয়:** প্রশ্নের উত্তর দিতে পারা

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের শীত ঋতুর ওপর নিজেদের ভাষায় লিখতে বলবেন।
- শিক্ষার্থীরা না পারলে শিক্ষক সাহায্য করবেন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীরা তাদের খাতায় লিখবে।
- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন। শিক্ষার্থীরা কোনো ভুল করলে ঠিক করে দেবেন।
- শিক্ষক পাঠ থেকে বিভিন্ন প্রশ্ন তৈরি করে বোর্ডে লিখে দেবেন।
- শিক্ষার্থীরা তাদের খাতায় উত্তর লিখবে।
- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন, শিক্ষার্থীরা ঠিকভাবে লিখছে কিনা।

## পিরিয়ড-১৪
### পৃষ্ঠা: ৫২-৫৩ (পুনরালোচনা)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.২, ১.৩.৩, ২.২.১, ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪

**বলা** : ৩.১.২, ৪.১.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.৩ ,২.৫.৪, ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১,২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণ:** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয়:** প্রশ্নের উত্তর দিতে পারা।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের বসন্ত ঋতুর উপর নিজেদের ভাষায় লিখতে বলবেন।
- শিক্ষার্থীরা না পারলে শিক্ষক সাহায্য করবেন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।

- শিক্ষার্থীরা তাদের খাতায় লিখবে।
- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন। শিক্ষার্থীরা কোনো ভুল করলে ঠিক করে দেবেন।
- শিক্ষক পাঠ থেকে বিভিন্ন প্রশ্ন তৈরি করে বোর্ডে লিখে দেবেন।
- শিক্ষার্থীরা তাদের খাতায় উত্তর লিখবে।
- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন, শিক্ষার্থীরা ঠিকভাবে লিখছে কিনা।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-১৫
## পৃষ্ঠাঃ (পুনরালোচনা)

**শিখনফল**

**শোনা** : ২.২.১, ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪

**বলা** : ২.৭.৪, ৩.১.২, ৪.১.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.৩ ,২.৫.৪, ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২,

**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণঃ** পাঠ্যপুস্তক

| |
|---|
| **পাঠের আলোচ্য** বিষয়ঃ ঋতু সম্পর্কে বর্ণনা করা, প্রশ্নের উত্তর দিতে পারা। |

**শিখন-শেখানো কার্যাবলি**

- পুরো পাঠের শেষে শিক্ষক 'ছয় ঋতুর দেশ' গল্পটি এবং অনুশীলনীর কার্যাবলি পুনরায় পড়াবেন।
- শিক্ষার্থীরা বুঝতে পেরেছে কিনা তা বোঝার জন্য পাঠের মধ্য থেকে বিভিন্ন ধরনের প্রশ্ন করবেন। কোন মাস থেকে বাংলা বছর শুরু হয়?
- কঠিন শব্দগুলির বানান জিজ্ঞেস করবেন।
- শিক্ষক তিনটি শব্দ বোর্ডে লিখে দেবেন, শিক্ষার্থীরা তাদের যার যার পছন্দমতো একটি শব্দ দিয়ে একটি বাক্য রচনা করবেন।
- শিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করে শিক্ষক ঋতুভিত্তিক পৃথক পৃথক রঙিন ছবি দেবেন। ছবি দেখে, ঋতু বুঝে তিনটি বাক্য লিখতে বলবেন। লেখার সময় শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন, প্রয়োজনে সহায়তা দেবেন। লেখা হলে তিনি যাচাই করবেন। বানান, বাক্য গঠন বা বিরাম চিহ্ন ব্যবহারে ভুল হলে শিক্ষক সংশোধন করে দেবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড- ১৬
## পৃষ্ঠাঃ ৫২-৫৩ (পুনরালোচনা)

**শিখনফল**

**শোনা** : ২.২.১, ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪

**বলা** : ২.৭.৪, ৩.১.২, ৪.১.১

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.৫.৩ ,২.৫.৪, ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২,

**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণ:** পাঠ্যপুস্তক, শব্দ কার্ড

| **পাঠের আলোচ্য বিষয়:** রিভিশন |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষার্থীরা বুঝতে পেরেছে কিনা তা বোঝার জন্য পাঠের মধ্য থেকে বিভিন্ন ধরনের প্রশ্ন করবেন। কোন কোন মাস নিয়ে বসন্ত ঋতু হয়? ঋতুর রাজা কোনটি?
- শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর খাতায় লিখতে বলবেন।
- কঠিন শব্দগুলোর বানান জিজ্ঞেস করবেন।
- শিক্ষক তিনটি শব্দ বোর্ডে লিখে দেবেন, শিক্ষার্থীরা তাদের যার যার পছন্দমতো একটি শব্দ দিয়ে একটি বাক্য রচনা করবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-১৭
## পৃষ্ঠা: ৫২-৫৩ (পুনরালোচনা)

**শিখনফল**

**শোনা** : ২.২.১, ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪
**বলা** : ৩.১.২, ৪.১.১
**পড়া** : ২.৫.৩ ,২.৫.৪, ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২,

**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণ** : পাঠ্যপুস্তক, শব্দ কার্ড, যুক্তবর্ণ কার্ড।

| **পাঠের আলোচ্য** বিষয়: রিভিশন |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষার্থীরা বুঝতে পেরেছে কিনা তা বোঝার জন্য পাঠের মধ্য থেকে বিভিন্ন ধরনের প্রশ্ন করবেন। বর্ষাকালে ব্যাঙ ডাকে কেমন শব্দ করে? কোন কোন ফুলের গন্ধে বাতাস ভরে যায়?
- শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর খাতায় লিখতে বলবেন।
- কঠিন শব্দগুলির বানান জিজ্ঞেস করবেন।
- শিক্ষক তিনটি শব্দ বোর্ডে লিখে দেবেন, শিক্ষার্থীরা তাদের যার যার পছন্দমতো একটি শব্দ দিয়ে একটি বাক্য রচনা করবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-১৮
## পৃষ্ঠা: ৫২-৫৩ (পুনরালোচনা)

**শিখনফল**

**শোনা** : ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪
**বলা** : ৩.১.২, ৪.১.১
**পড়া** : ২.৫.৩ ,২.৫.৪, ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২,

**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণ** : পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয়:** রিভিশন

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষার্থীরা বুঝতে পেরেছে কিনা তা বোঝার জন্য পাঠের মধ্য থেকে বিভিন্ন ধরনের প্রশ্ন করবেন। কোন কোন মাস নিয়ে শরৎকাল হয়? শরৎকালে আকাশের রং কেমন হয়?
- শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর খাতায় লিখতে বলবেন।
- কঠিন শব্দগুলোর বানান জিজ্ঞাসা করবেন। প্রয়োজনে বোর্ডে ডেকে লিখতে বলবেন।
- শিক্ষক তিনটি শব্দ বোর্ডে লিখে দেবেন, শিক্ষার্থীরা তাদের যার যার পছন্দমতো একটি শব্দ দিয়ে একটি বাক্য রচনা করবেন।

## পিরিয়ড-১৯
## পৃষ্ঠা: ৫২-৫৩ (পুনরালোচনা)

**শিখনফল**

**শোনা** : ২.২.১, ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪
**বলা** : ৩.১.২, ৪.১.১
**পড়া** : ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২,

**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণ:** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয়:** মূল্যায়ন

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের দুই দলে ভাগ করবেন। শিক্ষার্থীদের বলবেন এই পাঠে যত নতুন শব্দ তারা শিখেছে সেগুলি তারা বলবে।
- দুই দলের দুইজন করে শিক্ষার্থী বোর্ডে সেই শব্দগুলো লিখবে। শিক্ষার্থীরা দুইটি করে শব্দ লেখার পর নতুন শিক্ষার্থীদের ডাকবেন, শব্দ লেখার জন্য।
- কোনো শিক্ষার্থী একবার বলা শব্দ যদি আবার বলে, সেই শিক্ষার্থী খেলা থেকে বাদ হয়ে যাবে।
- যে দল সবচেয়ে বেশি শব্দ বলতে পারবে, সে দল জয়ী হবে।
- এই খেলার মাধ্যমে শিক্ষার্থীদের যুক্তাক্ষর এবং শব্দ শেখা যাচাই করা যাবে।
- শিক্ষার্থীরা নির্দেশনা বুঝতে পারছে কিনা লক্ষ করবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

# পিরিয়ড-২০

## পৃষ্ঠাঃ ৫২-৫৩ (পুনরালোচনা)

**শিখনফল**

**শোনা** : ২.২.১, ৩.১.২, ৩.২.৩, ৩.৪.১, ৩.৪.২, ৩.৪.৩, ৩.৪.৪

**বলা** : ২.৭.৪, ৩.১.২, ৪.১.১

**পড়া** : ২.৫.৩ ,২.৫.৪, ২.৬.৩, ২.৬.৪, ২.৭.১, ২.৭.২,

**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫, ২.৪.৩, ২.৫.১, ২.৫.২, ২.৫.৩, ২.৫.৪

**উপকরণঃ** পাঠ্যপুস্তক, পোস্টার পেপার ।

| **পাঠের আলোচ্য বিষয় :** মূল্যায়ন |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষার্থীদের ছয়টি দলে ভাগ করবেন ।
- এক একটি দলকে এক একটি ঋতু সম্পর্কে পোস্টার কাগজে লিখতে বলবেন ।
- তারা লিখবে ও ছবি আঁকবে ।
- শিক্ষক দলের কাজে সকল শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করবেন ।
- শিক্ষার্থীরা তাদের কাজের পর শ্রেণিকক্ষের দেওয়ালে পোস্টারগুলো টাঙাবেন ।
- সবচেয়ে সুন্দর কাজের দলটি জয়ী হবে ।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।**

# মুক্তিযুদ্ধের একটি সোনালি পাতা

১৯৭১ সাল। মার্চ মাস। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার ডাক দিলেন। শুরু হলো মুক্তিযুদ্ধ। সারা দেশে চলছিল যুদ্ধ। স্বাধীনতার জন্য মুক্তিসেনারা লড়াই করছিলেন। তখন জুন মাস। এ দেশেরই একটি গ্রাম। ঐ গ্রামে ছিল জঙ্গল ঘেরা পুরানো এক জমিদার বাড়ি। সেখানে এক দল মুক্তিসেনা ঘাঁটি গেড়েছেন। সঙ্গে ছিলেন তাঁদের দলনেতা। পাশের গ্রামে ছিল পাকিস্তানি শত্রুসেনারা।

হঠাৎ তারা গুলি চালাতে লাগল মুক্তিসেনাদের দিকে। বিপদ টের পেলেন দলনেতা। শত্রুরা তখন খুবই কাছে। গুলি ছুটে আসতে লাগল চারদিক থেকে। কী করবেন মুক্তিসেনারা? মুক্তিসেনাদের পিছনে ছিল একটা বড় গ্রাম। সেখানে অনেক মানুষের বাস।



পিছু হটে গেলে শত্রুরা সহজেই গ্রামটি ধ্বংস করবে। এতে ঘরবাড়ি পুড়বে। অনেক মানুষ মরবে। তা তো হতে দেওয়া যায় না। জীবন দিয়ে হলেও শত্রুদের ঠেকাতে হবে। মুক্তিসেনারা পালটা গুলি ছুড়তে লাগলেন। এক সময় গুলি এসে লাগল এক মুক্তিসেনার বুকে। লুটিয়ে পড়লেন মাটিতে। দেশের জন্য তিনি শহিদ হলেন।

বিপদ আরও বেড়ে গেল। কিন্তু দলনেতা ভয় পেলেন না। তিনি বুঝলেন, শত্রুদের রুখতে হলে কৌশল বদলাতে হবে। শত্রুদের বোঝাতে হবে, মুক্তিসেনারা সংখ্যায় অনেক বেশি। তাই তারা কৌশলে বার বার জায়গা বদলালেন। আর নতুন নতুন আড়াল থেকে অনবরত গুলি ছুড়লেন।

বুদ্ধিটা কাজে লাগল। একসময় শত্রুর গুলি কমে এলো। মুক্তিসেনাদের বুদ্ধি ও সাহসে শত্রুরা পিছু হটল। গ্রামটি রক্ষা পেল। ঘটনাটি ছিল আমাদের মুক্তিযুদ্ধের একটি সোনালি পাতা।



# অনুশীলনী

## ১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।

মুক্তিযুদ্ধ মুক্তিসেনা ঘাঁটি শহিদ কৌশল

## ২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।

| | | | | |
|---|---|---|---|---|
| শহিদ | মুক্তিযুদ্ধ | কৌশলে | মুক্তিসেনারা | ঘাঁটি |

ক. মুক্তিসেনারা ...................................... বিপদ মোকাবিলা করলেন।

খ. পেছনে রয়েছে মুক্তিসেনাদের বড় ..............................।

গ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে অনেকে ...................................... হয়েছেন।

ঘ. ............................................... দেশের গৌরব।

ঙ. ১৯৭১ সালে এ দেশে ...................................... হয়েছিল।

## ৩. যুক্তবর্ণগুলো চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বঙ্গবন্ধু | ঙ্গ | ঙ | গ | | বঙ্গ, ভঙ্গ |
| | ন্ধ | ন | ধ | | অন্ধ, বন্ধ |
| মুক্তিযুদ্ধ | ক্ত | ক | ত | | রক্ত, শক্ত |
| | দ্ধ | দ | ধ | | বুদ্ধি, শুদ্ধ |
| পাকিস্তানি | স্ত | স | ত | | আস্ত, সস্তা |
| অস্ত্র | স্ত্র | স | ত | ্র (র-ফলা) | বস্ত্র, নিরস্ত্র |
| আক্রমণ | ক্র | ক | ্র (র-ফলা) | | বিক্রয়, শুক্র |

## ৪. মুখে মুখে উত্তর বলি ও লিখি।

ক. স্বাধীনতার ডাক কে দিয়েছিলেন?

খ. মুক্তিযোদ্ধারা কোথায় ঘাঁটি গেড়েছিলেন?

গ. মুক্তিসেনারা কেন পিছু হটতে চাইলেন না?

ঘ. একজন মুক্তিসেনা কীভাবে শহিদ হলেন?

ঙ. দলনেতার নতুন কৌশল কী ছিল?

চ. গ্রামটি কীভাবে রক্ষা পেল?

## ৫. বিপরীত শব্দ জেনে নিই। ফাঁকা জায়গায় ঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি করি।

| | |
|---|---|
| যুদ্ধ | শান্তি |
| মুক্তিসেনা | শত্রুসেনা |
| জীবন | মরণ |
| শত্রু | মিত্র |

ক. পাকিস্তানের বিরুদ্ধে আমরা .................................... করেছি।

খ. পাকিস্তানি সেনারা আমাদের ........................................।

গ. মুক্তিযুদ্ধের সময় দেশের জন্য অনেক মানুষ ............................ দিয়েছেন।

ঘ. .................................. পিছু হটতে শুরু করল।

## ৬. পড়ি ও বলি।






# মুক্তিযুদ্ধের একটি সোনালি পাতা
## পৃষ্ঠা(৬২-৬৫)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে।<br>১.২ বিভিন্ন শব্দ ও ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে।<br>২.২ গল্প শুনে বুঝতে পারবে।<br>৩.১ পরিচয়মূলক কথোপকথন ও বর্ণনা শুনে বুঝতে পারবে। | **শোনা**<br>১.১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি শুনে মনে রাখতে পারবে।<br>১.২.১ পাঠের অন্তর্গত ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে।<br>২.২.১ গল্প শুনে বুঝতে পারবে।<br>৩.১.২ বর্ণনা শুনে বুঝতে পারবে। |
| **বলা**<br>১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>২.৪ গল্প সম্পর্কে বলতে পারবে।<br>২.৫ কথোপকথনে অংশগ্রহণ করতে ও বিভিন্ন বিষয়ে বর্ণনা করতে পারবে।<br>৪.১ শ্রেণিকক্ষে পঠিত বিষয় সম্পর্কে নিজের অনুভূতি ব্যক্ত করতে পারবে। | **বলা**<br>১.১.১ শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বাক্যস্থিত শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>২.৪.১ নিজের ভাষায় গল্প বলতে পারবে।<br>২.৪.২ নিজের ভাষায় গল্প সম্পর্কে প্রশ্নের উত্তর দিতে পারবে।<br>২.৫.২ বিভিন্ন বিষয় বর্ণনা করতে পারবে।<br>৪.১.১ অধীত বিষয় সম্পর্কে অনুভূতি শুদ্ধভাবে ব্যক্ত করতে পারবে। |
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৫ দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন, কমা চিনে বাক্য পড়তে পারবে।<br>২.৪ গল্প ও রূপকথা পড়ে বুঝতে পারবে।<br>২.৫ কথোপকথন বর্ণনা পড়ে বুঝতে পারবে।<br>৩.১ নিজের ও অন্যের লেখা শব্দ ও বাক্য পড়তে পারবে। | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৫.১ দাঁড়ি বিরাম চিহ্নটি চিনে বাক্য পড়তে পারবে।<br>১.৫.৩ কমা চিহ্ন চিনে বাক্য পড়তে পারবে।<br>২.৪.১ গল্প পড়তে পারবে।<br>২.৪.২ গল্প পড়ে বুঝতে পারবে।<br>২.৫.৩ বর্ণনামূলক বিষয় পড়তে পারবে।<br>২.৫.৪ বর্ণনামূলক বিষয় পড়ে বুঝতে পারবে।<br>৩.১.১ নিজের লেখা শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.২ নিজের লেখা বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.৩ অন্যের স্পষ্ট লেখা শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.৪ অন্যের স্পষ্ট লেখা বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে। |

| লেখা | লেখা |
|---|---|
| ১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে। | ১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে। |
| ১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে। | ১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে। |
| ১.৬ বিরামচিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে। | ১.৬.১ দাঁড়ি বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ প্রশ্নবোধক বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.৩ কমা বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে। |
| ২.৩ ছড়া, কবিতা ,গল্প, কথোপকথন ও বর্ণনা সম্পর্কে লিখতে পারবে। | ২.৩.৫ বিভিন্ন বিষয় সহজে বর্ণনা করতে পারবে। |

**পাঠ বিভাজনঃ পিরিয়ড- ১০**

**পিরিয়ড-১**
**পৃষ্ঠাঃ ৬২**

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ২.২.১, ৩.১.২

**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ৪.১.১

**উপকরণ** : পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয় :** গল্প বোঝা ও উপভোগ করা। |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ প্রাসঙ্গিক পূর্ব ধারণা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলো করবেন।
  -বাংলাদেশ স্বাধীন হয়েছে কখন?
  - মুক্তিযুদ্ধ সম্পর্কে কী শুনেছে?
- শিক্ষক বই এর পৃষ্ঠা ৬২ খুলতে বলবেন। শিক্ষক পাঠ্যপুস্তকে ছবিটি দেখতে বলবেন। ছবিটি নিয়ে আলোচনা করবেন। ছবি সম্পর্কে শিক্ষার্থীদের বলতে বলবেন।
- নির্ধারিত পাঠের শিরোনাম জোরে, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে পড়ে শোনাবেন।
- প্রমিত উচ্চারণে কথা বলতে সাহায্য করবেন।
- ছবির সাথে পাঠ শিরোনামের মিল নিয়ে আলোচনা করবেন। আলোচনার প্রাসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক পুরো গল্পটি শ্রবণযোগ্য, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে অভিব্যক্তিসহকারে পড়বেন। শিক্ষার্থীরা তাদের বইতে আঙুল মেলাবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ থেকে প্রশ্ন করবেন, মুক্তিসেনারা কোথায় ঘাঁটি গেড়েছিলেন? কখন স্বাধীনতার ডাক দেওয়া হয়েছিল?
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

**পিরিয়ড-২**
**পৃষ্ঠাঃ ৬২ (১৯৭১ সাল...............শত্রুসেনারা।)**

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ২.২.১, ৩.১.২

**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ৪.১.১

**পড়া** : ১.৩.১, ১.৫.১, ১.৫.৩, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণ কার্ড

| **পাঠের আলোচ্য বিষয়:** রিডিং, যতি চিহ্ন, নতুন ও বিশেষ শব্দ। |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের পূর্ব পাঠ যাচাইয়ের কৌশল হিসাবে বিভিন্ন প্রশ্ন করবেন। যেমন কে স্বাধীনতার ডাক দিয়েছিলেন? 'মুক্তিযুদ্ধের একটি সোনালি পাতা' গল্পের ঘটনাটি কোন সময়ে ঘটেছিল?
- শিক্ষক শিক্ষার্থীদের **(১৯৭১ সাল...............শত্রুসেনারা।)** পর্যন্ত পড়তে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠের মধ্যের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ ঠিক নিয়মে পড়তে বলবেন এবং তাদের পড়ার সময় এই বিষয়ে নজর রাখবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন তোমরা যতটুকু পড়েছ তার ভিতরে সবচেয়ে গুরুত্বপূর্ণ শব্দগুলো বল। শিক্ষার্থীরা বলতে পারে ঘাঁটি, জমিদার ইত্যাদি।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন বই থেকে এই শব্দগুলো খুঁজে বের কর।
- শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে। পারগ শিক্ষার্থীরা অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সাহায্য করবে।
- শিক্ষক বিশেষ শব্দ, কঠিন শব্দ, যুক্তাক্ষর বোর্ডে লিখে শেখাবেন। মার্চ, বঙ্গবন্ধু, স্বাধীনতা, সঙ্গে, মুক্তিযুদ্ধ, জঙ্গল, শত্রু এই শব্দগুলি বোর্ডে ভেঙে দেখাবেন।
- শিক্ষক বলবেন ঙ্গ যুক্তাক্ষরটি দিয়ে তিনটি শব্দ আছে বঙ্গবন্ধু, জঙ্গল, সঙ্গে। শিক্ষক বঙ্গবন্ধু বোর্ডে ভেঙে দেখিয়ে দেবেন। বাকি দুটি দুজন শিক্ষার্থীকে বোর্ডে ডেকে করতে বলবেন। গ্রাম যুক্তাক্ষরটি শিক্ষার্থীরা পূর্বের পাঠে করেছে। কাজেই এই যুক্তাক্ষরটিও একজন শিক্ষার্থীকে বোর্ডে করতে বলবেন। অন্যরা দেখবে, খাতায় লিখবে।
- এরপর মার্চ, স্বাধীনতা, মুক্তিযুদ্ধ, শত্রু এই যুক্তাক্ষরগুলি শিক্ষক ভেঙে দেখাবেন। শিক্ষার্থীরা শব্দগুলি তাদের খাতায় লিখবে।
- শিক্ষক শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৩

### পৃষ্ঠা: ৬২ (হঠাৎ তারা গুলি......................শহিদ হলেন।)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ২.২.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ৪.১.১
**পড়া** : ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪,
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয় :** রিডিং, যতি চিহ্ন, নতুন ও বিশেষ শব্দ। |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের পূর্ব পাঠ যাচাইয়ের কৌশল হিসাবে শিক্ষার্থীদের মধ্য থেকে দুই-একজনকে গল্পটির পূর্বদিনের পাঠ অংশটুকু নিজের ভাষায় বলতে বলবেন।
- শিক্ষক একজন শিক্ষার্থীকে গল্পটির (**হঠাৎ তারা গুলি.......................শহিদ হলেন**।) পর্যন্ত শ্রবণযোগ্য, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে পড়তে বলবেন। অন্য শিক্ষার্থীরা বইতে আঙুল মেলাবে। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- শিক্ষক লক্ষ করবেন, শিক্ষার্থীরা পাঠের মধ্যের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ সঠিক নিয়মে পড়ছে কিনা। শিক্ষার্থীদের এই বিষয়ে বলবেন ।
- শিক্ষক বিশেষ শব্দ, যুক্তাক্ষর বোর্ডে লিখে শেখাবেন। ধ্বংস এই শব্দটি বোর্ডে ভেঙে দেখাবেন। শিক্ষার্থীরা তাদের খাতায় লিখবে।
- শিক্ষার্থীরা এবার নিজেরাই গল্পটির আজকের পাঠ অংশটুকু পড়বে।
- শিক্ষক শিক্ষার্থীদের গল্পটির ১ম পৃষ্ঠা থেকে আজকের পাঠ্যাংশ পর্যন্ত কিছু প্রশ্ন শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন। যেমন: মুক্তিসেনারা কোথায় ঘাঁটি গেড়েছিলেন?
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

**পিরিয়ড-৪**

**পৃষ্ঠা: ৬৩ (বিপদ আরও বেড়ে গেল............একটি সোনালি পাতা।)**

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ২.২.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৫.১, ১.৫.৩, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪,
**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫

**উপকরণ** :পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয়** : রিডিং, যতি চিহ্ন, নতুন ও বিশেষ শব্দ।

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের পূর্ব পাঠ যাচাইয়ের কৌশল হিসাবে, শিক্ষার্থীদের মধ্য থেকে দুই-একজনকে গল্পটির পূর্বদিনের পাঠ অংশটুকু নিজের ভাষায় বলতে বলবেন।
- শিক্ষক একজন শিক্ষার্থীকে গল্পটির (**বিপদ আরও বেড়ে গেল............একটি সোনালি পাতা**।) পর্যন্ত শ্রবণযোগ্য, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে পড়তে বলবেন। অন্য শিক্ষার্থীরা বইতে আঙুল মেলাবে। প্রয়োজনে শিক্ষক সহায়তা করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন তোমরা যতটুকু পড়েছ তার ভিতরে নতুন শব্দগুলো বল। শিক্ষার্থীরা বলতে পারে দলনেতা, অনবরত, রুখতে ইত্যাদি।
- শিক্ষক শিক্ষার্থীদের বলবেন বই থেকে এই শব্দগুলো খুঁজে বের কর।
- শিক্ষার্থীরা শব্দগুলো যেই বাক্যে রয়েছে সেই বাক্যগুলো পড়বে। পারগ শিশুরা অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুদের সাহায্য করবে। শিক্ষক শব্দগুলির অর্থ বলে দেবেন। বোর্ডে লিখবেন।
- শিক্ষক বিশেষ শব্দ, কঠিন শব্দ, যুক্তাক্ষর বোর্ডে লিখে শেখাবেন। কৌশল, বুদ্ধি, সংখ্যা এই শব্দগুলি বোর্ডে ভেঙে দেখাবেন। শিক্ষার্থীরা তাদের খাতায় লিখবে।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-সংশ্লিষ্ট কয়েকটি শব্দের বানান জিজ্ঞেস কর।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ থেকে কয়েকটি শব্দ বোর্ডে লিখে দেবেন। শিক্ষার্থীরা এই শব্দগুলো দিয়ে বাক্য রচনা করবে। যেমন: শত্রু, মুক্তিসেনা ইত্যাদি।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৫
## পৃষ্ঠা: ৬৪ (অনুশীলনী- ১, ২)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.২.১, ২.২.১, ৩.১.২**
**বলা : ১.১.১, ১.১.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ৪.১.১**
**পড়া : ১.৩.১, ১.৫.১, ১.৫.৩, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪,**
**লেখা : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫**

**উপকরণ :** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয় :** বানান, শব্দের ব্যবহার।

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের পূর্ব পাঠ যাচাইয়ের কৌশল হিসাবে,শিক্ষার্থীদের মধ্য থেকে দুই-একজনকে গল্পটির বিভিন্ন অংশ রিডিং পড়তে বলবেন। শিক্ষক লক্ষ করবেন, শিক্ষার্থীরা পাঠের মধ্যের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ ঠিক নিয়মে পড়ছে কিনা।
- শিক্ষক অনুশীলনীর ১ নং প্রশ্নের মুক্তিযুদ্ধ, মুক্তিসেনা, ঘাঁটি, শব্দ, কৌশল শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন।
- শিক্ষক শ্রেণিকক্ষ ঘুরে ঘুরে দেখবেন শিশুরা শব্দগুলো ঠিকভাবে খুঁজছে কি না। পারগ শিশুরা অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিশুদের সাহায্য করবে।
- খুঁজে পাওয়ার পর শিক্ষার্থীরা শব্দগুলোর অর্থ বলবে।
- প্রয়োজনে শিক্ষকও সাহায্য করবেন।
- যদি কোন শিক্ষার্থী ভুলও বলে, কেন সে এটা ভাবল তা শিক্ষার্থীকে জিজ্ঞেস করবেন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- শিক্ষক বোর্ডে আরও কিছু শব্দ দিবেন শিক্ষার্থীদের খুঁজে বের করার জন্য।
- শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ২ নং প্রশ্নের খালি জায়গায় মুক্তিযুদ্ধ, মুক্তিসেনা, ঘাঁটি, শব্দ, কৌশল শব্দগুলো বসিয়ে বাক্য তৈরি করতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ- সংশ্লিষ্ট শব্দ দিয়ে মুখে মুখে বাক্য রচনা করতে দেবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৬
## পৃষ্ঠা: ৬৪ (অনুশীলনী- ৩)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.২.১, ২.২.১, ৩.১.২**
**বলা : ১.১.১, ১.১.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ৪.১.১**
**পড়া : ১.৩.১, ১.৫.১, ১.৫.৩, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪,**
**লেখা : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫**

**উপকরণ :** পাঠ্যপুস্তক

| পাঠের আলোচ্য বিষয় : যুক্তবর্ণ |
|---|

**শিখন শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের পূর্ব পাঠ যাচাইয়ের কৌশল হিসাবে কয়েকজন শিক্ষার্থীকে গল্পটি নিজেদের ভাষায় বলতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের ৩ নং প্রশ্নের যুক্তবর্ণগুলো বোর্ডে লিখবেন। বোর্ডে যুক্তবর্ণগুলো ভেঙে দেখাবেন।
- উদাহরণ হিসাবে শিক্ষক আক্রমণ যুক্তাক্ষরটি ভেঙে দেখাবেন। যুক্তাক্ষরটি শিক্ষক বোর্ডে লিখবেন। শিক্ষার্থীদের খাতায় লিখতে বলবেন।
- একই যুক্তবর্ণ দিয়ে আরও কয়েকটি নতুন শব্দ তৈরি করবেন। শিক্ষার্থীদের তাদের খাতায় লিখতে বলবেন।
- শিক্ষক পাঠের মধ্য থেকে আরও কিছু শব্দ দেবেন বাক্য তৈরি করার জন্য।
- শিক্ষক শিক্ষার্থীদের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নসহ তিনটি করে বাক্য চর্চা করাবেন। যেমন, মুক্তিযোদ্ধারা একটা গ্রামে ঘাঁটি গেড়েছিল। ১৯৭১ সাল, মার্চ মাস। মুক্তিসেনাদের বুদ্ধি কী কাজে লেগেছিল ?
- দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্ন অনুশীলনের জন্য কিছু বাক্য বোর্ডে লিখে দিবেন। শিক্ষার্থীরা দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্ন বসাবে।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৭
## পৃষ্ঠা: ৬৫ (অনুশীলনী- ৪)

**শিখনফল**

শোনা : ১.১.১, ১.২.১, ২.২.১, ৩.১.২

eলা : ১.১.১, ১.১.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ৪.১.১

পড়া : ১.৩.১, ১.৫.১, ১.৫.৩, ২.৪.১, ২.৪.২, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪

লেখা : ১.৫.১, ১.৬.১, ২.৩.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক

| পাঠের আলোচ্য বিষয় : পাঠের প্রশ্নোত্তর |
|---|

**শিখন–শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের পূর্ব পাঠ যাচাইয়ের কৌশল হিসাবে কয়েকজন শিক্ষার্থীকে পূর্বে শেখা বানান শিক্ষার্থীদের মুখে মুখে জিজ্ঞেস করবেন।
- শিক্ষক মুখে মুখে শিক্ষার্থীদের অনুশীলনীর ৪ নং প্রশ্নগুলো জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীরা উত্তর দেবে।
- শিক্ষার্থীরা কোনো প্রশ্নের উত্তর না পারলে শিক্ষক সাহায্য করবেন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করতে উৎসাহিত করবেন।
- শিক্ষার্থীরা এরপর প্রশ্নগুলো লিখবে।
- শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন। শিক্ষার্থীরা কোনো ভুল করলে ঠিক করে দেবেন।

## পিরিয়ড-৮
## পৃষ্ঠা: ৬৫ (অনুশীলনী- ৫, ৬)

**শিখনফল**

শোনা : ১.১.১, ১.২.১, ২.২.১, ৩.১.২

বলা : ১.১.১, ১.১.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ৪.১.১

পড়া : ১.৩.১, ১.৫.১, ১.৫.৩, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩ ৩.১.৪

লেখা : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫

**উপকরণ :**পাঠ্যপুস্তক

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয় :** অনুশীলনীর কাজ। |

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের পূর্ব পাঠ যাচাইয়ের কৌশল হিসাবে কয়েকজন শিক্ষার্থীকে পূর্বের দিনের পাঠ সম্পর্কে জিজ্ঞেস করবেন।
- শিক্ষক বোর্ডে পাঠ থেকে কয়েকটি শব্দ লিখে দিবেন। শিক্ষার্থীদের নিজ নিজ খাতায় শব্দগুলি দিয়ে বাক্য রচনা করতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ৫ নং প্রশ্নের বিপরীত শব্দ ফাঁকা ঘরে বসিয়ে বাক্য তৈরি করতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের ৬ নং প্রশ্নের ঙ্গ এবং ন্ধ যুক্তাক্ষর গুলো দিয়ে তৈরি শব্দ পড়বে আর বলবে।
- শিক্ষক শিক্ষার্থীদের যুক্তাক্ষরসহ শব্দগুলো লিখতে দেবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৯
## পৃষ্ঠা: ৬২-৬৩ (পুনরালোচনা)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ২.২.১, ৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৫.১, ১.৫.৩, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪,
**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫

**উপকরণ:** পাঠ্যপুস্তক

| |
|---|
| **পাঠের আলোচ্য বিষয় :**রিভিশন |

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষার্থীরা বুঝতে পেরেছে কিনা তা বোঝার জন্য পাঠের মধ্য থেকে শিক্ষক বিভিন্ন ধরনের প্রশ্ন করবেন। যেমন দলনেতা কেন ভয় পেলেন না? শত্রুরা কেন পিছু হটল? ইত্যাদি
- কঠিন শব্দগুলোর বানান জিজ্ঞেস করবেন।
- শিক্ষক তিনটি শব্দ বোর্ডে লিখে দেবেন, শিক্ষার্থীরা তাদের যার যার পছন্দমতো একটি শব্দ দিয়ে একটি বাক্য রচনা করবেন।
- এই গল্পের সমস্ত যুক্তাক্ষরগুলি শিক্ষার্থীদের বোর্ডে এসে লিখতে বলবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-১০
## পৃষ্ঠা: ৬২-৬৩ (পুনরালোচনা)

**শিখনফল**

**শোনা** : ১.১.১, ১.২.১, ২.২.১,৩.১.২
**বলা** : ১.১.১, ১.১.২, ২.৪.১, ২.৪.২, ২.৫.২, ৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৫.১, ১.৫.৩, ২.৪.১, ২.৪.২, ২.৫.৩, ২.৫.৪,
**লেখা** : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.৩.৫

**উপকরণ :** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয় :** মূল্যায়ন |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের চারটি দলে ভাগ করবেন। এক একটি দল 'মুক্তিযুদ্ধের একটি সোনালি পাতা' গল্পে উল্লেখ করা মুক্তিসেনাদের সাহসের কথা দলে আলোচনা করবে। তাদের খাতায় লিখবে।
- শিক্ষক শিক্ষার্থীদের সাহায্য করবেন।
- দলের কাজ শেষ হয়ে গেলে শ্রেণিকক্ষের সামনে এসে উপস্থাপন করবে।
- সবচেয়ে সুন্দর উপস্থাপনা যেই দলের সেই দলকে জয়ী ঘোষণা করবেন।
- এই কাজের মাধ্যমে শিক্ষার্থীরা নির্দেশনা শুনে পালন করা, বর্ণনা শুনে ও পড়ে লেখা, যতি চিহ্ন ব্যবহার করা, পশুপাখি সম্পর্কে লিখতে পারা, নিজের ও অন্যের লেখা বাক্য পড়া প্রতিটি যোগ্যতাই অর্জন করতে পেরেছে কিনা তা বোঝা যাবে।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

# কাজের আনন্দ

নবকৃষ্ণ ভট্টাচার্য




মৌমাছি, মৌমাছি
কোথা যাও নাচি নাচি
দাঁড়াও না একবার ভাই।

ওই ফুল ফোটে বনে
যাই মধু আহরণে
দাঁড়াবার সময় তো নাই।

ছোট পাখি, ছোট পাখি
কিচিমিচি ডাকি ডাকি
কোথা যাও, বলে যাও শুনি।

এখন না কব কথা
আনিয়াছি তৃণলতা
আপনার বাসা আগে বুনি।



পিপীলিকা, পিপীলিকা
দলবল ছাড়ি একা
কোথা যাও, যাও ভাই বলি।

শীতের সঞ্চয় চাই
খাদ্য খুঁজিতেছি তাই
ছয় পায়ে পিলপিল চলি।



# অনুশীলনী

**১. শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করি। অর্থ বলি।**

আহরণ কিচিমিচি তৃণলতা পিপীলিকা দলবল পিলপিল

**২. ঘরের ভিতরের শব্দগুলো খালি জায়গায় বসিয়ে বাক্য তৈরি করি।**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| কিচিমিচি | পিলপিল | আহরণ | তৃণলতা | পিপীলিকা | দলবল |

ক. পাখি ............................................ দিয়ে বাসা বানায়।

খ. মৌমাছি ফুল থেকে মধু .................................... করে।

গ. পিঁপড়া ........................................... করে চলে।

ঘ. মেয়েরা ................................ নিয়ে হাজির হলো।

ঙ. চড়ুইগুলি ...................................... করে ডাকছে।



চ. ............................................ সারি বেঁধে চলে।

**৩. যুক্তবর্ণগুলি চিনে নিই। যুক্তবর্ণ দিয়ে তৈরি করা নতুন শব্দ পড়ি।**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| তৃণ | তৃ | ত | ৃ | (ঋ-কার) | তৃষা, তৃতীয় |
| খাদ্য | দ্য | দ | ্য | (য-ফলা) | সত্য, বিদ্যা |

**৪. মুখে মুখে উত্তর বলি ও লিখি।**

ক. মৌমাছি কোথায় যায়?

খ. মৌমাছি কী কাজ করে?

গ. পাখি তৃণলতা আনে কেন?


ঘ. পিপীলিকা কী সঞ্চয় করে?

## ৫. রেখা টেনে মিল করি।

| | |
|---|---|
| দাঁড়াও না | আগে বুনি |
| যাই মধু | খুঁজিতেছি তাই |
| আপনার বাসা | সঞ্চয় চাই |
| খাদ্য | একবার ভাই |
| শীতের | আহরণে |

## ৬. ছবি দেখি। ঠিক শব্দের সাথে দাগ টেনে মিলাই।







মৌচাক

পিলপিল চলি

কিচিমিচি ডাকি

পিঁপড়ার বাসা

পাখির বাসা

## ৭. বাক্য পড়ি। যে যে কাজটি করে সেই ঘরে টিক (✓) চিহ্ন দিই।

| কাজ | ছোট পাখি | পিঁপড়া | মৌমাছি |
|---|---|---|---|
| আমি কিচিমিচি করে ডাকি। | | | |
| আমি নেচে নেচে চলি। | | | |
| আমি ফুলের মধু খাই। | | | |
| আমি পিলপিল করে চলি। | | | |
| আমি লতাপাতা দিয়ে বাসা বুনি। | | | |
| আমি শীতের খাদ্য সঞ্চয় করি। | | | |

## ৮. ছবি দেখি। ঠিক শব্দ বসিয়ে ফাঁকা জায়গা পূরণ করি।



এটি হলো ......................। সে বাস করে ..........................। তার গায়ের রং

...................... এবং ..........................। সে ................................ খায়।

................................... খুবই সুন্দর একটি প্রাণী।

## ৯. মৌমাছি সম্পর্কে দুইটি বাক্য লিখি।

..........................................................................................

..........................................................................................

## ১০. কবিতাটি আবৃত্তি করি ও লিখি।

# কাজের আনন্দ

## পৃষ্ঠা নং (৬৬-৭০)

| অর্জন উপযোগী যোগ্যতা | শিখনফল |
|---|---|
| **শোনা**<br>১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি মনোযোগসহকারে শুনবে।<br>১.২ বিভিন্ন শব্দ ও ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে।<br>১.৩ নির্দেশনা, প্রশ্ন ও অনুরোধ শুনে বুঝতে পারবে।<br><br>২.১ ছড়া ও কবিতা শুনে বুঝতে পারবে ও আনন্দ লাভ করবে। | **শোনা**<br>১.১.১ বাক্য ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি শুনে মনে রাখতে পারবে।<br>১.২.১ পাঠের অন্তর্গত ছোট ছোট বাক্য শুনে বুঝতে পারবে।<br>১.৩.১ নির্দেশনা শুনে পালন করতে পারবে।<br>১.৩.৩ প্রশ্ন শুনে বুঝতে পারবে।<br>২.১.২ কবিতা শুনে বুঝতে পারবে। |
| **বলা**<br>১.১ বাক্যে ও শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারে।<br><br><br>১.৩ অনুরোধ ও প্রশ্ন করতে পারবে।<br>২.১ পাঠ ও পাঠবহির্ভূত ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে।<br>২.২ ছড়া ও কবিতা সম্পর্কে প্রশ্নের উত্তর বলতে পারবে।<br>৩.১ প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে।<br>৪.১ শ্রেণিকক্ষে পঠিত বিষয় সম্পর্কে নিজের অনুভূতি ব্যক্ত করতে পারবে। | **বলা**<br>১.১.১ শব্দে ব্যবহৃত বাংলা যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.১.২ বাক্যস্থিত শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট ও শুদ্ধভাবে বলতে পারবে।<br>১.৩.২ কোনো বিষয়ে প্রশ্ন করতে ও প্রশ্নের উত্তর দিতে পারবে।<br>২.১.৪ পাঠবহির্ভূত কবিতা আবৃত্তি করতে পারবে।<br>২.২.২ কবিতার বিষয়ে প্রশ্নের উত্তর বলতে পারবে।<br>৩.১.২ অন্যের সঙ্গে প্রমিত উচ্চারণে কথা বলতে পারবে।<br>৪.১.১ অধীত বিষয় সম্পর্কে অনুভূতি শুদ্ধভাবে ব্যক্ত করতে পারবে। |
| **পড়া**<br>১.৩ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪ পাঠ্যপুস্তক ও সমমানের বইয়ের শব্দ ও বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫ দাঁড়ি, প্রশ্নবোধক চিহ্ন, কমা চিনে বাক্য পড়তে পারবে।<br><br><br>২.১ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা পড়তে পারবে।<br>২.২ প্রমিত উচ্চারণে ছড়া ও কবিতা আবৃত্তি করতে পারবে।<br>৩.১ নিজের ও অন্যের লেখা শব্দ ও বাক্য পড়তে পারবে। | **পড়া**<br>১.৩.১ যুক্তব্যঞ্জন পড়তে পারবে।<br>১.৪.১ পাঠ্যপুস্তকের শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>১.৪.২ পাঠ্যপুস্তকের বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>১.৫.১ দাঁড়ি বিরাম চিহ্নটি চিনে বাক্য পড়তে পারবে।<br>১.৫.২ প্রশ্নবোধক চিহ্ন চিনে বাক্য পড়তে পারবে।<br>১.৫.৩ কমা চিহ্ন চিনে পড়তে পারবে।<br>২.১.২ প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পারবে।<br>২.২.২ প্রমিত উচ্চারণে কবিতা আবৃত্তি করতে পারবে।<br>৩.১.১ নিজের লেখা শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.২ নিজের লেখা বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.৩ অন্যের স্পষ্ট লেখা শব্দ শুদ্ধ উচ্চারণে পড়তে পারবে।<br>৩.১.৪ অন্যের স্পষ্ট লেখা বাক্য প্রমিত উচ্চারণে পড়তে পারবে। |

| | |
|---|---|
| **লেখা**<br>১.৪ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br><br>১.৫ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬ বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br><br><br><br>২.১ পাঠ্যপুস্তকের ছড়া ও কবিতা লিখতে পারবে।<br>২.৩ ছড়া, কবিতা, গল্প, কথোপকথন ও বর্ণনা সম্পর্কে লিখতে পারবে। | **লেখা**<br>১.৪.১ যুক্তব্যঞ্জন ভেঙে লিখতে পারবে।<br>১.৪.২ যুক্তব্যঞ্জন ব্যবহার করে শব্দ লিখতে পারবে।<br>১.৫.১ পাঠে ব্যবহৃত শব্দ দিয়ে বাক্য লিখতে পারবে।<br>১.৬.১ দাঁড়ি বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.২ প্রশ্নবোধক বিরাম চিহ্ন ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>১.৬.৩ কমা বিরাম চিহ্নটি ব্যবহার করে বাক্য লিখতে পারবে।<br>২.১.২ পাঠ্যপুস্তকের কবিতা লিখতে পারবে।<br>২.৩.২ কবিতা সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর লিখতে পারবে। |

**পাঠ বিভাজনঃ পিরিয়ড - ৮**

**পিরিয়ড-১**
**পৃষ্ঠাঃ ৬৬**

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.৩, ২.২.১**
**বলা : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.২.২, ৩.১.২, ৪.১.১**
**পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.১.২, ২.২.২,**
**লেখা : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২**

**উপকরণঃ** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয় :** কবিতা পড়া |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষক শিক্ষার্থীদের জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে নিচের প্রশ্নগুলি করবেন। মৌমাছি, পাখি, পিপীলিকা সম্পর্কে জিজ্ঞেস করবেন। শিক্ষার্থীরা কী কখনও এদেরকে খেয়াল করে দেখেছে কী না? এরা কী করে? কীভাবে ডাকে? কিভাবে হাঁটে? ইত্যাদি
- শিক্ষক শিক্ষার্থীদের উদ্দেশে বলবেন, আজকে আমরা একটা মজার কবিতা পড়ব।
- শিক্ষক বই এর পৃষ্ঠা ৬৬ খুলতে বলবেন এবং নির্ধারিত পাঠের শিরোনাম শ্রবণযোগ্য, স্পষ্ট ও প্রমিত উচ্চারণে পড়ে শোনাবেন। আলোচনার প্রসঙ্গিকতায় শিক্ষক পাঠের শিরোনাম বোর্ডে লিখবেন।
- শিক্ষক ছবি নিয়ে আলোচনা করবেন।
- শিক্ষক পুরো কবিতাটি ছন্দের তালে তালে পড়ে শোনাবেন।
- এবার তিনি পড়বেন ও শিশুদের মুখে মুখে সমস্বরে বলতে বলবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ থেকে ছোট ছোট প্রশ্ন করবেন, মৌমাছি, ছোট পাখি, পিপীলিকা কী করছিল?
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-২
## পৃষ্ঠা: ৬৬ ( মৌমাছি............. সময় তো নাই ।)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.৩, ২.২.১**
**বলা : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.২.২, ৩.১.২, ৪.১.১**
**পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.১.২, ২.২.২,**
**লেখা : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২**

উপকরণ: পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয় :** কবিতা মুখস্থ ও নতুন, কঠিন শব্দ । |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- শিক্ষার্থীরা যুক্তবর্ণ সম্পর্কে প্রশ্ন করলে তাদেরকে বোর্ডে বোঝাবেন এই কবিতার বিশেষ শব্দ ও যুক্তবর্ণ 'তৃণলতা', খাদ্য', 'সঞ্চয়', ' মৌমাছি' বোর্ডে লিখে ভেঙে দেখাবেন ।
- শিক্ষক শিক্ষার্থীদের সমস্বরে ও পৃথক পৃথকভাবে 'কাজের আনন্দ' কবিতাটি প্রমিত উচ্চারণে পড়তে বলবেন ।
- শিক্ষক পুনরায় তিন চরণ তিন চরণ করে কবিতাটির প্রথম ছয় চরণ পড়বেন । শিক্ষার্থীরা তার সাথে পড়বে । এভাবে কবিতাংশটি শিশুদের রপ্ত না হওয়া পর্যন্ত শিক্ষক পড়াবেন ।
- শুদ্ধ উচ্চারণে না দেখে বলতে পারে কিনা সেদিকে লক্ষ রাখবেন।
- শিশুদের পড়ার সময় পাঠ্যবইয়ে আঙুল দিয়ে লাইন ধরে ধরে পড়তে বলবেন ।
- শিক্ষক পাঠের মধ্যের দাড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ সঠিক নিয়মে পড়বেন । শিক্ষার্থীদের এই বিষয়ে বলবেন এবং তাদের পড়ার সময় এই বিষয়ে নজর রাখবেন ।
- যদি কারও মুখস্থ হয়ে থাকে, তাদের সামনে এসে কবিতাটি ছন্দের তালে,শুদ্ধ উচ্চারণে প্রথম ছয় চরণ আবৃত্তি করতে বলবেন ।
- শিক্ষক শিক্ষার্থীদের কয়েকজনকে বলবেন শ্রেণিকক্ষের সামনে এসে কবিতাটির প্রথম ছয় চরণ আবৃত্তি করতে ।
- তারা একজন মৌমাছি, একজন পিপীলিকা, আর একজন লেখকের অংশ পড়বে ।
- শিক্ষক শিক্ষার্থীদের বলে দেবেন তারা বাসায় যাওয়ার পথে এবং বাসায় পৌছেও তাদের চারপাশে মৌমাছি, পিপীলিকা অথবা পাখিকে লক্ষ করবে তারা কী করে?
- শিক্ষক শিক্ষার্থীদের প্রশ্ন করবেন মৌমাছি কেন দাঁড়াবে না?
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন ।**

## পিরিয়ড-৩
## পৃষ্ঠা: ৬৬ (ছোট পাখি............থেকে আগে বুনি ।)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.৩, ২.২.১**
**বলা : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.১.২, ২.২.২, ৩.১.২, ৪.১.১**
**পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.১.২, ২.২.২,**
**লেখা : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২**

**উপকরণ:** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয় :** কবিতা মুখস্থ ও নতুন শব্দ । |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে শিক্ষক শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন তারা মৌমাছি, পিপীলিকা অথবা পাখিকে লক্ষ করেছিল কিনা? করে থাকলে কী দেখেছিল?
- শিক্ষক সমস্বরে ও পৃথক পৃথকভাবে 'কাজের আনন্দ' কবিতাটি প্রমিত উচ্চারণে পড়বেন।
- শিক্ষক পুনরায় তিন চরণ তিন চরণ করে কবিতাটির 'ছোট পাখি' থেকে 'আগে বুনি' পর্যন্ত ছয় চরণ পড়বেন। শিক্ষার্থীরা তার সাথে পড়বে। এভাবে কবিতাংশটি শিশুদের রপ্ত না হওয়া পর্যন্ত শিক্ষক পড়াবেন। কবিতাংশটি মুখস্থ হয়েছে কিনা তা শিক্ষার্থীদের জিজ্ঞেস করে জেনে নেবেন।
- শিক্ষক লক্ষ রাখবেন শিশুদের উচ্চারণ শুদ্ধ হচ্ছে কিনা।
- শিশুদের পড়ার সময় পাঠ্যবইয়ে আঙুল দিয়ে লাইন ধরে ধরে পড়তে বলবেন।
- শিক্ষক পাঠের মধ্যের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ সঠিক নিয়মে পড়বেন। শিক্ষার্থীদের এই বিষয়ে বলবেন এবং তাদের পড়ার সময় এই বিষয়ে নজর রাখবেন।
- যদি কারও মুখস্থ হয়ে থাকে, তাদের সামনে এসে কবিতাটি ছন্দের তালে, শুদ্ধ উচ্চারণে 'ছোট পাখি' থেকে 'আগে বুনি' পর্যন্ত ছয় চরণ আবৃত্তি করতে বলবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৪
## পৃষ্ঠা: ৬৭ (পিপীলিকা...........পিলপিল চলি।)

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.৩, ২.২.১**
**বলা : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.১.২, ২.২.২, ৩.১.২, ৪.১.১**
**পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.১.২, ২.২.২,**
**লেখা : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২**

**উপকরণ:** পাঠ্যপুস্তক

| **পাঠের আলোচ্য বিষয়:** কবিতা মুখস্ত ও নতুন শব্দ। |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- **জীবন অভিজ্ঞতা যাচাইয়ের কৌশল হিসাবে শিক্ষক শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন তারা মৌমাছি, পিপীলিকা অথবা পাখিকে লক্ষ করেছিল কিনা? করে থাকলে কী দেখেছিল?**
- শিক্ষক সমস্বরে ও পৃথক পৃথকভাবে 'কাজের আনন্দ' কবিতাটি প্রমিত উচ্চারণে পড়বেন।
- শিক্ষক পুনরায় তিন চরণ তিন চরণ করে কবিতাটির **(পিপীলিকা............পিলপিল চলি।)** পর্যন্ত ছয় চরণ পড়বেন। শিক্ষার্থীরা তাঁর সাথে পড়বে। এভাবে কবিতাংশটি শিশুদের রপ্ত না হওয়া পর্যন্ত শিক্ষক পড়াবেন।
- শিক্ষক লক্ষ রাখবেন শিশুদের উচ্চারণ শুদ্ধ হচ্ছে কিনা।
- শিশুদের পড়ার সময় পাঠ্যবইয়ে আঙুল দিয়ে লাইন ধরে ধরে পড়তে বলবেন।
- শিক্ষক পাঠের মধ্যের দাঁড়ি, কমা, প্রশ্নবোধক চিহ্নের স্থানসমূহ সঠিক নিয়মে পড়বেন।
- যদি কারও মুখস্থ হয়ে থাকে, তাদের সামনে এসে কবিতাটি ছন্দের তালে তালে, শুদ্ধ উচ্চারণে **(পিপীলিকা............পিলপিল চলি।)** পর্যন্ত ছয় চরণ আবৃত্তি করতে বলবেন।

- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

**পিরিয়ড-৫**
**পৃষ্ঠা: ৬৮ (অনুশীলনী- ১, ২, ৩)**

**শিখনফল**

**শোনা** : **১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.৩, ২.২.১**
**বলা** : **১.১.১, ১.১.২, ১.৩.২, ২.১.২, ২.২.২, ৩.১.২, ৪.১.১**
**পড়া** : **১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.১.২, ২.২.২,**
**লেখা** : **১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২**

**উপকরণ:** পাঠ্যপুস্তক, যুক্তবর্ণ কার্ড

**পাঠের আলোচ্য বিষয় :** যুক্তবর্ণ ও প্রশ্নোত্তর।

**শিখন-শেখানো কার্যাবলি**

- পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে শিক্ষক শিক্ষার্থীরা সকলে মিলে কবিতাটি একবার আবৃত্তি করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের পূর্বের শেখা বানানের সম্বন্ধে জিজ্ঞেস করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের অনুশীলনীর ১ নং প্রশ্নের আহরণ, কিচিমিচি, তৃণলতা, পিপীলিকা, দলবল, পিলপিল শব্দগুলো পাঠ থেকে খুঁজে বের করতে বলবেন। শিক্ষার্থীরা খুঁজে বের করবে এবং শব্দগুলোর অর্থ বলবে। পারগ শিক্ষার্থীরা অপেক্ষাকৃত পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সাহায্য করবে।
- শিক্ষার্থীরা অনুশীলনীর ২ নং প্রশ্নের ঘরের ভিতরের আহরণ, কিচিমিচি, তৃণলতা, পিপীলিকা, দলবল, পিলপিল শব্দগুলো খালি যায়গায় বসিয়ে বাক্য তৈরি করবে।
- শিক্ষক শিক্ষার্থীদের পাঠ-সংশ্লিষ্ট কয়েকটি শব্দের বানান জিজ্ঞেস করবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের ৩ নং প্রশ্নের যুক্তবর্ণ চেনাবেন। বোর্ডে একই যুক্তবর্ণ দিয়ে নতুন শব্দ তৈরি করে দেখাবেন। এছাড়াও এই পাঠে যেই যুক্তবর্ণ আছে সেগুলো আবার জিজ্ঞেস করবেন।
- শিক্ষার্থীদের যুক্তাক্ষর দিয়ে নতুন শব্দ খাতায় লিখতে বলবেন। শিক্ষক প্রয়োজনে সহায়তা করবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

**পিরিয়ড-৬**
**পৃষ্ঠা: ৬৯ (অনুশীলনী- ৪, ৫, ৬)**

**শিখনফল**

**শোনা** : **১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.৩, ২.২.১**
**বলা** : **১.১.১, ১.১.২, ১.৩.২, ২.১.২, ২.২.২, ৩.১.২, ৪.১.১**
**পড়া** : **১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.১.২, ২.২.২, ৩.১.১, ৩.১.২, ৩.১.৩, ৩.১.৪**
**লেখা** : **১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২**

**উপকরণ:** পাঠ্যপুস্তক

| পাঠের আলোচ্য বিষয়: কবিতার বিষয়ে প্রশ্ন বলা ও লেখা। |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে শিক্ষক শিক্ষার্থীদের তিনটি দলে ভাগ করে দেবেন। এক একটি দল ছয় চরণ করে কবিতাটি একবার আবৃত্তি করবে।
- শিক্ষক শিক্ষার্থীদের দৈবচয়নে অনুশীলনীর ৪ নং প্রশ্নের উত্তরগুলো মুখে মুখে জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীদের ভুল হলে অন্য শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন। প্রয়োজনে শিক্ষক সংশোধন করে দেবেন।
- শিক্ষার্থীদের তাদের খাতায় প্রশ্নোত্তরগুলো লিখতে বলবেন।শিক্ষক শিক্ষার্থীদেরকে সাহায্য করবেন।
- শিক্ষার্থীরা অনুশীলনীর ৫ নং প্রশ্নের শব্দগুলো রেখা টেনে মিলাবে।
- শিক্ষার্থীদের অনুশীলনীর ৬ নং প্রশ্নের ছবিগুলো ঠিক শব্দের সাথে দাগ টেনে মিলাবে।
- শিক্ষার্থীদের কবিতার প্রথম ছয় চরণ লিখতে বলবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

**পিরিয়ড-৭**
**পৃষ্ঠা: ৭০ (অনুশীলনী- ৭, ৮, ৯)**

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.৩, ২.২.১**
**বলা : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.১.২, ২.২.২, ৩.১.২, ৪.১.১**
**পড়া : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.১.২, ২.২.২,**
**লেখা : ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২**

**উপকরণ:** পাঠ্যপুস্তক

| পাঠের আলোচ্য বিষয়: কবিতার বিষয়ে প্রশ্ন বলা ও লেখা। |
|---|

**শিখন-শেখানো কার্যাবলি**

- পূর্বপাঠ যাচাইয়ের কৌশল হিসাবে শিক্ষক শিক্ষার্থীদের তিনটি দলে ভাগ করে দেবেন। এক একটি দল ছয় চরণ করে কবিতাটি একবার আবৃত্তি করবেন।
- শিক্ষার্থীরা ৭ নং প্রশ্নের বাক্যগুলি পাশের ঘরের যেই প্রাণীর সাথে মিলবে সেই ঘরে টিক দেবে।
- শিক্ষার্থীরা অনুশীলনীর ৮ নং প্রশ্নের ছবিটি দেখবে। ছবির নিচের অনুচ্ছেদের ফাঁকা জায়গায় ঠিক শব্দ বসাবে।শিক্ষক প্রয়োজনে সাহায্য করবেন।
- ৯ নং প্রশ্নে শিক্ষার্থীরা মৌমাছি সম্পর্কে দুটি বাক্য লিখবে। শিক্ষক নিজে থেকে শিশুদের পিপীলিকা এবং পাখি সম্পর্কেও লিখতে দেবেন।
- শিক্ষক শিক্ষার্থীরা কবিতাটি থেকে কী শিখল তা লিখতে বলবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

**পিরিয়ড- ৮**
**পৃষ্ঠা: ৬৬-৬৭ (পুনরালোচনা)**

**শিখনফল**

**শোনা : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.৩, ২.২.১**
**বলা : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.১.২, ২.২.২, ৩.১.২, ৪.১.১**

**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.১.২, ২.২.২,
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয়:** পাঠ্যপুস্তকের কবিতা লিখতে পারা।

**শিখন-শেখানো কার্যাবলি**
- শিক্ষক শিক্ষার্থীদের পুরো কবিতাটি ছন্দের তালে আবার বলতে বলবেন।
- শিক্ষার্থীরা একে একে কবিতাটি আবৃত্তি করবে।
- শিক্ষক তিনটি দলে কবিতার ছয়টি করে চরণ লিখতে দেবেন। প্রথম দল প্রথম ছয়টি চরণ, তৃতীয় দল দ্বিতীয় দল এর পরের ছয়টি চরণ এবং শেষ দল শেষ ছয়টি চরণ লিখবে। দলের প্রত্যেকেই লিখবে।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

## পিরিয়ড-৯
## পৃষ্ঠা: ৬২-৬৩ (পুনরালোচনা)

**শিখনফল**
**শোনা** : ১.১.১, ১.২.১, ১.৩.১, ১.৩.৩, ২.২.১
**বলা** : ১.১.১, ১.১.২, ১.৩.২, ২.১.২, ২.২.২, ৩.১.২, ৪.১.১
**পড়া** : ১.৩.১, ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৫.২, ১.৫.৩, ২.১.২, ২.২.২,
**লেখা** : ১.৪.১, ১.৪.২, ১.৫.১, ১.৬.১, ১.৬.২, ১.৬.৩, ২.১.২, ২.৩.২

**উপকরণ:** পাঠ্যপুস্তক

**পাঠের আলোচ্য বিষয়:** মূল্যায়ন

**শিখন-শেখানো কার্যাবলি**
- শিক্ষক শিক্ষার্থীদের পুরো কবিতাটি ছন্দের তালে আবার বলতে বলবেন।
- শিশুরা একে একে কবিতাটি আবৃত্তি করবে।
- শিক্ষক শিক্ষার্থীদের জিজ্ঞেস করবেন তারা এই কবিতা থেকে নতুন কী কী শব্দ শিখেছে?
- শিক্ষক শব্দগুলি শিক্ষার্থীদের বোর্ডে লিখতে দিবেন।
- শিক্ষক শিক্ষার্থীদের মৌমাছি, পিপীলিকা অথবা পাখির কাছ থেকে কী শিখল তা লিখতে বলবেন।
- **শিক্ষক সবশেষে শিশুদের উদ্দেশে আজকের পাঠের সারসংক্ষেপ বলবেন।**

# শব্দের অর্থ জেনে নিই

| শব্দ | অর্থ |
| --- | --- |
| **অ** | |
| অঞ্চল | – এলাকা, দেশের বিভিন্ন অংশ। |
| অন্ধকার | – আলোর অভাব, আঁধার। |
| অনুষ্ঠান | – আয়োজন, উৎসব। |
| **আ** | |
| আলসে | – অলস, কুঁড়ে। |
| আহরণ | – যোগাড়। |
| **উ** | |
| উৎসব | – আনন্দের অনুষ্ঠান। |
| উনুন | – চুলা। |
| **ক** | |
| কণ্ঠ | – গলা। |
| কাঠুরে | – যে কাঠ কাটে। |
| কিচিমিচি | – পাখির ডাক। |
| কিছুক্ষণ | – অল্প সময়। |
| কুসুম | – ফুল। |
| কুড়াল | – কাঠ কাটার হাতিয়ার। |
| কূল | – নদীর তীর। |
| কোষ | – কোয়া, কাঁঠাল বা কমলালেবুর আলগা অংশ। |
| **ক্ষ** | |
| ক্ষতি | – লোকসান। |
| **খ** | |
| খইল | – পশুর খাবার। |
| খরতর | – প্রবল। |
| খড় | – শুকনা ঘাস, ধান গাছের শুকানো অংশ। |
| খামার | – পশুপালন বা ফসল ফলানোর জায়গা, গোলাবাড়ি। |
| খোসা | – ছাল, চামড়া, ফল বা সবজির আবরণ। |
| **গ** | |
| গন্ধ | – সুবাস। |
| গাঢ় | – ঘন, জমাট বাঁধা। |
| গোয়াল | – গরু রাখার ঘর। |

| শব্দ | অর্থ |
|---|---|
| **ঘ** | |
| ঘাঁটি | – সৈন্যদের থাকার জায়গা। |
| **চ** | |
| চিকচিক | – উজ্জ্বল। |
| চিরল | – মাঝখানে চেরা। |
| **জ** | |
| জানমাল | – জীবন ও জিনিসপত্র। |
| জাতীয় | – জাতির নিজস্ব । |
| জিরোয় | – বিশ্রাম নেয়। |
| **ঝ** | |
| ঝক ঝকাঝক | – ঝকঝক শব্দ। |
| ঝাঁক | – পাখি বা মাছের দল। |
| ঝাঁকড়া | – ঘন গোছা। |
| **ট** | |
| টলটলে | – পরিষ্কার। |
| **ড** | |
| ডাঁশা | – পাকা ও কাঁচার মাঝামাঝি। |
| **ঢ** | |
| ঢালু | – নিচু। |
| **ত** | |
| তরতর করে | – তাড়াতাড়ি করে। |
| তৃণলতা | – ঘাস ও লতা। |
| **দ** | |
| দলবল | – দলের সবাই। |
| দানা | – বিচি, বীজ, ছোলা, মটর বা গম। |
| দুঃখ | – মনের কষ্ট। |
| **ধ** | |
| ধরণী | – পৃথিবী। |
| ধার | – নদীর তীর। |
| ধারা | – স্রোত। |

| শব্দ | অর্থ |
|---|---|
| **ন** | |
| নবান্ন | – নতুন ধান থেকে তৈরি চালের পিঠা–পায়েস ইত্যাদি। |
| নাওয়া | – গোসল করা। |
| নাশতা | – সকালের খাবার, হালকা খাবার। |
| **প** | |
| পাহারাদার | – পাহারা দেয় যে। |
| পাড়ি | – পাড়। |
| পিপীলিকা | – পিঁপড়ে। |
| পিলপিল | – পিঁপড়ের চলা। |
| পেরুলেই | – পার হলেই। |
| পোহানো | – উপভোগ করা। |
| প্রচণ্ড | – ভয়ানক। |
| প্রার্থনা | – কোনো কিছু চাওয়া। |
| **ফ** | |
| ফলে | – জন্মায় |
| ফের | – আবার। |
| **ব** | |
| বর্ণ | – রং। |
| বাঁকে বাঁকে | – নদী বা রাস্তা যেখানে বেঁকে যায়। |
| বাগ | – বাগান, বাগিচা। |
| বাজনা | – বাদ্য বাজানোর শব্দ। |
| বাদল | – বৃষ্টি। |
| বাদাড় | – জঞ্জাল। |
| বিখ্যাত | – নামকরা। |
| বুনি | – বুনন করি। |
| বেলা | – সময়। |
| বেশ | – ভালো। |
| **ভ** | |
| ভরো ভরো | – প্রায় ভরে গেছে এমন। |
| ভাপ | – গরম পানির ধোঁয়া। |
| ভুসি | – ছোলা বা গমের কুঁড়ো বা খোসা। |
| **ম** | |
| মকতব | – মুসলমান বালক বালিকাদের প্রাথমিক বিদ্যালয়। |
| মজাদার | – সুস্বাদু, স্বাদের খাবার। |
| মধুর | – খুব মিষ্টি। |
| মমতা | – মায়া, স্নেহ। |
| মিষ্টি | – মিঠা। |

| শব্দ | অর্থ |
|---|---|
| মুক্তিযুদ্ধ | – দেশকে স্বাধীন করার লড়াই। |
| মুক্তিসেনা | – স্বাধীনতার জন্য যে লড়াই করে। |
| মুগ্ধ | – বিভোর, অভিভূত। |
| মুনাজাত | – কোনো কিছু চাওয়া, প্রার্থনা। |
| মোদের | – আমাদের। |
| মৌমাছি | – মধু সংগ্রহকারী পতঙ্গবিশেষ। |
| **র** | |
| রহমান | – করুণাময় আল্লাহ। |
| রহিম | – যাঁর (আল্লাহ) অনেক দয়া। |
| রাত দুপুরে | – মাঝ রাতে। |
| রূপ | – শোভা। |
| রুপালি | – রুপার মতো। |
| **ল** | |
| লোভী | – অনেক লোভ যার। |
| **শ** | |
| শহিদ | – মহৎ কাজে যিনি জীবন দেন। |
| **স** | |
| সঞ্চয় | – সংগ্রহ। |
| সৎ পথ | – ভালো কাজের রাস্তা। |
| সততা | – কাজে ও কথায় সৎ থাকা। |
| সন্ধ্যা | – দিন ও রাতের মিল হয় যে সময়ে। |
| সপ্তাহ | – সাত দিন। |
| সাড়া | – শোরগোল বা আলোড়ন। |
| সিদ্ধ | – আগুনের তাপে রান্না করা। |
| সুন্দর | – ভালো, উত্তম। |
| সুয্যি মামা | – সূর্য, রবি, সূর্যকে আদর করে মামা ডাকা হয়েছে। |
| সুরেলা | – খুব মধুর সুর। |
| স্রোত | – জলের ধারা। |
| স্বজন | – আপন লোক, বন্ধু–বান্ধব। |
| **হ** | |
| হাঁক | – চিৎকার করে ডাকা। |
| হাঁটুজল | – হাঁটু সমান পানি। |
| হেলা | – অবহেলা। |

**সমাপ্ত**